সুরুল-নথি-সংকলন

প্রথম খণ্ড

বাংলা বিভাগ

বিশ্বভারতী শান্তিনিকেতন

স্কুল-নথি-সংকলন

প্রথম খণ্ড

১১৫৮—১২৪০ বঙ্গাব্দ

সম্পাদকমণ্ডলী

ভবতোষ দত্ত　পঞ্চানন মণ্ডল

সুখময় মুখোপাধ্যায়

সংকলক

বুদ্ধদেব আচার্য

বিশ্বভারতী বাংলা বিভাগ

বিশ্বভারতী গবেষণা প্রকাশন সমিতি

ভূমিকা

বিশ্বভারতী বাংলা-বিভাগ সংশ্লিষ্ট পুথিশালায় কয়েক হাজার প্রাচীন বাংলা পুথি ছাড়াও দলিলদস্তাবেজের একটি বড়ো সংগ্রহ আছে। এদের মধ্যে আছে শ্রীনিকেতনের পার্শ্ববর্তী সুরুলের প্রাচীন সরকারপরিবারের জমিদারী কাগজপত্র এবং কেন্দুলীর বিখ্যাত জয়দেব-মন্দিরের দেবত্র সম্পত্তি সংক্রান্ত বিপুল নথিপত্র। সাহিত্য হিসাবে এগুলির মূল্য কিছুমাত্র নেই কিন্তু বীরভূমের একটি বিস্তীর্ণ অঞ্চলের দুই থেকে আড়াই শ বছরের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাসের উপকরণ হিসাবে এসব নথিপত্রের মূল্য অপরিসীম। ইতিপূর্বে এখান থেকেই বেরিয়েছে 'চিঠিপত্রে সমাজচিত্র'। সে বই অনুসন্ধিৎসু পাঠকদের দৃষ্টি আকর্ষণ করেছে। এবার প্রকাশিত হল 'সুরুল-নথি-সংকলন'। এ-সংকলন সম্পূর্ণ নয়। আশা করা যায় পরবর্তী খণ্ডগুলিও ক্রমশঃ প্রকাশিত হবে।

বীরভূম জেলার অন্তর্গত বোলপুরের একদিকে সুরুল অন্যদিকে রায়পুর। শান্তিনিকেতন প্রতিষ্ঠাসূত্রে রায়পুর এবং সুরুলের জমিদারদের সঙ্গে কলকাতার ঠাকুর পরিবারের যোগাযোগ হয়েছিল। মহর্ষি দেবেন্দ্রনাথ এখানে জমি কেনার পূর্বে একদিকে রায়পুরের সিংহ অন্যদিকে সুরুলের সরকারেরা যথেষ্ট বর্ধিষ্ণু ছিলেন। সিংহরা ছিলেন ভূম্যধিকারী। সরকারেরা যথেষ্ট জমির অধিকারী হলেও তাঁদের তেজারতি ও অন্যান্য ব্যবসায় ছিল। বর্তমান সংকলন শুরু হয়েছে ১১৫৮ বঙ্গাব্দ অর্থাৎ ১৭৫১—৫২ খ্রীষ্টাব্দ থেকে এবং শেষ হয়েছে ১২৪০ বঙ্গাব্দ অর্থাৎ ১৮৩৩-৩৪ খ্রীষ্টাব্দে। এ সময়ের দলিলে সরকারবাড়ির জমি কেনাবেচার কবুলতি, পাট্টা, কর্জ সেই সঙ্গে ব্যবসায়-সংক্রান্ত নানা চিঠিপত্র মুদ্রিত হয়েছে। সরকাররা তখন মার্কিন ফিরিঙ্গি এবং ফরাসী জাহাজ থেকে সরাসরি মাল আনিয়ে ব্যবসায় চালাতেন। তাঁদের পণ্যদ্রব্যের মধ্যে প্রধানত দেখা যাচ্ছে গড়াকাপড়, চিনি, নীল এবং চাল। বীরভূমের মহারাজা তখন মহম্মদ জমা খাঁ। জমা খাঁ, রায়পুরের সিংহ এবং বর্ধমানের মহারাজা প্রতাপচাঁদের সঙ্গে সরকারদের যোগাযোগের নানা তথ্যও এতে পাওয়া যাবে। বীরভূমের আঞ্চলিক ইতিহাস লেখার পক্ষে এসব তথ্যের মূল্য অবশ্য স্বীকার্য্য।

এই নথি পত্রগুলি আমরা পেয়েছি সুরুলের সরকারবাড়ির ৺কান্তিভূষণ সরকার, শ্রীঅরবিন্দ সরকার এবং শ্রীমথুরানাথ সরকারের সৌজন্যে। বিপুল নথিপত্রের সংগ্রহ থেকে বহু পরিশ্রমে এই সংকলন প্রস্তুত করেছেন শ্রীবুদ্ধদেব আচার্য। সময়ের সংক্ষিপ্ততার জন্য পাঠোদ্ধারে এবং নির্ঘণ্ট প্রস্তুত করতে কিছু কিছু ভুল ত্রুটি থেকে যাওয়ার সম্ভাবনা। এ জন্য আমরা ক্ষমাপ্রার্থী। দলিলে ব্যবহৃত আরবী ফারসী শব্দের অর্থোদ্ধারে সাহায্য করেছেন বিশ্বভারতীর অধ্যাপক হাফিজ মহম্মদ তাহের আলী। পুস্তক মুদ্রণে বিশেষ সাহায্য করেছেন শ্রীসতীন্দ্র ভৌমিক। এই সূত্রে শ্রীদুর্গা প্রেসের তৎপরতাও বিশেষ উল্লেখযোগ্য।

শ্রীপঞ্চমী, ১৩৮৯
বিদ্যাভবন, শান্তিনিকেতন

ভবতোষ দত্ত

সংকলকের নিবেদন

সুরুল-নথি-সংকলন প্রথম খণ্ড প্রকাশিত হলো। বর্তমান গ্রন্থে নথিপত্রের আলোচ্য সময় সীমা হলো ১১৫৮ থেকে ১২৪০ বঙ্গাব্দ বা ১৭৫১—৫২ থেকে ১৮৩৩-৩৪ খৃষ্টাব্দ পর্যন্ত। অবশ্য এর মধ্যে ১১৫৯—১১৭৭, ১১৭৭-৮০, ১১৮৪-৮৫, ১১৮৮—৯২ এবং ১১৯৮ বঙ্গাব্দের কোন নথিপত্র না পাওয়ার জন্য আমাদের সংকলক গ্রন্থে তাদের স্থান করে দিতে পারা যায়নি। যাইহোক্ গ্রন্থের সংকলক হিসাবে প্রথাগত ভাব কিছু নিবেদন করতেই হয়। আর সেইজন্য গ্রন্থের পরিচয় দিতে গেলে প্রাক-কথনের প্রয়োজনও অপরিহার্য্য।

১৯৫৭ সালে প্রয়াত ব্যারিষ্টার তপনমোহন চট্টোপাধ্যায় মহাশয়ের প্রেরণাতে এই সব নথিপত্র সুরুল সরকার জমিদারবাড়ি থেকে সংগ্রহ করা হয়। পুঁথি বিভাগের প্রাক্তন সম্পাদক ও সংরক্ষক অধ্যাপক ডঃ পঞ্চানন মণ্ডল মহাশয় তাঁর তৎকালীন সহকর্মী শ্রীশংকরপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের সহযোগিতায় এগুলিকে সংগ্রহ করে বিভাগের গুরুত্ব বৃদ্ধি করেন; এবং তৎকালীন সহকারী শ্রীগৌরহরি সাহা মহাশয় ১৯৬৩ ৬৫ সাল থেকেই এইসব নথিপত্রগুলিকে নথিভুক্ত করার প্রচেষ্টা চালিয়ে ছিলেন। আর সংগ্রহপর্বে সরকারবাড়ির ৺কান্তিভূষণ সরকার, অরবিন্দ সরকার ও মথুরানাথ সরকার প্রমুখ এগুলি পেতে আমাদের সাহায্য করেন। ফলে, এগুলি সমূহ বিনাশের হাত থেকে রক্ষা পায়। কারণ একদা জমিদারী মহাফেজখানা অগ্নিদগ্ধ হয়ে যাওয়ায় অনেক নথিপত্র ভস্মীভূত হয়ে যায়। পরিণতিতে লুপ্ত হয়ে গেছে এতদঞ্চলের সেকালের অনেক ঐতিহাসিক ঘটনার সাক্ষ্য প্রমাণ। সম্প্রতি আমাদের সংগ্রহশালায় শ্রীজয়দেব কেন্দুলীর মহান্ত মহারাজ হরিকান্ত শরণদেব ব্রজবাসীর বদান্যতায় মহন্ত-এস্টেটের বেশ কিছু নথিপত্র সংগৃহীত হয়েছে; কাজও শুরু হয়ে গেছে।

যাইহোক বাংলা-বিভাগের তৎকালীন প্রধান অধ্যাপক ভূদেব চৌধুরী মহাশয় এইসব নথিপত্র সংরক্ষণ ও সংকলন করে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করেন। এ নিয়ে ১৯৭৫-৭৬ সাল থেকে কাজ শুরু হয়। এবং বহু আয়াসে প্রাচীন তথ্যসম্ভারে সমৃদ্ধ 'সুরুল-নথি-সংকলন প্রথম খণ্ড' প্রকাশ করা সম্ভব হলো।

আমাদের চলার পথে আদর্শ হিসাবে আমরা পেয়েছি ১৯৪২ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত ডাঃ সুরেন্দ্রনাথ সেন মহাশয়ের "প্রাচীন বাঙ্গালা

পত্র সংকলন" এবং বিশ্বভারতী থেকে প্রকাশিত অধ্যাপক পঞ্চানন মণ্ডল মহাশয়ের "চিঠিপত্রে সমাজচিত্র" গ্রন্থ। তবে তারও আগে শিবরতন মিত্র মহাশয়ের 'Types of Early Bengali Prose' নাম দিয়ে একটি গ্রন্থ প্রকাশ করেন কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে ১৯২২ সালে; গ্রন্থে তাঁর উদ্দেশ্য ছিল বাঙ্গালা ভাষায় প্রগতি দেখানো। এবং ৺দুর্গাচন্দ্র সান্যাল ও ফকিরচন্দ্র দত্ত মহাশয় বাঙ্গালার সামাজিক ইতিহাস নাম দিয়ে বাংলাদেশের কয়েকটি প্রাচীন অভিজাতবংশের সম্বন্ধে প্রচলিত গাল গল্প সংকলন করে প্রকাশ করেন। এছাড়া রাজেন্দ্রলাল মিত্রের 'পত্রকৌমুদী' ও রামেশ্বর বন্দোপাধ্যায় মহাশয়ের 'জ্ঞানকৌমুদী'র উল্লেখ করতে পারি। তবে আমাদের গ্রন্থের বিশেষ বৈশিষ্ট্য হলো সামগ্রিক নথিপত্রের পরিচয় দেবার চেষ্টা করা হয়েছে এতে, এবং বিষয় বিভাগ করে নয়, সমগ্র বৎসরের প্রাপ্ত নথিপত্র প্রকাশই গ্রন্থের উদ্দেশ্য। সেই দিক থেকে এই সংকলনগ্রন্থে কোন এক বিশেষ বিষয়ের উপর গুরুত্ব আরোপ করে আলোচনা করা হয় নি। এবার নথিপত্রের প্রাপ্তিস্থানের সংক্ষিপ্ত ইতিহাস আলোচনা করে বিষয়বস্তুর অভ্যন্তরে প্রবেশ করা যাবে।

। সুরুল সরকারবাড়ি ।

অষ্টাদশ শতকের প্রথমদিকে সুরুল সরকারবাড়ির আদি পুরুষ ভরতচন্দ্র সরকার সুরুল গ্রামে বসবাস শুরু করেন। তাঁর আদি নিবাস ছিল বর্ধমান শহরের পশ্চিমে বাঁকানদীর তীরে নীলপুর গ্রামে। তিনি জাতিতে ছিলেন কোঙার সদগোপ। তাঁর গুরুদেব ছিলেন সুরুলের বাসুদেব ভট্টাচার্য। সুরুল ছিল তাঁর শ্রীপাট। ঠাকুর শ্রীশ্রীশ্যামসুন্দরের কৃপায় তাঁর বংশ রক্ষা হয়। ফলে তিনি এখানে স্থায়ীভাবে বসবাস শুরু করেন। তাঁর একটিই পুত্র, নাম কৃষ্ণহরি। কৃষ্ণহরির তিনটি পুত্র সন্তান হয়,—জ্যেষ্ঠ যাদবেন্দ্র, মধ্যম মাধবেন্দ্র এবং কনিষ্ঠ কালীচরণ। যাদবেন্দ্র সরকারের দুই পুত্র ব্রজবল্লভ ও রাজবল্লভ। ব্রজবল্লভের পাঁচটি সন্তান হয়; জ্যেষ্ঠপুত্র বৈদ্যনাথ, মধ্যম রামনারায়ণ, তৃতীয় শ্রীনিবাস চতুর্থ লক্ষীকান্ত ও কনিষ্ঠ গুরুচরণ। রাজবল্লভের পুত্র হলেন নফরচন্দ্র।

অন্যদিকে মাধবেন্দ্র সরকারের পুত্ররা হলেন, মানিক, গঙ্গাধর, পরেশ ও হটুরাম; এবং কালীচরণের পুত্রেরা ভোলানাথ, তারিনী ও নবকৃষ্ণ। কৃষ্ণহরি সরকার ও তাঁর পুত্রেরা সেকালে ফরাসী ও ইংরাজ কুঠিয়ালদের সঙ্গে ব্যবসা বাণিজ্য

লিপ্ত হয়ে প্রভূত অর্থ উপার্জন করেন এবং প্রতিষ্ঠিত হন। পরবর্তীক্ষেত্রে ব্রজবল্লভের পঞ্চ পুত্রেরা বিশেষ করে শ্রীনিবাস সরকারই এই বংশের উন্নতির মূলে বিশেষ ভূমিকা নিয়েছিলেন। অগ্রজ রামনারায়ণ সরকার একজোটে তাঁদের পরিবারের বৈষয়িক উন্নতিতে কাজ করেছিলেন।

সরকার পরিবারের ৺বিপিনবিহারী সরকার ১৩৩৪ বঙ্গাব্দে তাঁদের পরিবারের প্রসঙ্গে অনেক কথা লিখে গেছেন। তিনি লিখেছেন 'কতক প্রাচীন খাতাপত্র দেখিয়াছি, কতক বিশ্বস্তসূত্রে গুরুজনের নিকট শুনিয়াছি কতক নিজে জ্ঞাত আছি'। তিনি জানিয়েছেন তাঁদের পরিবার সেকালে চীপ সাহেবের সঙ্গে ব্যবসা কর্মে লিপ্ত ছিল এবং তা থেকে প্রভূত অর্থ উপার্জন করেন তাঁরা, বিশেষ করে গড়াকাপড় চিনি, নীল ইত্যাদির ব্যবসায়ে এই পরিবার যুক্ত ছিল। সুরুলের বাণিজ্যকুটীতে প্রথম রেসিডেন্ট ছিলেন জন চীপ সাহেব। তাদের অধীনে ছিল ২২০০ ঘর ধোবা ; তারা গড়াকাপড় ধোলাই করত। বর্তমান বিনয়ভবন সংলগ্ন ডাঙ্গায় তাদের বসবাস ছিল। এই গড়াকাপড় ছিল দৈর্ঘে ৭২ হাত এবং প্রস্থে ১১ পোয়া অর্থাৎ (সাড়ে তিন ফুটের মত)। সেই কাপড়ে কিছুক্ষণের জন্য জল ধরে রাখা যেত। এই কাপড় এখানে ধৌত করে রেঙ্গুন, সিংহল, মিশর, ও ইউরোপে, আমেরিকায় রপ্তানী হত। তাছাড়া কাপড়ে লাল, নীল রঙ করে নাবিক মাঝি-মাল্লার ও সৌখিন পোশাক পরিচ্ছদ তৈরী হত। এখানে যিনি এসব কাজ করতেন তাঁর নাম ছিল ইউনিয়ার নিকলসন। কথিত আছে শ্রীনিবাস সরকার ও তাঁদের পরিবারের সম্পত্তির পরিমাণ ছিল ২৮ লক্ষ টাকার মতো। চীপ সাহেবের সঙ্গে এই পরিবারের ঘনিষ্ঠতা ছিল যথেষ্ট।

'বাণিজ্যে বসতি লক্ষ্মী' হলেও সেকালের রাজশক্তির উত্থান পতনের সুযোগের সদ্ব্যবহার এই পরিবার করেছিলেন। শ্রীনিবাস সরকার বর্ধমান জেলার মহারাজ প্রতাপচন্দ্রের জমিদারী থেকে ১২২৪ বঙ্গাব্দে চম্পানগরী পরগণা এবং ১২২২ মনোহরশাহী পরগণার সাট গোমস্তার ১০টি মৌজা পত্তনি গ্রহণ করেন, জমিদার সরুপচন্দ্র রায়ের ভ্রাতা গোপালচন্দ্র রায়ের নিকট থেকে। এর আগেই শ্রীনিবাস সরকারের অগ্রজ রামনারায়ণ সরকারও বীরভূমের মহারাজা জমা খাঁয়ের নিকট থেকে বারবকসিংহ পরগণার বেশ কিছু জমিদারী ক্রয় করে তাঁদের সম্পত্তির পরিমাণ যথেষ্ট বৃদ্ধি করেন ১২০৪ সালে। এইভাবে বীরভূম, বর্দ্ধমান ও মুর্শিদাবাদ জেলায় তাঁদের জমিদারী প্রসারিত হয়। আমার প্রকাশিত গ্রন্থ "সুরুল সরকার বাড়ি ও মহর্ষির শান্তিনিকেতন" গ্রন্থে এই পরিবারের কথা আলোচনা করেছি।

আমরা আগেই বলেছি এই পরিবারের উন্নতির মূলে ছিল বিদেশী বণিকদের

সঙ্গে ব্যবসা-বাণিজ্য এবং জমিদার শ্রীনিবাস সরকারের বৈষয়িক বুদ্ধি। এই পরিবারের রামলোচন সরকারও ইলামবাজারের বণিককুঠিতে লাক্ষার ব্যবসায়ে কাজ করেছিলেন। কিন্তু এই পরিবারের ভাঙন শুরু হয় শ্রীনিবাস সরকারের মৃত্যুর পর থেকেই। তাঁর মৃত্যু হয়েছিল ১২৪০ বঙ্গাব্দে অর্থাৎ ১৮৩৩ খৃষ্টাব্দে। তাই আমাদের নথি-সংকলন' প্রথম খণ্ডের সময়সীমা শ্রীনিবাস সরকারের জীবদ্দশাকে ধরে নিয়েই ১২৪০ বঙ্গাব্দে নির্দিষ্ট করা হয়েছে।

কৃষ্ণহরি সরকার অষ্টাদশ শতকের মাঝামাঝি সময়ে একটি পঞ্চরত্ন মন্দির নির্মাণ করিয়ে শ্রীশ্রীলক্ষ্মীজনার্দ্দনকে প্রতিষ্ঠিত করেন ও এবং অনুমিত হয় সুরুলের দুর্গাপূজার প্রচলন তিনিই করেছিলেন। তাঁর পৌত্রেরা বিশেষ করে শ্রীনিবাস সরকার ও ভাইয়েরা এই মৃন্ময় দুর্গামন্দির ভেঙ্গে তা পাকা করেন অষ্টাদশ শতকের শেষের দিকে; কথিত হয় এই মন্দির ও ইমারত নির্মাণ করতে খরচ হয়েছিল ১৮০০০ আঠার হাজার টাকা। রাণাঘাট নিবাসী গোবিন্দ মিস্ত্রী এই মন্দির ও চকমিলান দালান ইত্যাদি নির্মাণ করেন। এছাড়া দেবদেবীর মন্দিরাদি পুষ্করিনী খনন, কাছারিগৃহ নির্মাণ ইত্যাদি খাতে প্রায় দুই লক্ষাধিক টাকা খরচ করা হয়। আর ১২০৩—৪ বঙ্গাব্দে সেনা রাণীর নিকট পাঁচটি লাট খরিদ করেন তাঁর; তার মধ্যে তিনটি জাতীয় ও দুটি দেবোত্তর; একটি দুর্গা, অপরটি বিষ্ণুঠাকুরের।

যাদবেন্দ্র সরকারের বংশ সুরুল বড়বাড়ি এবং মাধবেন্দ্র সরকারের বংশধরেরা ছোটবাড়ির বলে পরিচিত হয়ে আছেন। এবং কালীচরণের বংশধরেরা বড়বাড়ির সামিল হয়ে গেছেন। এই দুই পরিবারের উল্লেখযোগ্য কয়েকজনের নাম জানা যায়, যাঁরা সেকালে বিভিন্ন দিকে খ্যাতি অর্জন করেন। কৃষ্ণহরি সরকার, শ্রীনিবাস সরকার, আশানন্দ সরকার ছাড়া আরো যাঁদের নাম জানা গেছে তাঁরা হলেন, ভুবনমোহন সরকার হরিমোহন সরকার, কার্ত্তিকচন্দ্র সরকার, মনোমোহন সরকার, নরেন্দ্রনাথ সরকার, দেবেন্দ্রনাথ সরকার, আশুতোষ সরকার, কান্তিভূষণ সরকার ও প্রণবেশ্বর সরকার প্রমুখ।

সুরুল সরকারবাড়ির ইতিহাস নিয়ে আলোচনা শুরু হয়েছে বলা বাহুল্য আমরাও সে আলোচনা করেছি। বিনয় ঘোষ মহাশয় তাঁর 'পশ্চিমবঙ্গের সংস্কৃতি' গ্রন্থে সুরুলের সরকার জমিদার পরিবার ও চীপ সাহেবের প্রসঙ্গে আলোচনা করেছেন (পৃঃ দ্রঃ ৩০৭)। মুকুল দে মহাশয়ও তাঁর 'Birbhum Terracottas' গ্রন্থে সুরুলের মন্দিরাদি ও তার গঠন কৌশল নিয়ে আলোচনা করেছেন। এছাড়া অধ্যাপক পঞ্চানন মণ্ডল মহাশয়ও এই পরিবারের প্রসঙ্গে আলোচনা শুরু করেছেন তাঁর চিঠিপত্রে সামাজচিত্র গ্রন্থে।

যাই হোক আমাদের সংকলনে প্রাপ্ত নথিপত্রে বিবিধ বিষয়ের সমাবেশ ঘটেছে। এবং তাদের বিস্তৃত আলোচনা করার ক্ষেত্রেও অধিকারী ভেদের দ্বারা সীমিত। তাই সকলের জন্য আমাদের সংগ্রহের সমাচার জানানোই প্রাথমিক কর্তব্য বলে ধরে নিয়ে এক একটি বৎসরের সমগ্র নথিপত্রের পরিচয় দেবার চেষ্টা করেছি। অবশ্য প্রয়োজনবোধে বিশেষ করে গ্রন্থের কায়িক গঠনের দিকে বিচার করতে গিয়ে আমরা জাব্দা হিসাব এবং জীর্ণ জমাটবাঁধা নথিগুলির কোথাও কোথাও সংক্ষিপ্ত ও গুরুত্বপূর্ণ দিকগুলিকে দেখাতে চেয়েছি; তাছাড়া অন্যান্য ক্ষেত্রে অবিকল নকল দেওয়া হয়েছে।

'সুরুল-নথি-সংকলন' প্রকাশিত হওয়ায় অষ্টাদশ শতকের মধ্যবর্তী সময় থেকে উনিশ শতকের প্রথমার্ধ পর্যন্ত এতদঞ্চলের সমাজ, অর্থনীতি, ধর্ম, শিক্ষা, ব্যবসা-বাণিজ্য, শাসনব্যবস্থা ও বিচারব্যবস্থাদির নানা খবর আমরা পেতে পারব। শুধুমাত্র আঞ্চলিক জীবনযাত্রার কথাই নয়, বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদ ও সেকালের কোলকাতার জনজীবনের চমকপ্রদ নানা ঘটনার বিবরণ আমরা পাব। ফলে. এগুলি জাতীয়জীবনের ইতিহাস রচনায় কতখানি সাহায্য করতে পারে তার সমীক্ষা ঐতিহাসিকের এক্তিয়ারে; তবে আঞ্চলিক ইতিহাস রচনার ক্ষেত্রে এইসব নথিপত্রগুলি আকর উপাদান হিসাবে যথেষ্ট মূল্যের অধিকারী।

এখন নথিপত্রগুলিকে কয়েকটি শ্রেণীতে বিভক্ত করা যেতে পারে যেমন, ১] হিসাবপত্র. ২] জমিজমা ও জমিদারী হস্তান্তর, ৩] পাট্টাপত্র, ৪] কর্জ ও কবুলতিপত্র, ৫] একরারনামা ৬] মামলা মকোদ্দমা ও বিবাদ-বিসম্বাদ ৭] ব্যবসা-বাণিজ্য, এবং ৮] সাধারণ চিঠিপত্রাদি।

হিসাব পত্রগুলিকে ২টি ভাগে ভাগ করা যেতে পারে;—ক] নিছক জমিজমা অর্থাৎ কৃষি ও কৃষিজ সম্পদ কেন্দ্রিক; খ] সাধারণ বিবিধ হিসাব। জমিজমা সংক্রান্ত হিসাব পত্রগুলি থেকে পাওয়া যাবে জমিজমার গুণাগুণ ও নাম, যেমন— সালি, শুনা, দো, দোম, শুনাআওল. কর্ষ, দোকর্ষ, পতিত, খামার, বাজে জমি, জঙ্গজমি, গোচর, ডাঙ্গা, ডহর ইত্যাদি। আর পাওয়া যাবে দেবোত্তর, ব্রহ্মত্তর, পীরোত্তর, মহাত্রাণ, চাকরান, খয়রাত, লাখরাজ, মসহাত. নমুদার, একোয়াল প্রভৃতি জমির নাম এবং উৎপন্ন ফসল ও পরিমাণ ইত্যাদির কথা।

এইসব হিসাব পত্রগুলির মধ্যে রয়েছে বিভিন্ন মহল ও জাতির নাম,—বিপ্র গোপ, গোপীজন, তাঁতি, কলু, ধোবা, শরাপ্তী, চোয়াড়, খয়রাত, বাজেমহল ইত্যাদি। অর্থাৎ মধ্যযুগের কবি মুকুন্দ চক্রবর্তীর দেখা সেকালের গ্রাম জীবনের কায়িক পরিচয়টুকু পাওয়া যাবে এইসব নথিপত্রে। আর এইসব গ্রামে নানা

জাতির বসবাস, তাদের দায়দায়িত্ব, কর্ম, পদবী এবং কর্মভিত্তিক পদবীগুলির লুপ্তাবশেষ এখনও রয়ে গেছে। ফলে এইসব নথিগুলি থেকে সেকালের সমাজচিত্র যেমন পাওয়া যাবে, তেমনি পাওয়া যাবে মৌজা, চক-এর প্রাচীন নাম ; নদী, নালা, খাল, বিলের নাম ও অবস্থান ; যার ফলে সেকালে এতদঞ্চলের ভৌগোলিক পরিচয় পেতে আমাদের যথেষ্ট সুবিধা রয়েছে। তাই কৃষি নির্ভর রাঢ়-বাংলার গ্রামীণ জীবনের সারাংসারটুকু লিপিবদ্ধ করা রয়েছে এই সব জীর্ণ হিসাব পত্রগুলিতে।

আমাদের সংকলনে আরো নানাবিধ হিসাবপত্রের স্থান হয়েছে। ১১৮৬ বঙ্গাব্দের তৈজসপত্র, গহনাদির নাম, দাম ইত্যাদির হিসাব থেকে শুরু করে, চাল ধান, গুড়, কলাই ইত্যাদি ফসল ; মুনিস, মজুর, মাটিকাটা, কাছারিগৃহ নির্মাণ, বাসাখরচ, আসা যাওয়া, চাকর লোকের মাহিনা, আটপ্রহরী চৌকীদারের নগদ মাহিনা, জায়গীর জমী, দারখাসড়া, ধান্সের বিড়া ও প্রজালোকের নিকট প্রাপ্ত বস্তু আদির হিসাব। থানা থেকে চৌকীদারের দূরত্ব ও সীমানা নির্ধারণ ; খাজানা আদায়ে সাহায্য করা, জেলা, থানা, পরগণা চৌকী, ও তালুকের নাম ইত্যাদি প্রসঙ্গেও অনেক কিছু উল্লেখ করা হয়েছে। এছাড়া গড়াকাপড়ের কুটীর হিসাব, নীলচাষ, নীলের কুঠী নির্মাণ ও সরঞ্জাম খরচ ; নীলের বিহন, নীলকাটা, নীলবড়ি তৈরি, বাক্সবন্দী করার হিসাবগুলি যথেষ্ট গুরুত্বপূর্ণ। আর দেবসেবার যে সমস্ত হিসাব বা খরচ পত্রগুলি আমাদের সংকলনে স্থান পেয়েছে, তার মধ্যে দেবোত্তর সম্পত্তি, দুর্গা-পূজার গহনা, সাজ ইত্যাদির নাম ও তাদের হিসাব তো আছেই, আর সেইসঙ্গে কেন্দুলীর প্রিয়ারীলাল ব্রজবাসীর রোজনামচার হিসাব ও খরচপত্রগুলির গুরুত্ব কম নয়।

এছাড়াও হিসাব পত্রগুলির মধ্যে ১২৩০ বঙ্গাব্দের 'জজসাহেবের' বা 'মেজেষ্টর সাহেবের' সুরুলে আগমনীখরচ এই সংকলনে যথেষ্ট কৌতূহলপূর্ণ। এতে ২১শে শ্রাবণ থেকে ২-রা ভাদ্র পর্যন্ত তেরিজখানাখরচ, গোখানারখরচ, বাজে খরচ, ফজদারি নাজিরের বাসা, চোরদারদের জমা খরচ, সিপাই, বন্দুআন, হাতিপোষাখরচ ইত্যাদি থেকে সে সময়ের প্রাত্যাহিক জনজীবনের প্রয়োজনীয় সামগ্রী ও তাদের পরিমাণ এবং বাজারদরের উল্লেখ করা হয়েছে। ফলে রাঢ়-বাংলার প্রত্যন্তভাগের অর্থনৈতিক-ইতিহাস রচনায় এগুলি আকর উপাদান হিসাবে ব্যবহৃত হতে পারে। এবং বিষয়ের অভ্যন্তরে প্রবেশ করলে আরো গুরুত্বপূর্ণ নানা তথ্যাদির সন্ধান পাওয়ার অসুবিধা হবে না।

জমিজমা হস্তান্তর প্রসঙ্গে রয়েছে কবুলতি ও রসিদপত্র। এ গুলিতে প্রজাদের জমিজমা ক্রয় বিক্রয় ও দান, ইত্যাদির প্রসঙ্গে নানা কথা ও কাহিনী লিপিবদ্ধ

রয়েছে। বাঙ্গালা ও ইস্টাম্পকাগজে এগুলি লেখা হতো। এবং এইসব কবুলতি বা রসিদপত্রগুলি থেকে জমিজমা, ডাঙ্গা ডহর, খাল বিল, বাস্তু আদির নাম চৌহদ্দী, গুনাগুণ, দাম ও দান বিক্রয়ের কারণ উল্লেখ করা হয়েছে। এমন কি হস্তান্তর প্রসঙ্গে সম্পত্তি প্রাপ্তিরও ইতিহাসটুকুও লেখা হয়েছে। ফলে এগুলি থেকে ক্রেতা বিক্রেতার নাম, পিতা পিতামহ, স্বামীর নাম; তাঁদের নিবাস সাকিম, মোকাম, মৌজা, তালুক, চৌকী, পরগণা, থানা, জেলার নাম, পাওয়া যাবে। এতে পাওয়া যাবে সালি, শুনা, দো, কয়, দোম আওল, ডাঙ্গা, এবং দেবোত্তর, ব্রহ্মোত্তর, চাকরান, মহাত্রান প্রভৃতি জমি, জলহরি, বাগাত, পুষ্করিনী ইত্যাদির নাম ও দাম। এগুলি ভূমি ও ভূমি সংক্রান্ত বিষয়ে বিশেষ গুরুত্বপূর্ণ। এই প্রসঙ্গে সেকালে রাজা, মহারাজা, জমিদার, রাজকর্মচারীগণের মোহরগুলির পরিচয় পাওয়া যায়। আর সেই সঙ্গে সরকারের ভূমি রাজস্বের বিষয়ে নানা মূল্যের মোহর বা ষ্ট্যাম্পগুলিও উল্লেখযোগ্য। আমাদের সংগ্রহে রাজনগরের মহারাজা জমা খাঁ, বর্ধমান-মহারাজ প্রতাপচন্দ্র প্রমুখের মোহরগুলি পাওয়া যাবে। এবং জমিজমা হস্তান্তর প্রসঙ্গে সেকালের প্রচলিত মুদ্রা,-সীক্কা, রোকসীক্কা, কলসীক্কা ইত্যাদির উল্লেখ ঐতিহাসিকের কাছে কম মূল্যবান নয়।

যাহোক আমাদের সংকলনে পাট্টাগুলি (১২১২, ১২১৬ ইত্যাদি) জমিদারী শাসনের একটা মুখ্য ব্যবস্থাপত্র। বৎসরান্তে কবুলতির খাজানা সরবরাহ করতে না পারলে প্রজার নিকট জমি নিয়ে দোসরা বন্দোবস্ত দেওয়া হত। আমাদের সংগ্রহের পাট্টাগুলির জমিদার শ্রীনিবাস সরকারের নিকট প্রজারা নিয়েছেন। এই সব পাট্টাগুলিতে রয়েছে বিভিন্ন শ্রেণীর জমির নাম এবং রয়েছে কঠিন চুক্তিপত্র; যার ফলে "হাজা যুখা নালিষ করিলে মুযরা পাইব না।" অর্থাৎ প্রকৃতির বিরূপ হলেও প্রজাদের রেহাই ছিল না। করার মতে খাজানা প্রেরণ করতে হত। এতে অবশ্য "করার কমী" "খুট বাকী" হিসাবে কিছু কিছু রেহাই দানের ব্যবস্থা ছিল। এইসব বর্জপত্রগুলিতে থাকত মালজামিনদার এবং ইসাদী বা সাক্ষী। পাট্টা গ্রহণকারী কৃষক বা রায়ত খাজানা সরবরাহ না করতে পারলে জামিনদার তা দিতে বাধ্য থাকতেন। তাই দেখা যাচ্ছে এক বা কয়েক বৎসর অন্তর এই করার পাট্টাগুলি পরিবর্তন যোগ্য ছিল। ফলে এই সব করারপাট্টা থেকে সেকালের ভূমি সংক্রান্ত নানাবিধ ব্যবস্থাদির কথা জানা যাচ্ছে। আমাদের সংগ্রহের পাট্টা পত্রগুলির গুরুত্ব এ দিক থেকে যথেষ্ট।

পত্তনিপত্র বা দরপত্তনি কিম্বা দর দরপত্তনিপত্রগুলিও এই প্রসঙ্গে বিশেষ ভূমিকা গ্রহণ করে আছে। এগুলি থেকে সামন্ততান্ত্রিক ব্যবস্থাপনার বিষয়ে নানা কথা জানা

যায়। এগুলি হস্তান্তরকালে চুক্তির সর্তগুলিও বেশ নিখুঁতভাবে লিপিবদ্ধ করা হয়েছে। ক্রমান্বয়ে জমিদার গৃহীত সর্তগুলি আরোপ করে পত্তনি, দরপত্তনি (দুরপত্তনি), দর দর পত্তনি (দুর দুরপত্তনি) দিতেন। এগুলীতে কমী, নাজাই, হাজা মুখা লোকসানি, নদিসীকস্তা, পুলবন্দী, চৌকিদার নিয়োগ, মাস তলবের খাজানা প্রেরণ, সাজ আলের মাহিনা, বাকী খাজনা আদায়, যুদ্ধবিগ্রহে ফৌজের আমদরপ্তী রসদ যোগান; অন্যথায় শাস্তি গ্রহণ ছিল অনিবার্য। এইসব ব্যবস্থাদিতে সাধারণ প্রজাদের উপর ক্রমবর্ধমান আর্থিক দায় দায়িত্ব চাপানোর সংস্থান রয়েছে। এবং জমিদার, তালুকদার, পত্তনিদার দরপত্তনিদার বা মপস্বল দরপত্তনিদার থেকে শুরু করে থানা, চৌকি, নায়েব, গোমস্তার স্বার্থ সংশ্লিষ্ট বিবিধ ব্যবস্থার কাঠামোটি এক নজরে দেখা যায়।

কর্জপত্রগুলি এই সংকলনের এক গুরত্বপূর্ণ বিষয়। কর্জ গ্রহণ ও পরিশোধ এবং তার মধ্যে নানা সর্ত আরোপ; সুদ কোথাও মাসিক কোথাও বার্ষিক; তার জন্য আছে মালজামিনদার। কড়া, পাই, পয়সা, আনা, টাকার অঙ্কে নির্ধারিত হয়েছে সুদ। তেজারতিকর্মে এই কর্জ পরিশোধের নির্দিষ্ট সময়ের জন্য বাঙ্গালা ও ইষ্টাম্পকাগজে সাক্ষ্য প্রমাণে ঋণ ও দাদন দেওয়া হয়েছে। সামান্য ক্ষুদ্র কৃষক মজুর থেকে শুরু করে জমিদার বা সমাজের উচ্চশ্রেণীর সকলেরই মহাজনের নিকট লেনদেনের অনেক কথা পাওয়া যাবে। গড়াকাপড় তৈয়ারী জন্য দাদন, গড়াকাপড় কাচার জন্য বা ধোপদুরস্ত করার জন্য দাদন, নীলের কর্মে বিশেষ করে নীলের চাষ, নীলরঙ্গ তৈরী, নীলবড়ি প্রস্তুত, নৌকার মাঝির কাজ, কুঠি নির্ম্মাণ, ইঁট, কাঠ ও চুণ, বহনের জন্য কোঁড়ামজুর সর্দার ও গাড়োয়ান নিয়োগ ইত্যাদি ছাড়াও ধান, চাল গুড় ইত্যাদি দ্রব্য সামগ্রী দিয়ে পরিশোধনার্থে কর্জ গ্রহণ ও পরিশোধের নানা উপায় ও পদ্ধতির কথা বলা হয়েছে। তবে কর্মভিত্তিক বা শ্রমের বিনিময়ে যে সব কর্জ বা দাদন দেওয়া হয়েছে সেগুলি প্রচলিত মজুরীর অপেক্ষা কমে বা নিরাপত্তার খাতিরেই চুক্তি পত্র স্বাক্ষরিত হয়েছে। আর এই সূত্রেই টাকার অনাদায়ে সুরুলের আশানন্দ সরকারের সঙ্গে রায়পুরের ভুবনমোহন সিংহের মকদ্দমা শুরু হয়েছিল ১৮৩১ খৃষ্টাব্দে। এই প্রসঙ্গে আমরা পরে আলোচনা করব এবং আমাদের সংকলনে ১২৩৮ থেকে ১২৪০ বঙ্গাব্দে এগুলি পাওয়া যাবে।

কবুলতিপত্রগুলিতে বিভিন্ন বিষয়ের সমাবেশ হয়েছে এবং একটা বৃহৎ অংশ জমিজমা বিষয় কেন্দ্রিক সেকথা আমার আলোচনা আগেই করেছি। তা সত্ত্বেও জমিদারী ও ব্যবসায়ের ক্ষেত্রে গোমস্তাগিরিকর্মে নিয়োগ সংক্রান্ত কবুলতিপত্র

গুলি নানাদিক থেকে গুরুত্বপূর্ণ; ঈশ্বরপুর, কুন্ঠিঠা, মস্তলী, বরজোড়া, ও চিতুড়া প্রভৃতি কুঠিতে গড়াখরিদী ও নীলকুঠিতে কাজ করার জন্য গোমস্তা নিয়োগ পত্রগুলি লক্ষনীয়। দায়িত্বপূর্ণ গোমস্তাগিরিকর্মে তাঁদের যথেষ্ট সতর্কতার সঙ্গে কাজ করতে হত। সুন্দর ধোপদার কাপড়, নাতআন, লোকসান আসামীকে দাদন না দেওয়া; নীলের ক্ষেত বা জমি চিহ্নিত করণ; ও জমি আবাদ তরদ্বদ, বুনান, নিড়ান, ইত্যাদি ছাড়া আসামীর বাকী আদায়; সদরের চুক্তি মাফিক কাজ করা এবং সরকারী হিসাবপত্র ঠিক রাখা ছিল গোমস্তাদের কাজ। এর জন্য পারিশ্রমিক ছিল মাত্র খোরাক পোশাক সর্বসুধ্যা ৩ টাকা থেকে ৫ টাকার মধ্যে। আর তহবিল তছরূপ বা হিসাবের গড়মিল হলে কিম্বা আদায়ীকৃত অর্থ সদরে জমা না দিলে টাকা প্রতি চার আনা করে মুনফা দরে জমা দিতে হত। এর জন্য জামিনদার থাকতেন। এছাড়া ১২৪০ বঙ্গাব্দের কবুলতিপত্রে বিনদরাম চক্রবর্তীর যাত্রাদল কর্তৃক সুরুলে দুর্গাপূজায় ছয় রাত্রিব্যাপী যাত্রাগান বীরভূমের যাত্রার ইতিহাসে অনেক নতুন সংবাদ জানতে পারে।

আমাদের সংকলনের একরারপত্রগুলি (১২১৭ বঙ্গাব্দ) সেকালের সামন্ততান্ত্রিক শাসন ব্যবস্থার (Feaudal Administration)-এর স্বরূপটিকে ধরে রেখেছে। সনসত গ্রামের প্রজাদের জমিদারের নায়েব কাছারীতে সমবেত করে একরার করিয়েছেন। এগুলিতে প্রজাদের পরস্পর একরার ও জমিনদার নিযুক্ত করা হয়েছে। এই সব চুক্তিপত্রগুলিতে গ্রামের চতুর্সীমার সরহদ্দে চোর, ডাকাত, কজ্জাকী, ঠক, রাহাজানি, ঘরজ্বালানি খুনি, সবখুনী ও ইস্তাহারী ও বদমাইষ প্রভৃতি যে আছে তাদের হুজুরে চালান করতে হবে। তাছাড়া এই ধরণের সমাজবিরোধীদের আশ্রয় দান, চুরির দ্রব্য ক্রয় ও তাদের প্রশ্রয় দেওয়া ইত্যাদি সরকারীভাবে নিষিদ্ধ করা হয়েছে বীরভূমের মেজিস্ট্রেট সাহেবের তরফে। অন্যথায় যথেষ্ট শাস্তিদানের সংস্থান রয়েছে এইসব একরারপত্রগুলি। তাই সেকালের শাসনব্যবস্থা ও গ্রামজীবনের শান্তি শৃঙ্খলার রক্ষাকবচ হিসাবে ব্যবহৃত হয়েছে একারারনামাগুলি।

বিবাদ বিসম্বাদ ও মামলা মকোদ্দমা বিষয়ক নথিপত্রগুলি এই সংকলনের একটি গুরুত্বপূর্ণ ও মূল্যবান সংগ্রহ। ১২০২ বঙ্গাব্দের দরখাস্ত ও হুকুমনামা; ১২০৩ বঙ্গাব্দের গড়াকাপড়ের ব্যবসাকর্মে সুপুরের কামীতাঁতি ছিদাম পালের সঙ্গে শ্রীনিবাস সরকারের মকোদ্দমার কাহিনী থেকে মাঝে মধ্যে কসবা থানাও সিউড়ীর আদালতে এই প্রসঙ্গে নানা বিবাদ বিসম্বাদ ও নানা আইন কানুনের কথা আছে। ১২০৭ বঙ্গাব্দের ইস্তাহারনামায় ভূমি সংক্রান্ত আইন; ১২২৭ বঙ্গাব্দে বিশ্বনাথ সরকারের দরখাস্তপত্র, ১২৩৪ সালে মোকদ্দমার রোবকার ও হুকুমনামা,

১২৩৮, ১২৩৯, ১২৪০, বঙ্গাব্দে রায়পুরের ভুবনমোহন সিংহের সঙ্গে সুরুলের রামনারায়ণ সরকারের পুত্র আশানন্দ সরকারের মকোদ্দমা কাহিনীটি সেকালের অনেক ঘটনার উত্থান পতনের ইতিহাস ধরে রেখেছে। "আমি পূর্বে আপনকাকে নিবেদন করিয়াছি জে টাকা খরচ করিতে পরিলে এখানে হক নাহক হয় আর নাহক হক হয় ইহা পূর্ব্ব জানাইয়াছি" (পৃ ৫৭৯)। এই উক্তিটি সেকালের বিচার ব্যবস্থার স্বরূপটিকে তুলে ধরেছে। আমাদের সংকলনে এই ধরণের চিঠিপত্রগুলি ঐতিহাসিকের কাছে যথেষ্ট মূল্য দাবী করতে পারে। আমরা এই প্রসঙ্গে ভুবনমোহন সিংহের সঙ্গে আশানন্দের মকোদ্দমার কাহিনীটি স্বতন্ত্র ভাবে আলোচনা করব। তবে এই প্রসঙ্গে সেকালের ভূমি সংক্রান্ত আইনগুলির বিভিন্ন ধারা সম্বন্ধে জানতে পারা জাবে। এছাড়া সাধারণ অপরাধ ও তার বিচার প্রার্থনা তো আছেই।

ব্যবসা-বাণিজ্য বিষয়ক পত্রগুলিতে বীরভূমের উৎপন্ন গড়াকাপড় চিনি, চাল, নীল ইত্যাদির উৎপাদন ও রপ্তানী বিষয়ক অনেক কথা জানা যায়। এখানে বিদেশী বণিকদের কুঠীগুলি এই উদ্দেশ্যেই গড়ে উঠেছিল। বীরভূমের গড়াকাপড়, চিনি চাল, নীল, বিদেশে রপ্তানী হত। বীরভূমের নীলের সঙ্গে যশোরের নীল, বীরভূমের চিনির সঙ্গে কাশীর চিনির প্রতিযোগিতা চলত। সুরুল সরকারবাড়ি, রায়পুরের সিংহ পরিবার এই ব্যবসা চালাতেন। নদীপথে অজয়, কুয়ে বা কোপাই ও কাটোয়া হয়ে কলিকাতার বন্দরে মাল চালান যেত। এই কাজে বিশেষ করে নৌকার মাঝি মাল্লা চুক্তির দ্বারা নিযুক্ত থাকত। গড়াকাপড় হতো শ্বরেষ, মধ্যম, কোরা ও ধোপ দেওয়া, দুই শ্রেণীরই। কোলকাতায় ছিল ফিরিঙ্গী, মারকীন, ফরাসী বণিকদের মুৎসুদ্দীলোক সেখানে বীরভূমের দ্রব্য রপ্তানী হতো। গড়া ঝাড়া দিয়ে ধোপদাস্ত জাচাই করে বিক্রী হত। নানারঙের গুণাগুণ বিচার করে বাস্তবন্দী করে বিক্রী হত। চালের রপ্তানী মূল্য ছিল মিহি রামসাল চাল ২॥০ টাকা মোন। মোটা ছিল ২।০ ২।৵০ নয়সিকা; এতে মোন প্রতি ।।০ লভ্যাংশ থাকত। সরকারবাড়ির বিশেষ করে আশানন্দ সরকারের হয়ে কলকাতায় কাজ করতেন পতিনাথ বন্দোপাধ্যায়, রামমোহন মুখোপাধ্যায়, সীবনাথ সিংহ প্রভৃতি। এদের ব্যবসায়িক বুদ্ধিতে এই পরিবারের বিদেশী বণিকদের সঙ্গে ব্যবসা চলত। গড়া, চিনি, নীল ও চালের দাম এবং চাহিদা ও যোগানের ব্যাপারে অনেক ঘটনা লিপিবদ্ধ আছে এইসব পত্রগুলিতে। সেই সঙ্গে টাকা লেনদেনের জন্য ছিল হুণ্ডী ও বেঙ্কনোট।

এই ব্যবসা-বাণিজ্যকর্মে ফিরিঙ্গী মারকীন, ফরাসী, পর্তুগীজ, ডেনমার্ক (ডিনেমার) প্রভৃতি দেশের জাহাজের আসা যাওয়া, জাহাজের বিপদ হওয়া এবং ব্যবসাকর্মে সাহেব ও মুৎসুদ্দিলোকের নাম ও তাঁদের আচরণগুলিও সযত্নে লেখা আছে।

পত্রগুলি ব্যবসাসংক্রান্ত হলেও দেশী ও বিদেশী জিনিষের আমদানী-রপ্তানী ও তাদের দাম ; লোহা, সোনা, তামা, রূপা ইত্যাদি ধাতু ও ধাতববস্তুর মূল্য এবং কোলকাতার 'মানি লটারী' খেলার প্রসঙ্গের খবর পাশাপাশি দেওয়া আছে ১২২৯—৩০ বঙ্গাব্দের পত্রগুলিতে। আর মান অভিমানের মধ্যে দিয়ে ব্যক্তির চরিত্রগুলিও অনিবার্যভাবে এই সব পত্রে ফুটে উঠেছে। পত্রগুলি এইজন্য সরস, সাহিত্যমূল্য বিমুক্ত নয়।

আমাদের সংকলনে পত্রগুলি অনেকখানি স্থান করে নিয়েছে। পত্রগুলি একান্ত ব্যক্তিগত ও গোপনীয় থেকে শুরু করে নানা বিষয়ের প্রসঙ্গ এতে রয়েছে। জমিদারের সঙ্গে কর্মচারী, কর্জ গ্রহণ, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি নানাবিধ কথা এইসব পত্রগুলির মধ্যে রয়েছে। উনিশ শতকের চলমান সমাজজীবনের নানা ঘাত প্রতিঘাতের প্রতিধ্বনি শোনা যাবে এই পত্রগুলির পৃষ্ঠাতে। উত্তমর্ণের সঙ্গে অধমর্ণের তিক্ত সম্পর্কের কথা, ব্যবসা-বাণিজ্য প্রসঙ্গে একান্ত ব্যক্তিগত ও গার্হস্থ্য জীবনের কথা ; জীবিকার জন্য আবেদন নিবেদন ; ঘরোয়া খুঁটিনাটি, প্রয়োজনীয় জিনিসের বরাত্তি ও প্রেরণ ; রাস্তাঘাটের বিপদ, পারস্পরিক বিবাদ ও কড়ে দালালদের আচরণ ; রোগ ব্যাধির ও মহামারীতে মৃত্যুর কথা এবং সেইসঙ্গে মান অপমানের প্রশ্নতো আছেই। তাই পত্রগুলি সেদিক থেকে যথেষ্ট গুরুত্বপূর্ণ এবং পত্রের ভাষাও রসাল ; কোথাও সংস্কৃত, কোথাও আরবী, পার্সী ও দেশজ উপভাষা বিভাষায় রচিত ; ফলে ব্যক্তি চরিত্র ও স্বাতন্ত্র্যকে বজায় রেখেছে পত্রগুলির উপমা ও রচনারীতি। আর ইংরেজি শব্দের বিকৃত প্রয়োগ এবং গালিগালাজগুলি যথেষ্ট রসসিক্ত করে সংকলনের তুলেছে পত্রগুলিকে।

॥ মহর্ষির শান্তিনিকেতন ॥

এবারে উনিশ শতকের প্রথমার্ধের কথা বলছি,—তখন সুরুলের রামনারায়ণ সরকারের কনিষ্ঠ পুত্র আশানন্দ সরকার তাঁদের পরিবারের ঐতিহ্যকে অনুসরণ করে গড়াকাপড়, চিনি, চাল, নীল ইত্যাদির চাষ ও ব্যবসা শুরু করেন। এই উপলক্ষে তিনি রায়পুরের জমিদার ভুবনমোহন সিংহের নিকট ১০ হাজার টাকা কর্জ গ্রহণ করেন ১২৩১ সালের ৭ই বৈশাখ। দফায় দফায় ১২৩৬ সালের চৈত্র মাস নাগাদ ৭৪৯৭ টাকা শোধ দেন। বাকী ২৫০৩ টাকা এবং তার সুদ ও ১২৩৮ সালের ২০ শে জ্যৈষ্ঠ্য নাগাদ "ওয়াশীলের হোকাসবন্দী সুরত" ৩৭৪৪৶১০ এবং আসল সুদের বাকী সহ সর্বমোট ৬১৪৭।৶১০ পাওনার দাবীতে ভুবনবাবু কসবা থানার মুনসেফের নিকট আবেদন করেন। পরে তা সিউড়ী ও কোলকাতার

বিচারের জন্য প্রেরণ করা হয়; এবং ভুবনবাবুর জয়লাভ করেন। এই ৪৬৪ নং মোকদ্দমাতে কোলকাতার রেটরী সাহেবের আদালতে ডিগিরিজারি রদ করার আবেদন করেন আশানন্দ সরকার ১২৪০ বঙ্গাব্দে; এবং জামিন প্রার্থনা করেন। কিন্তু রায়পুরের ভুবনবাবু ডিগরি জারি করতে সমর্থ হন। এবং এই মোকদ্দমায় রায়পুরের পক্ষে তদবির করেন 'তরফছানির ভ্যাতুষ্পুত্র' অর্থাৎ ভুবনমোহন সিংহের ভ্রাতুষ্পুত্র অর্থাৎ মনোমোহন সিংহের মধ্যম পুত্র শ্রীকণ্ঠ সিংহ ও তাঁর অগ্রজ নীলকণ্ঠ সিংহ, মোক্তার পবন ঘোষাল, বর্ধমান জেলার রামনগর নিবাসী রাধামোহন মিত্র প্রমুখ। অন্যদিকে আশানন্দের পক্ষে ছিলেন বীরভূমের বজ্রছত্র নিবাসী মোক্তার দিননাথ সরকার, রামকৃষ্ণ দাস, দৈবকীনন্দন কোঙর, পরেশনাথ শর্মা। "রায়পুর নিবাসীদে'র" ডিগিরি পাওয়ার পর সুরুলের সরকার পক্ষ "শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুৎ রাজা শ্যামাপ্রসাদ নন্দীদিগরের মোক্তার"-এর সাহায্য নিয়েছিলেন ডিগরিজারি রদ করতে, কিন্তু শেষ রক্ষা হয়নি। ক্রোকের সম্পত্তি ভুবনবাবুর ভ্রাতুষ্পুত্র শ্রীকণ্ঠ সিংহ ও সুপুরের হরিশ্চন্দ্র রায় আশানন্দের অংশ লাট কৃষ্ণনগর [সুরুল] লাট নোহনা ও লাট কোপার ৵৪ তাঁরা ক্রয় করেন। উভয় পক্ষের বিবাদীয় নথিপত্রগুলি আমাদের সংকলনে ১২৩৮-১২৪০ বঙ্গাব্দের মধ্যে পাওয়া যাবে।

আমাদের নথিপত্রের এই ঘটনাটিতে শ্রীকণ্ঠ সিংহ মহাশয়কে পাওয়া গেছে যিনি ১৮৩৩-৩৪ খৃষ্টাব্দে জ্যেষ্ঠতাত ভুবনমোহন সিংহের পক্ষে বারবার কোলকাতায় গিয়ে এই মকোদ্দমার তদবির করেছিলেন এবং ডিগরিজারি করতে সমর্থ হন। এই মকোদ্দমায় রায়পুরের পক্ষে তিনি অধিক টাকা খরচ করেন ও কোলকাতার তাবৎ মাতব্বর লোকেদের সঙ্গে পরিচিতও হন। ফলে শ্রীকণ্ঠ সিংহ মহাশয়ের নিকট কোলকাতা সে সময় বেশ ভালোভাবেই পরিচিত ছিল; পরিচিত ছিল কোলকাতার বিচারালয় ও আইনবিদগণ। আমাদের ১২৪০ বঙ্গাব্দের নথিপত্রে তার উল্লেখ রয়েছে।

অতএব শ্রীকণ্ঠবাবু সরকারবাড়ির বা আশানন্দের বিরুদ্ধে যথেষ্ট পরিশ্রমও তদবির করেছিলেন ডিগরি জারি করাতে; এবং তাঁর বৈষয়িক জ্ঞানেরও যথেষ্ট প্রমাণ পাচ্ছি এইসব ঘটনায়; অথচ এই শ্রীকণ্ঠ সিংহ মহাশয়ের প্রতিভাত যে চরিত্র আমরা জীবনস্মৃতি বা মহর্ষির পত্রাবলীতে পাই তা একেবারে স্বতন্ত্র। রবীন্দ্রনাথ বলেছেন "বৃদ্ধ একেবারে সুপক্ক বোম্বাই আমটির মতো— অম্লরসের আভাস মাত্র বর্জিত— তাঁহার স্বভাবের কোথাও এতটুকু আঁশও ছিল না।··· তিনি সেকালের ফারসি পড়া রসিক মানুষ, ইংরেজির কোন ধার ধারিতেন না। তাঁহার বামপার্শ্বের নিত্যসঙ্গিনী ছিল একটি গুড়গুড়ি; কোলেকোলে

সর্বদাই ফিরিত একটি সেতার এবং কণ্ঠে গানের আর বিশ্রাম ছিল না।" ...ইত্যাদি।

মহর্ষির পত্রাবলীতে দেখা যায় তিনি রাজনারায়ণ বসু, বেচারাম চট্টোপাধ্যায়ের মতো শ্রীকণ্ঠ সিংহ মহাশয়কে কি গভীরভাবে ভালো বাসতেন, এবং তাঁর সঙ্গে কি প্রগাঢ় বন্ধুত্ব ছিল। মাঘোৎসবের দিন মহর্ষি ও শ্রীকণ্ঠ সিংহ মহাশয় জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে হাত ধরাধরি করে উন্মত্ত প্রায় হয়ে 'ব্রহ্ম কৃপাহি কেবলম্' গান করা; ব্রাহ্মসম্মিলনের সভায় উভয়ে হাত ধরাধরি করে "পুত্রপুত্রেন যদি প্রেমধনং কোহপি লভেৎ তস্য তুচ্ছ সকলং" বলে নৃত্য করা ছাড়াও মহর্ষি যাঁকে বলতেন 'শান্তিনিকেতনের বুলবুল'; এবং যাঁর সাহচর্যে রায়পুরের পুষ্পকাননে মধুর প্রেম আস্বাদন করতেন তিনি; ও যাঁর বিরহে শান্তিনিকেতন নিস্তব্ধ থাকত, এবং মহর্ষি যাঁর কণ্ঠে গান শুনে তৃপ্ত হতেন; সেই শ্রীকণ্ঠ সিংহের সঙ্গে তাঁর আধ্যাত্মিক জীবনের গভীর সম্পর্ক গড়ে উঠেছিল। পরে তা ব্যক্তিগত থেকে পারিবারিক জীবনকেও স্পর্শ করেছিল। কিন্তু নথিপত্রে সেই শ্রীকণ্ঠ সিংহের পরিচয় সম্পূর্ণ ভিন্ন কাটিতে বাঁধা। ফলে আমাদের কৌতূহল ও জিজ্ঞাসা রায়পুরের সিংহপরিবারের জমিদারীর অধীনস্থ বর্তমান শান্তিনিকেতনে যে মহর্ষি আশ্রম প্রতিষ্ঠা করেছিলেন তার ইতিবৃত্ত এযাবৎ পণ্ডিতমণ্ডলী যা জানিয়েছেন বা লিখে গেছেন তা কতখানি তথ্যনিষ্ঠ? অবশ্য এই প্রশ্নের উত্তর দেবার চেষ্টা করেছি আমার "সুরুল সরকারবাড়ি ও মহর্ষির শান্তিনিকেতন গ্রন্থে।

কারণ রবীন্দ্রভবনে সংরক্ষিত জমিদার প্রতাপনারায়ণ সিংহদিগর কর্তৃক মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরকে ১২৬৯ বঙ্গাব্দের ১৮ই ফাল্গুন বা ১৮৬৩ খৃষ্টাব্দের মার্চ মাসে প্রদত্ত পাট্টা পত্রে উল্লিখিত,—

"তপশীল চৌহদ্দী—

বান্দের উত্তরাংশে শান্তীনীকেতন বান্দের উত্তরাংশে শান্তিনিকেতননামা গৃহের চতুপার্শ্বের মধ্যে ২০ বিঘা"

এবং আমাদের সংকলনের নথির ঘটনার তাৎপর্যকে যদি সঙ্গতির সূত্রে গাঁথা যায় তাহলে মহর্ষির শান্তিনিকেতনের সৃষ্টিপর্বের যথার্থ ইতিহাস রচিত হতে পারে। মহর্ষির রায়পুর আগমন, বীরভূমের সঙ্গে কোলকাতার যোগাযোগ, শ্রীকণ্ঠ সিংহের মকোদ্দমা পরিচালনায় কোলকাতার মাতব্বর ব্যক্তিদের সাহায্য গ্রহণ, এবং প্রসন্নকুমার ঠাকুর ও দ্বারকানাথ ঠাকুরের আইনব্যবসা এবং পরবর্তীক্ষেত্রে ১৮৫৮ খৃষ্টাব্দে মহর্ষির নিকট দীক্ষিত হয়ে প্রতাপনারায়ণ সিংহের ব্রাহ্মধর্মের প্রতি অনুরাগ ইত্যাদি ঘটনায় আমাদের মনে হয়েছে, শান্তিনিকেতনে মহর্ষির আশ্রম প্রতিষ্ঠার

ইতিহাস আজও যথার্থভাবে রচিত হয়নি। তাই আমাদের পূর্বোক্ত গ্রন্থে বিস্তৃত আলোচনা করেছি, কিভাবে এবং কোন ঘটনার সূত্রে মহর্ষি স্থানটি পাট্টা গ্রহণ করে আশ্রম প্রতিষ্ঠা করলেন। এবং শান্তিনিকেতনের নামকরণ ইত্যাদির পশ্চাতে অবদান বা অনুপ্রেরণা ছিল কোন ব্যক্তির? নথিপত্রের তথ্যালোকে এবং সে কালের কোলকাতার ঘটনা পর্যালোচনা করে আমরা এর উত্তর দেবার চেষ্টাও করেছি। এর যথার্থ্য বিচার করবেন বিদগ্ধমণ্ডলী।

যাইহোক গ্রন্থটি প্রকাশিত হলেও এর প্রতিবন্ধক ছিল সময়ের সংক্ষিপ্ততা; ফলে নথিপত্রের দুরূহ পাঠোদ্ধারে এবং নির্ঘণ্ট প্রস্তুতে আমরা যথেষ্ট সময় দিতে পারিনি; বিশেষতঃ যেখানে গ্রন্থের কলেবর নিতান্ত কম নয়। তাই এইসব ব্যাপারে যথেষ্ট ভুল থাকারই কথা। সূচীপত্র দেওয়া হল না, ভূমি সংক্রান্ত আইনের ব্যাখ্যা সময় অভাবে দিতে পারা যায় নি। এছাড়া অন্যান্য খুঁটিনাটি ভুলভ্রান্তি থেকেই গেছে, তারজন্য মার্জনা প্রার্থী; সংশোধনের জন্য যাঁরা আমাদের উপদেশ দিয়ে সাহায্য করবেন তাঁদের নিকট কৃতজ্ঞ থাকব।

গ্রন্থের সম্পাদকমণ্ডলী যাঁরা, তাঁরা আমার পূজনীয় অধ্যাপক; তাঁদের উপদেশ পালন করতে চেষ্টা করেছি। সহকর্মী জগন্নাথ গাঙ্গুলী ও দীনবন্ধু ঘোষ এ কাজে অকৃপণ সাহায্য করেছেন। তাঁদের এই সাহায্য অপরিহার্য ছিল। তথাপি শ্রীদুর্গা প্রেসের শ্রীশিবপ্রসাদ শর্মা ও তাঁর সহকর্মীদের নিরলস পরিশ্রমে যেভাবে গ্রন্থটি প্রকাশিত হলো এর জন্য তাঁদের নিকট কৃতজ্ঞ। এঁদের সার্বিক প্রচেষ্টায় 'সুরুল-নথি-সংকলন প্রথম খণ্ড', গবেষক ও বিদগ্ধমণ্ডলীর করকমলে অর্পিত হল।

শুভ শ্রীপঞ্চমী ১৩৮৯
বাংলা বিভাগ
বিশ্বভারতী

নিবেদক
শ্রীবুদ্ধদেব আচার্য

হুকুমনামা। সন ১১৫৮ বঙ্গাব্দ

সু. ন. স.—পৃ. ১

সংকুল-নথি-সংকলন

॥ ১ ॥

হুকুমনামা (১১৫৮ সাল)। পত্র. ১

বদিউজ্জমা
বন্দেয় দরগা
১১২০

৪ দাগে / শ্রীআ·· হুকুম শ্রীযুত রাজা সাহেব জিউ—

ইজ্জত আসার দেবিচরন বানজ্যা সীকদার ও ইং কিঙ্কর চৌধরী কারকুন মুচরিতেষু —আগে কৃষ্ণনগরের প্রিতরাম বানজ্যা আরজী হইলা জাহির করিলেন জে মৌজে মজকুর চক রসুলপুরে জমা খারিজ বক্তর ৭ সাত বিঘা জমী আমাকে হুকুম হয় তবে একটী বাগীচা লাগাঞা ভোগ করিয় ইহার জেমত হুকুম হয় অতয়েব কৃষ্ণনগরের সামীল চক রসুল ও গোপালপুরের মধ্যে জমা খারিজ বক্তর ৭ সাত বিঘা বানজ্যা মজকুরকে হুকুম করিল নিসাদা করিঞা দিহ জেন বাগীচা লাগাঞা ভোগ করেন—বাগীচার সেলামী ২ দুই টাকা দিলেন জান মাহাম্মদ খাজাঞ্চীর হোবা দাজা হইল পং কৃষ্ণবো মো আমীনাবাজার ইতি সন ১১৫৮ সাল তা ২৫ ভাদ্র—

॥ ২ ॥

হিসাব (১১৭৬ সন)। প. ১

মৌজা : সনসত : মুলতান বেগ, গএষ মামুদ, নারান সর্ম্মা গং।

॥ ৩ ॥

হিসাব (১১৮১ সাল)। প. ১

মৌজা : কৃষ্ণনগর। লোচন দাস, রূপারাম দাস, বৃন্দাবন রক্ষিত গং মুসহাত জব্দ জমীর হিসাব।

॥ ৪ ॥

হিসাব (১১৮২ সন)। প. ১৬

মৌজা : কৃষ্ণনগর : শ্রীকান্ত ভট্টাচার্য্য, সনাতন ঘোষ, গকুল ভট্টাচার্য গং মুসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব। জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫ ॥

আরজী ও হুকুমনামা। (১১৮৩ সন)। প. ১

৬৭শ্রীশ্রীকৃষ্ণঃ

হুকুম বনাম—

পরগনে আলিনগর ও পরগনে বারবকসীংহ ও তালুক মুপুর জঙ্গলের এতমামদার

সাকীম বড়কুটীর শ্রীবাহাদুর সীংহ তোমার তরফ গোমাস্তা শ্রীগোলক রায় আরজীতে বেওরা ওয়াকিব হইবে ফরিআদি মৌজে রামচন্দ্রপুরের মৌজে আদিত্যপুরে ও তালতরিফ গোয়ালপাড়া ও কমলাকান্তপুর ও সোহাগরি ও কৃষ্ণনগর ও বল্লবপুর ও কাসিমনগর ও বলুপুর—শ্রীদুর্ল্লভ ঘোষ ও ব্রজ ঘোষ দীগরে এই সকল সিমানাতে জঙ্গল রাখ করিয়া গরু চরাইতে দায়না মাঘনমত গরু চরাইতেছে দরিবাথ হইবেক না গরু চরাই আটক না করিবা পুনুছ নালিষ না হয় ইতি সন ১১৮৩ সাল তারিখ ১৯ ভাদ্র বএ্য—

ছাদ / মজুর

পরগনে আলিনগর ও পরগনে বারবকসীংহ ও তালুক মুপুর ও মৌজে আদিত্য-মৌজে রামচন্দ্রপুর মৌজে তালতরি মৌজে সোহাগড় মৌজে বল্লবপুর মৌজে গোয়ালপাড়া মৌজে কোমলাকান্তপুর মৌজে কৃষ্ণনগর মৌজে কাসিমনগড় মৌজে বলুপুরের শ্রীদুল্লভ ঘোষ ও ব্রজ ঘোষ দীগরের আরজ নিবেদন বোনজঙ্গলের মর্দ্ধে মাঘনমত গরু চরাই করিয়া আসিতেছি মাঘনমত গোপমাহালের জমা দিতেছী সাকীম বড়কুটীর শ্রীবাহাদুর সীংহ তাহার তরফ গোমাস্তা সাকিম গোয়াল-পাড়ার শ্রীগোলক রায় জঙ্গল রাখ করিয়া আমাদিগ্রে সকল গ্রেমের গরু চরাই করিতে দেয়ওনা আমরা মাঘনমত গরু চরাইতে পাই না পাই তবে গোপমাহালের জমা খারিজ পাই ইহার জেমত হুকুম হয় ইতা আরজ নিবেদন করিল ইতি সন ১১৮৩ সাল তারিখ ১৪ ভাদ্র—

কীটদষ্ট

॥ ৬ ॥

হিসাব (১১৮৬ সন)। প. ৮

তালিকা গহনার। তেনরী, বাঁক, জীজীর, পাচা, আটবাকু, টাড়, পটা, কর্ন্নভুসন, মালা ই. গহনার নাম ও দাম। রামনাথ, বৈজনাথ গং। সন ১১৮৬ সাল তারিখ ২৪শে অগ্রহায়ন। কাঞ্চনথাল, ঝারি, টুকুনা, অমৃতি ই. তৈজসপত্রের তালিকা। ১৭৩ টাকা ২ আনার হিসাবপত্র। গহনা তছরূপ ও বণ্টন ব্যবস্থায় সর্ত আরোপ।

কীটদষ্ট জীর্ণ।

॥ ৭ ॥

হিসাব (১১৮৭ সন)। প. ৫৪

মৌজা কৃষ্ণনগর। মুসাহাত রায়তি জমির পরিমাণ, বিবরণ ও হিসাব। বুকদেব মণ্ডল, বিজয়রাম, বলরাম ধোবা, স্বরূপ মণ্ডল গং।

জীর্ণ, কীটদষ্ট, জমাটবাঁধা।

॥ ৮ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৩

মৌজা: প্রতাপুর। অভিরাম ঘোষ, কানাই ঘোষ গং রায়তি জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

কীটদষ্ট

॥ ৯ ॥

হিসাব (১১৯৩ সন)।

মৌজা: সোমসা পরগনে সাবেক মোড়েশ্বর সন ১১৯৩। কাশিনাথ ঘোষ, রামকান্ত গোপ গং মযহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১০ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ১। [মৌজার নাম লুপ্তপ্রায়]

মৌজা …। সৈদ গোলাম … কাবিল মামুদ গং জব্দ জমিজমার হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ১১ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ২৩

মৌজা: দিগযুই। গোপী পাল, বৈদ্যনাথ পাল গং মযহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ১২ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ২৩।

মৌজা কাসিমনগর। সেথ চটু, ভাগবত গোয়ালা গং মসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১৩ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৬১।

মৌজা: বোলপুর। বিশ্বনাথ সর্ম্মা, জগন্নাথ চক্রবর্ত্তী সন ১১৮৮ সালের পতিত। আজমত খাঁ গং মসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১৪ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ১৫০।

মৌজা : কৃষ্ণনগর। গরিয়া আটপহরি (কোটাল), বন্দিয়া আটপহরি, কানাই নাএক, নন্দ বাগ্দা গং একোয়াল জব্দ জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও কিছু কিছু অংশ জমাটবাঁধা।

॥ ১৫ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৩০।

মৌজা : সেড়ান্দী। গঙ্গাধর বানজা, রামহরি ঘোষ গং মসহাত, খয়রাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ১৬ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৪৭।

মৌজা : সনসত। কাবিল মামুদ চৌধরী, জাইদ মোল্লা গং মসহাত, জব্দ জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট। কিছু কিছু অংশ জমাটবাঁধা।

॥ ১৭ ॥

হিসাব (১১৯৩ সন)। প. ৪।

মৌজা : কোপা। রাধাকান্ত মণ্ডল, জয়দেব মণ্ডল গং মসহাত জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ১৮ ॥

হিসাব (১১৯৪ সন)। প. ২।

মৌজা : বোনমালতী। জমাবন্দী পোত্তা। মোহন গোপ, সরূপ গোপ গং।

॥ ১৯ ॥

হিসাব (১১৯৫ সন)। প. ১৩।

মৌজা : শোনশত। জয়নন্দী চৌধুরী, ফজর মালিক, প্রশাদ সৌ গং হিশাব বাকী রায়তি দরুণ মেনাহতী সালিশেম জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট

॥ ২০ ॥

হিসাব (১১৯৫ সন)। প. ১।

মৌজা : রামকান্তপুর। হিসাবপত্র।

॥ ২১ ॥

হিসাব (১১৯৫ সন)। প. ১১।

মৌজা : মিজ্জাপুর। কৃষ্ণ মণ্ডল, নারায়ন মণ্ডল, দুর্ল্লভ মণ্ডল গং। জমা ওয়াসিল বাকী।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ২২ ॥

হিসাব (১১৯৫ সন)। প, ১৫।

মৌজা নান্দড়া : ভেক পাল, রাজাধর মদক, সেখ মিতু গং অজবর গাজী জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ২৩ ॥

হিসাব (১১৯৬ সন)।

মৌজা : কৃষ্ণনগর। বিপ্রমহল—গোলকনাথ ভট্টাচার্য, সর্ব্বেশ্বর ভট্টাচার্য গং জমি-জমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ২৪ ॥

হিসাব (১১৯৬ সন)। প. ২২।

মৌজা : সোমসা। হিসাব বাকীপোতা। শ্রীকান্ত গোপ, হরি গোপ গং। জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

॥ ২৫ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ১।

মৌজা : সেড়ান্দী। নারায়ণ সেন। সালী সেম জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ ও ছিন্ন।

॥ ২৬ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ১৭।

মৌজা : দিগরুই। রঘুনাথ গোপ, বলাই গোপ, গোলক গোপ গং একোয়ান জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

॥ ২৭ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ৮৬।

মৌজা: নান্দরা। খোসাল পাল, গকুলচন্দ্র সদ্মা, সেখ মিতু গং একোয়াল, সাবেক পতিত, নমুদার জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা।

॥ ২৮ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ১।

মৌজা: কোপা। মসহাত জমিজমার বিবরণ ও হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ২৯ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ২০।

মৌজা: কৃষ্ণনগর। লক্ষ্মণ ভট্টাচার্য, সর্বেশ্বর ভট্টাচার্য, পরেশনাথ বাড়ুজ্যা গং। জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৩০ ॥

হিসাব (১১৯৯ সন)।

মৌজা: মোনহরপুর। কেসব গোপ, ভাগবত রায় গং। জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা।

॥ ৩১ ।

হিসাব (১১৯৯ সন)। প. ৯।

মৌজা: বোনমালডী। রামকান্ত গোপ, লোচন গোপ গং। নমুদার জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৩২ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ১৫।

মৌজা: চক-জগন্নাথপুর রামদাষ বৈরাগী, গদাধর দাষ গং। একোওাল জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট ও কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৩৩ ॥

হিসাব (১১৯৯ সন)। প. ৪। [মৌজা আমধারা ইত্যাদি]

জবাবী : পতিত খামার, সম্ভু মুচি, নবন মীর, শেখ জাকীর।

জোত—আমধারা, ভবানিপুর, শেড়ান্দী। জোত—আমধারা, বকুল দত্ত

জোত—ভবানিপুর—পদ্মলোচন চক্রবর্ত্তী—শোনাতন শর

একোয়াল জমী জমূলা, পতিত, সালি, সোনা জমিজমার বিবরণ ও হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৩৪ ॥

খরিদিগী পত্র (১১৯৯ সন) প. ১

৭শ্রীশ্রীহরিঃ।— শরণং।—

স্বাঃ শ্রীবিষ্ণুচন্দ্র শর্ম্মা

শ্রীকালীচান্দ শর্ম্মা ন্যায়ালঙ্কার, শ্রীগোলোকনাথ ভট্টাচার্য্য

শ্রীনফর ভট্টাচার্য্য, শ্রীপার্ব্বতিচরণ সর্ম্মা

সাং সুরুল

ইয়াদিকির্দ্দ সকল মঙ্গলালয় বাগীচার জমি খরদিগিকারক শ্রীব্রজবল্লভ ঘোষ সরকার ওলদে ৺জাদবেন্দ্র ঘোষ সরকার ইবনে ৺কৃষ্ণহরি ঘোষ।— সচ্চরিতেষু।— লিখিতং শ্রীবিষ্ণুরাম সিদ্ধান্ত ও শ্রীকেলাচান্দ সর্ম্মা ন্যায়লঙ্কার ও শ্রীগোলকনাথ ভট্টাচার্য্য ও শ্রীনফর ভট্টাচার্য্য ও শ্রীপাবর্বতিচরণ মুখোপাধ্যায় খরদিগীদাদা-পত্রমিদং লিখনং কাজাকাগে পরগনে বারবকসিংহ মৌজে সুরুলী নিজ গায়ে কলা-পুখরের পাহাড় গোড়া সলোয়াতি পতিত ফকীর ভট্টাচার্য্য দকণ দো পতিত ১। এক বিঘা পাচ কাঠা কানু মুখজ্যা দকণ দো পতিত ১। এক বিঘা পাচ কাঠা একুনে ২৷৷০ দুই বিঘা দস কাঠা জমী আমাদ্দের বাগীচা কারণ বিরভূমে শ্রীযুত মহারাজা সাহেব নিকট সন ১১৭৫ সালে ১ বৈসাখে ২৫ দাগে ৺কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য পরওনা করিয়াছিলেন এ জমী আমরা আবাদ করিয়া বাগিচা লাগাইতে পারিলাম না এবং আবাদ তরদুদ আমাদিগ্যে হইতে পারে না এ কারণ এই ২৷৷০ দুই বিঘা দস কাঠা বাগীচার পতিত জমি আমরা সকলে স্বেচ্ছাপুর্ব্বক মবলগে সিক্কা পঞ্চ ১৪ চৌদ্দ টাকা দস্তবদস্ত লইয়া হযুরের পরওানা সমেত জমি ২৷৷০ বিঘা তোমাকে বিক্রয় করিলাম দান বিক্রয় সর্ত্তা তোমার আমাদ্দের সহিত কোনো এলাকা নাই কালকালাও আমরা আমাদ্দের পুত্র পৌত্রাদী ওয়ারিস ওয়ারিসান কথন কেহো দাওা করে সে ঝুটা এতদর্থে টাকা লইয়া বাগিচার জমি খরিদিগিপত্র দিলাম ইতি সন ১১৯৯। —এগার সও নিনানব্বই সাল তারিখ—১ পহিলা আশাঢ়—

[খ ইসাদী—

শ্রীগোলাবচন্দ্র দাস
সাং সিহালাই
পঃ ভ্রকুণ্ডা

শ্রীসরুপ দত্ত
সাং সুরুলী

শ্রীজগতদুর্ল্লভ দেবশর্ম্মণঃ
সাং সুরুলি

শ্রীস্বরূপচন্দ্র ঘোষ
সাং সুরুলী

শ্রী[লক্ষ্মীকা]ন্ত ভট্টাচার্য্য
সাং [সুরুলী]

কীটদষ্ট

॥ ৩৫ ॥

খরিদিগী পত্র (১১৯৯ সন) ; প. ১

৭শ্রীশ্রীহরিঃ ।— শরণং :—

স্বা: শ্রীলক্ষ্মীকান্ত শর্ম্মা
সাকিম সুরুল—

ইয়াদিকির্দ্দ সকল মঙ্গলালয় বাগীচার জমি খরদিগিকারক শ্রীব্রজবল্লভ ঘোষ সরকার ওলদে ৺জাদবেন্দ্র ঘোষ সরকার ইবনে ৺কৃষ্ণহরি ঘোষ সর্চ্চরিতেষু। —

লিখিতং শ্রীলক্ষ্মীকান্ত সর্ম্মা ভট্টাচার্য্য খরদিগিদাদা পত্র মিদং লিখনং কাযাঞ্চাগে পরগনে বারবকসিংহ মৌজে সুরুলের কল্যাপুষ্করী পুর্ব্বপাহাড় গোড়া নাগাদী সন ১১৭৪ সালের সলোয়াতি পতিত ২/ দুই বিঘা জমী ৺ঘনরাম ভট্টাচার্য্য বিরভুমের শ্রীযুত মহারাজা সাহেব নিকট সন ১১৭৬ এগার সও ছেয়া[ত্ত] সালে ৯ নয়ই মাঘে ২৩ তেইষ দাগে ফুলবাগিচার কারণ সনন্দ করিয়াছিলেন আমারা তাহার আবাদ তরদ্দ ফুলবাগীচা ল্যাগাইতে পারিলাম না একারণ এই ২/ দুই বিঘা জমি তোমাকে মবলগে পঞ্চ সিকা ৭ টাকা দস্তবদস্ত লইয়া হযুরের সনন্দ সমেত সেংস্থাপুর্ব্বক বিক্রয় করিলাম দান বিক্রয় সর্ত্তা তোমার আমাদের সহিত কোনো এলাকা নাই কালকালাও আমী আমার পুত্র পোত্রাদী ওয়ারিস ওয়ারিসান কখন কেহো দাওা করে সে ঝুটা এতদর্থে টাকা লইয়া বাগীচার জমি খরদিগি দিলাম ইতি সন ১১৯৯ এগার সও নিনানব্বই সাল তারিখ—৩ তেষরা আশাঢ়

[খ ইসাদ—

শ্রীগোলাবচন্দ্র দাস
সাং সিহালাই
পং ভ্রকুণ্ডা

শ্রীসোভারাম মিত্রী
সাং বরাডী

শ্রীসরুপ দত্ত
সাং সুরুলী

শ্রীজগদুর্ল্লভ দেবসর্ম্মন
সাং সুরুলি

শ্রীসরুপচন্দ্র ঘোষ
সাং সুরুল

শ্রীনকর ভট্টাচার্য্য
সাং সু[রু]লী

শ্রী·········চন্দ্র শর্ম্মা
সাং ·········

শ্রীকাল্যাচান্দ শর্ম্মা
সাং সুরুলী

শ্রীগোলোকনাথ দেবশর্ম্মা
সাং সুরুলী

কীটদষ্ট ।

॥ ৩৬ ॥

হিসাব (১২০০ সন)। প. ২

মৌজা : নান্নুবাজার। ধরনী দত্ত, গোলাম দাস, কৃষ্ণপ্রসাদ দত্ত, নরহরি দাস, কিশোর দাস গং। ধান্যকৃত খরচা জমার।

॥ ৩৭ ॥

হিসাব (১২০১ সন)। প. ১১।

মৌজা : মনোহরপুর। গোপমহল চৈতন ঘোষ, আজীজ খাদিম, সাহেবরাম ঘোষ গং হিসাব বাকী জায়।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৩৮ ॥

হিসাব (১২০১ সন)। প. ২১।

মৌজা : সেড়ান্দী। উত্তম পাল, গিরিধর হালদার, গোবিন্দ ঘোষ গং। হিসাব বাকীপোতা।

জীর্ণ কীটদষ্ট। জমাটবাঁধা।

॥ ৩৯ ॥

হিসাব (১২০১ সন)। প. ১৮।

মৌজা : দিগমুই। পতিত, ওমারিষ পুষ্করিনি, চাকরান, গোদকত্তা, পাইকত্তা। চৌনিবাষ গোপ, শ্রীধর গোপ, বামাচরন পাল গং জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৪০ ॥

হিসাব (১২০১ সন)।

মৌজা : কৃষ্ণনগর। মানিক নাএক, লাওসেন মোদক, কালিচরন রায় গং হিসাব বাকীপোতা পাতোড়া।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৪১ ॥

হিসাব (১২০১ সন)। প. ২৫।

মৌজা : সনসত। মনোরাম বিশ্বাষ, বলাই হাজরা, বাহারাম সর গং মলহাত জব জমী, তেরিজ জমা, হস্তবুদ, হিসাব বাকী।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৪২ ॥

একজায় জমা—হস্তবুদ (১২০১ সং)। প. ১৫।

৭শ্রীহরি। সন ১২০১ তাং পুরন্দরপুর

তালুক পুরন্দরপুর। গাঙ্গপুর

জের জমা—বেলাবিত—সাবেক পতিত—আবাদী ১১৯৬। ১২০১ নমুদার

বেশী বেলমোক্তা যুরত ওজাগরি যুরত—সহবেশী—একুন জমা—৪০৩।৶৩

স্বাক্ষর (পার্সী অক্ষর)

নিবিস্তার পাটাম্য—

শ্রীসাধুচরণ দাষ—

[খ পৃঃ সন ১৮২৮ সাল ৪ জুলাই—

শ্রীব্রজমোহন সেন দারোগা জেলা বিরভোম খরিদার শ্রীরাধাবল্লভ রায়

দাম ॥০ আট আনা ইত্যাদি

॥ ৪৩ ॥

কিস্তিবন্দী পত্র (সন ১২০১ সাল)। প. ১।

মহামহীম শ্রীযুৎশ্রীনিবাষ সরকার বরাবরেষু—

লিখিতং শ্রীকৃষ্ণপ্রসাদ [গুড়ী] কস্য কীস্তীবন্দী পত্র মিদং সন ১২০১ সাল লিখনং কার্য্যঞ্চ আগে আপনি আমার নামে জীলা বিরভোমে শ্রীযুত দেওয়ানি আদালতে ২৪১৭ নম্বরে করজা বাকী ১২৩৶১০ একস তেত্রিষ টাকা তিন আমার মক-দ্দমার নালিষ করিআছিলেন আমী আপনার কাছে কবু হইয়া কীস্তীবন্দী করিতেছি য ফিক কীস্তীবন্দী মাহর মাহ টাকার সরবরাহ করিব এতদর্থে কীস্তীবন্দী [লিখি]য়া দীলাম ইতি সন সদর তারিখ ২১ ফাল্গুন—

করার বাকী—১৩৩৶১০—ওয়াসীল নগদ—তাং ২১ ফাল্গুন— ১০

মাহ চৈত্রী—৩

কীস্তীবন্দী ·· ১২৩৶১০

[খ পৃষ্ঠায়—মালজামিন পত্র

[স]রূপ দত্ত সাঃ বুরুল—

শ্রীহরি পাল—সাঃ ইলামবাজার

শ্রীরামলোচন গুই সাং সিয়ান।

...... লিখিতং শ্রীরামলোচন গুঞি আমি ইহার মালজামিন হইলাম ··· খোক কিস্তিবন্দি মাহর মাহ টাকা সোধ না দেন আমি বিনা উজরে নিজে হইতে টাকা দেব

সত্যার খেলাপ হয় আদালতে কয়েদ হইয়া দিব ইতি সন সদর তা—
রিঃ—১১১
সন ১২০৫ সাল মাহ বৈশাখ ৩… ১২৫৵১০

মবলগে একশত তেইষ টাকা সাড়ে তিন আনা বাকী ইতি —
জীর্ণ কীটদষ্ট।

॥ ৪৪ ॥

দরজবাব পত্র সন ১২০১ সাল (১৭৯৫ খ্রীঃ)। প. ১

৭শ্রীশ্রীরাম।—

হকিগত ইনকমপনি আমিনিয়তে জেলা বিরভুম।—

তালুক মুপুর কৈফিয়াদি শ্রীনিবাশ সরকার আশামি—হিদাম পাল সোপরর্দ্দ ২৮ মাহ সন ১৭৯৫ শাল ইংরেজী—জেলা বিরভুমের দেওয়ানি আদালতে এককিত্তা আরজী দেয় তাহার মজমুন এই—

পরগনে বারবকশীং মৌজে মুকলের শ্রীনিবাশ সরকারের আরজ নিবেদন তালুক ভুপুর দকণ সাকিম ভুপুরের হিদাম পাল কামিত্তাতি গড়া কাপড়ের পর্ত্তন শন ১২০১ শালে নেয় তাহার উসুল বাদে মায় মুনাফা বাকী ৪১৸৵০ একচল্লিষ টাকা পোনর আনা আমার পাওনা সওয়াবতি করিয়া দিছি দিবো কহিয়া দেয় না হুকুম হয় আশামি মজকুরকে হজুর তলব করিয়া আমার টাকা দেলাইআ দেন ইতি আরজ করিল ইতি শন ১২০১ শাল পৌষ

তাহার পর আশামি মজকুর এককেতা জে দরজবাব দাখিল করিয়াছিল তাহার পড়া গেল তাহার মজমুন এই—

লিখিতং শ্রীছিদাম পাল কশ্য দরজবাব পত্র মিদং কাযাঞ্চাগে পরগনে বারবকশীং দকণ শাং ভকুলের শ্রীনিবাশ শরকার গড়া কাপড়ের খাতার বাকী ৪১৸৵০ একচল্লীষ টাকা পোনর আনার দাওা করিয়া নালিষ করেণ তাহার জওাব শন ১১৯৮ শালে নাগাইদী শন ১২০১ শাল গড়া কাপড়ের তোলানি বাবুত জে টাকা লইয়াছিলাম তাহার কাপড় দফায় ২ দিয়াছি খাতা বহি মুরত মায় দাদনি হিশাব করিলে জে বাকী হইবেক তাহা দিতে রাজী আছি আমার দালালী মজুরা না দিয়া বাকী করিয়া মির্থা নালিষ করেণ হজুরে হিশাব করিলে জুনাবে মালুম হইবেক আমি তাতিলোক না হক দুঃখ পাইতেছি এতদার্থে দরজবাব পত্র দিলাম ইতি শন ১২০১ শাল ২১ ফাগুন—

তাহার পর শন ১১৯৫ শাল ২৬ জুন ফৈরাদি আপন তরফ উকীল।—গোবিন্দরাম ঘোশকে এককিত্তা ওকালতনামা আপন দস্তখতে দাখিল করিলেক—পরে ফৈরাদি এককেত্তা আশামির হিশাব দাখিল করিল তাহাতে এক পত্রাঙ্ক দেয়া গেল আশামিকে হিশাব দেখান গেল হিশাব দেখিয়া হরতারিখ জমা কবুল করিলেক উষুল নগদ ২১ একুষ টাকা কাপড় ১ এক থান মুনিকির জায় হরতারিখ কাগজ ফরিয়াদির নিকট রুবু হইয়া কবুল করিয়া আশামী মোকাবিলা হইল আশামী দাদন উষুল মোকাবিলা করিয়া খোদ জোবানে ৪১৸৵০ একচল্লীষ টাকা পোনর আনা বাকী কবুল করিল একারণ মকদ্দমা ডিকরি [১৭]৯৫ সাল ২৯ জুন মতাবকে বাঙ্গলা শন ১২০২ শাল তাং ·· ·· আসাড় আশল ৪১৸৵০ একচল্লীশ টাকা পোনর আনা খরচা ৪৷৴০ চারি টাকা নয় আনা একুনে ৪৬৸০ ছচল্লীষ টাকা আট আনা ফরিয়াদি আশামীর পাষ পাইবেক ইতি—

কীটদষ্ট।

॥ ৪৫ ॥

হিসাব (১২০২ সন)। প. ১৫।

মৌজা: মির্জাপুর। মহলদার আনন্দ গরাই, রামস্বরন গোপ, যুগধাচরন সর্মা গং তলব বাকীপোতা।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৪৬ ॥

হিসাব (১২০২ সন)। প. ৬।

চক: কামারডাঙ্গা। হিসাব বাকী কড়চা তালুক কোপা দফন• চক কামারডাঙ্গা সন ১২০২ সাল সরুপ গরাই, রাঘব ভট্টাচার্য্য গং

জীর্ণ কীটদষ্ট।

॥ ৪৭ ॥

হিসাব (১২০১ সন)

মৌজা: কৃষ্ণনগর। বাঞ্ছারাম ঘোষ, সেখ বাবু, ধরম কোটাল গং হিসাব বাকীপোতা।

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা।

॥ ৪৮ ॥

হিসাব (১২০২ সন)।

পাভোড়া হিসাব বাকী তালুক কোপা দফন জোত বাজে গা দীগর সন ১২০২

সাল—আনন্দরাম গোপ, শ্রীকান্ত রায় সাং বন্দীপুর গং

জীর্ণ কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৪৯ ॥

হিসাব (১২০২ সন)।

মৌজা : সেড়ান্দী। হরি মণ্ডল, দুলাল চট্টো গং বিলমোক্তা হিসাব বাকী।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৫০ ॥

হিসাব (১২০২ সন)। প ৮

চক : বেজাচাতুরি। রাম বাড়ই সাং মদনপুর, গঙ্গাধর ঘোষ, সদারাম ঘোষ গং হিসাব বাকী।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৫১ ॥

হিসাব (১২০২ সন)। প. ৭।

পাতড়া হিসাব বাকী তালুক কোপা মকুন মোজা বেলয়া সন ১২০২। সদা-রাম গোপ পাল, রামহরি গোপ, ভারথ পাল গং।

॥ ৫২ ॥

হিসাব (১২০৩ সন)। প. ৯।

পাতড়া হিসাব বাকী তালুক কোপা মকুন মৌঃ পলসা সন ১২০২ সাল সেখ খরদী, সেখ শেলামী, শেখ আনন্দী গং।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৫৩ ॥

হিসাব (১২০২ সন)। প ২

মৌজা : নাকড়া : বাঞ্ছারাম ঘোষ, শ্রীদাম গোপ গং। নবুদার জমিজমার বিবরণ ও খাজনাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট।

॥ ৫৪ ॥

হিসাব (১২০২ সন)। প. ৪।

চক : নিজাবরপুর। রাধাকান্ত রায় দং গতিনাথ রায়, বৈরাম গোপ, রা[illegible] ঘোষ গং হিসাব বাকী।

জীর্ণ কীটদষ্ট

॥ ৫৫ ॥

হিসাব (১২০২ সন)। প. ১।

মৌজা : কীটদষ্ট। হিসাব শ্রীরামনারায়ন সরকার ও শ্রীছিনিবাষ সরকার কাজীন বাবদ খরচ বিলাতবাকী বাবদ খরচ রামকান্তপুর, ক-ানপুর ইত্যাদি জীর্ণ কীটদষ্ট।

॥ ৫৬ ॥

দরখাস্ত ও হুকুমনামা। (সন ১২০২ সাল) প. ১।

৺৭ শ্রীশ্রীদুর্গা

দরখাস্ত পরগনে রায়বকসিহর ইজাদ্দার শ্রীলক্ষন সর্ম্মা ও শ্রীপতিতপাবন সর্ম্মার আরজ নিবেদন সন ১২০২ সাল।—

১ একদফা পরগনা মজুকুর আমার ইমসন ইজারা হইয়াছে ইহাতে ফিরিকা বেসি কাগজ কারন বার রোজ মেআদে ইস্তাহার হইয়াছে মপস্বল কটকীনাদার লোক ফিরিকা বেসি কাগজ এসেথাছে তজার করিয়া দেয় এমত বুঝি না কীছু মেআদ অধিক হয় এবং জে সকল মহলে·· ··আবাদ গয়না আছে তাহা তজবিজ করিবার হুকুম পাই তবে অনেক জমার কিফাইত হয় ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমস্তদ।

পুর্ব্বে ১২ বার রোজের মিয়াদে ফিরিকা খুটের কাগজ দাখিল করিবার ইস্তাহার দেয়া গিআছিল তোমার দরখাস্ত মতে কী মিয়াদ জেয়া হইলে এবং মহলের নজর আন্দাজি আবাদী গয়না তজবিজ করিলে কয়ার ও থাকাই হয় অতএব ২৫ পচিস রোজ মিয়াদ দেআ গেল মিয়াদ মধ্যে তজবিজ করিয়া ফিরিকা দাখিল করহ ইতি—

২ ·· কুসালি হয় ঘোষ ·· ২ পাইয়াছে হস্তবুদ খুটের কাগজ কীরূপ লিখি ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমস্তদ।

খোসবাসি লোক জে আমার হুকুম জমি জোতত্ করে না সেই সকল লোক জদি জমীদারের মহর পাট্টা রাখে তাহার জেঞ্চ সালে হক পাইয়াছে তাহার চাল থাকীবেক আর জদি পরগনার কাছারির মহরযুদে পাট্টা রাখে সেই কমীর আন্দাজ সাবেক পতিত তঙ্কা পাইবেক পতিত জমি তঙ্কা হইয়া পাট্টা হইয়া থাকে তাহার বহাল থাকীবেক জমার কমী জদি দিয়া থাক তাহার হাল থাকীবেক না তাহার আন্দাজ সাবেক পতিত তঙ্কা পাইবেক ইতি—

৩ তিন দফার জেয়াদা বেসি বন্দবস্তী জেসকল প্রজার আছে তাহা হস্ত-বুদের কাগজে চড়াইয়া আনেকী বহাল থাকীবেক ইহার জেমত হুকুম হয় ইতি—

৩ দফার হুকুমবুদ—

জেয়াদা বেসি বন্দোবস্তীর বাহাল থাকীবেক না জমীদারি মহলে জদি বিলমোক্তা পাট্টা পাই থাকে তাহা বহাল থাকীবেক মপষলের পরগনার কাছারির মহরবুদের জেয়াদা বেসি বন্দবস্তী দিয়া পাট্টা থাকে তাহা বহাল থাকীবেক না ইতি—

[খ পৃ

৪ দফা মদদের পতিত জে সকল প্রজার কীছু ২ গাবদ জমী লইয়া পাট্টা করি জমী আবাদ করিয়াছে হস্তবুদে খুটে গাবদ জমী বহাল থাকীবেক কী বাজে আপ্ত হইয়া কাগজে চড়াইবে ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমবুদ

মদদের পতিত গাবদ জমীতে সকল প্রজা জমীদারের মহলের পাট্টা রাখে এবং পরগনার কাছারির পাট্টা রাখে তাহার বিলমোক্তার জমীতে দুই আনি জমী বহাল থাকীবেক ইতি।—

৫ দফা সাবিক পতিত জে সকল প্রজার আবাদ করিয়াছে তাহার জমীদারের মহলের এবং পরগনার কাছারির মহলের পাট্টা রাখে বিলমোক্তা জমা দাখিল দিতে অনেক বেসি হয় পাট্টা বহাল থাকে কী বিলমোক্তা মুয়াত জে জমা হয় তাহারি খুট নিকাষ করিয়া কাগজ তৈয়ার করি ইহার জেমত হুকুম হয়—

হুকুমবুদ

সাবেক পতিত জে সকল প্রজা জমীদারের মহরবুদ পাট্টা লইয়া আবাদ করিয়াছে তাহা বহাল থাকীবেক বাকী জে জমী আছে তাহা বাজেআপ্ত হইবেক না মপষল পরগনার কাছারির মহর বুদ জে পাট্টা লইয়া আবাদ করিআয়াছে তাহা বিলমোক্তার নিরিখ মুয়াত জে জমা হইবেক তাহার নিকা জমী মাফ দিয়া কাগজ করিবেক ইতি—

৬ দফায় বধার জমী ও খামারের হস্তে জমী জে সকল প্রজার আছে তাহার বহাল রাখিয়া খুটের হস্তবুদে কাগজ তৈয়ার করি কী বাজেআপ্ত করা জায় ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমদস্ত

কয়ার কমী ও খামারের দস্তুর কমী বহাল থাকিবেক না ইতি—

৭ দফা প্রজা লোক জেআদা বেসির বন্দবস্তীর জমাতে রসদের পতিত ও সাবেক পতিত জদি তক্কা লইয়া থাকে তাহার বহাল থাকীবেক কী না ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমযুদ

জেআদা বেসির বন্দো ... আন্দাজ রসদের পতিত ... লইয়া থাকে তাহার বহাল থাকিবেক না সাবেক পতিত তক্কা লইঞা থাকী বহাল থাকীবেক ইতি—

৮ দফা সনন্দী মোকরোরার আসামীআন আবার কমীর সনন্দ রাখে এবং জমাবন্দীতে মোকরোরা মুরত জমী আছে আবার বেসি চড়ে নাই হস্তবুদে কাগজে খুটের কমীত লিখি ইহার জেমত হুকুম হয় ইতি—

হুকুমযুদ

জমী মোকোরোরা আসামীর ও জাচাই বেসি ও আবার বেসি থাকীবক না ইহার মধ্যে সনন্দী সেওায় বেসির জে কীছু মালগুজারির আমলে আসিঞাছে তাহা দিতে হইবেক ইতি—

[ক পৃ হুকুমনামা

পরগনার ইজাদার তোমার দফাওারি আরজীতে মালুম হইল দফাওারি হুকুমন মতে খুটের হস্তবুদেয়া কাগজ তৈয়ার করিয়া মিয়াদ মাফিক দাখিল করিব এবং রসদের পতিত ও সাবেক পতিত আবাদ নাএক জে গ্রামে জত চাহবে তাহার বিরওয়ারি কাগজ করিয়া এই মিআদ মধ্যে দাখিল করিবা ইতি সন ১৭৯৫ ইং তা—২৩ সেপ্তং[র] সন ১২০২ সাল তা—৯ আশ্বিন

কীটদষ্ট

॥ ৫৭ ॥

হিসাব (১২০৩ সন)। প. ৪৬

হিসাব বাকী রুপেয়া মোজে শেড়াম্দী সন ১২০৩ সাল বারণও তিন সাল। পাতড়া—ভাগবত রায়, চৈতন্ত ঘোষ, হরিপ্রসাদ মণ্ডল গং।

জীর্ণ কীটদষ্ট

॥ ৫৮ ॥

হিসাব (১২০৩ সন)।

হিসাব বাকীপোতা পরগনে বারবকসীংহ দক্ষন মোজা কৃষ্ণনগর সন ১২০৩ সাল। কৃষ্ণকান্ত শর্ম্মা, দুলাল মুদী, দুলাল সৌ গং

জীর্ণ কীটদষ্ট এবং জমাটবাঁধা

॥ ৫৯ ॥

হিসাব (১২০৩ সন)

মৌজা ঃ মনহরপুর। হিসাব বাকীপোতা শ্রীভরাম মণ্ডল, লাঙ্গেন পরাজী গং।

জীর্ণ ও কীটদষ্ট

॥ ৬০ ॥

হিসাব (১২০৩ সন)। প. ১৮

৭শ্রীশ্রীহরি। সন ১২০৩।

হিসাব শ্রীরামনারায়ণ সরকার ও শ্রীশ্রীনিবাস সরকার দালাল সাং উকুল সন ১২০৩ সাল ইং বুকলী আখীরি—

শ্রীযুং গোস্বামী মহাশয় গোং শ্রীরামচন্দ্র মজুমদার গং

ফুটা মুকলীর পড়া খরিদ বাবুদী বিসাতবাকী ইত্যাদির হিসাব।

জীর্ণ কীটদষ্ট

॥ ৬১ ॥

কবালাপত্র (সন ১২০৩ সাল) : প. ১

শ্রীশ্রীহরিঃ।—

উপসির্গ জএন চতুসিমা সরহদ্দ মবলগে জমী ৪ নও কাটা ইতি—

ইআদিবির্দ্দি সকল মঙ্গলালয় শ্রীশ্রীনিবাস সরকার ওগয়ে ৺ব্রজবল্লভ সরকার ইহর্বে ৺জাদবেন্দ্র সরকার সচ্চরিত্রেষু—

লিখিতং শ্রীবিশ্বনাথ বাগদা
শ্রীকাসিনাথ বাগদা
সাং কৃষ্ণনগর পর্গনে বারবকাসিংহ—

মোং কলীকাত্তা শ্রীযুৎ পতিনাথ বন্দপাধ্যায়—

বিশেষঃ ১২ রোজের পত্র ১৪ রোজ ডাক মারফতে পাইয়া জাতো হইলাম শ্রীযুৎ রামকীসোর রায় তথাতে থাকীবেন সে জানই তাহাকে সকল ওয়াকীপ করিয়া দিবে রাইপুরের কাপড় এবং শ্রীযুৎ লক্ষীকান্ত সরকার তাহার কাপড়গুলী বর্ত্তমান বাজার খালাষ করিয়া আণীতে পার বড় ভাল হয় ... ... ইতি তা॰ ১৪ আশ্বীন—

॥ ৪৭৩ ॥

ঐ (সন ১২২২ সাল) প. ১

ইহার পূর্ব্বে আর এক চিটার তাহার নকল নাই

৺৭শ্রীশ্রীহরি

সন ১২২২।—

মোং কলিকাত্তা— শ্রীযুৎ রামকীশোর রায়—

বিশেষঃ তোমার ২৫ আশ্বীনের পত্র ২৭ রোজ ডাক মারফত পাঠাইয়া জাতো হইলাম পত্রের সামিল বেঙ্করনোট ৩ কীত্তা ··· ১৫০০ ডেড় হাজার তঙ্কা পাঠাইয়াছিলে পোহুছিয়াছে ··· ইতি ২৯ আশ্বীন—

শ্রীযুৎ রামকীসোর রায়—

বিশেষঃ তোমার ৩০ আশ্বীনের পত্র ২ কাত্তীক ডাক মারফত পাইয়া সমাচার জাতো হইয়াছী ··· ঘরে নমুনা দীয়া সমাচার লিখিয়া খাজানা জমা ··· কাপড় বিক্রী করিবে তারিখ— ৪ কাত্তীক—

॥ ৪৭৪ ॥

ঐ (সন ১২২২ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২২২।—

মোং কলিকাতা— শ্রীরামকিসোর রায়—

বিসেষঃ ১৭ কাত্তিকের পত্র ১৯ রোজ ডাক মারফত পাইয়া সমাচার জাতো হইয়াছি— ঐ পত্রের সামীল বেঙ্কনোট ১ কিত্তা কাত ১০০০ এক হাজার তঙ্কা পাঠাইয়াছিলে পোহছিল ··· দেবিপুরের বাটীর সমস্ত মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখিবে ইতি তারিখ— ২০ কাত্তিক—

[খ- শ্রীশ্রীহরি।—

মোং কলীকাত্তা— শ্রীযুৎ রামকীসোর রায়—
বিশেষঃ ২১ কাত্রীকের পত্র ২৪ রোজ ডাক মারফতে পাইয়া সমাচার জাত্তো হইলাম পত্রের সনমিলিত বেঙ্কনোট ১ কীত্তা কাত ১০০০ হাজার তঙ্কা পাটাইয়াছিলে পোহছিল ··· মোং দেরিআরপুর হইতে ২ থানি আশীয়াছিল পাটাই পোহছিবেক ··· ইতি ২৫ কার্ত্তীক—

··· ··· ··· ··· ···

॥ ৪৭৫ ॥

ঐ (সন ১২২২ সাল) প. ১

[খ- শ্রীশ্রীহরি

সন ১২২২।—

মোং কলিকাত্তা—
শ্রীযুৎ রামকীসোর রায়—
বিশেষঃ সাং বুপুরের শ্রীআনন্দ বল আমার নিকট মোং গুরুলের সীক্কা ১০০০ এক হাজার তঙ্কা দিলেন তুমী মো কলিকাত্তা শ্রীবিপ্র'চরণ বলকে বাজার চলন কলসিক্কা ১০০০ এক হাজার তঙ্কা এই বরাত্তি পোহছিবে পাচ রোজ বাদ তঙ্কা দীয়া বরাত্তিগ্রঠে রসীদ লইবে ইতি সন ১২২২ সাল তা ১ কাত্রীক—

৭শ্রীশ্রীকৃষ্ণ

সন ১২২২।—

মোং কলিকাত্তা— শ্রীরামকিসোর রায়—
বিষেষঃ ৮ কাত্তিকের পত্র ১০ রোজ ডাক মারফত পাইয়া সমাচার জাত্তো হইলাম বেঙ্কনোট এককিত্তা ১০০০ এক হাজার তঙ্কার পাটাইয়াছিলে পোহছিল শ্রীযুৎ সরকার মহাসয়ের বাটিতে ৪৬১ থান ধোলাইপত্তা বিক্রীর দরূন বেবাক টাকা হিসাব সোপ পাইয়াছ ভালই ··· এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদি লিখিবে ··· তা— ১০ কাত্তিক—

॥ ৪৭৬ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

৺৭শ্রীশ্রীহরি

সন ১২২২

মোং কলিকাতা—

বিশেষঃ তোমার ৩।৩। দুই তারিখে দুই পত্র ৫।৬ রোজ ডাক মারফত পাইয়া জ্ঞাতো হইলাম অদ্যকার পত্রে বেঙ্করনোট ৪ কীত্তা কাত ১৭৫০ সাড়ে সতের সও টাকা পাটাইয়াছিলে পোহুছিল…

মোং কলিকাতা—

শ্রীপতিনাথ বন্দপাধ্যায় —

বিশেষঃ সাকিম মোহনপুরের শ্রীরামমোহন কোয়ার এখানে ২৫০ টাকার দাখিল করিলেন তুমি মোকাম কলিকাতার শ্রীযুৎ মির মহাম্মদ…পাচ রোজ মেয়াদ বাদে বাজার চালান … ইতি সন ১২২২ সাল ৮ অগ্রান—

মোং সীহুড়ী শ্রীযুৎ রামকৃষ্ণ মিত্রীজা— বিশেষঃ নিবেদন আজ্ঞাপত্র পাইয়া জ্ঞাতো হইলাম ঘোলাই পড়ার হিসাবের পাওনার মধ্যে…শ্রীইশ্বরনাথ জমাদারদীগর হামরাও কলসীকা ৭৫০০ সাড়ে সাত হাজার হুন্ড পাঠাইয়াছিলেন পোঁহছিল হিসাবের ফর্দ্দ পাটাই দিষ্ট করিতে আজ্ঞা হইবেক…ইতি সন ১২২২ সাল তারিখ— ১৬ শোল…

॥ ৪৭৭ ॥

ঐ (সন ১২২২ সাল) প. ১

শ্রীশ্রীহরি।—

সন ১২২২ সাল।—

৭শ্রীশ্রীহরি—

শ্রীযুৎ পবনচন্দ্র ঘোষাল—

বিসেষঃ তোমার পত্র পাইয়া জ্ঞাতো হইলাম রাইপুর পাঠাইয়াছিলাম আর শ্রীযুৎ বন্দোপাধ্যায় এক চালান কাপড় সমেত রাহি হইয়াছেন নাং ১৫/১৬ রোজ কলিকাতা পোহুছিবেন আপনি তথাতে আছে শ্রীযুৎ রামকীসোর রায় তত্রতলাষ করিতেছেন এবং করিবে এখানকার মঙ্গল … তথাকার মঙ্গলাদী লিখিবেন ইতি— ১২ অগ্রাহন—

… … … … …

৭শ্রীশ্রীহরি

[খ- মোং কলিকাতা—

শ্রীযুৎ দেবিপ্রসাদ ঘোষজা—

বিশেষঃ ১০ অগ্রহানের পত্র ১২ রোজ ডাক মারফত পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম ··· বিশেষঃ শ্রীযুৎ ঘোষজ মহাসয় এক পত্র লিখিয়াছেন তাহার জবাব পাঠাই তাহাকে দিবেন আর কী হয় নাগাদী ৩০ অগ্রাহন বেবাক কাপড় চালান করিব ··· এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখিবেন ইতি— ১৫ অগ্রাহন—

॥ ৪৭৮ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীশ্রীহরি

সন ১২২২।—

মোং কলিকাতা—

বিসেষঃ ১৬ অগ্রাহনের পত্র ১৮ রোজ ডাক মারফত পাইয়া জ্ঞাতো হইলাম বেঙ্করনোট ২০৫৩ নং ১ কীতা ২৫০ আড়াই সও ১৯১২ নং ১ কীতা ২৫০ একুনে ২ কীতা ৫০০ পাচ সও তঙ্কা পাঠাইয়াছিলেন পোহুছিল এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখিবেন ইতি সন ১২২২ সাল তা—২১ অগ্রাহন—

[খ—শ্রীশ্রীহরি

পতিনাথ বন্দপাধ্যায়—

বিশেষঃ তোমার পত্র পাইয়া জ্ঞাতো হইলাম শ্রীকাসীনাথ বন্দোপাধ্যায় হাত আমার নিজ গড়া পাকী ২২ গাটী কাত ধোলাই ১৭৬০ থান জের ৪৪ থান একুনে ১৮০৪ থান কাপড় ২৬ অগ্রাহন চালান করিয়াছী আর শ্রীযুৎ দেবিপ্রসাদ ঘোষ জার ১৬ গাটী কাত ১২৮০ থান ধোলাই ··· ৩২ একুনে ১৩১২ থান কাপড় চালান করিয়াছী ... সকল মঙ্গল লেখিবে ইতি সন ১২২২ সাল তা—৩০ অগ্রাহন—

... ...

[২খ—নকল—

চালান ৩৬ কাত গড়াকাপড় কুটী মুরুলীয় হইতে ··· মোং কলীকাতা বরাত শ্রীযুৎ দেবিপ্রসাদ ঘোষজা সন ১২২২ সাল—তা—২৬ অগ্রাহন—

আশামী	জমূলা থান	ধোলাই –	নেটং—	
...	...	...	...	
	১৩১২	১২৮০	৩২	

নিজ গড়া চালান ২৬ অগ্রাহন –

আশামী –	জমূলা পাটি –	ধোলাই –	নেটং –	একুন –
...	...	...	...	...
	২২ পাটি	১৭৬০	৪৪	১৮০৪

বাইষ পাটি জাটার সও চারি থান

॥ ৪৭৯ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ—

চরন :—

মোং কলিকাতা শ্রীযুৎ পতিনাথ বন্দোপাধ্যায় –

বিশেষঃ জে তমার ৩০ অগ্রাহনের পত্র ২ পৌষ ডাকজোগে পাইয়া জ্ঞাতো হইলাম এখানকার সমাচার ৩০ অগ্রাহন ডাক মারফত লিখিয়াছি তাহাতে জ্ঞাতো হইয়া থাকীবে যে গড়া তোমার সঙ্গে গেয়াছে তাহার নমুনা দিয়াছ শে ভালঽ ... এখানকার মঙ্গলাদী তোমার বাটীর মঙ্গল জানিবে ইহা চরনে নিবেদন ইতি ২ পৌষ –

[খ— ৭শ্রীহরি

মোং কলিকাতা –

বিশেষঃ তোমার ৪ পৌসের পত্র ৬ রোজ ডাক মারফত পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম ২ পৌসের এক পত্র লিখিয়াছী তাহাতে জ্ঞাতো হইয়া থাকীবে লিখিয়াছ কাপড়ের নমুনা দুই তিন জায়গাতে দিয়াছী আজ নাগাদী সেব করিতে পারি নাই শীঘ্র বিক্রী করিয়া সমাচার লিখিব ... ইত্যাদি।

॥ ৪৮০ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীযুৎ পতিনাথ বন্দোপাধ্যায় —

বিশেষঃ তোমার পৌসের পত্র রোজ আর ১১ রোজ এক পত্র ১৩ রোজ পাইয়া জাতো হইলাম শ্রীযুৎ দেবিচরন সরকারজার বাটীতে জে পত্তা বিক্রী করিয়াছিলে দর হইতে এক তঙ্কা কমী করিয়া পাটীবন্দী করিয়া লইয়াছেন … শ্রীযুৎ জান চিপ সাহেবের বাটীতে জে কাপড় বিক্রী করিবা তাহার নোট সীঘ্র পাঠাইবে তঙ্কার দরকার জানিবে ইহা…নিবেদন ইতি ৭ পৌষ -

পুনঃ লিখি আমাদীগের নিজ তালুকে পৌষ মাহীনার খাজনাদি জে হইবেক নাং ২০ পৌষ তক ৬০০০ হাজার তঙ্কার বেঙ্কনোট জায় মাফিক পাঠাইবে ইতি—

জায়—

১০০০ তঙ্কা করিয়া— ৩ কী

৫০০ তঙ্কা করিয়া— ৪

২৫০ তঙ্কা— ২

১০০ তঙ্কা করিয়া— ৪

৫০ তঙ্কা করিয়া— ২

১৫

লিখলে কত্তার খোদ দস্ত করিবা

পুনঃ লিখি শ্রীযুৎ রাঘবরাম চৌধরি অত্র বাটী প্রস্থান করিলেন শ্রীযুৎ রামমোহন মুখোপাধ্যায়কে কহিয়া গীয়াছেন দুই সর্ত্ত টাকার দরকার হয় তবে কাজীকাত্তার মোকামে লইব দরকার হয় তাহাকে দুই সর্ত্ত তঙ্কা দিআ রশীদী লইআ সমাচার লিখিবে ইতি—

॥ ৪৮১ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীশ্রীহরি

সন ১২২২। --

মোং কলিকাতা --

শ্রীযুৎ পতিনাথ বন্দোপাধ্যায় —

বিশেষঃ তোমার ১৫ পৌসের পত্র ১৭ রোজ ডাক মারফত পাইয়া জাতো হইলাম লিখিয়াছ জে কাপড় শ্রীযুৎ বন্দোপাধ্যায়দীগের …আনীয়াছে তাহা

শ্রীযুৎ দেবিপ্রসাদ ঘোষজার বাটীতে উটাইয়া দীয়াছী আর শ্রীযুৎ দেবিচরন সরকার ইহার বেঙ্কনোট পাঠাইবে তঙ্কার দরকার জানিবে ইতি সন ১২২২ সাল তা ১৭ পোষ—

পুং লিখি ··· তোমাকে লিখিআছি সীঘ্র দিয়া রসীদ লইয়া পাঠাইবে ইতি—তাং ১৭ পোষ—

॥ ৪৮২ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীশ্রীহরি

স্মরনং—

মোং কলীকাত্তা—

শ্রীপতিনাথ বন্দপাধ্যায়—

বিশেষঃ তোমার ২১ পৌশের পত্র ২৩ রোজ ডাক মারফত পাইয়া জ্ঞাত হইলাম শ্রীযুৎ দেবিপ্রসাদ ঘোশজার বাটীতে ও শ্রীযুৎ রঘুনাথ সরকারজার বাটীতে জে সকল পড়া উটাইয়া দিয়াছিলে তাহা বেবাক খাড়া হইয়া পাকা গাটীবন্দী করিয়া লইয়াছিল শে ভালই ... আমার্দ্দের গত সনে জে রকম বুটী ছারাইয়া পাটাইয়াছিলে শেই রকম নিলরঙ্গের বুটী ছারাইয়া সীঘ্র পাটাইবে ছারাইতে জে খরচ হইবেক তাহার সমাচার লিখিবে ইতি—

পুঃ লিখি শ্রীযুৎ রাঘবরাম চৌধরির হাতে ৩০০ তঙ্কা দিয়াছি এবং শ্রীযুৎ রাজনারায়ন ঘোষজাকে ··· একসও তঙ্কা দিয়াছি আর ঘোষজার সাবেক রশীদ ... আছে এই সকল রশীদ পাটাইবে ইতি—

[খ— শ্রীশ্রীহরি

মোং কলিকাতা—

বিশেষঃ তোমার ২২ পৌসের পত্র ২৩ রোজ ডাক মারফত পাইয়া জ্ঞাত হইলাম বেঙ্কনোট ৩ কীত্তা কাত কাত ৩০০০ তিন হাজার তঙ্কা পাঠাইয়াছিলে পৌহুছিল বাকী সীঘ্র পাঠাইবে ··· ২৩ রোজ ২৫ রোজ ৪ কীত্তা ১২৫০ ··· পাঠাইয়াছিলে পৌহুছিল ইতি ২৫ পৌষ—

॥ ৪৮৩ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীশ্রীহরি

স্মরনং—

মোং কলীকাত্তা—

শ্রীযুৎ গতিনাথ বন্দপাধ্যায়—

বিশেষঃ কএক দিবষ হইল তোমার পত্রাদী পাই মঙ্গলাদী লেখিবে তাহাতে কাপড় জে মযুদ ছিল তাহা বিক্রীর নিমিত্ত তেমাকে দফা ২ লেখিআছী বিক্রী করিআ থাকীবে তাহার সমাচার লিখিবে ··· তথাকার মঙ্গলাদী লেখিবে ইতি শ্রীচরণে নিবেদন ইতি সন ১২২২ সাল তা—২২ পৌষ—

[খ— শ্রীশ্রীহরি

মোং কলীকাত্তা শ্রীযুৎ গতিনাথ বন্দপাধ্যায়—

বিশেষঃ গতকল্য ডাকজোগে এক পত্র লিখিয়াছি তাহাতে জ্ঞাত হইআ বেবাক গড়া জাহাতে বর্ত্তমান বাজার সীঘ্র বিক্রী হয় তাহার চেষ্টা পাইআ বিক্রী করিবে একখান কাপড় মযুদ রাখিবেনা ভারি দামের খরিদী গড়া কীছু দিন মযুদ থাকীলে আমার লোকসান হইবেক ... ...গড়া বিক্রীর টাকা পাইলে হাওলাত শোধ দিবে টাকার বড় দরকার জানিবে ইতি— তা ২৮ পৌষ—

॥ ৪৮৪ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীশ্রীহরি।

মোং কলীকাত্তা—

বিশেষঃ তোমার ২৬ রোজের পত্র ২৮ রোজ ডাক মারফতে পাইয়া জ্ঞাত হইলাম ... ... এখানকার মঙ্গল গতারাতে তথাকার মঙ্গলাদী লেখিবেন ইহা শ্রীচরণে নিবেদন ইতি—তা—২৮ পৌষ—

পুঃ লিখি জে হাজার তঙ্কা পাটাইয়াছি ইহার থোক জার খবর কটকীনার খাজনা জমা করিয়া লইলাম ......শ্রীযুৎ রাজনারায়ন ঘোষজার ...তঙ্কা দিয়াছি তাহার রশীদী পাটাইবে ইতি—

[খ— শ্রীশ্রীহরি
স্মরনং

মোং কলীকাত্তা—
শ্রীপতিনাথ বন্দপাধ্যায়—

বিশেষঃ তোমার ২৪ রোজের পত্র ২৬ রোজ ডাক মারফতে পাইয়া জ্ঞাতো হইলাম চিটার ভিতর বেঙ্কনোট ৪ কীত্তার কাত ২০০০ দুই হাজার তঙ্কা পাটাইয়াছি পোহছিল ... ... তথাকার মঙ্গলাদী লেখিবেন. ইহা শ্রীচরণে নিবেদন ইতি— তা—২৭ পৌষ—

॥ ৪৮৫ ॥

ঐ (সন ১২২২ সাল) প. ১

একজায় চালান ৩৬ গড়া কাপড়— ১৪ পৌষ—

আশামী—	জমুলা ··· গাটি—	কাত— ধোলাই—	নেটং—	তঙ্কা—
শ্রীযুৎ গুরুচরণ ·· দাঃ রামমোহন—	২	১৬০	৪	১৬৪
শ্রীযুৎ আশানন্দ সরকার	২	১৬০	৪	১৬৪
শ্রীযুৎ রামমোহন মুখুজ্যা— দাঃ আশানন্দ—	১	৮০	২	৮২
		৪০০	১০	৪১০
সাং মুরুলীর মানিক রুদ্র	১১	৫৮০	১১	৫৯১
শ্রীযুৎ দেবিপ্রসাদ ঘোষজা পাকা [১৯]		৬৯০ ···	১৮	৭০৮

জায়—
স্মরেশ—২৫০
মর্দ্দম ৪৪০

পুনঃ লিখি সাং ডিজা ··· শ্রীযুৎ রাজনারায়ন ঘোষজায় ··· ১০০ তঙ্কা দিজা রশীদ পাঠাইবে অনেক দিনের হইল সীঘ্র তঙ্কা দিয়া ··· ১৫ পৌষ···
[খ· সাং মুপুরের মানিক রুদ্রের ··· ধোলাই ১১ গাটী ··· ৩৮০ থান ··· জলপী কম করেন সীঘ্র তঙ্কা পাঠাইয়া দীবে জানিবে ইতি— ১৫ পৌষ—

॥ ৪৮৬ ॥

ঐ (সন ১২২২ সাল) প ১

শ্রীশ্রীহরি

মো কলিকাতা শ্রীযুৎ গতিনাথ বন্দপাধ্যায়—

বিসেষঃ তোমার ২৮ পৌসের পোত্র ১ মাঘ ডাক মারফত পাইয়া সমাচার জাতো হইলাম দফা ২ যে বেঙ্কনোট পাটাইয়াছ তাহা পোহুছিয়াছে পোহুছা সমাচার ২৮ পোষ লিখিয়াছী পাইয়া থাকীবে পরং অদ্য তারিখ নং বেঙ্কনোট ১ কীত্তা কাত ৫০০ পাচ সও তঙ্কা পাঠাইয়াছি পোহুছিল বাকী জেখানে ২ তঙ্কা পাওনা আছে তাহা লইয়া ··· পাঠাইবে আর ভাঙ্গানি ফর্দ্দ পাঠাইবে আর লিখিয়াছ জেখানে ২ ··· আছে আনিয়া মারকাবিলি করিয়া ভাঙ্গানির ফর্দ্দ পাটাইবে অতএব ফেরত গড়া জে আছে বত্তমান বাজার বেবাক বিক্রী করিবে আর ··· বিক্রী করিবে শ্রীযুৎ চট্টোপাধ্যায়— সঙ্গে জে গড়া গেয়াছে বেবাক গড়া বিক্রী করিবে ··· পাওনা তাহা পাটাইবে এখানে হিসাব নিস্পত্ত তঙ্কা আইলে হইবেক ইতি ১ মাঘ—

শ্রীযুৎ গতিনাথ বন্দোপাধ্যায়—

বিশেষঃ তোমার ৩ মাঘের পত্র ৫ রোজ ডাক মারফত পাইয়া জাতো হইলাম শেষ চালানি পাচ গাটী কাপড় বিক্রী করিয়াছ সে ভালই ··· আর ২ সমাচার লিখিব ইহা নিবেদন ইতি ৫ মাঘ—

॥ ৪৮৭ ॥

ঐ (সন ১২২২ সাল) প. ১

শ্রীশ্রীহরি—

সন ১২২২ সাল।—

মো কলিকাতা— শ্রীযুৎ গতিনাথ বন্দোপাধ্যায়—

বিশেষঃ তোমার ৬ মাঘের পত্র ৮ রোজ ডাক মারফত পাইয়া জাতো হইলাম ভাঙ্গানির ফর্দ্দ ও বওনা খরচের ফর্দ্দ পাঠাইয়াছিলে পোহুছিল ··· তোমাদের বাটীর মঙ্গল জানিবে ইতি— ৮ মাঘ—

[খ- শ্রীশ্রীহরি—

সন ১২২২।—

মোং কলিকাতা— শ্রীযুৎ গতিনাথ বন্দোপাধ্যায়—

বিশেষঃ তোমার ৮ মাঘের পত্র ১০ রোজ ডাক মারফত পাইয়া জাতো হইলাম ··· তদপী শ্যামবাজারে বরাতি হয় বরাতি পাঠাইবে— ইতি—

তা— ১১ ···

॥ ৪৮৮ ॥

হিসাব (১২২৩ সন) প ১০

মৌজা : কৃষ্ণনগর। বাজেমহল— লাওসেন সরকার, সম্ভুনাথ নাই। গোপীজন মহল— মফরচন্দ্র সরকার। কড়চাহিসাব বাকী। খালাসীপাড়া— পতীতমহল— গুরুচরন সীল। চোওাড়মহল— ছিদাম বাগদী।— বুড়িমহল— ছিদাম সোঁ। মদকমহল— কেনারাম চৌধুরী। কীরিস্তাকাগজ কড়চাহীসাব বাকী রোপেআ তালুক কৃষ্ণনগর মৌঃ নিজ কৃষ্ণনগর সন ১২২৩ সাল— গরিবওল্লা খালাসী। তাতীমহল— চন্দ্রমোহন দত্ত।

জীর্ণ, কীটদষ্ট ও কিছু কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৪৮৯ ॥

হিসাব (১২২৩ সন) প ২১

মৌজা : এন্তাপুর। দিনার একজায় নমুদারজমী— সদাই ঘোষ, রাধাকৃষ্ণ ঘোষ। খতিয়ানজমী।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৪৯০ ॥

হিসাব (১২২৩ সন) প ১

৺৭শ্রী শ্রীহরি

সন ১২২৩ সাল—

হিঃ উমাচরন চট্টোপাধ্যায়— সাং গোওালপাড়া—

জমা—		খরচ—	
সন ১২২৪ সাল মাহ জেষ্ট সীক্কা—	৫৲	সন ১২২৩ সালের মোং··· ··· ··· চেত্রী—	২১
[সন] ১২২৫ সাল ১২ জেষ্ট ···	৩	ওআদা—	৫
	৮৲	তমসুদ ইঃ জেষ্টি— নাং সন ১২২৫ জৈষ্ঠী ১২ মাহা কাত— ৻৫ হি	৩
মাহিনা ফাল্গুন নাগাদ ২০ চেত্রী—	৩৷৴১৪	তমসুদ— সন ১২২৫ সাল জেষ্ঠী নাঃ চেত্রী ১১ মাহা	২৸০
	৴৬		২১৸০
		ঐ—	৩
		ঐ—	১৮৸০
			৩৸০
			১৫

॥ ৪৯১ ॥

পত্র [গড়াকাপড়] (সন ১২২২-২৩ সাল) প ৩১

৭শ্রীশ্রীহরি

সরন—

শ্রীযুৎ জীবনাথ সীং—

মোং কলিকাতা—

বিশেষঃ ২৮ কাত্তকের পত্র ৩০ রোজ ডাক মারফত পাইয়া সমাচার জ্ঞাত হইলাম চিটার ভিতর বেঙ্কনোট ১ এক কিত্তার ১কাত্ত হাজার টাকা আর শ্রীযুৎ রামকৃষ্ণ মিত্রীর উপর বরাতি ১০৮৷১০ পাঠাইয়াছিলে পোহছিল বরাত্তির টাকা ··· সরেসগড়ার দর ··· সাধাকী বাজার বড় ··· বিক্রী করিবে কাপড় ··· করা হইল জানিবে আর ··· পত্রপাট মাত্র ফিরিয়া পাঠাই ··· ইত্যাদি।

অতঃপর রামকীশোর রায় মোং কলিকাতা, ভাগবত সরকার মোং সীহড়ী, দেবি সিংহ জমাদার, রামমোহন বন্দোপাধ্যায় মোং কলিকাতা, রামধন মুখোপাধ্যায় মোং কলিকাতা, পতিনাথ মুখোপাধ্যায় মোং কলিকাতা, দিননাথ সরকার মোং বর্দ্ধমান, গঙ্গাগোবিন্দ ঘোষাল, রামকৃষ্ণ মিত্রী প্রমুখের গড়াকাপড় ইত্যাদি বিষয়ক লিখিত পত্রের নকল খাতা—

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৪৯২ ॥

পত্র (সন ১২২৩ সাল) প ১

৮৭শ্রীশ্রীহরি।—

পৌষ্ট শ্রীরঘুরাম দেবসর্ম্মণ—

বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে শ্রীযুৎ বাবাজীর মঙ্গল শ্রীশ্রী৺করিতেছেন তাহাতেই অত্রানন্দ বিশেষঃ নিবেদন নিকট হইতে আসীঞা ১৩ বৈসাখ দীবা আড়াই পহরের ওক্তে মোকাম কাটঞা পোহছিঞা [ছিলাম] তাহার পর ১৭ বৈসাখ দিবা ৪ চারি দণ্ড থাকিতে ··· মুরুলি পোহছিলাম ভাবিত লইবেন জে সকল জীনিষ আমাদের সমীভারে দীআছিলেন সে সকল জীনিষ শ্রীযুৎ সরকার ম [হাস] এর পত্রে বেদ্য হইবেন তরপর ··· আপনকার বাটির সকলে ভাল আছেন ভাবিত লইবেন এখানকার সকল মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখি [বেন] নিবেদন [ইতি] সন ১২২৩ সাল তাং ১৭ বৈসাখ রাত্রী ··· —

[পৃ- এই পত্রে সেবক শ্রীরমতনু দাস্যস্য প্রনামা বহাব নিবেদনঞ্চাগে বিসেষঃ নিবেদন এথানকার সমাচার মুল পত্রে এবং শ্রীযুৎ সরকার [মহাস]এর পত্রে বেগ্ত হইতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে প্রনাম নিবেদন করিলাম ইতি—

মহামহিম শ্রীযুৎ পতিনাথ বন্দোপাধ্যায় বাবাজী সদম্ভকরনেষু—

॥ ৪৯৩ ॥

পত্র (সন ১২২৩ সাল) প ১

৺৭ শ্রীশ্রীহরিঃ সহায়—

অবষ্যপোশ্য শ্রীভোলানাথ দাবষ্য—
পরম শুভাশীর্ব্বাদ নিবেনকাগে বাবাজীদির্গের স্থিররাজলক্ষ্মী নিয়তো শ্রী৺স্থানে প্রার্থনা করিতেছী তাহাতে অত্র মঙ্গল বিশেষঃ কএক দিবশ হইল তথাকার মঙ্গলাদী না পা[ইয়া] উদবিগ্ন আছী মঙ্গলাদী লিখিয়া চিত্রের সন্তোষ করিবেন এথানকার সমাচার দরবার পতিক সমস্ত মঙ্গল জানিবেন কএক দিবস মহ[র]মে কাছারি বন্দ ছিল ১১ রোজে শোমবার কাছারি হইতেছে ··· বড়ই জহত করিয়াছেন তাহার ২ কাৰ্ত্তীক নাগাদীর বাকী আছে তাহারদির্গের তালুক লাটবন্দী করিয়াছেন ১ পোষ ডাকের ইস্ত[হারে] হুকুম দিয়াছেন ইহাতে সকলেই ত্রস্তক্রেমে টাকা দাখিল করিতেছেন আপনকারদির্গের তালুকের খাজানা অগ্রহায়ন মাহার তলবের জে বাকী তাহা সিগ্রী রওনা হয় এমত ত্রিজোগ করিবেন নিলামের হুকুম গোপে আছে আমাদির্গের অগ্রহায়ন তলবের টাকা মাহিনার ··· আগে দেওয়া ভাল হয় জাতো কারণ নিবেদন লিখিলাম নওা আইন কী আসীয়াছে এইক্ষান কীছু জারি করেন নাই শ্রীযুৎ কহিয়াছেন জে নওা আইন জে আসীয়াছে তাহা ফালগুন মাহাতে হুকুম দিব জারি না হইলে কীছু বুঝা জায়না হুকুম মত্তাবক জদী না জাইবেক পরে অগ্রহায়নতলব দাখিল করিআ আমি একবার দষ রোজ কারণ নিকট পোহছি[য়া] বাটীর ধাস্তগুলি সিরিপ্তী করিয়া পুনুরায় পোষ মাহিনার খাজানা লইয়া দাখীল করিলে জেমত মরজী হয় দাখিলা জে পাওনা ছিল তাহা আশীন মাহা পাইয়াছী কাৰ্ত্তীক মাহার অবপী সহি হয় নাই সহি হইলে সঙ্গ লইয়া জাইব আমি কাইকে ভাল আছী তথাকার মঙ্গলাদী লিখিতে অবধান হইবেক ইহা নিবেদন ইতি ১২২৩ সাল তারিখ ২৩ অগ্রহায়ন—

॥ ৪৯৪ ॥

কবুলতিপত্র (সন ১২২৩ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ: ।—

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমীদার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীচাকর দাষবৈ০—
কস্য কবুলতিপত্র মিদং কার্য্যনঞ্চা আগে তালুক কৃষ্ণনগর মোজে
নিজ কৃষ্ণনগর মোজে ময়ুকুরের খালিশা ডোমপুস্কীনি মহাসয়
সরকারে ১ এক টাকা জমায় জমা কবুল করিয়া পাট্টা লইলাম পুস্কনি
মৎস্য জিলাইয়া ভোগ দখল করি[ব] এতদার্থে পাট্টা লইয়া কবুলতি লিখিয়া
দিলাম ইতি সন ১২২৩ সাল তারিখ ২৩ আশাঢ়—

শ্রীচাকর দাষবৈ০
সাং মুকুন্দী

ইসাদ—

শ্রীগোলাপ সীহ
সাং পাএর

শ্রীলালা ভরথ
মোং মুরুন্দী

॥ ৪৯৫ ॥

কর্জ্জপত্র (সন ১২২৩ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ: ।—

শ্রীনফরচন্দ্র সরকার
সাং মুকুন্দী

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার বরাবরেষু—
লিখিতং শ্রীনফরচন্দ্র সরকার—
কস্য করজপত্র মিদং কার্য্যনঞ্চা আগে আমিহ তোমার স্থানে জতটং সীক্কা
২৫ পচিষ টাকা করজ লইলাম ইহার সুদ দরমাহা কি তঙ্কে ৫ এক পাই

করিয়া দিব শোধের ওয়াদা সন ১২২৪ সালের মাহ্ পোষে সুদ সমেত বেবাক দিয়া পরিশোধ করিব এতদার্থে নগদ টাকা পাইয়া খতপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৩ সাল তারিখ ৮ ফাল্গুন—

ইসাদী—

[খ- বিক্রী মোং মুরুল সন ১৮১৭ সাল ১৩ ফেব্রুয়ারী ফেবরওরি শ্রীরাধাকান্ত বরাট—

॥ ৪৯৬ ॥

বিক্রয়কোবালাপত্র (সন ১২২৩ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

শরণং—

STAMP
ONE ANNA
... ...
... ...
এক আনা
OFFICE

শ্রীশ্রীমতি দেবৈ ॥
শ্রীরামসুন্দর চক্রবর্ত্তি ॥
সাং মুরুল ॥

ইআদিকীর্দ্দ সকল মঙ্গলালয়—

শ্রীশ্রীনিবাস সরকার উলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দ্র সরকার পরগনে বারবক সিংহ মোজে কৃষ্ণনগর ওরফে মুরুলি মতালকে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীশ্রীমতি দেব্যা জয়জে ৺বিনদরাম চক্রবর্ত্তী উলদে ৺বৈরাগী চক্রবর্ত্তী ইবনে মুরুলী চক্রবর্ত্তী ও শ্রীরামসুন্দর চক্রবর্ত্তী উলদে ৺বিনদরাম চক্রবর্ত্তী ইবনে ৺বৈরাগী চক্রবর্ত্তী পরগনে বারবক সীং মৌজে কৃষ্ণনগর উরফে মুরুলি—

কস্য বাস্তুবাটী বিক্রয়কআলা লিখনং কার্জ্জনক্ষাগে পরগনে বারবক সিংহ মোজে মুরুলির আমার বাটীর পূর্ব্ব মাগারাম বাগদীর ও সঙ্কর বাগদীর বসত দরুন বেসনদি ভোগ দখলি বাস্তুজমী /২৫ দুই কাঠা পাচ গণ্ডার আপনকার নিকট বিক্রয় করিলাম অস্য পোনবাহা বাবুদী ৫ পাচ তঙ্কা রায়জনমূলুক পূরাউক্তন সহীসিক্যা দস্তবদস্ত নগদ পাইআ আপন কাবেজ তছরুপে আনিলাম আপুনি বাস্তুবাড়ী মযুকুর আপন দখল কাবেজে আনিআ দখিলকার দান বিক্রএর সত্তাধিকারি হইআ পুত্রপৌত্রাদিক্রমে ভোগ তছরুপ করহ ঐ বাস্তুবাড়ির সহিত আমাদিগ্যের এলাকা নাই কশ্বিনকালে আমরা কিম্বা আমাদীগ্যের ওআরিসান কেহ কখন দাওা করে কীম্বা করি সে না মনজুর এতদার্থে বাহুল বাহাল তবিয়তে আপন সেছাপূর্ব্বক বাস্তু বাটী বিক্রয়কওালা লিখিআ দীলাম ইতী সন ১২২৩ সাল তারিখ— ২২ মাঘ—

ইসাদ—

শ্রীমনিকচন্দ্র নাএক
সাং মুরুল
শ্রীলাউসেন পাত্র
সাং মুরুল

শ্রীপরেসনাথ গোপ
সাঃ মরুল
শ্রীকান্ত সেন
সাঃ মুরুলি

[খ- বিক্রী মোং মুরুল [সন ১] ৮১৬ সাল ১[৫ পোনের] শ্রী দিগম্বর—
শ্রীরাধাকান্ত বরাট—

॥ ৪৯৭ ॥

বিক্রয়কোবালাপত্র (সন ১২২৩ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২২৩ ।—

শ্রীশ্রীমতি দেবৈ ॥।
শ্রীরামসুন্দর চক্রবত্তি
সাং মুরুল ॥।

ইআদিকীর্দ্দ সকল মঙ্গলালয়—
শ্রীশ্রীনিবাস সরকার উলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জানবিন্দ সরকার পরগনে বারবক সিংহ মোজে কৃষ্ণনগর ওরফে সুরুলি মতালকে জেলা বিরভোম বরাবরেষু—
লিখিতং শ্রীশ্রীমতী দেব্যা জয়জে ৺বিনদরাম চক্রবর্ত্তী ওলদে ৺বৈরাগ্যী চক্রবর্ত্তী ইবনে ৺সুরুলি চক্রবর্ত্তী ও শ্রীরামসুন্দর চক্রবর্ত্তী ওলদে ৺বিনদরাম চক্রবর্ত্তী ইবনে ৺বৈরাগ্যী চক্রবর্ত্তী পরগনে বারবক সীং মোজে কৃষ্ণনগর উরফে সুরুলি— কস্য বাস্তবাটী বিক্রয়কআলা লিখনং কাজ্জনঞ্চাগে পরগনে বারবক সীংহ মোজে সুরুলের আমার বাটির দক্ষীন বাঞ্চারাম মদকের বসত দরুন বেস[ন]দি ভোগদখলি বাস্তজমি /৩৻১১ তিন কাঠা এগার গণ্ডা আপনকার নিকট বিক্রয় করিলাম অস্য পোনবাহ' বাবুদী ১৮ আঠার টাকা বাজ্জনমূলুক পুরাওজন সহিসিক্যা দস্তবদস্ত নগদ পাইআ আপন কাবেজ ভহরুপে আনিলাম আপুনি বাস্তবাড়ী মযুকুর আপন দখল কাবেজে আনিআ দখিলকার দান বিক্রএর সত্তাধিকারি হইআ পোত্রপোত্রাদীক্রমে ভোগ ভহরুপ করহ ঐ বাস্তবাড়ীর সহীত আমাদির্গের এলাকা নাই কস্মিনকালে আমরা কিম্বা আমাদির্গের ওআরিসান কেহ কখন দাওা করে কীম্বা করি সে নামঞ্জুর এতদার্থে বাহস বহাল ভবিয়তে আপন সেছাপূর্ব্বক বাস্তবাটী বিক্রয়কওালা লিখিআ দীলাম ইতী সন ১২২৩ সাল তারিখ— ২২ মাঘ—

ইসাদ—

শ্রীমানি[ক]চন্দ্র নাএক
সাং সুরুল
শ্রীলাউসেন পাত্র
সাঃ সুরুল

... ...
খজানা আমরা
... ...
TREASURY

শ্রীপরেসনাথ ঘোষ
সাংকিম সুরুল
শ্রীকান্ত সেন
সাং সুরুলি

[খ- বিক্রী মোং সুরুল সন ১৮১৬ সাল ২৫ পোনরঞ্জী খিজমর শ্রীরাধাকান্ত বরাট—

॥ ৪৯৮ ॥

পত্তনিতালুকের খারিজ দাখিলের আবেদনপত্র (সন ১২২৩ সাল) প. ১

৭শ্রীশ্রীহরিঃ ।—
সন ১২২৩ সাল—
পং বর্দ্ধমান ওগয়রহ—

মহামহিম শ্রীযুৎ মহারাজাধীরাজ রাজা প্রতাপচন্দ্র বাহাদুর বরাবরেষু—
মফস্বলি পত্তনিতালুকে খারিজ দাখিলের বন্দ সন ১২২৩ বারসত্ত তেইস সাল তারিখ—

আশামি— মোজা— কাতজমা—
ও মাহাল— সালি মালগুজারি—

পং মনহরসাহীর মধ্যে—
গোমড়া—১ পয়রাকান্দী—১ কুসুট—১ কাটাডিহি—১ আয়মা কাটাডিহি—১ মোরগ্রাম—১ রঘুনপুর—১ জোড়জীয়র—১ হরিদাষপুর—১ পৌশলা—১ চিনিষপুর—১ মিজ্জাপুর—১ রহিমপুর—১ = ১৩ — ৮১৫৩৷৷০

শ্রীশ্রীনিবাষ সরকার সাং সুরুলী পরগনে বারবক সীহ
বং শ্রীদিননাথ সরকার সাং রঙ্গছত্র মোক্তার—

পরগনে মোনহরসাহী ৺স্বরূপচন্দ্র রায়ের পত্তনিতালুক ঐ পরগনার মধুকুরের মধ্যে লাট গোমড়া ১৩ তের মোজার মাহালারে কাত ৮১৫৩৷৷০ আট হাজার এক সও তিপন্ন টাকা আট আনা জমায় ঐ রায় মধুকুরের নিকট দরপত্তনি তালুক লইয়া দখিলকার আছি সন ১২২২ সালে ঐ রায় মধুকুরের ৺প্রাপ্তী হইয়াছে তাহার ভাতা শ্রীগোপালচন্দ্র রায় ঐ মাহাল মধুকুরের দখিলকার আমি ঐ মাহালের মালগুজারি নাগাদ সন ১২২২ সাল বেবাক মালগুজারি ঐ রায় মধুকুরানের বরাবর করিয়াছি এক্ষনে ঐ গোপালচন্দ্র রায় আপন সেচ্ছাপূর্ব্বক ঐ পরগনা মধুকুর হইতে ঐ লাট গোমড়া ১৩ তের মোজার কাত ৮১৫৩৷৷০ টাকা জমা খারিজ দিয়া আমার নামে দাখিল করিয়া লইবার কারণ হুজুরে দরখাস্ত দাখিলা করিয় আমার দস্তখতি মিছিল দাখিল করিলেন এমতে আমী আপন সেচ্ছাপূর্ব্বক হুজুরে দরখাস্ত দাখিল করিয় ঐ লাট গোমড়া ১৩ তের মোজা মাহালাতের কাত সালিআনা ৮১৫৩৷৷০ আট হাজার এক সত্ত তিপন্ন টাকা আট আনার জমা আপনকার জমিদারি কাছারিতে মপশ্বলি পত্তনিতালুক দস্তবদস্ত করিলাম এজমাতে কমী ও নাজাই ও হাজা সুখা লোকসানি ও সদিসাকস্তা লোকসানি কোন দফায় ওজর নালিষ করিবনা মাফিক কিস্তীবন্দী সীকাপরখসহী কীস্তী ২ সন ২ মাষ ২ আপনকার জমিদারির কাছারি বরাবর সরবরাহ করিব মপস্বল আমল দখল

করিয়া লিখিত মাফিক সকল করিব মাহাল মযুকুরের মধ্যে আমার দস্তখতের পূর্ব্বে জে সকল পুষ্করনী খাদনীগর হুজুরের সনন্দ হইয়াছে তাহার সহিত আমার এলাকা নাই এ সকল বিসয় কোন আপর্ত্ত করিব না জদি করি শে নামঞ্জুর আমার পত্তনিতালুকের পূর্ব্বে জে সকল জমিনের মালগুজারি আয়মা দপ্তর সামিল হইয়াছে তাহাতে আমার কোন আপত্ত নাই জদি আপত্ত করি শে নামঞ্জুর।— পুলবন্দীর সরয়া সরহ চকনা জেমত হুকুম হইবেক শেই মাফিক আমলে আনিব পুলবন্দীর খেলিখতরা হইলে তাহার লোকসানির দওাওজর সরকারের মালগুজারিতে কোনমতে করিব না পুলিসের কাছারি সামিল চৌকীদার ফৌত ফেরার হয় কীম্বা কোন তকসীর সরয়ে তগীর হয় বাহাল করিতে হইলে হযুরে করিবেন আমার সহিত বিসয় নাই আমার মপস্বলের হস্তবুদ জমা ওঃাশীলবাকী ওগয়রহ কাগজ জখন জাহা তলব হইবেক তাহা দাখিল করিব আমার পত্তনিতালুক জমিদারি কাছারি হইতে খারিজ হইবার নাএক কোন প্রকারে না হয় এবং খারিজ হইবার দরখাস্ত কখন করিব না জদি আমী কিম্বা আমার ওয়ারিসান খারিজের দরখাস্ত করে কীম্বা করি শে নামঞ্জুর কীস্তীবন্দী মাফিক সরবরাহ কসুর হইলে কবুলতির সরত মাফিক মপস্বল সাজআল দিয়া ক্রোক তহশীল করিয়া লইবেন আমার নিজ আদায়ে ও সাজআলের ইরসাল বাদে সালতামামি জে বাকী থাকীবেক তাহাতে আপন এক্তারে।— দোসরা বন্দবস্ত করিবেন তাহাতে আমার কোন ওজর আপত্ত জায়েজ হইতে পারিবেক না ইতি সন ১২২৩ সাল— ২৫ বৈশাখ—

ইসাদী—

শ্রীপদ্মলোচন অধিকারি	শ্রীপ্রেতাপনারায়ন রায়	শ্রীধরনিধর দাষ
সাং শ্রীপুর	পং জীএড়া	সাং পালিতপুর
পং জাহানাবাদ	সাং বর্দ্ধমান	পং বর্দ্ধমান

॥ ৪৯৯ ॥

কিস্তীবন্দীপত্র (সন ১২২৩ সাল) প. ১

৭শ্রীশ্রীহরি।—

সন ১২২৩।—

মহামহিম শ্রীযুৎ মহারাজাধিরাজ রাজা প্রতাপচন্দ্র বাহাদুর বরাবরেষু—

লিখিতং শ্রীশ্রীনিবাষ সরকার—

কস্য কীস্তীবন্দীপত্র মিদং কার্য্যনঞ্চাগে পরগনে মোনহরসাহী ৺স্বরুপচন্দ্র রাএর পর্ত্তনিতালুক ঐ পরগনে মযুকুরের মধ্যে

শ্রীশ্রীনিবাস সরকার
সাং মুকুন্দ
সাং বাবুরক সাঁইর
সাং শ্রীনিলাম সরকার
মোক্তার

লাট গোমড়া ১৩ মৌজা মাহালাতের কাত ৮১৫৩৷৷০ টাকা জমাতে ঐ রায় মযুকুরের নিকট দরপত্রনিতালুক লইয়া দখিলকার আছি সন ১২২২ সাল ঐ রায় মযুকুরের ৺প্রাপ্তী হইয়াছে তাহার ভ্রাতা শ্রীগোপালচন্দ্র রায় ঐ মাহাল মযুকুরের দখিলকার আমি মাহালের বেবাক মালগুজারি নাগাদী সন ১২২২ সাল ঐ রায় মযুকুরানের বরাবর করিয়াছী এক্ষান ঐ গোপালচন্দ্র রায় আপন শেছ'াপুর্ব্বক ঐ লাট গোমড়া ১৩ তের মৌজা মাহালাতের কাত ৮১৫৩৷৷০ আট হাজার একসর্ত্তা তিপন্ন' টাকা আট আনা জমা খারিজ দিয়া আমার নামে দাখিল করিলেন এমতে আমি আপন শেছ'াপুর্ব্বক হযুরে দরখাস্ত দাখিল করিয়া ঐ লাট গোমড়া ১৩ তের মৌজা মাহালাতের কাত সালিআনা ৮১৫৩৷৷০ টাকা জমা আপনকার জমিদারি কাছারিতে মপস্বলি পত্তনিতালুক করিয়া কীস্তীবন্দী লিখিয়া দিতেছী বিমজীম নিচের তপসীল সন ২ মাষ ২ সীকা পরথমহী বিনা ওজর মালগুজারি করিব মাষতলবের টাকা মোনকাজী হইলে দোসরা মাসের পহিলা তারিখ অবধি সুদ দিব এতদার্থে আপন খুশীতে কীস্তীবন্দী লিখিয়া দিলাম ইতি সন ১২২৩ সাল তারিখ— ২৯ বৈসাখ—

তপশীল—

আশামী— জমা—

জমুলা—

জমা মালগুজারি সালিআনা— ৮১৫৩৷৷

তলব— কীস্তীবন্দী—

বৈসাখ— জৈষ্টি— আসার— শ্রাবন— ভাদ্র— আশীন— কার্ত্তীক—
অগ্রহান— পৌষ— মাঘ— ফালগুন— চৈত্রী— = ৮১৫৩৷৷০

মবলগে আট হাজার একসর্ত্তা তিপন্ন টাকা আট আনা জমা এই কীস্তীবন্দী মাফিক সীক্কা পরখসহী সন ২ মাষ ২ কীস্তী ২ সরবরাহ করিব ইতি সন ১২২৩ সাল— তারিখ— ২১ বৈসাখ—

ইসাদী—

শ্রীপদ্মলোচন অধিকারি	শ্রীধরনিধর দাষ	শ্রীপ্রেতাপনারায়ন রায়
সাং শ্রীপুর	সাং পালিতপুর	সাং জিএড়া
পং জাহানাবাদ	পং বর্দ্ধমান	পং বর্দ্ধমান

॥ ৫০০ ॥

কবুলতিপত্র (সন ১২২৩ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ।—

সন ১২২২।—

মহামহীম শ্রীযুৎ মহারাজাধিরাজ রাজা প্রেতাপচন্দ্র বাহাদুর বরাবরেষু—

শ্রীশ্রীনিবাষ সরকার
সাং মুরুলী পং বারবক সিং
দং শ্রীশিবনাথ সরকার মোক্তার

লিখিতং শ্রীশ্রীনিবাষ সরকার কষ্য কবুলতিপত্র মিদং কাজ্জনক আগে পরগনে মোনহরসাহী ৺স্বরূপচন্দ্র রায়র পত্তনিতালুক ঐ পরগনা ময়ুকুরের মর্দ্ধে লাট গোয়ড়ার ১৩ মৌজার মাহালাতের কাত ৮১৫৩।০ আট হাজার একসও তিপন্ন টাকা আট আনা জমায় ঐ রায় ময়ুকুরের নিকট দরপত্তনিতালুক লইয়া দখীলকার আছি সন ১২২২ সালে ঐ রায় ময়ুকুরের ৺প্রাপ্তি হইয়াছে তাহার ভ্রাতা গোপালচন্দ্র রায় ঐ মাহাল ময়ুকুরের দখীলকার আমি ঐ মাহালের মালগুজারি নাং সন ১২২২ সাল বেবাক মালগুজারি ঐ রায় ময়ুকুরানের বরাবর করিয়াছি এখানে ঐ গোপালচন্দ্র রায় আপন সেহ্‌াপূর্ব্বক ঐ পরগনা ময়ুকুর হইতে ঐ লাট গোয়ড়া ১৩ মৌজার কাত ৮১৫৩।৷০ টাকা জমা খারিজ দিয়া আমার নামে দাখিল করিয়া লইবার কারণ হযুরে দরখাস্ত দাখিল করিয়া আমার দস্তখতি মিছিল দাখিল করিলেন এমতে আমি আপন সেহ্‌াপূর্ব্বক হযুরে দরখাস্ত দাখিল করিয়া ঐ লাট গোয়ড়া ১৩ তের মৌজার মাহালাতের কাত মালিনা ৮১৫৩।৷০ টাকা জমায় আপনকার জমীদারি কাছারিতে মণফলী পত্তনি তালুক দরখস্ত করিলায় জমা খুরসমজীন দরখাস্ত করিলাম এ জমাতে কমী

ও নাজাই ও হাজা মুকা ও নদীসীকস্তী ওগয়রহ লোকসানি কোন দফায় ওজর মালিষ করিব না মাফিক কীস্তীবন্দী সীর্ক্তা পরথসহী সন ২ মাষ ২ আপনকার জমীদারি কাছারি বরাবর সরবরাহ করিব মপশ্বল আমলদখল করিয়া লিখিত মাফিক সকল কাজ্য করিব মাহাল মযুকুরের মর্দ্দে আমার দস্তখতির পুর্ব্ব পুস্কর্নী খাদদিগর হযুরের সনন্দী জে হইয়াছে তাহার সহীত আমার এলাকা নাই এবং এ সকল বিষয়ে কোন দফায় আপত্তী করিব না জদী করি শে নামঞ্জুর আমার্দ্দের পত্তনিতালুকের পুর্ব্ব জে সকল জমীনের মালগুজারি আয়মাদগুর সামিল হইয়াছে তাহাতে আমার কোন আপত্তী নাই জদী আপত্ত করি শে নামঞ্জুর পুলবন্দীর সরঙা সরহ চাকলা জেমত হকুম হইবেক শেই মাফিক আমলে আনিব পুলবন্দীর খেনিখতরা হয় তাহার লোকসানি দণ্ডাওজর সরকারের মালগুজারিতে কোনমতে করিব না পুলীশের কাছারি সামীল চোকীদার ফৌত ফেরার হয় কীম্বা কোন তকগীর সরয়ে তাহার তগীর বাহাল করিতে হইলে হযুরে করিবেন আমার সহীত বিসয় নাই আমার মপশ্বলের হস্তবুদ ও জমা ওয়াশীলবাকী কাগজ জখন জাহা তলব হইবেক তাহা দাখিল করিব আমার এই পত্তনিতালুক জমীদারিকাছারি হইতে খারিজ হইবার নাএক নাই জদী আমি কীম্বা আমার ওয়ারিসান খারিজের দরখাস্ত করে কীম্বা করি শে নামঞ্জুর অই মাহালাতের মর্দ্দে কোনই মাহাল হযুরের বেগর মঞ্জুরিতে কাহাকে দিব না জদী দিই শে নামঞ্জুর জদী হযুরের বেগর মঞ্জুরিতে কম জমা ও কারসাজীতে কাহাকে তালুক করিয়া দিই শে নামঞ্জুর কীস্তী খেলাপ হয় তাহাতে মপশ্বল সাজওাল দেন তাহার মাহিনা আমী দিব এবং সাজওয়ালের নিকট আমলা রুজু করিয়া দিব সাজওালের মাহিনা সনন্দ শেওাই জেয়াদা দিব না সাজওালের তহবিল তছরুপাত হয় তাহা সাজওালের স্থানে বুজীয়া লইব সরকারের বাকীতে কোন ওজর করিব না মাষতলবের টাকা মোনকাজি হইলে দোষরা মাশের পহিলা তারিখ অবধি মাফিক আইন সুদ দিব সাল আখিরে জত টাকা বাকী থাকীবেক তাহাতে ঐ তালুক আপন এক্তারে বিক্রয় করিয়া লইবেন আইন বরখেলাপ কোনহ কাজ্য করিব না মপশ্বল শ্রীশেয়া আমলমামল মাফিক বাহাল রাখিব আদালত ও ফৌজদারি ও কেলেক্টরিকাছারি হইতে জখন জে কাগজ তলব হইবেক ও ফৌজের আমদরপ্তী রশদের জখন জে হকুম আশীবে তাহার সরবরাহ আমী করিব ইহাতে অর্ন্যমত করিলে জরিমানা ও খরচা জে দেনা হইবেক তাহা আমি বিনে ওজর দিব সরকারের সহিত কোন এলাকা নাই সরকারের হাবিলা ও বাগাত ও পুস্কর্নী ওগয়রহ সরকারের খাষদখলে জে আছে তাহাতে কোনমতে দস্তআন্দাজ হইবে না জেলা তহশীলের থানার চাকরানজমী সদর বাজেআপ্তি হইয়া জত টাকা তলব

হইবেক তাহার বাজেআপ্তীর হারে আলাহিদা সন ২ সরবরাহ করিব আপনকার সরকারের জে কীছু হাদক আছে তাহা আমী বুজীয়া লইব এতদার্থে কবুলতিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৩ সাল— তারিখ— ২৯ বৈসাখ—

ইসাদী—

শ্রীপদ্মলোচন অধিকারি	শ্রীধরনিধর দাষ	শ্রীপ্রেতাপনারায়ন রায়
সাং শ্রীপুর	সাং পালিতপুর	সাং জিয়াড়া
পং জাহানাবাদ	পং বর্দ্ধমান	পং বর্দ্ধমান

॥ ৫০১ ॥

হাজিরজামিনপত্র (সন ১২২৩ সাল) প. ১

শ্রীশ্রীহরি।—

শ্রীগঙ্গাগোবিন্দ বাড়ুজ্যা
সাং নতুনগর
পরগনে আজমতসাহী
শ্রীদিননাথ সরকার
পং আজমতসাহী
সাং বকচর

মহামহিম শ্রীযুৎ মহারাজাধিরাজ রাজা প্রেতাপচন্দ্র বাহাদুর বরাবরেষু—
লিখিতং শ্রীগঙ্গাগোবিন্দ বন্দপাধ্যায় শ্রীদিননাথ সরকার কষ্য হাজীরজামিনিপত্র মিদং কাজানক আগে পরগনে মনহরসাহী লাট গোমড়া ১৩ তের মৌজা মাহালের কাত সালিনা ৮১৫৩॥০ আট হাজার একসও তিপর্ন্ন টাকা আট আনা জমাতে বাবৎ সীংহ পরগনার সাকীম বুরুলের শ্রীশ্রীনিবাস সরকার হযুরে মপস্বলী পত্রনিতালুক দস্তখত করিয়া আমাকে হাজীরজামিন দিলেন আমী আপন খুশীতে তালুকদার মযুকুরের হাজরীজামীন হইলাম তালুকদার মযুকুরে ববক্ত কাছারিতে হাজীর থাকীয়া মালগুজারির সরবরাহ করিবেন গরহাজীর হয় হাজীর করিবার কারণ আমাকে জে রোজ হুকুম করিবেন তাহার সাত রোজ মর্দ্দে হাজীর করিয়া দিব ৭ সাত রোজ মেয়াদে হাজীর করিতে না পারি মালগুজারির নিসা করিব এতদার্থে আপন খুশীতে তালুকদার মযুকুরের হাজীরজামিন হইয়া জামিনিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৩ সাল তারিখ— ২৯ বৈসাখ—

ইসাদ—

শ্রীপদ্মলোচন অধিকারি	শ্রীপ্রেতাপনারায়ন রায়
সাং শ্রীপুর	সাং জীয়াড়া
পং জাহানাবাদ	পং বর্দ্ধমান

॥ ৫০২ ॥

দরখাস্তপত্র (সন ১২২৩ সাল) প. ১

শ্রীশ্রীহরি।—

সন ১২২৩।—

মহামহিম শ্রীযুৎ মহারাজাধিরাজ প্রেতাপচন্দ্র বাহাদুর বরাবরেষু—

লিখিতং শ্রীশ্রীনিবাষ সরকার—

কস্য দরখাস্তপত্র মিদং কাজ্যানঞ্চ আগে পরগনে মনহরসাহী ৺স্বরুপচন্দ্র রাএর পত্তনিতালুক ঐ পরগনা ময়ুকুরের মদ্দে লাট গোমড়ার তের মৌজা মাহালাতের কাত ৮১৫৩৷৷০ আট হাজার একসও তিপন্ন টাকা আট আনা জমায় ঐ রায় ময়ুকুরের নিকট দরপত্তনিতালুক লইয়া দখীলকার আছি সন ১২২২ সালে ঐ রায় ময়ুকুরের ৺প্রাপ্তী হইয়াছে তাহার ভ্রাতা শ্রীগোপালচন্দ্র রায় ঐ মাহাল ময়ুকুরের দখীলকার আমী নাগাদী সন ১২২২ সাল ঐ রায় ময়ুকুরানের নিকট মালগুজারির সরবরাহ করিয়াছি একানে ঐ গোপালচন্দ্র রায় ঐ মাহাল আপন শেচ্ছাপুর্ব্বক ঐ পরগনা ময়ুকুর হইতে ঐ লাট গোমড়া ১৩ তের মৌজার কাত আট হাজার এক সও সাড়ে তিপন্ন টাকা জমা খারিজ দিয়া আমার নামে দাখিল করিআ লইবার কারন হযুরে দরখাস্ত দাখিল করিয়া আমার দস্তখতি মিছিল দাখিল করিলেন এমতে আমী আপন শেচ্ছাপুর্ব্বক হযুরে দরখাস্ত করিতেছি ঐ লাট গোমড়া ১৩ তের মৌজা মাহালাতের কাত সালিনা ৮১৫৩৷৷০ আট হাজার একসও তিপন্ন টাকা আট আনা ঐ রায় ময়ুকুরের নামে খারিজ দিয়া আমার নামে দাখিল করিয়া লইতে আজ্ঞা হয় আমী ঐ জমা আপনকার জমীদারিকাছারি বরাবর মাফিক কীস্তীবন্দী সন ২ সরবরাহ করিব ইতি সন ১২২৩ সাল তারিখ—২৫ বৈসাখ—

[খ- শ্রীহরি।—

সন ১২২৩।—

লাট গোমড়া—

তাং শ্রীশ্রীনিবাষ সরকার—

আশামী— মৌজা— কাত জমা—

মাহালাত— সালিনা মালগুজারি—

পং মোনহরসাহীর মধ্যে—

গোমড়া—১ পয়রাকান্দী—১ কুলুট—১ কাটাডিহী—১

১৮ শ্রীগোপালচন্দ্র রায়

শ্রীগোপালচন্দ্র রায়

সাং কাটাডিহী—১ ঘোরগ্রাম—১ রসুলপুর—১ জোত জীয়র—১ হরিদাষপুর—১ পোষলা—১ চিনিষপুর—১ মিজ্জাপুর—১ রতিরামপুর—১ —১৩ দং তের মৌজা ইতি— ৮১৫৩৷৷০ জমা সালিনা মবলগে আট হাজার একসও তিপর্ন্ন টাকা সাড়ে ইতি সন ১২২৩ সাল— তাং— ২৫ বৈসাখ—

ইসাদ—

শ্রীপদ্মলোচন অধিকারি
সাং শ্রীপুর
পং জাহানাবাদ

শ্রীধরনিধর দাষ
সাং পালিতপুর
পং বর্দ্দমান

শ্রীপ্রেতাপনারায়ন রায়
সাং জিয়াড়া
পং বর্দ্দমান

॥ ৫০৩ ॥

কবুলতিপত্র (সন ১২২৩ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ—

শ্বরনং—

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীরাধানাথ মণ্ডল—

কস্য কবুলতিপত্র মিদং কার্য্যনঞ্চ আগে পরগনে মোনহরসাহি লাট গোমড়া দিগর মহাসএর তালুক মযুকুরের মধ্যে মোজে মিজ্জাপুর ও রতিরামপুর এই দুই গ্রাম আমি খুব জমা সোমঝিয়া আপন খুসিতে দরখাস্ত দাখিল করিয়া মনহরসাহি পরগনার মিজ্জাপুরের শ্রীযুকচন্দ্র মণ্ডল ও শ্রীপার্ব্বতিচরন মণ্ডল মালগুজারির মালজামিন দিয়া ইস্তক সন ১২২৩ সাল নাগাদী সন ১২২৪ সাল দুই সন করারে ইজারা লইলাম মাহালের জমা সরাই সরঙ্গামী সন ১২২৩ সাল ২৯৭৭৲১০ উনতিষ সোত্ত সাতাত্ত টাকা অর্দ্দ আনা সন ১২২৪ সালে ঐ জমা ২৯৭৭৲১০ উনতি সোত্ত সাতাত্ত টাকা অর্দ্দ আনা একুনে ৫৯৫৪/০ পাচ হাজার নয় সোত্ত চোয় টাকা এক আনা মালগুজারি করিব এই মাফিক জমা দুই সন সন ২ মাফিক কিস্তীবন্দী সিক্কা পরখসহি নগদ টাকা বিনা উজর সরবরাহ করিব ইহা সেওাই মাহাল মযুকুরে তলখা ও চাকরানি বাজেআপ্তী ও মোকোররোরি ও দরিআয়মা বাজেআপ্তী জে হইবেক তাহা আলাহিদা সরবরাহ করিব সর্ব্বমুধ্যা তলব জে হইবেক তাহার কিস্তীবন্দী নাগাদ [তিপ]সিল ৷৷১০ সাড়ে আট আনা কার্ত্তিক /০ এক আনা অগ্রাহনে ৶০ তিন আনা পোষে ৶১০ আড়াই আনা মাঘ /০ এক আনা এই মুরত নাগাদ ৩০ তিরিষ্যা মাঘ বেবাক মালগুজারি করিব মাসতলবের টাকা বাজালা

ম'সের ১০ দষগ্রা ২০ বিসিগ্রী ৩০ তিরিষ্যা তিন কীস্তীতে বেবাক দিব ইহাতে জে কিস্তী সরবরাহের কষুর হইবেক বাকী টাকার ষুদ দোসরা মাসের পহিলে তারিখ হইতে ফি সদে দরমাহা এক টাকা হিসাবে দিব কিস্তীর বাকী পড়িলে আমার দরখাস্ত য়পিক্ষা না করিয়া আপন একক্তারে মাহাল মযুকুরে তহসিলদার দিয়া তহসিল করিয়া লইবেন তহসিলদারের হামরাও আমার তরফ রুযুনবিষ রুযু হইয়া বাকীর আদাও সরবরাহ করিবেক ইহাতে জদ্দী রুযুনবিষ দিতে দখলন্তী করি তবে তহসিলদার ওষুল তহসিল করিয়া ইরসাল করিবেক তাহাতে রুযুনবিসের মোকাবিলা নাহক্কের ওজর করিব না তহশিলদারের তহসিলে বাকী আটক হয় তাহার নালিষ করিব না। সে বাকী আমি আদায় করিব তহসিলদার মযুকুর জে কিস্তী জত টাকা ইরসাল করিবেক তাহাতে জে কীস্তী জত টাকা তলবের নাজাই হইবেক তাহা আমি কিস্তী ২ নিজ আদাও সরবরাহ করিব সন সন আখিরিতে মোট বাকীর সরবরাহ করিব তহসিলদারের নিকাষ আমি বুজিয়া লইব তহসিলদারের মাহিনা মায় আমলা মাফিক বরাওদ আমি দিব তহসিলদার দিয়াছেন কহিয়া বাকীর মধে নালিষ করী আপন দস্তখত্তি জমার বাকী বিনা উজর সরবরাহ করিব বাকীর মহ······ বাকীর রফা ও সদর কমির নালিষ করিব না অ······ লোককে তহবির দীব না আপন গরজ মতলবে কাহাকেও দি তাহার নালিষ ··· ··· মধে করি না খাজানা আদায় নিমিত্তে পেয়াদা মহষুম হয় ফি রোজ ৵০ দুই আনার অধিক দিব না বেলমক্তা পাটার কারন আমিন জাইয়া নিরিকষুরত বেলমোক্তা পাট্টা হইয়া জমা বেসি জে হইবেক তাহা আলহিদা সরবরাহ করিব এবং আমিনের সহীত একত্ত হইয়া পাট্টার আঞ্জাম করি দিব বকসিদগুরের বরাঅদী চাকরানজমি বাজেআপ্ত হইয়া মাহাল মযুকুরের জমার মধে জে আইসে নাই সে সকল জমাতে আমার দয়া নাই বাজেআপ্তী হইলে আলাহিদা সন সন সরবরাহ করিব আইনের হুকুম মাফিক বাজেজমি জে বাজেআপ্তী হইবে তাহা আলাহিদা সরবরাহ করিব দরিবাজে জমি কাহাকে দিব না সদরের বিনা হুকুম বিক্ষ আদী কাটীব না বেসন্দী জমি কাহাকে দিব না আমলমামল মাফিক দখল করিব প্রজা লোককে রাজী রাখিয়া কাজ্য করিব জদ্যপি প্রোজালোকের উপর আইন বরখেলাপ কোনমত্তে বদিয়ত্ত ও অপরনে'য় করি সে অপরনে'য় প্রজালোক ফেরার হয় ও মফসল সিকস্তি হয় তাহার লিসা করিব সন আখিরি হইলে নয়াজীমাকাগজ জমা ওয়াসিলবাকী আদী সেরেস্তায় দাখিল করিয়া দিব তনখা ও নগদ বিত্তী ও বাজেআপ্তী চাকরান ও আয়মা ও মোকররি জমা ও

বাজেজমির কইফিয়ত করার ওকাই লিখিয়া দিব তনখা ও নগদ বিক্রী বিনা হুকুমে কাহাকেও দিব না বাজেআপ্তী হইলে আলাহিদা দিব ডাকের বন্দ ও দরখাস্ত লেখাব একরার মাফিক সকল দফা সরবরাহ ও আঞ্জাম করিব নাগাদ ৩০ মাঘ বেকসুর বেবাক বাকীর সরবরাহ করিব ইহাতে কসুর জায় আমার মাল আমোআন আকরাদী আপন একক্তারে বিক্রয় করিয়া লইবেন তাহাতে ও নাগাদ ৩০ ফালগুন মালগুজারির বাকী বেবাক আদায় না হয় তবে মাহাল মযু[কু]র দোসরা বিলিবন্দী করিবেন তাহাতে জত টাকা নাজাই হইবেক তাহা আমি সন সন মেয়াদ পুরাতক কিস্তীরকিস্তী বেকসুর সরবরাহ করিব মপস্বল গোমস্তালোককে আপন হুকুমে তগীর করিব না গোমস্তালোকের কোন তকসির ট বে তবে হুযুরে দরখাস্ত করিলে জেমত হইবেক মাফিক হুজুরের হুকুম আমলে আনিয়া কার্য্য করিব জমা খুব সমজীয়া ইজারা লইলাম ইহাতে আমার কোন দফার উজর নাই হাজা যুকা নদিসিকস্তি ও বালিচাপা ও চাকরান বাজেআপ্তী নাজাই পতিতজমির ও বাকীর মহকুপ ও বাকীর রফা কোন দফার নালিষ করিব না কারসাজি করিয়া নিজ সনামিতে ও বিনামিতে জমা কমি করিয়া কোন মাহালে লিখিব না এবং অন্যকে দরকটী-কিনা দিব না জদ্যপি এই একরারের বহিভ্রত নিজ ও বিনামিতে কিম্বা অন্যকে কারসাজি করিয়া কম জমাতে মেয়াদী দরকটকিনা ইজারা দিয়া আমার বাকী আটক হইলে ইজারা খারিজ কিম্বা কোরক হইলে সে মেয়াদি দরকট[কী]না নামঞ্জুর মাহাল মযুকুরের মালখামারের জমি বাজেজমি মহালে এওজ তরাজ আপন মতলবে লিখিব না জদ্যপি লিখি হুযুরের ইত্তালা ছাড়া বাজেজমী এবং আয়মামহলে এওজ তরাজ করিয়া লিখি তাহা নামঞ্জুর এবং জরিমানা দিব হুযুরের বিগুন এত্তালায় মপস্বল জরিপ করিব না হুযুরের আমিন জাইয়া জরিপ করিলে বিপবেসি ও নিরিকবেসি ও বিববেসি জে হইবেক তাহা আলাহিদা দিব ইতি সন ১২২৩ সাল তারিখ— ২৭ শ্রাবন—

ইসাদী—

শ্রীপতিতপাবন দত্ত	শ্রীসাধুচরন ঘোষ	শ্রীউমাচরন চট্টোপাধ্যায়
সাং বল্লবপুর	সাং দাডিনা	সাং গয়ালপাড়া

॥ ৫০৪ ॥

হিসাব (১২২৪ সন) প ১১

মৌজা : বেজরা। জোত লাউদা। নফর ভিলী, গোবিন্দ দাষ ভাণ্ডি গং। বিঃ বেলমোক্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫০৫ ॥

হিসাব (১২২৪ সন) প ২০

মৌজা : কৃষ্ণনগর। বিপর্পমহল— কুটিল আচাজ্য। কড়চাহীসাব গোপীজনমহল। বাজেমহল— গোবর্দ্ধন বেহারা। ইঃ পুন্যাহ নাঃ আখিরি ৺পূজা জমা ১৭৸/— ০— ১৭৸/১।

জীর্ণ. কীটদষ্ট ও কিছু জমাটবাঁধা।

॥ ৫০৬ ॥

হিসাব (১২২৪ সন) প জমাট

মৌজা : এতাপুর। মোহন কুমার, সম্ভু ভাণ্ডারি গং। খারিজ জমা তেরিজ দাখিল জমী।

জীর্ণ জমাটবাঁধা।

॥ ৫০৭ ॥

হিসাব (১২২৪ সন) প ৭

মৌজা : সেড়ান্দী। গউর গরাঞী, রুপু নাহা গং জমা ৺রামীলবাকী, বং হরি ঘোষ, গোলক ঘোষ গং। বিলমোক্তা।

জীর্ণ ও কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৫০৮ ॥

হিসাব (১২২৪ সন) প ২

৭শ্রীরামঃ।—

তালীক ধান্যাকুত ফসল ভাদুই সরকারে নিজ জোত সন ১২২৪ সাল বিতোরক ৮ কার্ত্তীক··· ···

দিনায় ধান্নর কুত—

আসামী—	জমী—	দর—	মেযাপ—
···	···	···	···
	৫/১৭১	০	৩১৲

শ্রীলক্ষ্মীকান্ত সর্দ্দা

৭শ্রীরামঃ—

সন ১২২৪ সাল—

মোকে কোপা

ধাক্তর কাটা মাড়া—

আসামী—	জমী—	বাব—	হার—	নেমাপ—
...	...	...	...	...
	৪।.৩(১	০	০	২৯।(৵

॥ ৫০৯ ॥

হিসাব (১২২৪ সন) প ২

তালিক ধাক্তকুত— শ্রীশ্রীহরি ।—

সন ১২২৪ সাল—

মোঃ নোহনা—

বি তারিখ— ২৫ আশীন— রোজ বুধবার—

দিনায় ধাক্তকুত—

আসামী—	জমী—	দর ধান্ত—	কাত মাপা আয়—
	৸৪	০	২।৵১৮

৭শ্রীশ্রীহরি

জের—৵

সদর—/

৶ তিন পোন ইতি—

তালিক ধাক্তকুত ফসল ভাদুই মাহাল খামার তালুক নিজ নোহনাদী—

সন ১২২৪ সাল—

আসামী—	জমী—	কাত ধান্ত মাপ আয়
নিজ নোহনা—	৸৪	২।৵৮
গাজপুর— ...	১॥৪ ২১৮ কাত পাই সত—	৬৶০
	২।.৩	৯/৮

মবলগে দুই বিঘা তের কাটা জমীর কাত ধান্ত নয় মাপ এক সলী আট পাই ইতি তা— ২৬ আশীন—

শ্রী গঙ্গাচরন দাস

॥ ৫১০ ॥

হিসাব (১২২৪ সন) প ১

ডালিক ধান্যকুত--৶ ৭শ্রীশ্রীহরি ।--

সন ১২২৪ সাল--

মোঃ পাকপুর--

বি তারিখ-- ২৬ আশ্বীন রোজ-- বার--

দিনার ধান্যকুত--

আসামী--	জমী--	দর-- ধান্য--	কাত ধান্য-- মাপা জার--
১ দাগে গ্রামের দক্ষীন সীবপুরের মুড়িপাড়ার পুর্ব্ব জোত গোলাম সো-- সাঃ বাজার কুতপুর সোধপুর সোধ--			
১ বং	১॥৪	১৷০	২৷৮
তা-- ১১ কার্ত্তীক--			
২ দাগে বড়পুস্করনির তদ জোত গোলক হালদার--			
১ বং	১৮২	১	১৷৶১৬

॥ ৫১১ ॥

হিসাব (১২২৪ সন) প ২

শ্রীশ্রীহরি ।--

সন ১২২৪ ।--

একজাই খামারের ধান্য তালুক আলারবাজী দী সন ১২২৪ সাল-- বং মুনা-

আসামী--	জমী--	কাত ধান্য--
নিজ আলারবাজী--	২৮১	৯৶২
মোজে পীয়াসালা--	।২	২।৴
মোজে খিরাজী--	॥৪	৩৴৪
মোজে কুলাইপুর--	২॥২	১৬৷৶৬
	৬।৪	৩২।১২

শ্রীশ্রীহরি ।—

সন ১২২৪ ।—

তাং আলারবান্দী--

মোজে আলারবান্দী খামার কং জুনা--

আসামী--	জমী--	দর--	কাত ধান্ত মাপা জায়--	
...	...	...	... ...	
	২৸১		৯৶২	
মোজে পীয়াসালা--				
নফরা কোটালের বাটীর ভন--				
জো চৈতন গোপ--				
২ কা	।২	৭।০	২।/০	
মোজে খিরান্দী--				
...		...		...
		।।৪		৩৸/৪
মোজে কুলাইপুর--				
...		...		...
		২।।২		১৬।৶৬

॥ ৫১২ ॥

রসিদপত্র (সন ১২২৪ সাল) প ১

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার বরাবরেষু--

লিখিতং শ্রীসমদ্রনাথ সর্ম্মা চট্টোপাধ্যায়--

কস্য রসিদপত্র মিদং কাৰ্য্যনঞ্চাগে খারিজা জেলা বিরভোম পরাগনে ফতেপুর কিসমত ফরিদপুর তালুকদার মাহাজ্ঞনারায়ন রাএর নামে খরিদ তাহত জমা ১৪৪।৶ টাকা ঐ তালুক কাত মধ্যে ভগবান রায় ও রাজেশ্বরি দেব্যার হিস্যার রকম ৬।।৶ আনা জেলা মুরসিদাবাদের শ্রীযুৎ কালাক্টরি কাছারিতে সন হাল ১৪ ভাদ্র নিলাম হইবাতে আমী ও শ্রীযুৎ ভোলানাথ রায় আমারা দুই জনে ১২৫ টাকা পনবাহাতে খরিদ [করি]য়া ঐ পনবাহার টাকা সরবরাহ করিতে না পারিয়া আপনকার তরফ মুহরি শ্রীযুৎ দিননাথ সরকার মারফৎ ঐ পনবাহার অর্দ্ধেক ৬২।। টাকা আর আপন হিসাব খরাচ ১৫ টাকা একুনে ৭৭।। টাকা লইয়া ঐ তালুক আপনকাকে ছাড়ীয়া দিয়া রসিদ[পত্র] লিখিয়া দিলাম ইতি সন ১২২৪ সাল তা—

স্বাঃ [...] শ্রীস[মুদ্র]নাথ সর্ম্মা চট্টোপাধ্যায়]

[খ— পুং লিখি— এক্ষেন ইষ্টম্বরকাগজ উপস্থিত নাই পশ্চাৎ ইষ্টম্পায় চড়াইয়া দিব ইতি—

ইসাদ—

শ্রীকীর্ত্তীচন্দ হাজরা	শ্রীজগমোহন ঘোষ
সাং মধুকুণ্ডা	সাং ······সুদারাজ
	রাজাগঞ্জী—

॥ ৫১৩ ॥

মপস্বলী পত্তনিপত্র (সন ১২২৪ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ ।—

সন ১২২৪ সাল ।—

STAMP
EIGHT RUPEES
··· ···
··· ···
আট টাকা
OFFICE

মবলগে দুই হাজার চারি শর্ত
সাতাসির টাকা ৩ কা ইতি—
মঃ দুই হাজার চারি শ ৩
সাতাসির টাকা ইতি—

শা আম বাহাদুর শা গাজী
মহারাজাধিরাজ বাহাদুর
কিদরী রাজা প্রতাপচান্দ
১২২···
১২২৮

[পাশী অক্ষরে]
মবলগে দুই হাজার চারি শর্ত
সাতাসির টাকা ইতি—

ইয়াদিকিদ্দ শ্রীশ্রীনিবাষ সরকার—

সুচরিতেষু লিখনং কাজ্যনঞ্চাগে পরগনে চম্পানগরি লাট রামনগর তোমাকে মপস্বলী পত্তনিতালুক করিয়া দেওা গেল ইহার পন বাবুদী মবলগে ২৪৩৭ চব্বিশ সর্ত

শ্রীনিবাস সরকারকে প্রদত্ত বর্ধমান-মহারাজ প্রতাপচাঁদের পত্তনিপত্র।

সন ১২২৪ বঙ্গাব্দ।

সু. ম. স.—পৃ.—২৬২

সাইত্রিষ টাকা আমার জমিদারি তালুক কাশীপুর ওগয়রহের খাজানাদপ্তর বরাবর মাফিক তপশীল দাখীল হইল ইতি সন ১২২৪ বারসও চব্বিষ সাল ইতি তাং ১৫ ফাল্গুন—

আসামী— তপসীল রূপেয়া—

৮ ফাল্গুন— ২৪৩৭ মবলগে দুই হাজার চারি সও সাইত্রীষ টাকা সীক্কা দাং পোদ্দারা—

[খ— শ্রীরামতনু সেন সন ১৮১৮ সাল ৩ ফিরবেন

॥ ৫১৪ ॥

হিসাব (১১২৫ সন) প জমাট

মৌজা : মনোহরপুর। রামদুলাল চট্ট, গনেস চক্রবর্ত্তী গং। জমা ওয়াসিলবাকী।

জীর্ণ ও জমাটবাঁধা।

॥ ৫১৫ ॥

হিসাব (১২২৫ সন) প ৮

মৌজা : জগন্নাথপুর। মোহন গোপ, পরেষ গোপ গং। বাকেয়া। পাতোতা হিসাব বাকীপোতা।

জীর্ণ ও কীটদষ্ট।

॥ ৫১৬ ॥

হিসাব (১২২৫ সন) প ৫

মৌজা : সনসত। সদানন্দ সরকার মোং সেকান্দীর কাছারি। জমা খরচ রূপেয়া তালুক কৃষ্ণনগর দরুন মোজে সনসতদীগর সন ১২২৫ বারসও পচিষ সাল ইঃ পুস্তাহ মাং আখিরি— আশামী— আদায় রূপেয়া— বিলায়তি— ১৬২২॥৶০৫২ কম্ম কৰ্দ্দন: ৪৩৶ – ১৬৬৬৮/২

॥ ৫১৭ ॥

হিসাব (১২২৫ সন) প ২৩

মৌজা : কৃষ্ণনগর। বিপ্রমহল--রূপনাথ ভট্টাচার্য্য, হরি সুত গঙ্গানারায়ন বন্দোপাধ্যা গং হিসাব বাকী রুপেয়া-- জমা ঙঃ--

জীর্ণ, কীটদষ্ট, অগ্নিদগ্ধ।

॥ ৫১৮ ॥

মাহিনার হিসাব (সন ১২২৫ সাল) প ১

৮৭শ্রীশ্রীদুর্গা--

সন ১২২৫।--

হিঃ শ্রীদিননাথ সরকার-- সাং বঙ্গচন্ত মাহিনা বাবুদী--

জমা--	খরচ--		
ইঃ বৈসাখ-- নাং চেত্রী--	৭ আশ্বীন ঙ০ খোদ সাক্ষা নিজ--		৫
১২ মাহার কাত দং ৪ হিসাব···	হাওলাত জমা ঙ০ নবকীশোর--		৪--১
৪৮--৪৮	১০ আশ্বীন ঙ০ খোদ সিক্কা--		৮--৮
			১৭৲
	১ অগ্রহায়ন ঙ০ খোদ···তলবের--	।।০	।।০
	১১ অগ্রহায়ন গেলাপ সরকার--	১	১৲
	১৫ পৌষ সেভান্দির খাজানার দরুন--		
	ঙ০ সদানন্দ সরকার সিক্কা--	১০	১০৲
	২৭ পৌষ ঙ০ খোদ সিক্কা--	১	১৲
			২৯।।০

॥ ৫১৯ ॥

করারপাট্টা (চকনামাজমি--১২২৫ সাল) প ১

নং ৭শ্রীশ্রীহরি।--

সন ১২২৫।--

চকনামাজমী বাবুত পুষ্কন্নি ··· ··· তালুক কৃষ্ণনগর মৌজে নিজ কৃষ্ণনগর প্রজা শ্রীকেনারাম চৌধরি সন ১২২৫ সাল তারিখ ৩ কার্ত্তীক--

আসামী-- সরো জমী--

বৈষ্ণব মণ্ডল পুষ্কন্নির পশ্চীম দেওান ভীমচন্দ্র বসাকের বাগীচার দক্ষীন

পূর্ব্বকোনা সোনারবান্দী পুষ্কন্নির পূর্ব্ব ঐ পুষ্কন্নির জল হইতে পাহাড়ের প্রস্ত বারকাঠার পূর্ব্ব প্রসাদ রুজের জমার জমীর লাগও ওত্তর ইঙ্গলিষ সাহেবের বাটীর দক্ষীন পুস্তা হইতে যায় চরকতলাডাঙ্গা দুই প্রস্ত ধসী আটকাঠার দক্ষীন জমী— ৫৮৪

বৈষ্ণব মণ্ডল পুষ্কন্নির ওত্তরপাহাড় গোড়া হইতে প্রস্ত চারি কাঠার ওত্তর বড় রাস্তার পশ্চীম হয়্যা ডোমের বাটীর মদ্দে পূর্ব্বভীতে প্রস্ত পাচ কাঠার পশ্চীম মাট কারম জমী— ॥২

৬॥১

জায়—

রাইয়তী দং কং পতীত দুলাল চাড়ী—৫৮৭

সাবেক পতীত দং— ॥২

মবলগে জমী ছয় বিঘা রেগার কাঠা ইতী—

॥ ৫২৬ ॥

দরপত্তনি নিলাম (সন ১২২৫ সাল) প ১

৺৭ শ্রীশ্রীদুর্গা—

রূপরলি দরপত্তনিতালুকের নিলাম—

সি·· ···সন ১২২৫ সাল তারিখ [২] দোসরা আসাড়—

আসামী— মৌজা— জমা সালিয়ানা— কাত পোন—

জায়—

পরগনে সেড়গড়—

তালুক পুরুসোত্তমপুর সামিল—

চক বেলাসোনা— ১ ৯৩ ৩৭

৩৪

লিখিতং শ্রীদিগাম্বর চট্টপাধ্যায় শ্রীগুরুচরন মাজী শ্রীনফর মাজী—
সাং সিহাৎশোল পরগনে সেড়গড়—
চক বেলাসোনা এক মোহালাতের কাত জমা সালিয়ানা মবলগে তিয়ানব্বৈ টাকা কাত পোন সাএীত্রিস টাকাতে জমা খুব সমঝিয়া দস্তখত করিলাম পোনের অন্দরে অস্ত ফি সদে পাচ টাকার হারে দাখিল করিব এ জমাতে কমি ও নাজাই ও পতিত ও বালিচাপা ও জলহাপা ও নদিসিকস্ত ও চওাগর্ত্ত কোন দফার নালিস করিব না জদ্যপী নালিস করি তাহা নামঞ্জুর মাফিক কবুলতি সকল কাজ্য করিব হযুরের হকুম মতাবক মাফিক আইন সকল কাজ্য করিব মাফিক কীস্তীবন্দী কিস্তী ২ মাস ২ সন সন আপনকার তালুকের কাছারি বরাবর সরবরাহ করিব হযুরে জে সকল হকুম হইবেক তাহার দস্তআন্দাজ হইব না মাফিক কবুলতি মপস্বল আমলমামল দখল করিয়া মাফিক আইন সকল কাজ্য করিব জে জমাতে পত্তনিতালুক খরিদ করিলাম ইহা ……মি বেসি কখন হইবেক না ইতি সন ১২২৫ সাল — তারিখ— ২ দোসরা আসাড়—

ইসাদী—

শ্রীনিরঞ্জন পাল	শ্রীবৃন্দাবন মণ্ডল	শ্রীগোবিন্দ ঘোষ
সাং মান্দারবুনি	সাং পালসিওা	সাং মাধাইপুর

সন ১৮১৮।
৩৭১৯

… …
খজানা আমরা
… …
TREASURY

[খ— বিক্রী সন ১৮১৮ সাল ১১ জুন শ্রীরামকানাই মুখোপাধ্যায়

॥ ৫২১ ॥

কবালাপত্র (সন ১২২৫ সাল) প ১

শ্রীশ্রীরাম—

সন ১২২৫ ।—

শ্রীহারাধন মুখোপাধ্যায়
সাং মাতরুন পং খেজো
মতালকে জেলা বর্দ্ধমান
হাঁং সাং কোটা
মতালকে জেলা বিরভোম

ইয়াদিকীদ্দ' সকল মঙ্গলালয়—

খরিদিন্দিদাদে শ্রীআসানন্দ সরকার ওলদে ৺রামনারায়ন সরকার ইবনে ৺ব্রজবল্লব সরকার সাকীম মুরুলী পরগনে বারবকশীহ মতালকে জেলা বিরভোম বরাবরেষু— লিখিত শ্রীহারাধন মুখপাধ্যায় ওলদে ৺রুপচন্দ মুখপাধ্যায় ইবনে ৺সভাচান্দ মুখপাধ্যায়—

কস্য ব্রহ্মত্তর বাস্তুবাটি ও জলহরি জড়খরিদী কোবালাপত্র মিদং কাজ্যনকাগে আমার মাতামহি সাং সেহালাইএর ৺ললিতা টাকুরানির যোজে কৃষ্ণনগর ওরফে মুরুল গ্রামে ভরথ দাসের বসতবাটির পশ্চীম গুরুচরন সরকারের বাটির দক্ষীন নন্দকুমার মুখপাধ্যায় বষতবাটির উত্তর শ্রীদাম মণ্ডলের বাটির পূর্ব্ব ব্রহ্মত্তর বাস্তুবাটি /৪ চারিকাটা ঐ বাটির পশ্চীমে জলহরি /১ এক কাটা একুনে ।০ পাচকাটা ঐ মর্ত্তাজী মযুকুর বষত প্রজা ধর্ম্মদাষ দত্ত ভাতি ঐ বাটী ও জলহরি আমার মাতামহী ঐ ললিতা ঠাকুরানি আমার মাতাটাকুরানির পরিপোসানার্থে দিয়াছেন সেই অবধী ঐ বাস্তুবাটী ও জলহরি আমার মাতাঠাকুরানি ও আমী ভোগ দখল করিয়া আশীতেছি আমি আপন খোষ'পূর্ব্বক আপনকার নিকট ঐ বাস্তু /৪ চারিকাটা ও জলহরি /১ এক কাটা একুনে মর্ত্তাজী ।০ পাচ কাটা অস্য পনদাহা সীক্কা ১৫১ এক সর্ত্ত একান্ন টাকাতে বিক্রী করিয়া পনবহার তঙ্কা বায়জনউক্ত পুরা উজন সহিসীক্কা দস্তবদস্ত নগদ পাইয়া আপন কাবেজ তকরুপে য়ানিলাম আপনী ঐ বাস্তুবাটি ও জলহরি দখলকার হইয়া দান বিক্রয়র সত্বাধীকারি হইয়া পুত্রপৌত্রাদী ক্রেমে পরমসুখে ভোগদখল করহ আমি কীম্বা আমার ওয়ারিসান কেহ কখন

কালকালাও দাওা করে কীম্বা করি সে ঝুট ও বাতিল এতদার্থে আপন খোষ্যে পূর্ব্বক বাহুষ বাহাল ভবিষ্যতে বিনা উপরোধে বাস্ত ও জলহরি জড়ধরিনী কওালাপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৫ সাল তারিখ— ১৯ উনিসা ফালগুন—

ইসাদ—

শ্রীবিপ্রচরন সরকার
সাং বজ্রচত্র।—
পং মজফরসাহী
শ্রীজগমোহন দাষ
সাং কোভালঘোম

শ্রীহরি দাষ
সাং যুরুলী
শ্রীবলরাম দত্ত
সাং যুরুলী

শ্রীরাধাবিনদ দাষ
সাং যুরুল

[খ— ৭৪ নং বিক্রী মোং যুরুল সন ১৮১৯ সন ১ পহিলা মারচ্চ শ্রীরাধাকান্ত বরাট—

॥ ৫২২ ॥

হিসাব (সন ১২২৬ সন) প ৩

মৌজা : জগন্নাথপুর। ওআসিল বাকীপোতা নিকাষ, ওজওাকবী, পুস্করির চাকী শ্রী৺বিত্তী বকয়া বাকী, ফাজীল।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫২৩ ॥

হিসাব (১২২৬ সন) প ১

মৌজা : সোমদা। রাধে গোপ, মনহর গোপ গং। জমা ৩০ সন অঃ খারিজ যুনা দাঃ আখিরি।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫২৪ ॥

হিসাব (১২২৬ সন) প ২

মৌজা : কোপা। সামা হাতী, রামা হাতী, নিজ হিস্যা ধান্ত আউশ ও হইমন্ত।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫২৫ ॥

হিসাব (১২২৬ সন) প ১

মৌজা : কৃষ্ণনগর। বাবু খাঁ, রামতনু ভট্টাচার্য্য গং। হিসাব বাকী।

জীর্ণ, কীটদষ্ট ও কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৫২৬ ॥

হিসাব (১২২৬ সন) প জমাট

মৌজা : মোনহরপুর। ভাগবত রায়, হরিচরন পাঠক গং। রাইয়তি, জমা ওয়াসীলবাকী।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫২৭ ॥

হিসাব (১২২৬ সন) প জমাট

মৌজা : সেড়াপী। মানিক কোজদার, নয়ান পাল গং। জমা খরচপোতা

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫২৮ ॥

হিসাব (১২২৬ সন) প জমাট

মৌজা : এড়াপুর। গোলক মণ্ডল, মদন পাল গং। হিশাব বাকীপোতা।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫২৯ ॥

হিসাব (১২২৬ সন) প ৪

মৌজা : শোনপত। মির ভিখু, ভানু মল্লিক গং। বন্দবস্ত প্রজার।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৩০ ॥

কবুলতিপত্র (সন ১২২৬ সাল) প ১

৭শ্রীশ্রীহরি—

সন ১২২৬ ।—

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাশ সরকার জমীদার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীনবকৃষ্ণ মদক—

কষ্য কবুলতিপত্র মিদং কাজ্যনঞ্চ আগে পরগনে বারবক শীংহ তালুক কৃষ্ণনগর দরুন মোজে ডোমনপুরের প্রজা আমী হরবিরতে জমীজমার কবুলতি লিখিয়া দীয়া পাট্টা লইলাম তাহার তপশীল নিচে লিখিয়া দিতেছী—

আশামী —	জমী—	দর বিলমোক্তা—	নেটং—
জমী বিং বিলমোক্তা			
সালি শেষ—	২।১	১৫১১	২৸৶১৪
করার কমী—			৸২
	২৸১	৩	১৸৶১২

[খ— ইসাদ—

॥ ৫৩১ ॥

কবুলতিপত্র (সন ১২২৬ সাল) প ৩

৭শ্রীশ্রীহরি—

সন ১২২৬ ।—

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাশ সরকার জমীদার মহাশয় বরাবরেষু—

লিখীতং শ্রীনবকৃষ্ণ মোদক—

কষ্য কবুলতিপত্র মিদং কাজ্যানঞ্চা আগে পরগনে বারবক শীংহ তালুক কৃষ্ণনগর দরুন মোজে শোনাণ্ডের প্রজা আমী হরাবরতে জমীজমার কবুলতি লিখিয়া দীয়া পাট্টা লইলাম তাহার তপশীল নিচে লিখিয়া দীতেছী—

আশামী—	জমী—	দর বিলমোক্তা—	নেটং—
জমী— বিং বিলমোক্তা—			

[অতিরিক্ত দুটি কবুলতিপত্র অসমাপ্ত]

॥ ৫৩২ ॥

কর্জপত্র (সন ১২২৬ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ।—

ইআদিকির্দ্দ সাধু শ্রীরামানন্দ সরকার সুচরিতেষু—
খাতক শ্রীসদানন্দ সরকার—
কস্য কর্জপত্র মিদং সন ১২২৬ সাল আব্দে লিখনং কার্য্যনঞ্চ
আগে আমী আপনকার স্থানে সিক্কা ১০০৲ এক সও টাকা
কর্জ লইলাম ইহার সুদ দরমাহা ফি সদে ১ এক টাকা হিসাবে

শ্রীসদানন্দ সরকার
সাং সেড়ুন্দী

দীব সোধের ওয়াদা সন ১২২৭ সালের মাহ আসারে সুদ সমেত পরিসোধ করিব এতদথে নগদ টাকা দস্তবদস্ত লইয়া খত লিখিয়া দিল— ইতি— তারিখ— ২৬ শাবন—

ইশাদ—

শ্রীপবনচন্দ্র মণ্ডল
সাং সেড়ুন্দী

শ্রীশ্রীধর সীহ
সাং বাহাদুরপুর

॥ ৫৩৩ ॥

বিক্রয়কোবালাপত্র (সন ১২২৬ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ।—

চরন সরন।—

STAMP
FOUR ANNAS
... ...
... ...
চারি আনা
OFFICE

শ্রীনরচন্দ্র সরকার
সাং ভুকুলী

ইয়াদিকির্দ্দ সকল মঙ্গলাকর শ্রীগুরুচরন সরকার উলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দু সরকার পরগনে বারবক সীংহ তালুক কৃষ্ণনগর মোজে

নিজ কৃষ্ণনগর উরফে সাকিমান মুরুলী মতালকে জেলা বিরভোম বরাবরেষু—
লিখিতং শ্রীনফরচন্দ্র সরকার উলদে ৺রাজবল্লব সরকার ইবনে ৺জাদবিন্দ্র সরকার পরগনে বারবক সাঁহ তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর উরফে সাকিমান মুরুলী—
কস্য বাস্তুবাটী বিক্রয়কোবালা লিখনং কার্য্যনঞ্চাগে পরগনে বারবক সাঁহ তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর ডাকনাম সাকিমান মুরুলী গ্রামের শ্রীযুত ভোলানাথ সরকারের দরুন তোমার খরিদা বাস্তুবাটীর পূর্ব্ব রাস্তার দক্ষীন শ্রীধম্মদাষ দত্তর কিঞ্চীত পছিমকোনা উত্তর লালাপার দপ্তরখানা বাটী আর ঐ বাটীর পূর্ব্ব ও ৺নিতাই দাষ কায়েস্তদিগের বাটীর পছিম ও ধম্মদাষ দত্তর ও ভারথ দাষ তাত্তির বসত দরুন শ্রীআসানন্দ সরকারের খরিদা বাস্তুবাটীর উত্তর গোর দত্ত ও বলাই দত্তর বসত দরুন বাস্তুবাটী হাথগিবাস্ত মওাজী দুই দফায় ।১ ছয় কাটা আমার পোত্রীক খোসবাষ তাহা তোমার নিকট বিক্রয় করিলাম অস্য পোনবাহা বাবদী পঞ্চজন ভদ্রলোক লইয়া ৮৭ সাতাসী তঙ্কা ধার্য্য করিয়া পোনবাহার মবলগ মজ্কুর রায়জনমূলুক সহিসিক্কা পুরা উজন তোমার স্থানে দস্তবদস্ত নগদ পাইয়া আপন কাবেজ ভছরুপে আনিলাম উপরের লিখিত বাস্তু মওাজী মজ্কুরাতে তুমী দখিলকার হইয়া আপন দখল কাবেজে আনিয়া দানবিক্রয়ের সত্তাধিকারি হইয়া পোত্র পোত্রাদীক্রমে ভোগ দখল ভছরুপ করহ ঐ বাস্তুবাটী মওাজী মজ্কুরের সহিত আমার সত্ত্যা ও এলাকা নাই কস্মিনকালে দওা করিব না কালকেলাউ কখন আমী কিম্বা আমার পুত্রপোত্রাদী ওয়ারিষ গয়রহতে দওা করি কিম্বা করে সে নামঞ্জুর ও বাতিল এতদার্থে বাহুষ বাহাল তবিয়াতে আপন সেচ্ছা পুর্ব্বক বিনা হুরজবরিতে উপরের লিখিত বাস্তুবাটী মওাজি মজ্কুরায় আপন সত্ত্যা ত্যাগ করিয়া তোমার নিকট বিক্রয়কয়লা লিখিয়া দিলাম ইতি—
সন ১২২৬ বারসর্ত্ত ছাবিষ সাল তারিখ— ৬ ছয়ই জৈষ্টী—

ইসাদ—

শ্রীভোলানাথ সরকার
সাং মুরুলী
শ্রীনফরচন্দ্র সামন্ত
সাং মুরুলি

শ্রীসদানন্দ সরকার
সাং সেড়াল্দী
শ্রীরামমোহন সরকার
সাং মুরুল

[খ- ৪০১৩ নং— বিক্রী মোং মুরুলি সন ৩ তেসরা মাই শ্রীরাধাকান্ত বরাট—

॥ ৫৩৪ ॥

কবুলতিপত্র (গোমস্তাগিরিতে) সন ১২২৬ সাল প ১

৺৭শ্রীশ্রীকৃষ্ণঃ

ভরসা—

STAMP
FOUR ANNAS
... ...
... ...
চারি আনা
OFFICE

শ্রীলালমোহন চট্টোপাধ্যায়
সাং গোআলপাড়া

মহামহীম শ্রীযুত আসানন্দ সরকার বাবুজী মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীলালমোহন চট্টোপাধ্যায়—
কস্য কবুলতিপত্র মিদং কার্য্যনঞ্চ আগে আমি মহাশএর সরকারে মোকাম বড়জোড়ার কুটিতে গোমস্তাগিরি কার্য্যে মোকরোর হইলাম মোকাম মযুকুরে বরক্ত হাজির থাকিয়া সরকারি কার্য্য আঞ্জাম করিব পর্ত্তন আসামি বুঝিয়া করিব লাভআন লোকসান আসামিকে পর্ত্তন করিব না জর্দ্দপী করি সে আমার জিম্বা আপনকার সহীত এলাকা নাই কাপড় আমদানি করিয়া আদদ থান চালান করিব চুক্তী আপুনি করিবেন সদর হইতে চুক্তীর ফরদ্দ গেলে আসামিলোককে দাম দিব জে দাম জাইবেক তাহার সাঁট করিব না জদ্যপি দাম সাঁট করিয়া আমি লই তাহা সাবুদ হয় তৎক্ষনাৎ ফিরিয়া দিব নও জিমা কাগজপত্র আমার জিম্বা থাকিবেক জখন জে কাগজপত্র তলব করিবেন তৎক্ষনাত দাখিল করিব তহবিল তামার জিম্বা থাকিবেক কুন নেকরদ হইবেক না জদ্যপি কোন নেকরদ হয় তাহা আপনকার সহীত এলাকা নাই আমার জেম্বা মাহীনা দর মাহা মায় খোরাকপোসাক ৪ চারি টাকা হিসাবে পাইব আসামিলোকের পাস কুন বাবুতে বেসরত লইব না জদ্যপি বেসরত লই সাবুদ হয় তৎক্ষনাত বি[না] ওজর দাখিল করিয়া দিব মোকাম মযুকুরে কাগজপত্র ... পাইলাম বকয়া কাগজ আমার জেম্বা থাকিল মহ[শয়ের] জখন দরকার হইবেক তৎক্ষনাত দাখিল করিব মো[কাম] মযুকুরে

বিলাতবাকী বুঝিয়া লইলাম আমার জখন নিকাস করিবেন মোকাম মযুকুরে বিলাতবাকী জনাজাত রুযু মোকাবিলা করিয়া দিব জে পর রুযু হইবেক তাহা বিনা ওজর নিজে হইতে দিব ওজর করিব না এতদার্থে আপন খুসিতে কবুলতিপত্র' লিখিয়া দিলাম ইতী সন ১২২৬ সাল তারিখ— ১০ ভাদ্র—

ইসাদী—

শ্রীলক্ষীনারায়ন দাষ
সাং ধোনকুড়া
শ্রীপ্রনকৃষ্ণ সরকার
সাং কপ্তাপুর

... ...
খজানা আমরা
... ...
TREASURY

শ্রীপুর্ন্নানন্দ চক্রবর্ত্তি
সাং মুরুলী
।।। সহী

[খ- ৭৮১৭ নং বিক্রী মোং মুরুল সন ১৮১৮ সাল ১৬ সোলঞী দিজবর শ্রীরাধাকান্ত বরাট—

॥ ৫৩৫ ॥

পত্র (সন ১২২৬ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা:—

পোর্ষ্য শ্রীসদানন্দ দাসষ্য—

পরম মুভাসিব্বাদ সিবন্ধ আগে শ্রীযুৎ বাবুজিএর পরম রাজমোধী শ্রীশ্বানে প্রাথনা করিতেছী তাহাতে অত্রা মঙ্গল বিশেষঃ পত্র পাইয়া সমাচার প্রাত হইলাম কজ্জার টাকার জন্নে লিখিয়াছিলেন ২০০ দুই সত্র' টাকার চলু খরিদ করিয়াছী তাহা মযুদ আছে এক্ষান গ্রাহক কেহ নাই চালু বিক্রী হইলে আপনকার টাকা আগে পাঠাইতাম বিক্রী না হতে পাঠাইতে টাকা পারি নাই য়তএব তমশুক লিখিয়া পাঠাই দাখিল করিআ লইবেন ইষ্টাম্পারকাগজ এখানে মযুদ নাই এমতে বাঙ্গলাকাগজে খত লিখিয়া পাঠাই দাখিল করিয়া লইবেন ইহাতে কদাচ ওসআস করিবেন না চালু বিক্রী হইলেই টাকা পাঠাইব আমী আপনকার ভরসা য়নেক করি এবং তোমার আমা প্রীতি কসুর নাই তাথাকার বাটীর মঙ্গলাদী সমাচার লিখিবেন ইতি সন ১২২৬ সাল তারিখ— ২ বৈশাখ—

॥ ৫৩৬ ॥

হিসাব (১২২৭ সন) প. জমাট

মৌজা : রসুলপুর। গঙ্গাগোবিন্দ ভট্টাচার্য্য, মাণারাম ধোবা গং। কিরিস্তী কাগজ তলব বাকীপোতা মোং রসুলপুর সন ১২২৭ সাল।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৩৭ ॥

হিসাব (১২২৭ সন) প. জমাট

মৌজা : হুসেনপুর। সেখ গোলাম, সেখ মুনাউল্লা গং। তলব বাকীপোতা পরগনে পুরন্দরপুর মর্দ্ধে তালুক নোহনা দরুন তরফ নানুবাজার মৌজে হুসেনপুর সন ১২২৭ বার সও সাতাইস সাল।

জীর্ণ ও জমাটবাঁধা।

॥ ৫৩৮ ॥

হিসাব (১২২৭ সন) প. জমাট

মৌজা : দিগযুই। জমা ওআসিলবাকী তা … প পরগনে পুরন্দরপুর তালুক নোহনা দরুন তরফ নানুবাজার মৌজে দিগযুই জমীদার শ্রীযুত শ্রীনিবাস সরকার দীং সন ১২২৭ বার সও সাতাইস সাল— রাইয়তি— খতয়ার—

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৩৯ ॥

হিসাব (১২২৭ সন) প জমাট

মৌজা : নানুবাজার। হলধর গরাই, রামনারান দত্ত গং। তলব বাকীপোতা, খোদকস্তা, পাইকস্তা, জমা খরচ ওয়া, মুমারওয়া, বাকী আলওয়া।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৪০ ॥

হিসাব (১২২৭ সন) প জমাট

মৌজা : কৃষ্ণনগর। মোহন গরাঞী, জয়হরি দো গং। জমা ওআসীলবাকী পোতা, হিত, আস্বীত, কৈফিয়ত। গরাঞীমহল— হিসাব বাকী, তলব বাকী রুপেআ, মুক্তিমহল।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৪১ ॥

হিসাব (১২২৭ সন) প ৩

৺৭শ্রীশ্রীরামঃ।—

একজায় কাছারিঘরের মিস্ত্রী ও মজুরদীগরের হাজিরি তালুক কৃষ্ণনগর যোজে নিজ কৃষ্ণনগর সন ১২২৭ সাল—

রামলোচন মিস্ত্রী দীo—

জমা— খরচ—

১২ চেত্রী কাষ্ট চেরে— ২

১৩ রোজ কাষ্ট চেরে ২ জন ৷৴ করে— ১৷৷০

১৪ রোজ ঐ ২

১৫ রোজ মুহুনি গরে— ২

১৬ রোজ মুহুনি গরে

২ জন ৷৴ করে ১৷৷০ = ৯

২৩বৈসাখ— ৷৷০

৩০ রোজ তালগাছ কাড়ে— ৷৷০ … ইত্যাদি ২৯৷০

৺৭শ্রীশ্রীরামঃ।-

সন ১২২৭ সাল

কৃষ্ণনগর -

কেনারাম গোপ— হাং পত্যা বাগদী— হাং নন্দ দাই—
হাং শঙ্কর দলুই— হাং গনেষ ঘোষ— হাং কেনারাম গোপ
হাং মোহন বাগদী— হাং হরি ঘোশ—

মাটী কোড়ে— তালগাছ উপড়ে - তালগাছ আনে— মাটী ভরে— ছুতারের সঙ্গে খাটে— কাছারিঘরে ছুতারের সঙ্গে কাজ্য করে— কাছারিঘরে আউর তোলে— ঘর ছাদন করে— মটকা বান্দে … ইত্যাদি।

৺৭শ্রীশ্রীদুর্গা—

সন ১২২৭। -

হাং রাম শো দীং- হাং লক্ষী হাড়ী- হাং পরান হাড়ী-
মাটী কোড়ে - মাটী বহার - বালি বহার - জঙ্গল বান্দে - ছুতারের সঙ্গে খাটে - ঘর ছুতুনাম করে - আউর আনিতে মোং তালতড়্যা জায় - মোং তালতড়্যা হইতে আউর আনে - ইত্যাদি -

॥ ৫৪২ ॥

হিসাব (১২২৭ সন) প জমাট

মৌজা : জগন্নাথপুর। মোহন মণ্ডল, নফর দালাল গং। তলব বাকীপোতা পরগনে পুরন্দরপুর মর্জে তালুক নোহনা দং ··· বাবুবাজার মোর্দ্দে মোজে জগন্নাথপুর সন ১২২৭ সাল পাইকস্তা, রাইয়তি, খতিয়ানজমি।

জীর্ণ ও জমাটবাঁধা।

॥ ৫৪৩ ॥

হিসাব (১২২৭ সন) প ১৪

মৌজা : সনসত। গকুল দো, শেখ কলবন্দী গং। জমজমী, নিকাস রুপেয়া ই: বৃত পুস্তাহ জমা খরচ রুপেয়া, খোদকস্তা, দিনার জমজমী।

জীর্ণ, ও কীটদষ্ট এবং কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৫৪৪ ॥

হিসাব (১২২৭ সন) প ১২

মৌজা : মোনহরপুর। মুসহাত জমজমী— পাচু মণ্ডল পথআলীপার— ৺ধর্ম্মরাজ সুন্দররায় দিনার জমজমী গদাধর মণ্ডল গং। বাকী জার রুপেআ—

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৪৫ ॥

হিসাব (১২২৭ সন) প ৩৬

মৌজা : সেড়ান্দী। সভারাম চট্ট, সিবু কৌমুদার গং। মযহাত জমজমী, জমজমী একোওালজমী।

জীর্ণ, কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৫৪৬ ॥

হিসাব (১২২৭ সন) ২৮

মৌজা : এতাপুর। সাধুচরন সাহা, কানাই মণ্ডল গং। তলব বাকীপোতা হিসাব বাকীপোতা।

জীর্ণ, কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৪৭ ॥

হিসাব (১২২৭ সন) প ১৪

মৌজা : বোনমালতী। মানিক গোপ, নফর মুন্ড বং রূপু গোপ গং। জলব বাকী রুপেয়া পরগনে পুরন্দরপুর মর্দ্ধে তালুক নোহনা তরফ নানুবাজার মোজে বোনমালতি সন ১২২৭ সাল–

॥ ৫৪৮ ॥

চকনামা (সন ১২২৭ সাল) প ১

৭শ্রীশ্রীহরি–

সন ১২২৭। –

চকনামা জমিন বাবুত পুষ্করি খনন তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর প্রজা শ্রীপ্রসাদ রুজ সন ১২২৭ সাল তারিখ ৪ ফালগুন

আসামী –   জমুলা জমী –

দুর্গাচরন সরকারের দরুন বাস্তু –

গুরুচরন পরামানিকের কুটীর পূর্ব্ব –

শ্রীকৃষ্ণচন্দ্র দাস
গোমস্তা –

সোলহাত রাস্তার পূর্ব্ব ছোট অস্যাথ´গাছের দক্ষীন লাগায় ও তালবোনা পুষ্করির পশ্চীম পাহাড়ের পশ্চীম এ পুষ্করির পড় গোড়া আট হাথ সেওাই পশ্চীম ও গোমস্তা রুজ মোদকের দক্ষীনদ্বারি ঘরের উত্তররাস্তা পতীত চল্লিষ হাতের উত্তর মডাজী– পতীত– ৩/৩

মবলগে জমিন তীন বিঘা তীন কাঠা ইতী –

॥ ৫৪৯ ॥

চকনামা (সন ১২২৭ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ

সন ১২২৭। –

চকনামা জমি বাবুত পুষ্করি খনন তালুক কৃষ্ণনগর মোজে নিজ কৃষ্ণনগর প্রজা শ্রীপ্রসাদ রুষু সন ১২২৭ সাল তারিখ– ৪ ফাল্গুন –

আসামী –   জমুলা জমী –

দুর্গ´াচরন সরকারের দরুন বাস্তু গুরুচরন প্রামানিকের কুটির পূর্ব্ব সোল হাথ রাস্তার পূর্ব্ব ও ছোট অস্যাথ´গাছের দক্ষীন লাগায় ও তালবোনা

পুষ্করিণির পশ্চীমপাহাড়ের পশ্চীম ঐ পুষ্করিণির পক্ক গোড়া ৮ আট হাথ [সে]রাই পশ্চীম ও গোলায় [ক্র]মু মদকের দক্ষীনদ্বারি ঘরের উত্তর[রা]ভা ··· ৪০ চল্লিষ হাতের উত্তর মওাজী পতীত ৩/১ -
মবলগে জমীন তিন বিঘা তিন কাঠা ইতী-
মবলগে জমীন তীন বিঘা এক কাঠা ইতী-

॥ ৫৫০ ॥

চিঠি তলব (সন ১২২৭ সাল) প ১

৭শ্রীশ্রীদূর্গা

৪৮২ নং সন ১২২৭ সাল

২৯ শ্রাবন সন ১২২৭ পং হাবিলি ওগয়রহ

শুভমস্তু

চিঠী তলব খাজানা মুত পুন্তাহ সন ১২২৭ বার সও সাতাইষ সাল তারিখ ২৯ শ্রাবন—

আসামী - রুপেয়া -

জাট মুজমুদ—

তাং নবকীসোর সরকার—

তলব বৈশাখ— ··· ···

নাং আসাড়— ২২৯

প্রতি আগে সাইত মাফীক মপদল মুত পুন্যাহ করিয়া তলবের বেবাক টাকা দাখিল করহ ইতি-

॥ ৫৫১ ॥

দরখাস্তপত্র (সন ১২২৭ সাল) প ১

৺৭শ্রীশ্রীকৃষ্ণঃ—

সন ১২২৭।

মোং শোনশত—

শ্রীকান্ত মির্জ্জা
সাং সনসত ॥

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমীদার মহাসয় বরাবরেষু—
লিখিতং শ্রীকান্ত মির্জ্জ্যা—
কষ্য দরখাস্তপত্র মিদং কাজ্যানঞ্চা আগে মোজে সোনসত তালুক কৃষ্ণনগর পরগনে বারবক সিংহ মোজে ময়ুকুরের পালাতকা প্রজা বড় খোদার বস্ত জমার মর্দ্ধে ছাতিগড়্যার মাঠ সালি ১৷৷৩ এক বিঘা তের কাট চকগড়্যা মাঠ ১৩/২ কাঠা একুনে ময়াজি জমী ১৪৮ চর্দ্দ বিঘা পোন্দের কাট কাত জমা ১৬/০ সোল টাকা এক আনা জমাতে এককীস্তা পাটা আমাকে হুকুম হয় তবে আমী আবাদ তবন্দ করিয়া মালগুজারিহি সরবরাহ করি এতদথে আপন খুসিতে দরখাস্তপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৭ সাল আখেরি তাং ২৮ চেত্রী—

ইসাদ—

শ্রীভৈরবনাথ মুখজ্যা	শ্রীনথে খাঁ	শ্রীরাইচরণ খাঁ
সাং সেড়ান্দী	সাং কাসীপুর	সাং সেড়ান্দি

॥ ৫৫২ ॥

কর্জ্জপত্র (সন ১২২৭ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণঃ।—

মহামহিম শ্রীযুত আনন্দ সরকার বরাবরেষু—
লিখিতং শ্রীনন্দকুমার সরকার_
কস্য করজপত্র মিদং কাজ্যনঞ্চা আগে আমী তোমার স্থানে ভতটং সীকা ১৯ ওনিষ টাকা করজ লইলাম ইহার সুদ কি তঙ্কে ৵৫ এক পাই করিয়া দিব শোধের ওয়াদা মাহ পোষে সুদ সমেত পরিসোধ করিব এতদাথে নগদ টাকা পাইয়া খতপত্র লিখিয়া দিলাম ইতি তারিখ ২৩ বৈশাখ সন ১২[২]৭ সাল—

ইসাদ—

শ্রীসিবনাথ ভাণ্ডারি	শ্রীবিশ্বনাথ বন্দপাধ্যায়
সাং সুরুল	সাং সুরুল

।। ৫৫৬ ।।

দরখাস্তপত্র (সন ১২২৭ সাল) প ১

নকল — শ্রীশ্রীকালী জয়তি

দরখাস্তেস্তত্বা ফিদরি শ্রীবিশ্বনাথ সরকার সাকিনে সুরুলী পরগনে বারবক সীংহ মতালকে জেলা বিরভোম গরিব পরবর সেলামত জেলা বর্দ্ধমান পরগনে নাজে বর্দ্ধমান সাকিম রামচন্দ্রপুরের শ্রীরামকান্ত রাএর স্থানে ১২৫৩ নম্বরের ডিক[রীর] বাদী মায় খরচা [২]৪৭২॥৶৮ টাকা পাওনার বিসএ হযুরের বহির ৩৬০ ··· র পরওয়ানা গএরহাজের মতে জায়দাদ কোরকির দরখাস্ত ··· লাম তাহার পরগনে মজফরসাহি লাট কাশীনাথপুর দরুন মৌজে বজ্রচন্দ্র দীগর চারি মোজা তাহার আদালত ফৌজদারি বিরভোম জেলা সামিল উহার নিশ্চী রকম কোরক বিক্রীর দরখাস্ত সহক্রমে বিরভোম সামিল পষ্ট না থাকায় জেলা বর্দ্ধমানে খোলাসা খারায় ঐ চারি মৌজা [রক]ম কোরক না হইয়া পরওনা সেরেস্তায় আশীবাতে নাজের ঐ চারি মৌজা বিরভোম সামিল কহিয়া কৈফিয়ত দীয়াছেন অতএব ঐ চারি মৌজার রকম যেমন কোরক বিক্রয় ফিদরির বেবাক টাকা আদায় হইতে পারে না খোদাওন্দা খাবিন্দ্রী এ কারন ঐ সহ দোবস্ত নিমির্ত্তে উর্দ্ধেদোওার পরগনে মজফরসাহির মোজে বজ্রচন্দ্রদীগর ঐ চারি মৌজার বিবরন ও হারহারি সদরজমা বিস্তারিত পূর্ব্ব দরখাস্তে আছে পুনুরায় নিচে লিখিতেছি হুকুম হয় কোরকী পরওয়ানা জেলা মযুকুরের ঐ চারি মৌজার নিশ্চী রকমে দস্তুরমত জারি পাইয়া কোরক বিক্রী হইয়া মায় খরচা তঙ্কা দেলাইতে হুকুম হয় ইহা দরখাস্ত করিল ইতী সন [১২২]৭ সাল — তারিখ — ৭ শ্রাবণ —

তপশীল — মৌজা —

সামিলে জেলা বিরভোম পরগনে মজফরসাহি লাট কাশীনাথপুর দরুন মোজে বজ্রচন্দ্র তাহার সদর জমা হারহারি যুক্ত — ১১৪৮৴৬॥ টাকা ইহার হিষ্যা আশামির রকম ।০ আনায় — ৫৭৩৵১৩।

জেলা ঐ মোজে হেয়াতিপুর তাহার সদর জমা হারহারি যুক্ত ··· টাকা ইহার হিষ্যা আশামির রকম ॥০ আনায় — ৪৩৫২১৭।৵

জেলা ঐ মোজে নওয়াদা তাহার সদর জমা হারহারি যুক্ত ৫৮১৸৴১৯॥০ টাকা ইহার হিষ্যা আশামির রকম ॥০ আনায় — ২৯০৸৵৯৸

জেলা ঐ মোজে কুল্যা তাহার সদর জমা হারহারি যুক্ত ৮৫২।৶১৮। টাকা ইহার হিষ্যা আশামির রকম ॥০ আনায় — ৪২৬৶১৶

১৭২৫।১॥৩

ঐ চারি মৌজা সদর বনাম শ্রীহরমোহন রায় দখলীকার আশামী মণ্ডলকে কালেক্টারি জেলা বর্দ্ধমান ইতি-

॥ ৫৫৪ ॥

পত্র (সন ১২২৭ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ।—

আজ্ঞাকারি নিত্য পোষ্য শ্রীমাগারাম দেবশর্ম্মণঃ—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে মহাশএর পরম রাজোন্নথি শ্রী৺স্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিশেষঃ নিবেদন শন হালের ২০ ফালগুন বেলা আন্দাজী চারি দণ্ডর সমএ সাকীম এন্তাপুরের শ্রীনফর মণ্ডল আমার নিকট খবর দিলেক সাকীম এন্তাপুরের সন্ন্যাশী দলুই আমাকে খবর দিলেক সাকীম এন্তাপুরের শ্রীসরুপ দেওাশীর নদিধারের বাঁশঝাড়ে একটী বাঁশ চুরি গিয়াছে আর ঐ সাকীমের শ্রীমদন পালের নদিধারের ঝাড়ে বাঁশ একটী চুরি গিয়াছে আর ইক্ষু নয় গাছ চুরি গিয়াছে এই খবর নফর মণ্ডল আমাকে দেবা মাত্র আমী মুখ্যা প্রজা গোলক মণ্ডল কানাই মণ্ডল পেয়ারি পাল মুরুলী সরকার সিবু দলই সন্ন্যাসী দলই মোহন মেট্যা দলই ও মোহন ডোম দলই ওহাদিগে। লইয়া সরুপ দেওাশীকে ডাকীঞা জিজ্ঞাশা করিলাম তোমার ঝাড়ে বাঁশ একটা [কী] প্রকার চুরি গিয়াছে তাহাতে কহিলেক জে আমার নদির ধারের ঝাড়ে বাঁশ একটী কাঠা দেখিঞা সন্ন্যাশী দলইকে ও নফর মণ্ডলকে বাঁশ চুরি জাওার খবর দিঞাছিলাম খবর দিঞা আপন ঘরে জিজ্ঞাশা করিলাম আমার পুত্র গুরুচরন দেওাশী কহিলেক জে বাঁশ একটী মোহন ডোম দলইকে আমী দিঞাছী এ কথা না ওআকীব হইয়া চুরি জাওার খবর দিঞাছিলাম আর মদন পালকে জিজ্ঞাশা করিলাম তোমার বাঁশ একটা ও ইক্ষু নয় গাছ কী প্রকার চুরি গিয়াছে তাহাতে কহিলেক আমার নদির ধারের বাঁশঝাড়ে দেখিলাম একটী বাঁশ কাটিয়াছে আর ইক্ষু নয় গাছ আন্দাজ একমেড়া চুরি গিয়াছে এ খবর সন্ন্যাশী দলইকে ও নফর মণ্ডলকে দিঞাছিলাম তাহার পর আপন ঘরে আশীয়া আমার পুত্র রাম পালকে জিজ্ঞাশা করিলাম তাহাতে শে কহিলেক একটী বাঁশ আমী গুরুচরন বাগদীকে দিঞাছী আর ইক্ষু একমেড়া গরুতে খাইয়াছে ইহা না তকরার করিয়া চুরি জাওার খবর দিঞাছিলাম এই কথা দুই জনা কহে ইহার সারেওআর লিখিলাম মহাশয় বুঝিয়া সদরে ও থানায় এত্তালা করিবেন নিবেদন ইতি সন ১২২৭ সাল তাং— ২০ ফালগুন—

॥ ৫৫৫ ॥

হিসাব (১২২৮ সন) প ৩

মৌজা : ডোমনপুর। ওটবন্দী রূপেয়া পরগনে বারবক সিহ তালুক কৃষ্ণনগর মৌজে ডোমনপুর জমিদার শ্রীযুৎ শ্রীনিবাষ সরকারদিগর সন ১২২৮ বারসর্ত্ত আটাষ সাল—

আশামী—	জমী—	কাত জমা—
খোদকস্তা—	৫/৪৻১	১২৸/১২
পাইকস্তা—	৮০/১	৮৫।৶২
	৮৫।৻১	৯৮।১৪

খোদকস্তা— বিঃ একোওাল— সালি এওল— সালি দোম— সালি সেম— বাস্ত— তরকারি— পুষ্কন্নী— পাইকস্তা— জোঃ সনসত একোওাল-- সালি দোম— সালি সেম— মসহাত জমজমী পরগনে বারবক সিংহ তালুক কৃষ্ণনগর মৌজে ডোমনপুর জমীদার শ্রীযুৎ শ্রীনিবাষ সরকারদীগর সন ১২২৮ সাল তা— ১৬ চৈত্রী— খোদকস্তা— পাইকস্তা— চাকরান— পিরত্তর— খয়রাত— খোশবাষ— বেওারিশ পুষ্করি— পতিত — জবাবি পতিত— ...

॥ ৫৫৬ ॥

হিসাব (১২২৮ সন) প ১

মৌজা : গোপালপুর। ... কিস্তী ভাদ্র— কিস্তী আসীন— কিস্তী কার্ত্তীক— কাত একুন সমমাহি কিস্তী আগ্রহন— কিস্তী পোষ কিস্তী মাঘ কাত কিস্তী ফা[ল্গুন]...

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৫৭ ॥

হিসাব (১২২৮ সন) প ১৫

মৌজা : নানুবাজার। রামলোচন পাল, শ্রীনিবাস গোপ গং। মুমার হস্তা বাট লোহনা তালুক নানুবাজার পরগনে পুরন্দরপুর জমীদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকারদী সন ১২২৮ বারসও আটাইস সাল— খোদকস্তা— দিনার রামদানি জমা, খতিআনজমা, পাইকস্তা, জমা খরচপোতা, ইং সুমাহ নাং আখেরি রাইয়তি।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৫৮ ॥

হিসাব (১২২৮ সন) প ১২

মৌজা : সোমসা। সাফল পরাই, পদ্দ গোপ, গং। ওয়াসিল বাকী, তৌজি তঙ্কা পাইকস্তা, জমা খরচপোতা।

জীর্ণ, কীটদষ্ট ও জমাট।

॥ ৫৫৯ ॥

হিসাব (১২২৮ সন) প ৯

মৌজা : দিগবুই। সাম গোপ, মহন্তচরণ দাষ গং। তৌজি তঙ্কো। মোকে দিগবুই পরগনে পুরন্দরপুর লাট নোহনা তরফ নানুবাজার জমিদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকারদীগর সন ১২২৮ বারসও আঠাষ সাল— খোদকস্তা— পাইকস্তা—

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬০ ॥

হিসাব (১২২৮ সন) প ৭

মৌজা : নান্দড়া। সেখ অমরালি, ভাগবত ডোম, কালি ভট্টাচাজ্য গং। তৌজি তঙ্কা, খোদকস্তা, পাইকস্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬১ ॥

হিসাব (১২২৮ সন) প ১০

মৌজা : কোপা। হারাধন সেকার, জয়দেব রায় গং। খোদকস্তা জমা ৩০ হিসাব বাকী।

জীর্ণ, কীটদষ্ট ও অগ্নিদগ্ধ।

॥ ৫৬২ ॥

হিসাব (১২২৮ সন) প ৮

মৌজা : হুসেনপুর। মুমার তহ্কো মোকে হুসেনপুর পরগনে পুরন্দরপুর মর্দ্দে লাট নোহনা তরফ নানুবাজার জমীদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকার দী সন ১১২৮ বারসও আটাইস সাল। মদন হাড়ী, রামু মৌ গং। তৌজী তঙ্কা।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৬৩ ॥

হিসাব (১২২৮ সন) প ৬০

মৌজা : গাজপুর। শ্রীনিবাস ঘোষ, তারাচরন সরকার গং। পাতড়া হিসাব বাকীপোত্তা তালুক নোহলা দরুন মোজে গাজপুর সন ১২২৮ সাল—

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৬৪ ॥

হিসাব (১২২৮ সন) প ১০

চক : বৈদ্যনাথপুর। সিবু রায়, শ্রীধর পরাই গং। পাতড়া হিসাব বাকীপোত্তা লাখরাজ চক বৈদ্যনাথপুর সন ১২২৮ বারসও আটাস সাল—

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৫৬৫ ॥

হিসাব (১২২৮ সন) প

চক : জগন্নাথপুর। রামমোহন ভট্টাচাজ্য, চৈতন পরাই গং। কুমার ভর্ত্তো খতিআন জমী, রাইয়তি, জমা খরচপোত্তা, খোদকস্তা, পাইকস্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬৬ ॥

হিসাব (১২২৮ সন) প ১৫

৮৭শ্রীশ্রীকৃষ্ণঃ।—

সন ১২২৮।

কৃষ্ণনগর চক রসুলপুর

বিরসিংহ রায়, আসানন্দ সরকার, নকুরচন্দ্র সরকার, হিরা আটপহরি, মুনসি মেতরাম, হটমন আওআওলা, কুশা সহীস, দিনু খাজাসী, সানক খলিফা, গরিবউল্লা, খাজাসী, জহুরি মিস্ত্রী, ইমামদী খাঁ পাটনি, দিনু ফুরিয়া গুরুচরন দৌ, সরূপ দৌ গং। খতীআনজমী, খোদকস্তা, মহাল পাইকস্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৫৬৭ ॥

হিসাব (১২২৮ সন) প ৮৬

মৌজা : কৃষ্ণনগর। ভোলানাথ সরকার, তমিত্তা সুরিনী গং। করচা হিসাব পোতা, মুসাহাত জব্দজমী, দিনায় জব্দজমী, জমা ওয়াসীল বাকীপোতা, থোকা হিসাব বাকীপোতা। মদকমহল— কেনারাম চৌধুরি, রামধন মদক গং। নিকাস একোওালজমিন মোজে নিজ কৃষ্ণনগর পরগনে বারবক সিংহ তালুক কৃষ্ণনগর সন ১২২৮ বারসও আঠাইষ সাল—

পাইকস্তা— খোদকস্তা— তেরিজ জমাবন্দী রুপেআ—

জীর্ণ, কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৬৮ ॥

হিসাব (১২২৮ সন) প ১০২

মৌজা : সনসত। সেখ মানিক, আক্কুর সৌ গং। খএরাত, মসহাত জব্দজমী। হিসাব বাকী রুপেয়া— ওআশীল বাকী— মহল খামার শ্রী৺পিরত্তর, শ্রী৺দেবত্তর, পতিত খামার। খোদকস্তা, পাইকস্তা—

জীর্ণ, কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৬৯ ॥

হিসাব (১২২৮ সন) প ১১৭

মৌজা : মোনহরপুর। মসহাত জব্দজমী পরগনে বারবক সিহ তালুক কৃষ্ণনগর মৌজে মোনহরপুর জমিদার শ্রীযুৎ শ্রীনিবাষ সরকারদিগর সন ১২২৮ সাল তারিখ ২ জেষ্ঠি—। রাইয়তি— খামার— চাকরান— লাখেরাজ— আসামী— কিত্তা— দির্ঘ— প্রস্ত— সারা জীনিষ— খোদকস্তা— খোসখান— দেবত্তর— মসহাতজমী। তপ শ্রী৺রানিতলা ঠাকুরের আটন পতিত— কৃষ্ণ পাটক, পেকা সন্যাসী ঘোষ। পতিত খামার— খতিআনজমী— পঞ্চানন্দ মণ্ডল গং।

কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৫৭০ ॥

হিসাব (১২২৮ সন) প ২৮৫

মৌজা : সেড়ান্দী মসহাত জন্দজমী পরগনে বারবক সীহ তালুক কৃষ্ণনগর দরুন মোজে সেড়ান্দী সন ১২২৮ সাল— তা ২১ ফাল্গুন— রাইয়তি— বাজেজমা— চাকরান— পতিত খামার— পুস্করী খামার— খোদকস্তা— দিনায় জন্দজমী— শ্রী৺দেবত্তর পাইকস্তা— খয়রাত— কৈফিয়ত— আসামী— মমুলাজমী— পতিত বিতং নালাএক পতিত— লাএক পতিত সালি সেম— তায়দাদ পুস্করি— কাত জমি— জম— পাহার— হাসিল বিতং— সালি দোম— সালি সেম— দো কর্প বিতং— দো কর্প এং— দো কর্প দোম— দো কর্প সেম— যুনা কর্প বিতং— যুনা কর্প এওল— যুনা দোম— যুনা কর্প সম— বাগাত— বাদল মজুমদার, বিন্দাবন পোতদার গং।

জীর্ণ, কীটদষ্ট ও কিছু কিছু জমাটবাঁধা।

॥ ৫৭১ ॥

মালজামিনপত্র (সন ১২২৮ সাল)

৭শ্রীশ্রীদুর্গা—

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমীদার মহাশয় বরাবরেষু।—

লিখিতং শ্রীশেখ আলিম—

কস্য মালজামীনতিপত্র মিদং কাজ্যনঞ্চআগে তালুক কৃষ্ণনগর মোজে শোনসত ও শেড়ান্দীর পাইকস্তা জমীজমা বাবু চৌধরি করিতেন চৌধরি মযুকুর ফোত হইআছে তাহার কবিলা পুনিরা বিবি ঐ জমীজমা য়াবাদ করিতেছে টহার মালগুজারির জামীন আমী হইলাম মাফীক কীস্তীবন্দী সহীশীকা মালগুজারি করিব বিনা ওজর করিব এতদথে আপন খুশীতে মালজামীনতিপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২২৮ সাল তারিখ— ২৭ বৈশাখ—

শ্রীশেখ আলিমদ্দি
সাং সনসত

ইশাদ

শ্রীদীনবন্দী চোধরি
সাং সনসত

শ্রীমির ভিখু
সাং সনসত

॥ ৫৭২ ॥

মালজামিনপত্র (সন ১২২৮ সাল)

৺৭শ্রীশ্রীদুর্গা—

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাস সরকার জমীদার মহাসঅ বরাবরেষু—
লিখিতং শ্রীঅক্রুর সৌ—

কস্য মালজামিনপত্র মিদং লিখনং কাজ্যনঞ্চী আগে মোজে সোনসতের পালাতকা বর খোদাবক্সর দরুন জমীজমা চকরগড়ার মাট ৮॥ সাড়ে আট বিঘার কাত জমা ৭॥৵৫ সাত টাকা এগার আনা এক পাই জমাতে আমার সমুর কমল সৌ এক কিত্তা কবুলতি দিএ পাট্টা লইলেক তাহার মালগুজারি মালজামিন আমি হইলাম মাফিক কীস্তীবন্দী বিনা উজর মালগুজারি করিব এতদার্থে আপন খুসিতে মালজামিন হইআ জামিনতিপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২২৮ সাল মুং তারিখ ৯ বৈসাখ—

শ্রীঅক্রুর সৌ
সাং সনসত

ইসাদী—

শ্রীভৈরবনাথ সর্ম্মা
সাং সেড়ান্দী

শ্রীপরান সৌ
সাং সোনসত

॥ ৫৭৩ ॥

কবুলতিপত্র (সন ১২২৮ সাল) প

৭শ্রীশ্রীদুর্গাঃ।—

সন ১২২৮ সাল

STAMP
ONE RUPEE
... ...
... ...
এক টাকা
OFFICE

শ্রীমানিকচন্দ্র দত্ত
সাং ডুকুরী

মহামহিম শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—
লিখিতং শ্রীমানিকচন্দ্র দত্ত্য কস্য কবুলতিপত্র মিদং কার্য্যাঞ্চাগে—
আমি মহাসএর সরকারে মোকাম হজরতপুরে কুটীর গোমস্তাগিরি ও তহবিলদারি ও মহুরিগিরি খেজমতে মোকরোর হইলাম দারমাহ মায় খোরাকপোসাক ৪ চারি তঙ্কা হিসাবে পাইব মোকাম মজকুরে ববক্ত হাজির থাকীয়া সরকারি কাষ্য রোবদাদমত করিব জদ্যপী কোন বাবুদে খেতি করি তাহাতে জে লোকসান হইবেক তাহা বিনা উজর দিব নাতআন লোকসান আসামিকে পত্ত্র্যন করিব না জদি করি তাহার যে বাকী হইবেক শে আমার জিম্বা কাপড় আমদানি করিয়া সুরুলের কুটী চালান করিব চুক্তী সদর হইতে জে জাইবেক দাখিলা বিং আসামীলোকে দাম দিব জদ্যপী দাম ছাট করিয়া লই এমত সাবুদ হয় তাহা বিনা উজর নগদ টাকা দিব আর আসামির স্থানে কোন বাবুদে রসিদ লই এমত সাবুদ হয় তাহাতে জে আমার জিম্বা হইবেক তাহা দিব জখন জে টাকা পাঠাইবেন তাহা সাবধানপূর্ব্বক রাখিব শ্রীশ্রী৺করেন নেকীরদ না হয় জদ্যপী নেকরদ হয় তাহা মহাসএর সহিত এলেকা নাই আমার জীম্বা আর মহাসএর জদ্যপী নগদ কাপড়ে খরিদ করিবার হুকুম হয় তবে জখন জেমত বাজার বাজার আন্দাজ খরিদ করিব তাহাতে মহাসএর চড় বোধ হয় তাহাতে জে দাম কর্ত্তন করিবেন আমি নিজে হইতে দিব নয়াজিমা কাগজপত্র্য আমার জীম্বা থাকীল জখন জে দরকার হইবেক তৎক্ষণাত দাখিল করিয়া দিব আখেরিতে হিসাব করিতে বিলাতবাকী জে হইবেক জনাজাত রুজু করিয়া দিব জে গর রুজ হইবেক তাহা আমার জিম্বা মোকাম মজকুরে তহবিল মর্দ্ধে কাহাকেও হাওলাত দিব না জদি দিএ তাহা নিজ হৈতে দিব খরচপত্র আন্দাজ সির করিব বেআন্দাজ করিব না জদি করি শে আমার জিম্বা এতদর্থে আপন খুসীতে কবুলতীপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৮ সাল তাং ২৫ শ্রাবন।

ইসাদী

শ্রীচৈত্তনচরন চন্দ্র	শ্রীগুরুচরন দত্ত	শ্রীঅচল সিংহ
সাং জামালপুর	সাং জামালপুর	সাং পাএড়

... ...
খজানা আমরা
... ...
TREASURY

[খ— ১০৩১ নং— বিক্রী মোং সুরুল সন ১৮২১ সাল হওত্রী আপন্ত শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৭৪ ॥

কবুলতিপত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

প্রতুলকত্তা

STAMP
ONE RUPEE
... ...
... ...
এক টাকা
OFFICE

শ্রীনফর ধোবা
সাং গোয়ালপাড়া ।।।
শ্রীবক্রনাথ ধোবা
সাং মু,কুন্দ
হাল সাং গোয়ালপাড়া ।।।

শ্রীসনাতন ধোবা
সাং মু,কুন্দী ।।।
শ্রীনারায়ন ধোবা
সাং গোয়ালপাড়া
নিসান সহী ।।।

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীসরুপ ধোবা ও নফর ধোবা ও শোনাতন ধোবা ও বক্রনাথ ধোবা ও নারায়ন ধোবা মেহতর—
কস্য কবুলতিপত্র মিদং কায্যনঞ্চ আগে আমরা আপনকার সরকারে মোকাম মুকুন্দীর কুটীতে ৩৬ হাতা গড়াকাপড় ধোপদাস্ত কারন মেহতর মোকরোর হইলাম ববক্ত আপনকার নিকট হাজির থাকীয়া আপনকার পছন্দ মুরত ইয়ামসীর দাস্ত তৈয়ার করিয়া দিব আপুনি ধোপাদাস্ত আপন পছন্দ মাফিক দিষ্টি করিয়া লইবেন আপনকার না পছন্দ জে হইবেক তাহা তৎখনাত ফিরিয়া লইয়া পুনরায় দাস্ত তৈয়ার করিয়া দিব তাহার মুযুরির দঙা করিব না দাস্ত কারন আপুনী জখন জত থান কাপড় দিবেন তাহা এবং আমারা জখন জত থান কাপড় দাস্ত তৈয়ার করিয়া দিব এবং পুর্ব্বে জে তঙ্কা দাদন লইয়াছী এবং জখন জে তঙ্কা দাদন লইব তাহা তৎখনাত হাতচিটায় ওটাইয়া লইব আমাদের জে জিম্বার মধ্যে কোন প্রকারে কাপড় তফাত হয় তাহার বিনা ওজর নিজে হইতে আমারা নিসা করিব কোন ওজর করিব না কাপড় দাস্ত করিতে গাফিলী করিব না কলীকাতা চালানির উক্তে কিম্বা আপুনি জে সময় হুকুম করিবেন ততখনাত গাটীবন্দী করিয়া দিব আখিরিতে হিসাব করিতে আমার্দের স্থানে জে বাকী

হইবেক তাহা আমারা বিনা উজর নিজে হইতে নগদ দিব কোন উজর কৈফিয়ত করিব না মযুরি কি সর্ত্ত থানে ৯ নয় টাকা হিসাবে পাইব এতদার্থে আপন খুসীতে কবুলতিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২২৮ সাল তারিখ ১৯ শ্রাবন—

ইস্যাদী

শ্রীঅর্দ্দিত ধোবা সাং সুরুল | শ্রীঅনূপ মেহতৈরি সাং সিলুট | শ্রীসরুপ মেহতৈরি সাং সুরুল

[খ— ১৪৩ নং বিক্রী যোগ সুরুলী সন ১৮২১ সাল ১২ বারঞ্জী জুলাই শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৭৫ ॥

কর্জ্জপত্র (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা—

শ্রীগৌর পরাঞ্জী
সাং [illegible]

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীগৌর পরাঞ্জী—

কস্য কর্জপত্র মিদং কার্য্যানঞ্চ আগে আমি আপনকার স্থানে জৎটং সীকা ১৩ পোনের টাকা কর্জ লইলাম ইহার সুদ বরুমাহা কিং ভরে ক্রিতি ।৫৩ তের কড়া হিসাবে দিব

সোধের ওয়াদা মাহ ফাল্গুনে সুদ সমেত টাকা দিয়া পরিশোধ করিব এতদর্থে নগদ তঙ্কা পাইয়া খতপত্র দিল ইতি সন ১২২৮ সাল তারিখ ১১ আশ্বীন—

ইসাদ—

শ্রীঅদ্বীত ধোবা	মানিক শো	সন্ত পরাই
সাং বুরুলী	সাং বুরুল	সাং বুরুল

... ...
খজানা আমরা
... ...
TREASURY

[খ-৫৩৭২ নং

বিক্রী মোং বুরুলি সন ১৮২১ সন ২৬ ছাবিষা মাই শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৭৬ ॥

কর্জ্জপত্র (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা স্মরনং—

STAMP
FOUR ANNAS
... ...
... ...
চারি আনা
OFFICE

শ্রীনকরচন্দ্র মুখোপাধ্যায়
সাং গড়গড়্যা
মোং কেষবপুর

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীনকরচন্দ্র মুখোপাধ্যায়—

কস্য কর্জ্জপত্র মিদং কার্য্যনঞ্চ আগে আমি আপনকার স্থানে অত্রটং শীক্কা ১০১ একসও এক টাকা কর্জ্জ লইলাম ইহার সুদ কিং সও অঙ্কে এক টাকা হিসাবে দিব সোধের ওয়াদা

মাহ চৈত্রীতে সুদ সমেত নগদ টাকা দিয়া পরিশোধ করিব এতদাথে দস্তবদস্ত নগদ টাকা লইয়া খতপত্র লেখিআ দিলাম ইতি সন ১২২৮ সাল তারিখ ১৮ পৌষ—

ইসাদী—

শ্রীশ্যামাচরন মুখ্যোপাধ্যায়	শ্রীগুরুচরন দাই	শ্রীসিবু ভাণ্ডারি
সাং সুরুল	সাং সুরুলী	সাং সুরুলী

[খ—৩৩৮৬ নং
বিক্রী মোং সুরুলি
সন ১৮২১ সাল ১৬ সোলঞী আগস্ত
শ্রীরাধাকান্ত বরাট—

॥ ৫৭৭ ॥

একরারপত্র (সন ১২২৮ সাল) প ১

মহামহিম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীগৌর পরাজী—

কস্য একরারপত্র মিদং কার্য্যানঞ্চ আগে আমি আপনকার স্থানে এক কেত্তা তমসুক দিয়া ১৫পোনের টাকা কর্জ্জ লইলাম ইহার সুদ তমসুকে কুমপানী দস্তুর লিখিয়া দিলাম এ কারন

শ্রীগৌর পরাজী সাং সুরুলি

বাহির একরার করিতেছী দরমাহা কিঃ তঙ্কে প্রিতি ৫ এক পাই করিয়া সুদ দিয়া মেয়াদ মাফীক তঙ্কায় পরিশোধ করিব এতদথে একরারপত্র দিল ইতি সন ১২২৮ সাল তারিখ—১১ আশ্বীন—

ইসাদী

শ্রীঅদ্বীত ধোবা	মানিক দৌ	সম্ভু বরাই
সাং সুরুলী	সাং সুরুল	সাং সুরুল

॥ ৫৭৮ ॥

একরারপত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরিব—

শ্রীসেখ লাল মাহাম্মদ সাং বিজকুলা

শ্রীহরি

মহামহিম শ্রীযুৎ আসানন্দ সরকার
মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীসেখ লাল মাহাম্মদ কষ্য একরারপত্র মিদং কাজানঞ্চ আগে আমী আপনকার স্থানে এক কীত্তা তমসুক দীআ ১০১ এক সও এক টাকা কর্জ্য লইলাম তাহাতে সদর হার মুয়তে সুদ লিখিয়া দীলাম ঐক্ষান একরার করিতেছী কি সদে ১৷৷০ ডেড় টাকা করিয়া সুদ দিব এতদথে একরারপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২২৮ সাল তা—১৪ কাত্তিক—

ইসাদ—

॥ ৫৭৯ ॥

একরারনামা (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

শ্রীবক্রনাথ মেইতর সাং বুরুলী

মহামহিম শ্রীযুৎ নফরচন্দ্র মেইতর ও শ্রীযুৎ সোনাতন মেহতর
ও শ্রীনারায়ন মেইতর বরাবরেষু—
লিখিতং শ্রীবক্রনাথ মেইতর—
কষ্য একরারপত্র মিদং কাজানঞ্চাগে কুটী বুরুলীতে শ্রীযুৎ বাবু
আসানন্দ সরকার মহাসএর গড়া ধোলাএর মেইতরি কার্য্য
মোকরোর ছিলাম আখেরিতে হিসাব করিতে মবলগে ১৪ চদ্দ টাকা দেনা হইলাম তাহার অন্দরে ৭ সাত তঙ্কা আমী দেনা হইলাম ...সাত টাকা নাগাইদ সন ১২২৯ সালের শ্রাবন গড়া কাচিয়া পরিশোধ করিব সেওাই বাকি টাকা তোমারা তিন হিশ্যায় পরিসোধ করিবে এতদথে একরারনামাপত্র দিলা ইতি সন ১২২৮ সাল তা—২ পৌষ—

[খ— ইসাদী—

শ্রীপ্রশাদ ধোবা	শ্রীমুকলাল ধোবা	শ্রীকাকিমত খা
সাং অমরপুর	সাং মুরুন্ডা	সাং মেটালা

॥ ৫৮০ ॥

কোবালাপত্র (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীহরির

শ্রীচাদ খাঁ
সাং সনসত
॥ সহি

ইআদীকীর্দ্দ সকল মঙ্গলালও খরিদীগী মিরজ্জা হোহরাপ ওলদে মিরজ্জ মাহাম্মদ রোষম—

খরিদীগীদাদে লিখিতং শ্রীচাদ খাঁ ওলদে বাহারাম খাঁ—

কস্য গাছ বিক্রীকোওাআলাপত্র মিদং কাজ্জনক্ষী আগে পরগনে বারবক সীহ মোজে ডোমনপুরে আমার ইঙ্কপারজীত কাটান গাছ ১ একটী ধনা ডোমের বাটীর দখিন মারুপ সেখ বাটীর পছিম ইহার ও আজ্ঞি বিঃ মুল্ল ১৵ এক টাকা দুই আনা সহিসীকা আপনকারও থানে দস্তবদস্ত নগদ লইআ আপন দস্ত কবজে আনীআ ভবরুপে লইআ এই গাছ আপনকাকে জড়খরিদ বিক্রী করিলাম আপনে পুত্রপত্রআদক্রমে পরম মুখে ভোগ দখল করিবেন আমী আপন সত্তা ভেআগ করিলাম আপনে দান বিক্রী আদীর ওধীকারি আমী কীম্বা আমার ওআরিষ কশ্মসিন কালকলাও দাওআ করি কীম্বা করে সে বাতীল ও নামনযুর ইতদথে আপন খুসীতে গাছ জড়খরিদিগী কোআলাপত্র লিখিআ দীলাম ইতী সন ১২২৮ সাল তারিখ—২৫ জেষ্টী—

ইসাদ—

শ্রীমিজ্জা আমীরদ্দী	শ্রীমিজ্জা ওছমান	শ্রীসখাওদ্দী চৌধুরি
সাং সনসত	সাং সনসত	সাং সনসত

... ...

খজানা আমরা

... ...

TREASURY

[খ ২৯০৩ নং বিক্রী মোং মুরুলি সন ১৮২১ সাল ২১ একুমা আপরেল শ্রীরাধাকান্ত বরাট

॥ ৫৮১ ॥

দানপত্র (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীহরি

মুভাসিব্বাদ শ্রীযুত পতিতপাবন মুখোপাধ্যায় বরাবরেষু—
লিখিতং শ্রীভগবতি দেব্যা—
কস্য দানপত্র মিদং লিখনং কাজ্যানঞ্চ আগে পরগনে বারবক সিংহ সাঃ জগন্নাথ বাটিতে আমার স্বামী ৺ভৈরব বন্দোপাধ্যায়এর নামে ব্রহ্মত্তর সালিজমা ৫ পাচ বিঘা য়াছে আমার স্বামী ৺প্রাপ্তী হইয়াছে আমি আপন স্বামীর স্বর্গাথে তোমাকে ঐ জমি দান করিলাম আপুনি ইহার দান বিক্রয়ের সত্তারিকারি তুই হইলেন পুত্রপোত্রাদীক্রেমে জমী আব্বাদ তরুত্বদ করিয়া ভোগ তরুহপাত করিবে এতদথে দানপত্র দিল ইতি তারিখ সন ১২২৮ সাল— ১২ আসাড়—

॥ ৫৮২ ॥

পত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

আজ্ঞাকারি শ্রীঅনন্তরাম দেবসম্মন বিনয়পুর্ব্বক নিবেদনঞ্চ আগে মহাসএর রাজ্যরাজ্যোন্নতি শ্রীশ্রী৺স্থানে সদা সব্বদা প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ বিসেষ মোজে মনহরপুরের খাজানা জে মযুত হইল তাহা পাঠাই চালান দিষ্টি করিয়া লইবেন বেলকিস্তির বাকী খাজানা কল্য তক যুমার করিয়া পাঠাইব সাবিককিস্তির সমেত দাখিলা পাঠাইতে আজ্ঞা হইবেক আর পুর্ব্বে মহাসয়কে জে বিসয় লিখিয়াছি তাহার বিস্তারিত সমাচার লিখিতে আজ্ঞা হইবেক ইহার নিবেদন করিলাম ইতি সন ১২২৮ সাল তারিখ— ১২ আসাড়—

॥ ৫৮৩ ॥

মালজামিনপত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি—

মহামহিম শ্রীযুৎ প্রেনকৃষ্ণ সরকার মহাসয় বরাবরেষু।—
লিখিতং শ্রীঅনন্তরাম দেবসম্মন—
কস্য মালজামিনপত্র মিদং লিখনং কাষ্যনঞ্চ পরগনে বারবক সিংহ মোজে সেহ্বান্দি সন ১২২৮ সাল সাকিম মোনহরপুরের শ্রীহরিপ্রসাদ সরকারকে এক

সন করারে দিলেন গ্রাম ময়ুকুরের ভোল জমা মায় সরঞ্জামি ১১১৭৷৷৵০ এপায় সও টাকা মাফিক কিস্তিবন্দী সরবরাহ করিবেন কিম্বা মাল··· বেবাক আদায় না হইলে জদপি কোন মাবুতি ডহরুপাত করিয়া গরহাজির হন তবে আমি সার্ব্বক প্রকারের ইজারার লোকসানের দিসা করিব এতদর্থে আপন খুসিতে মালজামিনতিপত্র লিখিয়া দিল ইতি সন ১২২৮ সাল তারিখ— ১৮ আসাড়—

সেবক শ্রী···

সেবক শ্রীকেনারাম দেবসর্ম্মন দণ্ডবৎ প্রণামা নিবেদনঞ্চ আগে মহাসএর এজবার— মহামহিম শ্রীযুত শ্রীনিবাস সরকার—

॥ ৫৮৪ ॥

কর্জ্জপত্র (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি—

ইয়াদিকির্দ্দ সাধু—

শ্রীঅনন্তরাম দেবসন্মন সুচরিতেষু।—

খাতক শ্রীভক্তরাম দত্ত কষ্য কর্জ্জপত্র মিদং সন ১২২৮ সাল আগে লিখনং কায্যনঞ্চ আগে আমিহ আপনকার স্থানে ওঁচটং সিক্কা ৮৯ উনননব্বই টাকা কর্জ্জ লইলাম ইহার সুদ মোওা কি তঙ্কে প্রতি ধান্য করারি ৵ দুই আনা গুড় করারি ৶ তিন আনা করিয়া দিব সোধের ওয়াদা মাহা পোসে মহাজনি দরদস্তারে আটার আনি মুক্তে ৬১ একসট্টি টাকার ধান্য দিব মাহা চৈত্রিতে ২৮ আটাস টাকা গুড় দিআ পরিসোধ করিব এতদর্থে খতপত্র লিখিয়া দিলাম ইতি তারিখ ১৮ আসাড়—

মহামহিম শ্রীযুৎ শ্রীযুনিবাস সরকার মহা—

॥ ৫৮৫ ॥

ব্যবসা সংক্রান্ত পত্র (সন ১২২৮ সাল) প ১

৮৭শ্রীশ্রীহরিঃ।—

মহাশয়—

অবস্থাপোষ্ঠ শ্রীভোলানাথ দাষষ্য—

পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে বাবুজী ভায়ার স্ত্রীর রাজলক্ষ্মী নিরন্তো শ্রী৺স্থানে প্রার্থনা করিতেছী তাহাতে অত্র মঙ্গল বিশেষঃ আনেক দিবশ হইল নিজ মঙ্গলাদী পাই নাই শ্রীযুৎ শীংহর পত্রে মঙ্গলাদী পাইয়া স্ত্রীর আছি

অতএব নিজ মজকুরী বিস্তারিত লিখিয়া চিত্তের পরিতোষ করিতে অবধ্য হইবেক পরে এখানকার সমাচার বাজার বড়ই মন্দা অদ্যপী কাহার জাহাজ তুনি আইশে নাই আশীবার শোরত মাত্র আছে মারাকার জাহাজ দুই চারি খান আশীয়াছে এবং আশীতেছে শে আমাদির্গের কায্যকারক নহে গড়া লইতেছে কীন্তু দর হয় না বাজার ৮০।৮১ তঙ্কা ইহার বেশী আর হয় না বাজার এই প্রকার আপনকার গড়া এবং আমাদির্গের গড়া আমারা দুই জনাতে একজোগে বিক্রী করিতেছী অদ্যপী কোথাও চেষ্টা পাইয়া বিক্রীর ঠিকানা করিএ এবং নমুনা দিয়া দর করি তাহার মর্দ্ধে শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশয় তাহার উপর পুনুরায় নমুনা দিয়া না২ মত ভজকট করিয়া দর ভাঙ্গা নতুবা সওদা ভাঙ্গে এ বড় কাপড় বিক্রীর আপদ হইয়াছে আমাদির্গের কর্ম্ম জে প্রতুল মত হয় এমত ইহার বাশনা নাই কী করি আপনকারদির্গে লিখিতে হয় ঘরে ২ এখানকার কর্ম্ম এ প্রকার হইলে কীরুপ চলে এখানকার কার্য্য সকলই একমত না হইলে আপনকারদির্গের লোকসান হয় কী করি আমরা অর্পভারি শ্রীযুৎ বন্দপাধ্যায় অনেক দিবশ হইতে এখানে আছেন এজন্নে পৃবিনতা হইয়াছেন এমতে অবিজ্ঞা করেন অতএব আপনকাদির্গের পুর্ন্ন প্রতাপে কর্ম্ম চলে কাহাও হইতে কীছু হয় না কেবল পরিচয় মাত্র কাপড় জে তৈয়ারি মযুদ হইয়াছে তাহা চালান করিবেন আর এখানকার সমাচার জখন জেমত প্রকার হইবেক তৎক্ষনাত বিস্তারিত নিবেদন লিখীব আমার বাটীর ছওলরা আছেন তওতল্লাষ হামেশা করিবেন আপনকার ভার সকল অধিক পত্রে কী নিবেদন জানাইব আমি কাইক ভাল আছী তথাকার মজকুরী লিখীতে অবধান হইবেক ইহা নিবেদন ইতি সন ১২২৮ সাল তারিখ ১ অগ্রহায়ন—শুক্রবার—

॥ ৫৮৬ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীকৃষ্ণঃ।—

সরন।—

শুভানুধ্যাই শ্রীপতিনাথ দেবশর্ম্মণঃ।—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ বিশেষঃ। আপনকার পত্র পাইয়া সমাচার জাত্তো হইয়াছি শ্রীযুৎ গোপাল চট্টোপাধ্যায় ও শ্রীযুৎ রাজচন্দ্র ঘোষ মারফত জে চিনি পাঠাইয়াছিলেন তাহা শুভকল্য সন্ধ্যার সময়ে বালির খালে পোহছিয়াছে আমি বালির খাল পর্জ্জন্ত পীয়াছিলাম কীন্তিতে জে মাল বোঝাই

দিয়াছেন বড়ই দাবি বোঝাই এ সময়ের ভারি বোঝাই কর্ত্তব্য নহে আদৌ পথে চড়া হইয়াছে এবং তুফান অতিশয় নৌকা পোঁছিতে গৌনপক্ষ তাহার কারন এই এ কারন দোষরা নৌকার মাল উত্তর করিয়া পরিমীঠের ঘাটে আনিব আগতকল্য নৌকা সমেৎ বালির খালে গীয়া উত্তর করিয়া আনিব বাবাজীএর পুত্ত জতেষ্ট ইহাতেই জানিলাম এমত ওয়য়াস···বোঝাই আর না দেন সে জেহক চিনির দর অদ্য কথামাত্রা হইয়াছে ৮।/৮।৴ হর্দ্দ বোষজার সহিত কনভাসি হইয়াছে কীন্তু রফা হয় নাই আগতকল্য রফা করিয়া বেওরা সমাচার লিখিব ৮৸ টাকা খারা নগদ হইলেই ছাড়িয়া দিব বাজার বত্তমান দরে কোনমতে লোকসান হইবেক না জানিবেন আর ২ সমাচার পশ্চাৎ লিখিব ইতি সন ১২২৮।—২৫ জৈষ্ঠী—বুধবার-

॥ ৫৮৭ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা —

সরন।—

শুভাশূধ্যাই শ্রীপতিনাথ দেবশর্ম্মণ: —

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে বাবাজীএর মহদৈশ্বর্য্য ধর্য্য নিরন্ত শ্রীশ্রী৺স্থানে প্রার্থনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিশেষ:॥ বাবাজীএর পত্র পাইয়া সমাচার জাতো হইয়াছি এখানকার সমাচার ২৩ আশাড়ের নিবেদনপত্রে অগোচর আছেন শেষ চালানি চিনি ৭৭ বস্তা শ্রীযুৎ বোষজাকে অনেক প্রাআশে পতান চিনি বিক্রির পূর্ব্বে তিন দিন উজনের পর চারি পাচ শাত দিন সাবকাষ ছিল না পরিমীটের আড়তদার না থাকতে পরিমীটের কর্ম্ম করিতে হইতেছে পরিমীট খিরকীচ বিশেষ: চিনির বিশয় এ ঝোক আর কেহো সরনা যুতব... অনবকাশে এবং সিবনাথ শীংহ ভায়াকে কহিয়া জাই সরেওয়ার সমাচার বাবাজীকে লিখিবে কহিয়া কাজ্জে গেলাম চিনি বিক্রীর এবং আর ২ সমাচার শীংহজী ঐ ২৩ রোজ লিখিয়াছিলেন তাহাতে আমার নামটা দিলেই ছিল ভাল তাহা না দিলে খালি আপনার নামে লিখিয়েছেন তাহার খেতি নাই কোন প্রকার এখানকার সমাচার পায়া আর কাজ্জে হরকতি না হয় কীন্তু আগে কাজ খাড়া করা পশ্চাৎ লেখাপড়া তাহা বাবাজী সকল জাত্তো আছেন যে দষ জন লোককে পরবষ করিতেছেন ৺তেমতি মতি বুদ্ধি আপনকাকে লোকের রিত ভীত সকল অগোচর আছে তত্রাপী লিখি আমারা ব্রাহ্মণ: তাহাতে বয়বাহুল্য তাহাতে চিরদিন প্রতি পালন হইতেছি বিশেষে শ্রীমন্ত লোক আমা হইতে প্রাণ গেলে অন্তরত হইতে

পারিবেক না এবং কখন হয় নাই অতএব আমা প্রতি বাবাজী অন্নমত ভাবিবেন না আমি আপনার বিশয় লিখিলাম কীছু সাপরাদি হইয়া লিখিলাম তাহা নহে আর এখানে মোকরোর থাকীবার কারন তাহা জানিবেন না এখানে প্রতি পালন হইতে ছিলাম এখানে না হইলে নিকট রাখিয়া প্রতিপালন করতে হইবেক তাহাতে নিশ্চন্দে থাকীবেন না তোমাদ্দে'র পূর্ব্বাপর ব্রাহ্ম'ণ প্রতিপালন করিয়ে স্বভাব আছে তাহা কী ত্যাগ করিতে পারিবেন আবষ্যক প্রতিপালন করিতেছন করিবেন শো জেমত করেন এখানে এক্কেনে গড়ার বাজার খরিদার হইতেছে কীন্তু ৺বৃষ্টি না হয়াতে গড়া খোলাই হইল না ইহাতে কর্ম্ম খেতি দর্শীতেছে চিনি...কর্ম্মে কুল দেখে না গড়া কার্য্য খিরকীচের নিমিত্তে বাবাজী ..আতমবরি করেন লোক প্রতিপালন আর জথা লাভ কীন্তু গড়ার কার্য্য আপনকারদিগোর বুনেদী কর্ম্ম ইহাতে মোনজোগ করিবেন আর কথক চিনি শেখানে এখানে মযুদ শ্রীযুৎ দুর্গাপ্রশাদ ঘোষজায় একখান মেরেকীন জাহাজ আশীতেছে আর খানেক কারনের খবর আছে এই জাহাজ পোহছিলে সমাচার লিখিব তবে শেখানকার চিনি পাঠাবেন আর গালার বিশয় একজায়গার কথা আছে তাহার শেষ করিয়া পশ্চাৎ সমাচার লিখিতেছি আর জলগোলা রঙ্গবটীর কীঞ্চীত নমূনা পাঠাই এ রঙ্গ শেখানে কী দর তৈয়ার হয় তাহা জানিয়া সমাচার লিখিবেন এখানে মেকীনটীন শাহেব ২৫০ সও মোন লইবেন শেখানে আমার এক জানির আত্মহ লোক আছে সনর মেট তিহে ডাকীয়ে কহিলেন বাবাজীর সমাচার পাইলে তবে কথপকথন কহিয়া সমাচার লিখিব আর চিনি শেখানে কত মযুদ তাহার সমাচার লিখিবেন চিনি বিক্রীর বিশয় চলত বাজার নহে বত্তমান বাজার জে সামিগ্রীর তাহাতে কমবেষ বিক্রি সকলেই হইতে চলে অপ্পষ্ট বাজার হইতে কীছু বাকা বায় চাহি নতুবা লোকসান শে জেহকু বাবাজী জেমত ভাবুন অধর্ম্ম আচরন লোকসান কোনমতে দেখিতে পারিবে নাই পারিব না গ্রাম ঘরের ভাগ্যবন্তলোক তোমারা ৺প্রতুল রাখিলেই এক মুষ্টি লইয়া খাইতে পারিব এই এরেদীতে কোন প্রকার খাবারি কী লোকসান হয় এমত অন্তক্করন হয় না জানিবেন বাবাজী প্রতিপালক আমারা প্রতিপাল্য তোমারা হিন্দু বড় তোমাদ্দে'র ঘরের গরু কসাইয়ের হাথে না প[ড়ে] ... আশীর্ব্বাদক আর প্রাণতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার ভায়া বাবুজীদিগ্য ৺পুষ্পায়ত্তে একটা ফুল দিয়ে থাকী আর দিতেছী এবং দিব তাঁহারা দীর্ঘজীবি থাকীলে আমাদ্দে'র অন্নের ভাব্য নাই এখানে আমি সারিরিক ভালো আতি বাবাজী সকলের কুশলাদি লিখিবেন চিনির টাকা মযুদ রাখা গেল বরাতি পোহছিলে টাকা দেওয়া জাইবেক ইতি সন ১২২৮ ।— ২৯ আশাঢ়—

॥ ৫৮৮ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণ: ।—

সন ১২২৮ ।—

শুভানুধ্যাই শ্রীপত্তিনাথ দেবশর্ম্মণ:—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীষাং রাষয়োসন্ন নিবেদনঞ্চা বিশেষ: । এখানকার সমাচার ১৬ শ্রাবনে ডাকজোগে নিবেদনপত্র লিখিয়াছি তাহাতে গোচর হইয়াছেন পরন্ত বাবাজীয়ের ১৫ রোজে আজ্ঞাপত্র ১৭ রোজে পাইয়া সমাচার জ্ঞাতো হইয়াছি বাবাজী পূর্ব্ব এক আজ্ঞাপত্র লিখিয়াছিলেন জে ৩০০০ হাজার টাকার বরাতি পাঠাইলাম এ বরাতির টাকা দিয়া আর হাজার টাকার নোট এখানে পাঠাইবেন এ চীটী পাইয়া টাকার চেষ্টিত জেখানে পাওনা আছে তাহার তাগাদা আর জদ্যপী হাওলাত মিলে তাহার চেষ্টা তাহার মধ্যে চিনি বিক্রীর অন্দরে ১২৫ বস্তা আগেকার চালানির টাকা পাইলাম তাহাতে কম বেষ ২১০০ টাকা অপনকার হিশাবে আর গড়া বিক্রীর টাকা পাঠাইতে পারিলাম না ইহাদিগ্যে তিন হাজার টাকা দিতে হইল টাকা জোটান চাহি তাহাতে ব্যস্ত আর কলিকাত্তায় জে তাগাদি টাকার খেচ জে টাকার ব্যাজ পাচ টাক ছয় টাকা হোষওয়ালার ছিল সে ব্যাজ এককালিন ১০ দষ টাকা হইল কেবল টা[কা]র খিচে আপনাদ্দের এখানে সরাপা নাই সারাপের সহিত খাতা থাকীলে দেনা লেনা চলে জদ্যপী হাজার দুই টাকার দরকার পড়ে তবে আত্মহস্থান ব্যতিত অন্য জাইতে পারিয়ে চাহিলেই পাই এমতি জায়গায় জায়া সেষকার ঘরে টাকায় খিচ টাকার চেষ্টিতেই ছিলাম এবং আজি টাকার ঠিকানা করিয়া বাবাজীর পত্রের জবাব লিখিব পরহস্ত কর্ম্ম আমাবে আজীকালি লিখব মতলব এই বাবাজী ১৫ শ্রাবনে নিজ সাক্ষরে জে আজ্ঞাপত্র লিখিয়েছেন কীছু রাগাসক্ত বোধ হইল কারন টাকার সাইত করিয়া পাঠাইয়েতে পারিয়ে নাই এ নিমিত্ত্রে বেজার হইয়াছেন বাবাজী বিবেচক পরহস্ত জে কর্ম্ম তাহার নিমিত্ত্রে না হইবেক সেটা কেবল হিল্লা মাত্র আর কোন য়ং[শে] আমার ক্রটী থাকীবেক কীম্বা কলিকাত্তায় কর্ম্মের অক্ষেমতা ঠাহরিয়ে থাকীবেন তাহাতে আমার খেতি নাই কলিকাত্তায় রাখিয়ে প্রতিপালন করিতেছিলেন না হয় সেইখানে বশীয়া তনখায় সবরূপ লইব বাবাজীকে দিতে হইবেক কমবেষ শোল বৎসর কাটাইলাম সম্প্রে চরন করিয়া বিস খাপ পছেন্দ হয় না কলিকাত্তায় থাকীয়া কাজ্জের জখম আর সর্ব্বদা দুর্ভাবনা আর মিহনত ইহাতে ৺পূজা অন্তে ব্যস্ত হইয়া একটা ফুল দিতে হয় শেখানে থাকীলে নিত্যো জানে ৺পুজাপূর্ব্বক পরি-চর্য্যারূপ আশীর্ব্বাদ করিয়া প্রতিপালন হইব বাবাজী অবধ করেন আর লইবার

স্থান হইয়াছে প্রানতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার তার দীর্ঘজীবি হকু তাহার কোমর ধরিয়া মাশ ২ তনখা লইব আমিহ কেবল চাকুরি করিতে মতলব করিয়া এখানে থাকা নহে তৎ উপযুক্ত করিলে বাবাজীর পায় তনখা লইতে হইবেনা আমার অন্তক্রন গ্রামের বাসিন্দা বুনেদিলোক বহু বিরিজীত এখানে কোন মতে ইহাদিগার মোনে থাকীলেই সম্ভ্রম বহাল রাখিয়া ব্রাহ্মনের পেট ··· ই বস আছি এই প্রকরনে এ নাগদী কাটাইয়াছি এখানে বড় ২ লোকের কাছে প্রকাষ আছে শ্রীযুৎ সরকার মহাশয়দিগ্যের গোমস্তার নায়েবলোক নহেন নিজের লোক বাবাজীর অলপ বয়েশের কালে শ্রীযুৎ মুখোপাধ্যায়ের সহিত...... জে বড় ৺ধর্ম্মাত্মার পুত্র ইহাকে শ্রীশ্রী৺চিরজীবি করুন ইহার বয়েসকালিন আমাদ্দে'র আশ্চএর স্থান ছেলার মধ্যে তখন হইতে নজর টীকী আছে শেই অবধি আশীর্ব্বাদক তুমি ছেলাতুল্য অধিকার আপনি বেজার হইলে ধত্তব্য করিয়ে না সে চাকুরির খোশামুদিতে তাহা অন্তক্রন করিবেন না জাতি ব্রাহ্মণ উদারনোর নিমিত্তে ল্যালাইত নহেন কান্দে ঝুলি করিয়া ভিক্ষা করিতে প্রতিপন্ন আর ক্রোবেরে... বিছানাতে বশীতেও প্রস্তুত তন্নিমিত্তে বাথিত নহি কীন্তু বাবাজী কলিকাতায় গোমস্তা কাখে মোকরোর করেন তাহা দেখিয়া কলিকাত্তার কর্ম্ম মাথায় তুলিয়া নিকট হাজীর হইবগা বাবাজীর কর্ম্ম সকলে আগে প্রানপন চেষ্টায় কোন কারকীত নাই অকাপট্টমতে কর্ম্ম করিয়া আশীতেছী করিব ইহাতে বাবাজী বিহিত বিবেচনা করিয়া দেখিবেন গ্রামের মন্দ আর মানুশের স্বভাব ধর্ম্মাধর্ম্ম পরজীকী কর্ম্মে না লায়েক জে দষজনকে প্রতিপালন করে তাহাকে উচিত মনিস্যের পরখ সদত পরত করিতে হয় আমার অন্তক্রন সর্ব্বদা তোমাতে বৈরিক্তি নাই বাবাজী এমত মত লিখিয়া কেবল আমার অন্তক্রেন ক্ষুন্য ও হয়া শে জেহকু ব্যবসা বানির্য্য দেস বিদেশে করা কেবল কীছু লাভের নিমিত্তে ইহাতে ওতলা হয়া কেবল লাভাংশের হানি আদৌ কলিকাত্তার বাজারের বদগতিক ব্যবশা বানির্য্য নাই জে ব্যবশা করিতেছ কীছুতেও শুখ নাই আর দিন ২ খরচপত্র বাড়ীতেছে সওদা দিয়া টাকা পায় না মুৎশুদ্দির বাক্যের স্থির নাই বাবাজী বিবেচনাপুর্ব্বক কাজ্জ' করিতেছেন করিবেন এখানে রাখেন না রাখেন লোকসানে বড় লাগে জানিবেন বাবাজী বিবেচনা করিয়া দেখিবেন ডোঙ্গা জান্যা ডিঙ্গী নদী আর কারনে পারওত্তার চলে সমুদ্র বিশেষ হইলে কেনারা ২ ফেরে ভারি জারগায় জাইতে পারে না জদ্যপী পোহুছে তুফানে টল ২ নাকানি চুবনি খাইয়া প্রান লইয়া পালাইয়া আইশে কার্জ্জ কোথায় থাকে এইরুপ জানিবেন শ্রীযুৎ কত্তা সরকার মহাশএর নামের পশ্চাৎ বাবাজীর নামের টল দিয়ে ২ আশীয়া থাকে জদ্যপী

জানেন নামের গুন তবে শ্রীযুৎ নিমাই চক্রবর্ত্তি নামসংকৃত্য করেন আর মধুর দাষ নাম করেন তবে দুই চাহি এ নাগাদী বাবাজী আমি এমত আত্মপৌরষ লিখিবে নাই বাবাজী এ পৌরষ জানিবেন না স্বরুপ লিখিলাম ভজবিজ করিলে লাভালাভের কম বেষ আছে জানিবেন আর ২ সমাচার ক্রোরোর পত্রে গুগোচর হইবেন বাটীর মঙ্গলাদি লিখিবেন নিবেদন ইতি - ১৮ শ্রাবন - বুধবার—

। ৫৮৯ ।

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

শ্রীশ্রীকৃষ্ণঃ । -

শুভানুধ্যাই শ্রীপতিনাথ দেবশর্ম্মণ । -

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ বিশেষঃ।। আপনকার পত্র পাইয়া সমাচার জাভো আছি এখানকার সমাচার পূর্ব্ব পত্রে গুগোচর আছেন টাকার বিশয় লিখিয়াছিলেন তাহার চেষ্টিত আছি ৺দেবতা পুর্ব্বে বৃষ্টী না হওয়াতে এ সহরের লোক কাজ বন্ধ করিয়াছিলেন একেনে ১১ তারিখে অবধি মুন্দর বৃষ্টি হইয়াছে সকলে আসিয়াছে তাহার তদবিরে আছি আর শ্রীযুৎ আনন্দ রায়ের বরাতি তিন হাজার টাকা দিয়াছি আর জে চিনি শ্রীযুৎ রাজচন্দ্র ঘোষ মারফত পাঠায়াছিলেন তাহা পরিমাটে দাখিল হইয়াছে আর একখান মেরেকীন জাহাজ আশীয়াছে শেখানে চিনির নমুনা দেখাইয়াছি জে হয় পশ্চাৎ লিখিতেছি আর শ্রীযুৎ দেবিচরন সরকার মহাশএর একখান জাহাজ ফিরিঙ্গীর আশীয়াছে কাপড় খরিদী করিবেন ফিরিঙ্গী জাহাজ আর খানেক দুইখান আইলে কবুল হইতে পারিবেক বাবাজী বিবেচক শেখানকার কার্য্য বিবেচনামতে করিতেছেন করিবেন বাটীর মঙ্গলাদি লিখিবেন আর ২ সমাচার শ্রীযুৎ শীংহ ভায়ার পত্রে গুগোচর হইবেন এক সমাচার দুই পত্রে বাহুল্য লেখনের তাৎপর্য্য নাই অতএব সংক্ষেপে নিবেদন জানাইলাম ইতি সন ১২২৮।০ ১৬ শ্রাবন—

[খ— পুন শেখান বৃষ্টী কীরুপ চালের কর্ম্ম আর গড়া ধোলাইয়ের কীরুপ হইতেছে সমাচার লিখিবেন আর প্রানতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার ভায়া সারিরিক কেমত আছেন সমাচার লিখিবেন আর শেখানে চিনি কীছু মযুদ আছে কিনা সকল বেওরা আর চিনির বাজার কেমন তাহা লিখিবেন বাবাজী সারিরিক সাবধানপূর্ব্বক থাকীবেন বাবাজী ভাল থাকিলেই আমাদের মঙ্গল ৺তারার সর্ব্বদা প্রার্থনীয় তব মঙ্গল জানিবেন—

পরম কল্যানবর -
শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার বাবাজী মহাশয় পরম কল্যানস্পদেষু -
মোং - ওকুলের কুটীতে দেনা -
পৈ৪।।৩

॥ ৫৯০ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১
৭শ্রীশ্রীকৃষ্ণঃ ।—
সরন ।—

শুভানুধ্যাই শ্রীপতিনাথ দেবসর্ম্মণঃ চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ বিশেষঃ ॥ আপনকার ৩১ আশ্বীনের আজ্ঞাপত্র ২ কাত্তিকে পাইয়া সবিশেষ সমাচার জ্ঞাতো হইলাম এখানকার সমাচার পুর্ব্ব ২ তারিখে দুই পত্র লিখিয়া ছিলাম তাহার জবার কীছু লেখেন নাই এই কারন আর পত্রাদি লিখিতে না পারিয়া ভাবিতছিলাম এবং আছি বাবাজীর কাছে কী প্রকার ক্রটি হইল অদ্যাপী ঠাহরিতে পারিয়ে নাই তাহাতে মোনস্থির নাই আর বাবাজী আমাকে একপত্র পুর্ব্ব লিখিয়াছিলেন জে কার্জ্জ প্রার্থক্য করা গেল জনাজাত এক ২ মহুরির দেওয়া গেল তুমি জেমত মোক্তার কর্ম্মকর্ত্তা আছই তাহাই থাকীলে তৎপরে কাপড় পোহছিল এবং পরিমীট আদি খালাষ শে মিহনত করা গেল কাজ্জকালিন বাবাজী ঘনাক্ষরে আর পত্রাদি কোন মংশে লিখিলেন না অতএব ইহাতে জানিলাম পুর্ব্বে জে পত্র আমাকে লিখিয়া ছিলেন সে কেবল ব্রাহ্ম'মর্জ্যাদা নিরোপরাধি কোনমতে মোনক্ষুন্ন না হয়েন বাবাজী আমাকে কোনমত লিখুন না লেখুন তাহাতে অন্যমত আমা হইতে কী প্রকার হইতে পারিবেক আদৌ ব্রাহ্মণ সরির তাহাতে পঞ্চাষ উর্দ্ধ পাচটা দিগদর্শন গোচর আছে বয় বাহুল্য হইলেই বহুদর্শীয় হইতে হয় ইহাতে ধর্ম্মাধর্ম্ম বিবেচনা জাহার মোনে থাকে তাহা হইতে কাহোর খেতি হয় তাহাতে বাবাজী প্রতিপালক আ[মি প্রতি]পাল্য আমার নজরে খেতি দোষ হইতে পারিবেক না তবে [বাবা]জীর নিজের আত্মহত্তা কর্ম্মকর্ত্তা আপনকার লেখনানুসারে কর্ম্ম করিবেন অন্তশারের খবরদারি আমা হইতে কী প্রকার হইবেক তবে উপর ২ ... ... সমুদায় কর্ম্ম জানিতে পাইব না শুভজ অজ হইতে হইবেক বাবাজী সিত্ত প্রামানিক বড়লোকের সন্তান বিবেচক আর অনেক দ্রব্যে পরখ জাঁন মানুশের পরখ আমার মোনে ছিল জানেন

কাজ দ্বারায় বোধ হইতে চলিল বড় পরিপক্ক হয় নাই কীন্তু কালে হইবেক সে জে হকু শ্রীযুৎ মুখোপাধ্যায় মহাশয় প্রার্থক্য কাজ দৈবেই হইল তত্রাপী আমাকে দুই এক পত্রেতে লেখেন জে প্রানতুল্য শ্রীযুৎ সরকার ভায়ার আলাদা কর্ম্ম হইল বলিয়া আপনি ভাটীর কার্য্যে তাচ্ছল্য করিবে না হামেসা নজর রাখিবেন কোনমতে ভাটীর লোকসান না হয় আর বিশ্বাষ কাহাকেও করিবে না শেখানে জে জেমত লোক জাহা হইতে জেমত কার্য্য হয় তাহা আমি জানি তায়া বড় জ্ঞাতো নহেন অতএব ভাটীর কার্য্যে'র উদ্ধার করিয়া পশ্চাৎ আমার কার্য্য প্রায় লিখিয়া থাকেন লোকের লস্কর ভাবে লেখেন জানা গেল মুখোপাধ্যায়ের জেমত স্বভাব তাহার মতে কাল নহে তাহা বাবাজী সকল জ্ঞাতো আছহ আমার লিখনাধিক এখানকার বাজারের গতিক বড় ভাল নাই বিবেচনা করিবেন আর বাবাজীর আদ্য নিবাংশী আমিহইএ তজবিজ নাই জানিবেন প্রানতুল্য শ্রীযুৎ অক্ষয়রাম সরকার ভায়ারদিগ্যের মঙ্গলাদি হামেশা লিখিবেন আমি তাহাদ্দে'র আশীর্ব্বাদ রাখিবেন বিস্তারিত সমাচার সীংহের পত্রে তগোচর হইতেছেন হইবেন ইতি সন ১২২৮ সাল— ২ আশ্বীন রাত্রী—

।। ৫৯১ ।।

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ—

স্মরনং—

আজ্ঞাকারি প্রীতিপাত্র্য শ্রীসিবনাথ সীংহস্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চঃ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন আজ্ঞাপত্র পাইআ সমাচার জ্ঞাতো হইআছী শ্রীযুৎ মে ইষপাই সাহেবের বাটীতে পূর্ব্বে জে গড়া বিক্রী হইআছীল তাহার মধ্যে মহাশএর ৪০ থান বিক্রী হইআছীল আর সমূদায় শ্রীযুৎ মুখোপাধ্যায় মহাশএর গড়া ঐ চল্লীষ থান গড়া বিক্রীর আর ২ রকমের টাকা মযুত ছীল অদ্য কোং বেঙ্গরনোট ১ কীতা ২৫০ দুই সও পঞ্চাষ টাকা পাঠাই নোট পোহছীলে জমা করিআ লইতে আজ্ঞা হইবেক আর মহাশএর হাল চালানী জে মধ্যম গড়া আশীআছীল তাহা শ্রীযুৎ সরকারজীর বাটীতে বেবাক থাড়া দিআছীলাম তাহাতে থাড়া সহি ৩৫৫ থান হইআছীল তাহার টাকা পূর্ব্বে পাটাইআছী শেই চালানীর মধ্যে স্বরেষগড়া ২ পাটীর কাত ১০০ থান মযুদ আছে স্বরেষ

গঁড়ার নমুনা দেওা গীআছে দরের নিকাষ হয় না খাড়া হইলে শেই সঙ্গে খাড়া দেও জাইবেক আর কোরাগড়ার কোম্পানির খাড়া বাটীতে লইবার গরজ আছে কথোক কোরা গড়া চালান করিলেন আর চিনি এক চালান চালান করিআছেন শে ভালই চিনি পোহছীলে তৎখনাত পোহছা সমাচার লিখিব আর ২ সমাচার শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশএর পত্রে অবধান হইতে আজ্ঞা হইবেক পরে নিজ বাটীর সমাচার পাইএ নাই শ্রীযুৎ বিশ্বনাথ সীহু ভায়াকে একখানি পত্র লিখিলাম অনুগ্রহপুর্ব্বক কোন লোক দারায় পত্রখানি খটঙ্গায় পাটাইতে আজ্ঞা হইবেক কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল। তাং— ৫ জৈষ্ঠী—
পুন নিবেদন কোরাগড়া বিক্রীর টাকা অদ্য কীম্বা কল্ল নাগাদী পাওা জাইবেক টাকা পাইলেই চালান করিআ দিব নিবেদন ইতি—

॥ ৫৯২ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ

শ্বরনং—

আজ্ঞাকরি প্রিতিপাল্ল শ্রীসিবনাথ সীহুষা—
সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ: আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন শ্রীযুৎ ঘোষ মারফত জে চিনি চালান করিয়াছীলেন তাহাতে কীস্তী অদ্য তারিখে মোং কলিকাতায় পরিমিটের গুদামে দাখিল হইল আর সাবেক চিনি পরিমিটের গুদাম আছে চিনি বিক্রীর গতিক হইয়াছে একখান মারিকিন জাহাজ অদ্য চারি রোজ হইল আশীআ পোহছিয়াছে চিনির নমুনা কল্য তারিখে দেওা গীআছে দরের কিছু ধজ্যো হয় নাই জে জাহাজ আশীআছে এ জাহাজে চিনি হাজার বার সত্ত মোন লইবেক কহিয়াছেন জে চিনি মযুদ আছে ইহা শীঘ্র নিকাষ হইতে পারে আর শেখানে জে চিনি মযুদ আছে তাহা অতি শীঘ্র চালান করিতে আজ্ঞা হইবেক আর চিনি খরিদী করিতে পর্য্যন্ত গতিক বুঝিয়া মহাশয়কে নিবেদন লিখিব একানে মযুদ চিনি খাড়া ২ চালান করিবেন চিনি হাজার মোন সওদা করিতে কহেন দরের বিশয় জানিআ জে হয় পর্য্যন্ত নিবেদন লিখিব আর শ্রীযুৎ দেবিচরন সরকারজীর এক ফিরিঙ্গীর জাহাজ আশীআ পোহছীআছে কাপড় এক চালান খাড়া ২ চালান করিতে আজ্ঞা হইবেক কাপড় আইলেই বিক্রী হইবেক একানে ঘাটে ফিরিঙ্গীর দুই জাহাজ আর

আশানন্দ সরকারকে লিখিত শিবনাথ সিংহের বাণিজ্য সংক্রান্ত পত্র। সন ১২২৮ বঙ্গাব্দ।

আর মারিকিন এক জাহাজ তিন জাহাজ মমুন কাপড় খাড়া ২ চালান করিবেন আর দুইখানা ফিরিঙ্গীর জাহাজের খপর আছে আশীআ পোহছীলে লিখিব আর বকয়া গড়া মহাশএর মারফার ৫২ থান মমুত আছে এক একখান গড়া বিক্রীর চেষ্টাতে আছী বিক্রী করিআ নিবেদন লিখিব আর শুনিলাম শেখানে ৺বিষ্টী ভারি হইআছে অতএব কাপড় ধোপ দাস্ত করিতে দিতে আজ্ঞা হইবেক আর শুপুরের শ্রীযুৎ বিপ্রচরন বলকে ৩০০০ তিন হাজার টাকার বরাতি দিআছীলেন শে বরাতি টাকা বেবাক দিআছেন আর ১০০০ হাজার টাকার নোট পাঠাইতে লিখিআছিলেন শ্রীযুৎ ঘোষজার পাস প্রথম রকমে জে চিনি বিক্রী হইআছীল শে রকমের ৫০০০ পাচ হাজার টাকা পাওা গীআছীল তাহার মধ্যে তিন হাজার টাকা বরাতিতে দিআছেন আর বাকী দুই হাজার টাকা শ্রীযুৎ চন্দ্র মযুকুর বরাবর চালান করিআছেন আর শেশ রকমের জে চিনি বিক্রী হইআছে তাহার টাকা পাওা জায় নাই শে টাকার তাগাদা করিতেছী দুই একে পাওা জাইবেক টাকা পাইলেই হিসাব করিআ হিসাব সোধ টাকা ও হিসাব পাঠাইব আর বকয়া কাগজ নিকাষ করিতেছী কাগজ তয়ারি করিআ পহুঁছ বেওরা নিবেদন লিখিব কর্ত্তা বাবুজী মহাসয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল তারিখ— ১৬ শ্রাবন—

॥ ৫৯৩ ॥

৭শ্রীশ্রীকৃষ্ণ—

শ্বরনং

আজ্ঞাকারি শ্রীভিপাল্ল' শ্রীসিবনাথ সীংহস্য—

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ১৯ তারিখে ও ২০ তারিখে ২ দুই দফা আজ্ঞাপত্র পাইআ সমাচার জাতো হইলাম শ্রীযুৎ চক্রবর্ত্তী ও শ্রীযুৎ চট্টোপাধ্যায় হামরাও গড়া জে চালান করিআছীলেন কাপড়ের কৌত্তী কল্ল্য তারিখে মোং কলিকাতা পোহছীআ কাপড় পরিমিটের গুদাম দাখিল হইআছে নাং মঙ্গলবার কাপড় খালাষ করিআ গুদামজাত করিব কাপড় গুদামজাত করিআ নমুনা দিআ কী দর হয় পহুঁছ বেওরা নিবেদন লিখিব মহাশয় জেমত ২ লিখিআছেন সেই মাফীক কর্ম্ম করিব আর মহাসএর কর্ম্ম আপন মগজের তার কসুর করিব না আমি আপন মতলব মতে কর্ম্ম করিব আমি খরিদজোক কোন বিশয় নেজার হইলে ভাল হয় না

পঁহু'ছ আপনাকে দাএগেস্ত হইতে হয় আমার সকল কর্ম্ম খোলশের উপর আমি কোনমতে গোলমালে জাইব না মহাশয়ের কর্ম্ম জাহাতে প্রতুলমত হয় তাহা প্রাণপনে করিব কোনমতে লোকসান হইতে দিব না আমি ইহাতে কীছু না পাই সে কবুল তথাচ মহাশএর কর্ম্ম জাহাতে শুভিতা হয় তাহা করিব তবে ৺শেহু'া আর আমা হইতে এখানকার কোন কর্ম্ম আটক থাকীবেক না মহাশয় খাতি জমাতে থাকীবেন পরে পরিমিটে ১৩৭ বস্তা চিনি ছিল তাহা কল্য তারিখে ১৩২ বস্তা গুদামজাত করিআছী ৫ পাচ বস্তা বাকী আছে অনেক বস্তা গুদামে চাপান আছে অনেকমত তলাষ করা গেল একনে মিলিল না দুই একে মাল খালাষ হইলে তলাষ করিআ গুদামে আনিব আর হালের গড়া ভাল লিখিআছেন জেমত কাপড় তদানুজায় বিক্রী করিব আর খরেষ মধ্যম তফরিক করিআ বিক্রী করিব তাহার গোলমাল হইবেক না আমার কর্ম্মে কোন গোলমাল কখন হয় নাই এবং হইবেক না মহাশয় খাতি জমাতে থাকীবেন কাপড় ও তহবিল কোন বিশয় হাল হইতে তফাত হইবেক না কাগজপত্র আলাহিদা করিব আর জাহাজ দোনি আশীআ পোহছে নাই খপর আছে আশীআ পোহছীলে নিবেদন লিখিব মারিকীন জাহাজ তিনখানা আশীআছে চিনির নমুনা দুই তিন জায়গাতে দেওা গীআছে চিনির দর ৮ আট টাকার বেশী কেহ বলে না ইহাতেই নিকাষ করা জায় নাই চিনি তিন জাহাজেই লইবেক কীন্ত দর ইহার বেশী কোনমতে বারে না লোকসান করিয়া দিতে পারা জায় না কীছু দর বেশী হয় তাহার চেষ্টাতে আছী চিনিতে অনেক বাজে খরচ হইয়াছে বকয়া কাগজপত্র বাকী টানাও করিআ তয়ারি করিআছী হালের কাগজ তয়ারি আছে কীছু অপীক্ষা আছে দুই তিন জায়গাতে হিসাব নিকাষ হয় নাই ইহাতেই অপীক্ষা আছে নিকাষ হইলেই পাচ সাত রোজ মধ্যে হালের কাগজ তয়ারি করিআ বাকী টানাও করিআ কাগজ পাঠাইব চিনির হিসাব আজী নাগাদী নিকাষ করিআ দেয় নাই রোজ ২ হিসাবের জন্যে তাগাদা করিতেছী দুই একে নিকাষ হইবেক নিকাষ হইলে কাগজ দেনাপাওনা করিআ পাঠাইব আর চিনির সওদার বিশয় লিখিআছীলেন এক্ষানে সওদা করিতে চাহে না কারন বাজারে অনেক চিনি আমদানি আশীআছে কাসীর চিনি ৯ নয় টাকা করিআ লইতেছে ইহাতে খবর আছে আমাদিগের চিনি বিক্রীর কীরুপ করা জায় তাহার অনুমতি লিখিবেন চিনি আর মযুদ থাকা ভাল হয় না আর জে জে জীনিশের বরাত আশীআছে তাহার মধ্যে প্রানাতিরেক শ্রীযুৎ অক্ষয়রাম সরকার বাবুজীর ভাইজীর কাপড় চান্দার মারফত পাঠাইব আর ২ জীনিষ চান্দার লইআ জাইবেন না ভোলানাথ মজীর মারফত

পাঠাইব আর ২ সমাচার পর্য্যন্ত বোঝদাদমতে নিবেদন লিখিব বাবুজী মহাশয় কর্ত্তা ইহা নিবেদন করিলা ইতি সন ১২২৮ সাল তাং ২৬ ভাদ্র—

।। ৫৯৪ ।।

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্মরনং—

আজ্ঞাকারি প্রিতিপাল্য শ্রীসিবনাথ শীহস্ত—

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ২৯ তারিখের আজ্ঞাপত্র পাইআ সমাচার জাতো হইলাম কাপড় জে আশীআছীল পরিমিট খালাষ করিআ গুদামজাত করিআছী আলাহিদা গুদামে কাপড় ৪৮ আটচল্লীষ থাটী লইআ রাখিআছী পড়ার নমুনা কল্য তারিখে ১ থাটী শ্রীযুৎ সরকারজীর বাটীতে দিআছী অদ্দ নমুনা খুলিআ কীছু দরেৎ কথা হইল না সরকারজীর ভারি ব্যামহ হইআছে কুটী আশীআ কোন বাক্য কহিতে পারিলেন না এ কারন নমুনা পুনরায় বান্দীআ রাখিলাম সাহেব কহিলেন কাপড় দেখিআ দর রফা করিব জে হয় পর্য্যন্ত নিবেদন লিখিব আর দুই এক জায়গাতে খরিদার আছে জেখানে শুভিস্তা বুঝিব সেইখানে কাপড় বিক্রী করিআ পর্য্যন্ত নিবেদন লিখিব আর শ্রীভোলা মাজীর নৌকাতে সরকারি জীনিসের সঙ্গে মহাশএর বরাতি জীনিষ পাঠাইআছী তাহার জার পাঠাই জারমাফীক জীনিষ পোহছীলে মহাশয় আপন জীনিষ লইবেন আর শ্রীযুৎ অক্ষয়রাম সরকার বাবুজী ভাইজীর চাদর তয়ার করিআছী মহাশয় লিখিআছীলেন পাচআগুলি টোরা গোটা দিআ চাদর তয়ার করাইআ পাঠাইবে মহাশয় গোটা সাচা কী ঝুটা তাহা লেখেন নাই এখানে ঝুটা গোটা কহাতে তাবত লোক নিন্দা করিলেক এ কারন সাচা গোটা পাচআগুলি টোরা দিআ তয়ারি করিআছী কীন্ত দাম অনেক পরিআছে গোটা ৭।।/ সাত ভরি নয় আনা লাগীআছে গোটার দাম ১১৸/ এগার টাকা তের আনা আর কাপড়ের দাম মায় রঙ্গ মুজারি ও তের মুকা আর সীলাই মুজারি ।৹ চারি আনা সর্ব্বমুদ্যা ১৫।/ পোনর টাকা পাচ আনা হইল আর এক চাদর ঐ রকম তয়ারি করিআ পাঠাইতে লিখিআছেন চাদর ঐ পাচআগুলি গোটা দেআ জায় কী কীছু কম টোরা গোটা দেওা জায় সীঘ্র অনুমতি লিখিতে আজ্ঞা হইবেক কাপড় রঙ্গ করিতে দেওা গেল মহাশএর অনুমতি আইলেই গোটা দিআ করিআ করিআ দুই চাদর পাঠাইব ৺পুজার পুর্ব্বে

কাপড় পোহছীবেক আর দুইখানা ফিরিঙ্গীর জাহাজের খপর আছে আশীআ পোহছীলে নিবেদন লিখিব ২১ তারিখে এক মারকীন জাহাজ একখানা আশী আছে মারাকীন জাহাজে কথোক ২ কাপড় লইবেন দুই এক রোজ অগ্র পর্য্যন্ত কাপড় বিক্রী হইবেক কাপড় মযুদ থাকিবেক না কাপড় জেমত গড়া...আর বাজার বত্তমান বিক্রী করিব তাহাতে অনুমত কোনমতে হইবেক না বাজারে আমারা কোনমতে ঠকীনা মহাশএর কোন ভার্ব্ব নাই কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল—তারিখ—শুভ ১ আশ্বীন—

চালানি জীনিশের জায়—

৩০ ভোলানাথ মাজী—

বিলাতি কাচিমকুলুপ ৫ পাচটী—

আতর—১ একশীশী—

গোলাপজল— ১ এক কারাবা—

বাকঠার কল বিলাতি মাং ইষকুপ— ১ একটী—

মুকপান— ১ একখানি —

মসলা ১ বুকার—

জায়—

ছোঃ এলাচ—লবঙ্গ—জাইফল—জইত্রী—দারচিনি—কপুর—ছয় মালের এক পুটুলি—
৬ ছয় জীনিষ গোলাপ ও আতরে ও মসলাতে মহাশএর নাম লেখা আছে ইতি—

॥ ৫৯৫ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীহরি

স্মরনং—

আজ্ঞাকারি প্রতিপার্ল্য শ্রীসিবনাথ সীহস্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চঃ আগে মহাশএর অনুগ্রহত্তে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ৩ তারিখের এক অজ্ঞাপত্র ৫ তারিখে ডাকমারফত পাইআ সমাচার জ্ঞাতো হইলাম সরকারজীর বাটীতে ষরেষগড়ার নমুনা একগাটী দিআছীলাম কাপড় খাড়া করিআ দিষ্ট করিআছেন কাপড় তাদিকে ষরেষ নহে গাটীর মধ্যে ৩ তিন থান গড়া বড় ষরেষ বটে সকলে দেখিলেন আর ঐ জায়গাতে শ্রীযুৎ ছোট সরকার মহাশএর একগাটী নমুনা দিআছীলাম শে গাটী খাড়া করিআ দেখিআছীলেন শে গড়া আমাদিগ্যের গড়া হইতে কীছু নরম পরিল দোমশের এক আন্দাজ বটে তাহাতে আমার গড়া সাহেবে রুহি করিলেন কাপড়ের দর আমী

অনেক কাহিআছিলাম এক্কানে অদ্য চারি পাচ রোজ অনেক কসামাজা করিআ ৮৭॥ সাড়ে সাত্তাসী টাকা সাহেব কবুল করিআছেন কীন্ত ইহার বেসী আর কোনমতে হইআ উঠে না অনেক সন্তাই করিআ দেখা গেল আর কোনমতে বাড়ে না আর দোশারা খরিদার নাই করি কী সাত পাচ ভাবিআ অদ্য কবুল করিআছী কবুল করিলাম তাহার কারন আমার আছে ১০০০ হাজার থান গড়া দিবো কহিআছী ইহার মধ্যে খরেষ ৫০০ থান আর মধ্যম গোছ গড়া ৫০০ দুই রকমে হাজার থান দিবো একদফা অদ্যাঅব্দী কথোক কা [ল] খাড়া দীআ দেখিব জদ্যপী বুভিতা হইআ জায় ভালই নতুবা কাপড় ফিরিয়া আনিব জাচন্দারকে আগে থাকীতে বুজোগ করিআছী জাচন্দার খিরকীচ না করিলে আমী চালাইতে পারিব আর ২ সকল সরকারলোক আমার পক্ষে আছে ৺বড় বাদলা করিআছে এ কারন অদ্য কাপড় উঠিআ দিলাম না কল্য নাগাদী কাপড় উঠাইআ দীআ কীমত হইআ জায় পশ্চাত নিবেদন লিখিব এইমত জদ্যপী খাড়া বিক্রী হইআ উঠে তবে কীফাতের সওদা বটে নতুবা বুভিতা নহে এই গড়া জদ্যপী বিক্রী করিতে পারি নতুবা আর এক্কানে বিক্রী হইনা ৺পূজাবাদ জে হয় আর জাহাজ দোনি কাহারু আইষে নাই খপর আছে এক্কানে ইহার বেসী বাজার নহে মধ্যম গোছ ৮০৷৮১ টাকার বেশী কেহ বলে না এবং কেহ গরজ করিআ ধরে না কাপড় বিক্রীর কারন সকলে লালাইত আছেন কাহারু হইআ উঠে না আর চিনির বিশয় সচেষ্টীত আছী কীঞ্চীত গরজ নহিলে সওদা হইআ উঠে না এক সময় এককথা বলে পুনরায় জিজ্ঞাসা করিলে কহে সাহেব লইতে চাহে না আমাদিগ্যের গরজে কীছু হঅ না চেষ্টাতে পুনরায় চাহা করিলে বিক্রী করিব চিনি মযুদ থাকীবেক না আর জে জে জীনিষ বরাত লিখিআছেন তাহা পাঠাইব আর ২ সমাচার বোবদাদ মতে নিবেদন লিখিব কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল ৭ আশ্বীন—
পুং নিবেদন—

শ্রীযুৎ গঙ্গোপাধ্যায় মহাশয় ৫ তারিখে আসীআ মোং কলিকাতা পোহছীআছেন আর শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশএর ৺পূজাতে জাওন হইবেক না কহিতেছেন ইষপাই সাহেবের বাটীর টাকা না পাইলে আমী জাইতে পারিব না ইহার কী করেন বলাজায় না এক্কানে পূজার সমএ গড়া বিক্রী হয় এমত গতিক দেখি না ইহার পর দুই একখানা জাহাজ না আইলে বুভিতামত নহে কলীকাতার বাজারের কথা কীছু বলা জায় না জখন বাজারের কাপড় ছীল না তখন কতো খরিদার দেখা দিআছিল এক্কানে কাপড়ের আমদানি অনেক আসীআছে আর কাপড়

লইবার কেহ নাম করে না কীছু বুঝা জায় না কাপড় বিক্রী হইবেক এক্কানে স্বরযুমের সময় উদ্বিগ্ন হইবেন না ইহা নিবেদন করিল ইতি—

॥ ৫৯৬ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরনং—

আজ্ঞ্যাকারি প্রীতিপাত্র্য শ্রীসিবনাথ শীহ্নস্য—

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চঃ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ১২ তারিখে আজ্ঞ্যাপত্র পাইআ সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ জগেশ্বর সরকারজীর বাটীতে স্বরেষ ১৩ গাটী আর মধ্যমগোছ ১১ এগার গাটী একুনে ২৪ গাটী কাত ৯০০ নয় সও গাটী থান গড়া খাড়া দিআছী খাড়া হইআ খাড়া সহী গাটীবন্দী ৮৪০ আট সর্ত্ত চল্লীষ থান হইআছে বাকী ফেরত ২২০ থান হইআছে খাড়া সুন্দররুপ হইআছে কাপড়ের রসীদ কল্য তারিখে পাইআছী হিসাব সোধ টাকা অদ্য তারিখে পাইব এ টাকার নোট খরিদী করিআ কল্য নাগাদী চালান করিব কাপড়ের দর এক টাকা কমী করিআ ৮৬৷৷০ সাড়ে ছেআশী টাকা হইআছে সকলে কহিআছীলেন মধ্যম গড়া কোনমতে চালাইতে পারিবে না সরকারের বাটীতে আমার সকল লোকের সহিত জোগ আছে কোন খিরকীচ হয় নাহ জানিবেন পরে স্বরেষগড়া জে চালান করিআছীলেন তাহার মধ্যে লিখিআছীলেন বড় স্বরেষগড়া ৩ তিন গাটী আছে শে স্বরেষগড়া ৩ তিন গাটী দিএ নাই তাহা মযুদ আছে তাহা আলাহিদা বিক্রী করিব আর বাকী ৮৪০ থান গড়া ঐ সরকারের বাটীতে ৮৪ টাকার দর করিআ উঠাইআ দিআছী শে গড়া এক্কানে ও বাকী খাড়া হইল না তাহার কারন শ্রীযুৎ ছোট সরকার মহাশএর গড়া ৮২ টাকার দরে খাড়া দিলেন শে গড়া অতি সুন্দর আমার স্বরেষগড়া জেমত তাহা হইতে কাপড় ভাল সাহেব কাপড় খাড়া করিআ বড় খুশী হইল কাপড় ভাল তাহাতে দর মবলগ কম খাড়াতে এওস অদ্দাঅদ্দী হইআছে এ কারন আমার কাপড় পছন্দ করিলে না কাপড় ফিরিআ আনিয়াছী আরকর কমযুনিআ সকলে নিন্দা করিতেছে এ কেবল বাজার খারাপ করা সাধ্য কী কাপড় বিক্রী হওনের আটক নাই খরিদার অনেক উপস্তীত আছে জেহকু লোকসান করিআ কাপড় বিক্রীর জনকী দুই একের মধ্যে কাপড় বিক্রী করিব এতো কম দরে কাপড় এক্কানে কোনমতে দিতে পারিলাম না আর

দুই এক জায়গাতে নমুনা দেওা গীআছে কী হয় পর্য্যান্ত নিবেদন লিখিব ৺পূজা বাদ অনেকের খরিদী হইবেক একনে ৺পূজা বাদ নহিলে কেহ খরিদী যুক্ত করিবেক না জদ্যপী একানে কাপড় বিক্রী না হয় তবে ৺পূজা বাদ জে গড়া আশীবেক বেবাক বিক্রী হইবেক মহাশয় ইহার জর্ন্যে কীছু উৎবিগ্ন হইবেন না একানে কথোক টাকার সাইত হইল জাহাতে যুক্তিতামত বিক্রী হয় তাহা করিব আজ জে গড়া চালান হইআছে তাহা...হইলে ত্বরায় চালান করিআ দিবেন মহাশয় কাপড় জতো চালান করিবেন তাহা আমী আশীবামাত্র নিকাষ করিআ দিব চিনির অনেকমত চেষ্টা পাইতেছী একানে চিনি বিক্রী হইআ উঠে এমত গতিক নহে মারিকীন জাহাজ সাতখানা আশীআছে একানে চিনি লইবার নাম কেহ করে না সকলে চিনি কিছু ২ লইবেন তাহার ভুল নাই তবে দুই রোজ অগ্র পর্য্যান্ত ৺পূজা বাদ চিনি বিক্রী হইবেক আর এখানে আর দুই তিন রোজ কম হইবেক তাহার পর সকল আপীষ নাগাদী সোমবার বন্দ হইবেক এই দুই রোজ মধ্যে জে নিকাষ হইআ উঠে তাহার পর ৺পূজা বাদ নহীলে আর কোন কর্ম্ম একানে হইবেক না আর মহাশয় লিখিয়াছেন সরকারজীর বাটীতে টাকা আগাম লইবে একানে সরকারজীর বাটীর টাকার কোন উৎআয় নাই সরকারজীর হাওাল অতি সুন্দর লোক বকয়া কীস্তীবন্দীর জে জে টাকা জাহার পাওানা আছে তাহার কীস্তীবন্দী মুয়ত সকলকে টাকা দিবেন মহাশয়রা কোনো সন্দেহ করিবেন না আর জে জে জীনিশের বরাত আশীআছীল তাহা কল্য তারিখে শ্রীযুৎ নফরচন্দ্র মুখোপাধ্যায় মারফত পাঠাইআছী জীনিশের জায় পাঠাই জীনিষ পোহছীলে জায় মাফীক জীনিষ মিলান করিআ লইবেন আর বকয়া কাগজের জে অপীক্ষা আছে তাহা ৺পূজার কএক রোজ কামাএ তাহা নিকাষ করিব নিকাষ হইলে বেওরা নিবেদন লিখিব আর ২ সমাচার পর্য্যান্ত বোবদাদমত নিবেদন লিখিব কওাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল—তারিখ—১৪ আশ্বীন—

জীনিশের জায়—

৩০ নম্বর মুখোজ্যা পাকাশোনা ১৲৫২॥ ভরি—১৫২॥— আলমারির কুলুপ—২ দুইটা মুরুপান২— দুইটা

কুলুপ আঠা ইষকুরুপ—১ একদফা— জরিওআলা পাটাদার একশই—১ একখানী ঙড়ঙড়ার নল—১ একটী ছোঃ লণ্ঠন ১—একটী

৭ মবলগে সাত জীনিষ—

আর বেহালার তারের জর্ন্যে লিখিআছিলেন জাওনকালে আমার সহিত সাক্ষাত হয় নাই পর্য্যান্ত ৺পূজা বাদ পাঠাইব নিবেদন ইতি—

॥ ৫৯৭ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

শ্বরনং

অজ্ঞাকারি প্রীতিপাত্র' শ্রীসিবনাথ সিংহ—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ১৯ তারিখের আজ্ঞাপত্র ২১ তারিখে ডাকমারফত পাইআ সমাচার জ্ঞাত হইআছী পরে মুসুদ্দীলোকের আমালাহার জে সকল ৮পূজাতে বাটী গীআছে এখন তক শে সকল লোক আশীআ পোহছে নাই এ কারন কাপড়ের নমুনা [কো] থায় দেওা জায় নাই দুই একের মধ্যে আশীআ পোহছীবেক এবং খাড়া যুক্ত হইবেক খাড়া যুক্ত হইলে কাপড়ের নমুনা দিআ জে হয় পহ'াত বেওরা নিবেদন লিখিব পরিমিট ও পঞ্চতর কাছারি অদ্য খুলিয়াছে হালচালানী গড়া দুই তিন রোজ মধ্যে পোহছীতে পারে কাপড় আশীআ পোহছীলে নিবেদন লিখিব কল্য তারিখে আমাদের এখান হইতে একজন লোক রওনা করিবে মোং হুগলি জাইবেক তত্পর চিনির নমুনা অদ্য দুই রোজ হইল শ্রীযুৎ মিত্রীজার বাটীতে দেওা গীআছিল দর ৮ আট টাকার বেশী কোনমতে কবুল করেন নাই অদ্য মিত্রীজার লোক আসীআছীল শ্রীযুৎ রামচন্দ্র বন্দোপাধ্যায় মহাশয় মিত্রীজার বাটী গীআছীলেন আট টাকার বেশী কোনমতে দর বারিলেন না ঐ আট টাকার দরে বন্দোপাধ্যায় কবুল করিআ আশীআছেন করা জায় কী অনেক দীনের চিনি হইল আর ভরসা করিআ রাখা গেল না ঐ দরে চিনি দেওা গেল কল্য নাগাদী চিনি ওজন হইবেক চিনি ওজন দিআ জে হয় পহ'াত বেওরা নিবেদন লিখিব কীন্তু চিনির বাজার কীছু গড়ম হয় এমত রকম বটে অদ্য এক মারিকীন জাহাজের খপর হইআছে মিত্রীজা কহিলেন শেখানে জে চিনি মযুদ আছে তাহা খাড়া ২ চালান করিতে লিখহ আমি বেবাক চিনি লইব অতএব নিবেদন মহাশএর চিনি শেখানে জদ্যপী কীছু মযুদ থাকে তবে খাড়া ২ চালান করিবেন চিনি আইলেই বিক্রী হইবেক যুনিলাম শেখানে শ্রীযু্ৎ চন্দ্র মযুকুরের কথোক চিনি খরিদী করা মযুদ আছে শে চিনি চালান করিতে বন্দোপাধ্যায় চন্দ্র মযুকুরকে লিখিলেন মহাশয় ঐ সঙ্গে জদ্যপী চিনি মযুদ থাকে তবে চালান করিবেন চিনি শীঘ্র আশীআ পোহছীলে কীছু বেশী দরে বিক্রী হইতে পারিবেক চিনি খরিদী করিতে লিখিতে পারি না চিনির বাজার কখন কীমত হইআ উঠে বলা জায় না এক হাথে খরিদী ভরসা করা জায় না মহাশএর চিনি জদ্যপী মযুদ না থাকে আর জদ্যপী

দুই একের মধ্যে খরিদী করিআ ঐ চন্দ্র মযুকুরের চিনির সঙ্গে চালান করিতে পারেন তবে কথোক চিনি খরিদী করিআ ঐ সঙ্গে চালান করিবেন আলাহিদা আইলে দেরি হইবেক কী জানি পর্হ্যান্ত বিক্রী না হয় এ কারন একসঙ্গে চালান করিতে লিখিলাম কোথাও চিনির সওদা হয় তবে ভরসা করিআ খরিদী করিতে লেখা জায় নতুবা বাজার বিক্রীতে ভরসা করিআ খরিদী করিতে লিখিতে পারা জায় না সওদা কেহ করিতে চাহে না মহাশয় কর্ত্তা ইহা বিবেচনা করিআ জে বিহিত হয় তাহা করিবেন কীন্ত চিনির বাজার কীছু তেজ হইবেক এবং চিনি সীঘ্র আইলে বিক্রী হইবেক তবে ৶শের্হ্যা বলা জায় না বাবুজী মহাশয় কর্ত্তা আর ২ সমাচার পর্হ্যান্ত বোবদাদমতে নিবেদন লিখিব ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল তারিখ ২৫ আশ্বীন—

॥ ৫৯৮ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৶৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্মরনং—

আজ্ঞাকারি প্রিতিপাত্রং শ্রীসিবনাথ সিংহস্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদঞ্চ: আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষ: নিবেদন ১ তারিখের আজ্ঞাপত্র ৩ তারিখে পাইআ সমাচার জাত্যো হইলাম বকয়া কাগজপত্র তামাম তয়ারি হইআছে হালের কাগজ কিছু অপীক্ষা আছে তাহাও নিকাষ হইতো ইষপাই সাহেবের বাটীর ও শ্রীযুৎ তিলকচন্দ্র বযুজার বাটীর হিসাব নিকাষ হয় নাই এ কারন কীঞ্চীত অপীক্ষা আছে শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশএর অপীক্ষাতে আছে রোজ ২ তাগাদা করিতেছী বন্দোপাধ্যা দুই রোজ বসীআ নিকাষ করিলেই নিকাষ হইআ জায় তাহা হইআ উঠে না ৺পূজা বাদ কাগজপত্র সমেত শ্রীযুৎ রায়জী মহাশয়কে বিদায় করিআ দিব এখানে গড়ার বাজার বড় মোন্দা হইআছে বিরভূম আরঙ্গের গড়ার খরিদার নাই জে দুই একজনা লইবার এরোদা করেন কীন্ত গড়ার দরে আইসে নাই দুইখানা ফিরিঙ্গীর জাহাজের খপর আছে আসীআ পোহছীলে নিবেদন লিখিব আর ২ সমাচার শ্রীযুৎ বন্দ্যোপাধ্যায় মহাশএর পত্রে অবধান হইতে আজ্ঞা হইবেক কর্ত্তামহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল— তা— ৪ কার্ত্তীক—

॥ ৫৯৯ ॥

পত্র ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্মরনং

আজ্ঞাকারি প্রীতিপাল্ল' শ্রীসিবনাথ সিহ্বয্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ: আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষ: নিবেদন ২ তারিখের ও ৩ তারিখে দুই দফা ডাকমারফত আজ্ঞাপত্র পাইআ জ্ঞাতো হইলাম ৺পূজার পূর্ব্ব জে গড়া চালান করিআছীলেন শে গড়ার চালান অদ্যাপী আশীআ পোহছে নাই কারন জানিতে পারিলাম না শ্রীযুৎ চন্দ্রমোহন চট্টোপাধ্যায়কে মোং হুগুলি পাঠান গীআছে শে আজী দষ রোজ হইল ১ তারিখে চট্যোপাধ্যায় চিটী আশীআছীল ও নাগাদী হুগলী কাপড় পোহছে নাই অনেক গওন হইল ইহাতে জতেষ্ট উদ্ববিগ্ন আছী কাপড় পোহছীলে তৎখনাত নিবেদন লিখিব আর এখানকার জে চিনি শ্রীযুৎ মিত্রীজাকে বিক্রী করা গীআছে শে চিনি অদ্যাপী ওজন হয় নাই রোজ ২ তাগাদা করিতেছী আজীকালি করিতেছেন ওজন হইলেই নিবেদন লিখিব আজী দষ রোজ হইল সওদা হইয়াছে দোশরা খরিদার উপস্তীত হইআছে জবাব পাইলেই তৎক্ষণাত বিক্রী করিআ উজন দেওা জায় ছারিআ দেন না এবং ওজন লএন না ভাব বুঝা জায় না শ্রীযুৎ ঘোষজা চিনির জন্ত বড় ইজ্জত করিতেছেন অতএব নিবেদন জে চিনি [শেখানে] খরিদী করিআছেন তাহা অতি সীঘ্র চালান করিআ দিবেন ঘোষজাকে কহিআছী দশ রোজ মধ্যে চিনি আনাইআ দিতেছী ঘোষজা কবুল রাখিআছেন দষ পনের রোজ বাদ জে চিনি তোমার আসীবে তাহা আমি বেবাক লইব এবং আশীবা মাত্র ওজন করিআ লইব মহাশয় খুব তাগাদী করিআ জাহাতে দষ বার রোজ মধ্যে চিনি আশীআ পোহছে তাহা করিতে আজ্ঞা হইবেক নতুবা দের হইলে কী জানি না লএন তাগীদ চালান করিবেন পরে মিত্রীজার লোক মোকামে জাইআ বাজার তেজ করিআছে ইহাতে খরিদী বন্দ করিআছেন শে ভালই জেয়াদা দাম দিআ চিনি খরিদীর আবষ্যক কী এখানে চিনির দর আর বেশী হইতে পারে না মারকীন মুচ্ছুদ্দীর সভাব একজন জে ভাও লয় তাহার বেশী দর কোনমতে দেয় না অতএব আর চিনির দর বেশী কোনমতে হইতে পারিবেক না অতএব বেশী দর দিআ চিনি খরিদীর জুন নাই তবে জে ভাও খরিদী করিআছেন ও করে কীছু খরিদী করিতে পারেন তবে খরিদী করিয়া সীঘ্র চালান করিবেন তথ্যপর গড়ার বাজার একালে লইবার কেহ নাম করে না অদ্যপী কেহ দুই এক লইতে চাহে কীন্ত দরে আইবে না কত্তি কী সাধ্য নাই

৮পেছ'1 এখানে ব্রাহ্মণ আ...দালালদিগ্যের গড়া সর্বত্রে বিক্রী হইতেছে ইং ৫৬ টাকা নাগাদী ৭৫ টাকার দরে গড়া বিক্রী হইতেছে ৮০ আণী তক্কার গড়ার নাম করে না দুই একখানা ফিরিঙ্গীর জাহাজ না পোহছীলে গড়া বিক্রীর সুভিতা হইবেক না বাজার গর্ম্ম সুনিতেছী ফিরিঙ্গীর দুই জাহাজ বন্দাই ছারিআছে এবং ঐ সঙ্গে মারিকীন জাহাজ পাচখানা আশীতেছে এ খপর মুচ্ছুদ্দীলোকের দ্বারায় সুনিতেছী কীন্ত আশীআ না পোহছীলে সত্ত মিথ্যা কীছু বলা জায় না ফিরিঙ্গীর জাহাজ ইমসন আইবে নাই ফিরিঙ্গীর জাহাজ আশীবেক তাহার সন্দেহ মহাশয় কীছু করিবে না আর মহাশয় লিখিআছেন গড়া বিক্রীর টাকা মবুদ থাকে পাঠাইবে জে গড়া বিক্রী করিআছিলাম তাহার বেবাক টাকা চালান করিআছী কিছু টাকা বকয়া আদায় করিআ রওনা খরচ কারন আপন পাষ রাখিআছী এ কারন বন্দোপাধ্যায় মহাশয় আমাকে বেজার হইআছেন দুই চালানীর কাপড় পোহছীলে কম বেশী ১০০৲ নয় শও টাকা রওানা খরচের দিতে হইবেক তাহার ঠিকানা হয় নাই তাহার জন্ত আটক হইবেক না আর ডোললাক কুলুপ কারন লিখিআছীলেন ডোললাক কুলুপ আল-মারির দরজাতে হইবেক না খালি দরজাতে এবং জানালার দরজাতে দিতে হয় এ কারন পাঠাই নাই আলমারির দরজাতে বুককাষ কুলুপ দিতে হয় এ কারন বুককাষ কুলুপ পাঠাইআছী শে কুলুপ পছন্দ না হইআ থাকে ফিরিআ পাঠাইবেন ডোলল্লাক কুলুপ পুনরায় পাঠাইব গড়ার নমুনা দুই তিন জায়গাতে দেওা গীআছে কোথায় স্থির হয় নাই স্থির হইলেই নিবেদন নিবেদন লিখিব গড়ার বিক্রীর সচেষ্টিত আছী সর্ব্বদ্রার হাবেসা ফিরিতেছী শুভিতামত হইলেই তৎক্ষণাৎ গড়া বিক্রী করিব তাহার কীছু ভার্ব্ব নাই আমার আপম্মস্থান নাই জানিবেন করি কী বাজারের কীর্ত্তীত ওয়াহা না হইলে কাহারু সাধ্য নাই কম্ম নিকাষ করিআ উঠেন মিথ্যা কথোক পিষিস্তী মাত্র লিখিআ মহাশয়দিগ্যের পিবিস্তী নোয়ান তাহার গুন কী তাহা আমি পারিব না আমি জে সকল খপর আদী লিখিতেছী এ বাজার বত্তমান জানিবেন আর বকয়া কাগজ তামাম তয়ারি হইআছে কেবল দুই তিনটা হিসাবের অপীক্ষা আছে তাহা বন্দপাধ্যায় অপীকা বন্দোপাধ্যায় সাইত হয় না আমার সাধ্য নাই জানিবেন কর্ত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল তাং ৪ কার্ত্তীক—

[খ পুং নিবেদন—

গড়ার চালান হুগলী আশীআ পোহছীআছে খপর পাওা গেল রওনা খরচের বরাতি আশীআছীল মোং কলিকাতা পোহছীবে নিবেদন ইতি—

‖ ৬০০ ‖

ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্মরনং—

আজ্ঞাকারি প্রীতিপাল্র শ্রীসিবনাথ সিংহস্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ৪ তারিখে এক পত্র লিখিআছী অবধান হইআ থাকীবেন তাহার পর কোন পত্রাদী পাইএ নাই মঙ্গলাদী লিখিতে আজ্ঞা হইবেক পরে শ্রীযুৎ গোপাল চট্টোপাধ্যা ও শ্রীযুৎ রামচন্দ্র ঘোষজী ও শ্রীযুৎ রামধন বন্দোপাধ্যা ও শ্রীযুৎ বেচারাম চট্টোপাধ্যা হামরাওএ জে দুই চালান ৪ চারি কীস্তীতে পড়া চালান করিআছীলেন তাহা ৬ তারিখে ও ৮ তারিখে বেবাক গড়ার কীস্তী আশীআ পোহছীআছে কাপড় পরিমিটের গুদাম দাখিল হইআছে কথোক গড়া পরিমিটে হইতে গুদাম দাখিল কল্য তারিখে হইআছে বাকী গড়া পরিমিটে আছে একানে চারি রোজ পরিমিট বন্দ হইআছে শোমবারে পরিমিট খুলিবেক পরিমিট খুলিলে বাকী কাপড় গুদামজাত করিব তত্রাপর শ্রীযুৎ মেং ব্যাড্ সাহেবের বাটীতে ১২০০ থান গড়া ৮৩ তিরাশী টাকার দর রফা করিআ সওদা করিআ কাপড় উঠাইআ দিআছীলাম কাপড় কথোক খাড়া হইলে পর সা...পুরের প্রামনিকেরা ঐ দরে মঞ্জুর করিআ ১২০০ থান গড়া খাড়া দিআছেন মুৎসুদ্দীলোক কহিলেন তোমার গড়া প্রামানিকদিগের কাপড় অপীক্ষা তোমার গড়া নরম হইল আমার গড়ার খাড়া বন্দ করিআ প্রামানিকের গড়া খাড়া করিআ লইআ খোপ জাচাই হইতেছে প্রামানিকেরা ২ টাকা কমী করিআ ৮১ টাকাতে কাপড় দিলেন তারপর আমাকে কহিলেন তোমার কাপড় নরম হইল প্রামানিকের দরে হইতে কিছু কম করিআ দাও এই কথা কহাতে আমি কাপড় বান্দীতে স্থি]র করি···তাহার পর অনেক মত ধরা পাকরা করিআ ঐ দরে খাড়া করিআ কল্য তারিখে লইআচেন ইহাতে কাপড় বিক্রী করা ভার হইল একটা নমুনা ফেলিলে তাহার উপর ত্রিবিধ চল্লীষ নমুনা পরে ইহাতে কাপড়ে দরে কীরূপ হয় কহি কী কাপড় খাড়া করার উপর দর কমী করিআ খাড়া দিতেছী সাধ্যকী আমার গড়া কথোক খাড়া হইআছীল কাপড় ফিরিআ আনিলে নানান খারাপী হয় এবং কর্ম্ম ভাল হয় না আর বাজার নাই কেহ কাপড় লইবার নাম করে না আমি না দিলে দোশরা লোক কাপড় দেয় তাবত লোক বিক্রীর জন্যে লালাইত হইআছে কহি কী নানান ভাবিআ এক

হকা হাজার থান গড়া হারিআছী মহাশয় ইহাতে আমাকে বেজার হইবেন না একানে গড়ার খরিদার মাত্র নাই জে দুই একজন হাজার বার সও থান গড়া লইতেছেন সর্ক্তার নমুনা আছে এবং দেখিতেছে ৮০ টাকার বেসী দর কেহ বলে না একানে বাজার এইরূপ বাজার বর্ত্তমান হাজার থান গড়া দিআছী জাহাজ দোনি আশীবার কোন খপর নাই জদপী আর দষ পোনের রোজ মধ্যে জাহাজ না আইষে তবে ইহা অপীক্ষা আর কম দরে গড়া বিক্রী করিতে হইবেক জদপী জাহাজ দুই এক-খানা আইষে কীন্ত আর গড়ার দর অদিক বেশী কোনমতে হইতে পারে না মহাশএর গড়ার কীছু দর কম হইল হইবার জন্ত মহাশয় আমাকে বেজার হইবেন না মকলগা কাপড় আশীআ জমীল কথোক কাপড় খালাষ করা চাহি এ ব্যেবসায় ধারা সকল বন্দ করিআ রাখা ভাল হয় না এই সাত পাচ ভাবিআ কাপড় ছারিলাম কাপড় খাড়া হইআছে ধোপা জাচাই হয় নাই একানে ৵পুজাতে খাড়া বন্দ হইআছে সনিবারে ধোপ জাচাই হইবেক গাটিবন্দী হইলে বেওারা নিবেদন লিখিব জে গড়া খাড়া দিআছী ইহার মধ্যে সরকারের বাটির কেবত ১২০ থান গড়া ঐ সঙ্গে খাড়া দিআছী খাড়া সুন্দর হইআছে তাদিক কোত হয় নাই জানিবেন আর এক জায়গাতে নমুনা দিআছী খরেবগড়ার নমুনা দিআছী জে হয় পর্শ্চাত নিবেদন লিখিব পরে চিনি ২৪ চব্বিষ বস্তা ওজন লইআছে তাহার মধ্যে আমার চিনি ১৬ বস্তা আর চন্দ্র মযুকুরের ৮ বস্তা এই চব্বিষ বস্তা ওজন লইআছেন বাকী চিনি ওজন হয় নাই ৵পুজাবাদ জে হয় পর্শ্চাতি নিবেদন লিখিব আর মযুদ চিনি চালানী কী প্রকার হইআছে চালান হইআ না থাকে জে ত্বরতে হয় অতি সীঘ্র চালান করিতে আজ্ঞা হইবেক এখানে ঘোশাজা চিনির তাগাদা করিতেছেন দষ চার রোজ মধ্যে চিনি পোহছীলে আশীবামাত্র বিক্রী হইতে পারে বস্তা মযুদ হইআ থাকে ত্বরায় চালান করিবেন চিনি চালানী দের হইলে পর্শ্চাত কী হয় বলা জায় না অতএব নিবেদন মযুদ চিনি মযুদ রাখার গুন নাই চালান হইআ না থাকে সীঘ্র চালান করিতে আজ্ঞা হইবেক গড়া বিক্রী হইবেক কীন্ত গড়ার দর আর তাদিক বারে না জাহাজ আশীবার খপর কীছু সুনা জায় না বাজারু খপর সুনা জাইতেছে দুই খানা ফিরিঙ্গীর জাহাজ আশীবেক কীন্ত মহুদ্দীলোকের পাষ জাহাজের খপর পাওা জায় না একানে কাপড় অনেক আমদানী আশীআছে তামাম কাপড় মযুদ কাহারু একথান গড়া বিক্রী হয় নাই সকল লোক গড়া বিক্রীর জন্তে অতি বেস্ত হইআছে বিক্রী হয় না জদপী কেহ ২ হাজার বার সও থান গড়া লইতে চাহেন তাহার জে সকল নমুনা পরে ইহাতে কোনমতে দর হয় না এবং মুহুদ্দীলোক ঠাহারিতে পারে না কহা জায় কী ৵শেষ্ট কর্ত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২০৮ সাল—তা—১০ কার্ত্তীক—

॥ ৩০১ ॥

ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্মরনং

আজ্ঞাকারি প্রীতিপাল্র' শ্রীসিবনাথ সিহ্ব্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ: আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষ: নিবেদন ১১ তারিখের ও ১২ তারিখের দুই তারিখের আজ্ঞাপত্র ডাকমারফত পাইআ সবিশেষ জ্ঞাতো হইলাম প্রানাতিরেক শ্রীযুৎ বাবু অক্ষয়রাম সরকার ভাইজীর আরাম হইআছে আরামী খপর পাইআ পরম আনন্দীত হইলাম হামেশা মঙ্গলাদী লিখিতে আজ্ঞা হইবেক পরে ব্যাড় সাহেবের বাটীতে জে গড়া বিক্রী করিআছী তাহা ধোপা জাচাই হইআছে অদ্য গাটীবন্দী হইবেক গাটীবন্দী হইলে জথো থান সহি হইবেক তাহা পহু'ত বেওরা নিবেদন লিখিব ১২৮০ থান খাড়া হইআছে ফেরত তাদিক হয় না আর এক জায়গাতে ২০০০ দুই হাজার থান গড়ার নমুনা দিআ সওদা করিআছীলাম শেখানে স্বরেষগড়া নমুনা দিআ ৮৫ টাকা দর করিআছীলাম কীন্ত তামাম কাপড় মধ্যম গোছ দিআ খাড়া দিআছী তাহার মধ্যে শ্রীযুৎ ছোট সরকার মহাশএর ১০০০ হাজার থান আর আমার ১০০০ হাজার থান এই দুই রকম গড়া উঠাইআ ১৫০০ থান খাড়া হইআছে খাড়াতে খিরকীচ করিআ কথোক দর কমী করিআছেন খিরকীচ করিআ কীছু দর কমী করিআ পহু'ত নিকাষ করিব ইহা পরামর্স করিআ সক্ত নমুনা দিআ খাড়া দিআছী ইহাতে আমাদিগোর লোকসান নাই ইহা না করিলে সওদা পটেনা এবং মধ্যমগড়ার দর হয় না নানানমত ফীকীর সওাল করিআ কীছু ২ গড়া বিক্রী করিতেছী নতুবা এক্ষনে কেহ কোথায় একথান গড়া বিক্রী করিতে পারেন নাই এবং একানে গড়া বিক্রী করিআ কেহ উঠেন এমত রাহা নাই বাজারে খরিদার মাত্র নাই মন্দাবাজার গুসুক সন্তান ফাকী জোগী নহিলে বিক্রী হইআ উঠে না আমি এইমত করিআ সওাদা মুলক করিতেছী ইহাতে সওাদা না হয় তাহার চেষ্টাতে অনেক লোক ফিরিতেছেন তাহা মহাশএর দৌলাতে এবং ৺প্রসাদাতে কীছু হইতে পারে না আমি গর্ড়া বিক্রী করাতে অনেকের মনঘুর্ণ আছেন মহাশয় গড়ার বিক্রীর জন্ত কীছু মাত্র উদ্বিগ্ন করিবেন না একানে বাজার নাই করি কী এক আদ টাকা কম হইতেছে জলপী কীকীত বাজার থাকিতো তবে মহাশয় খুশী হইতেন কম দরে গড়া বিক্রী হইতেছে কীছু প্রাপ্তী নাই তাহা জানিতে পারিতেছী সাধ্য কী ৺শেহ'া একানে ইহার জন্তে মনোখুন্ন হইবেন না

ছোট সরকার মহাশএর গড়া দিলাম তাহার কারন ছোট সরকার মহাশএর গড়া আমাদিগোর মধ্যমগড়া অপীক্ষা কীছু ভাল আর একসা না হইলে মুভিতামত হয় না নমুনার উপর নমুনা ফেলিআ কাপড়ের দর কম হয় এবং সওাদা হইআ উঠে না এ কারন করিআছী এ সওাদা আমার মহাশয় এ কারন বেজার হইবেন না আমি এ...কথা মহাশয়কে খোলাসা লিখিছী মিথ্যা সাজানকথা আমি জানি না এ খাড়া নিকাষ করিআ জে হয় পর্য্যন্ত বেওরা লিখিব একানে গড়ার বাজার ৮০ টাকার বেশী নহে বাজার কোন খপর নাই জাহাজ দোনি আসীবার কোন খপর সুনিতে পাই না এই সকল দেখিআ কাপড় বিক্রী করিতেছী এখানে এক টাকা কমীতে বিক্রী করিলে সেখানে পাচ টাকা ওয়ারদার খরিদী করিতে মিলিবেক পুনরায় বাজার তেজ হয় ঐ সকল গড়া পুনরায় তেজ বাজারে বিক্রী করিব একানে গড়া বিক্রী করিলে তেজ মন্দা দুই পাইআ কাপড় মযুদ রাখার গুন নাই জাহাতে বেবাক গড়া বিক্রী হয় তাহার চেষ্টাতে আছী বিক্রী হইলে নিবেদন লিখিব আর চিনি ১৩ তারিখে বেবাক ওজন হইআছে ৪০ চল্লিষ বস্তা চিনি ওজন হয় নাই তাহার কারন এ চিনি সকল বস্তার নিচে ছিল এ সকল বস্তা রসা হইআছে এবং দুই এক বস্তাতে রুই ধরিআছে এ কারন ওজন লইলেন না পুনরায় ঐ সকল বস্তা দোশারা বস্তা দিআ খরচা করিআ চন্দ্র মযুকুরের চিনির সঙ্গে ওজন দেওা জাইবেক চিনি খারাপ হয় নাই চিনি বস্তা খারাপ হইআছে আর ইহার মধ্যে আমাদিগোর চিনি ১২৯ একসও উনত্রিষ বস্তা ওজন হইআছে আর চন্দ্র মযুকুর ১০৯ বস্তা একুনে ২৩৮ বস্তা ওজন হইআছে পরে জে সকল গড়া বিক্রী করিআছী ইহার টাকা দুই চারি রোজ মধ্যে পাঠাইব জে সকল জায়গাতে গড়া বিক্রী করিআছী সো বড় সাওখরদরে টাকার ভাৰ্ব্ব নাই ত্বরায় টাকা চালান করিব খরেষগড়া ৭০০ সাত সও থান মযুদ হইআছে আর সে চালানীর গড়া গুদামে আইলে এক জামিন করিআ নমুনা দিআ এক জায়গাতে বিক্রী করিব কীন্তু খরেষ গড়ার দর একানে ৮৫ টাকার বেশী নহে ইহাতে বিক্রী করিতে লিখেন বিক্রী করিব এ দরে বিক্রী করিতে বারন লিখেন মযুদ রাখিব জেমত লিখিবেন সেইমত করিব আর ২ সমাচার পর্য্যন্ত বোবদাদমতে নিবেদন লিখিব কর্ত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিব ইতি সন ১২২৮ সাল—তা—১৫ কার্ত্তীক—

পুং নিবেদন—

সোনা ও চারি ভরি খরিদী করিআ পাঠাইতে লিখিআছেন এই চন্দার হাতে...কীম্বা শ্রীযুৎ রাধামোহন মিস্ত্রীজার সঙ্গে যে লোক আসীবে ঐ লোক সোনা ও ভোজ্রাক

কুলুপ আদী জে জে জীনিশের বরাত আছে তাহা পাঠাইব শে লোক দুই একের মধ্যে আশীবেক আর ডোল্লাক কুলুপের দাম জেয়াদা ইঞ্চী দরে বিক্রী কি ইঞ্চী ৸০ বার আনার কমী হইবেক না ইহাতে দষ ইঞ্চী ও ছয় ইঞ্চী ও চারি ইঞ্চী ইহার মধ্যে জে রকম হয় সমাচার সীঘ্র লিখিবেন শেই রকম ডোল্লাক কুলুপ পাঠাইব আর জে রকম কুলুপ পাঠাইআছীলাম তাহা অপীক্ষা কুলুপ ভাল কীন্তু দাম জেয়াদা পরিবেক ইহার অনুমতি লিখিবেন ইহা নিবেদন করিল আর এ সকল পত্র মহাশয় পাট করিআ সকষতে দোশারা লোক দেখিতে না পায় ইতি—

[পুঃ নিবেদন—

আমার ৺ঠাকুরের দিবশী ১৮ কাত্তীকে হইবেক অতএব নিবেদন এখানে শ্রার্দ্ধ করিলে জেয়াদা হইবেক তাহা করিতে পারিব না বাটীতে ভায়াকে অনুমতি লিখিলাম মহাশয় অনুগ্রহপুর্ব্বক এই পত্রখানি আর ৪ চারি টাকা সমেত এক জন লোক দিআ আমার বাটী পাঠাইতে আজ্ঞা হইবেক আর দিবস নাই মহাশয় মোনজোগপুর্ব্ব পাঠাইতে আজ্ঞা হইবেক টাকা দিআ এখানে সমাচার লিখিবেন আমী এখানে জমা খরচ করিআ লইব কাত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি—

পুঃ নিবেদন—

মেং ব্যাড্ডু সাহেবের বাটী পাকা ধোপ জাচাই সহি হইআছে ১০০৮ থান পাটী বন্দী শুরু হইল পাটীবন্দী অদ্য হইবেক পস্চাত নিবেদন লিখিব আর ঐ বাটীর ফেরত গড়া ১০ টাকা কমীতে লইতে চাহেন আমি তাহা কবুল রাখি নাই জে হয় পর্শ্চাত নিবেদন লিখিব ইতি—

॥ ৬০২ ॥

ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণঃ।—

সরন'

আজ্ঞাকারি প্রিতিপাল্ল' শ্রীসিবনাথ সিংহস্য—

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ১৭।১৮ দুই তারিখের আজ্ঞাপত্র ডাকমারফত পাইআ সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ মেং ব্যাড্ডু সাহেবের বাটীতে জে গড়া বিক্রী করিয়াছী তাহার হিসাব শোধ টাকা পাওা জায় নাই দুই একের মধ্যে হিসাব শোধ পাওা জাইবেক

কল্য তারিখে আলাদা হিসাবে ৩০০০ তিন হাজার টাকা পাইআছী ঐ তিন হাজার টাকার বেঙ্করনোট খরিদী করিআ মবলগে কীতার কাত ৩০০০ তিন হাজার টাকার -বেঙ্করনোট কাটীআ অর্দ্ধেক টুকুরা পাঠাই পাঠাই পোহছীবেক বাকী অর্দ্ধেক ভুক্তন এই তিন হাজার টাকার নোট কল্য তারিখে ডাকজোগে পাঠাইব ডাকের...চিটী তলব করিআ লইবেন দুই তারিখের নোট পোহছীলে জমা করিআ লইতে আজ্ঞা হইবেক জে জে নোট পাঠাই তাহার জায় পাঠাই জায় মাফিক নোট মিলান করিআ লইআ নোট পোহছা সমাচার লিখিতে আজ্ঞা হইবেক পরে শ্রীযুৎ ভৈরব চন্দ্র বিশ্বাষজীর বাটীতে শ্রীযুৎ ছোট সরকার মহাশএর পড়া সমেত জে পড়া বিক্রী করিআছী তাহার মধ্যে দুই খাতার কাপড় একদফা ১৩৬০ জের সও গাটী থান গাটী বন্দী হইআছে বাকী কাপড় মযুদ আছে খাড়া হয় নাই বুঝি আর লইবেন না দুই দফাতে ১৭০০ থান পড়া খাড়া হইআছে ফেরত কীছু জেয়াদা হইয়াছে ইহার মধ্যে আমার পড়া ৮০০ থান খাড়া হয় আর ছোট্ট সরকার মহাশএর পড়া ৯০০ থান খাড়া হয় ইহার মধ্যে আমার পড়া সহি ৬২০ থান আর ছোট সরকারের ৭৪০ থান ইহার দর ৮২ টাকা হইআছে কীন্তু রসীদ পাওা জায় নাই রসীদ লইআ হিসাব করিআ হিসাব সোধ টাকা লইআ সীঘ্র টাকা পাঠাইব আর ব্যাড় সাহেবের বাটীতে ফেরত পড়া ১১৬ একসও ষোল লইআছেন অনেক কসামাজা করিআ ৮ আট টাকা কমী হইআছে আর চিনির হিসাব হয় নাই কথোক টাকা শ্রীযুৎ বন্দোপাধ্যায় আনীআ রওানা খরচে দিআছে চিনি হিসাব করিআ রওানা খরচ বাদে জে টাকা পাওানা হইবেক তাহা হিসাব হইলেই টাকা পাঠাইব আর একানে পড়ার খরিদার উপস্তীত নাই উপস্তীত হইলেই পড়া বিক্রী করিআ নিবেদন লিখিব পড়া বিক্রীর খুব সচেষ্টীত আছী জাহাতে বেবাক পড়া সীঘ্র নিকাষ হয় তাহা করিব মহাশয় কোনমতে উদ্বিগ্ন হইবেন না আমী পড়া বিক্রী [র] সচেষ্টীত আছী পরে শোনা ও আতর এবং কুলুপ আদী মির্জ্জাপুরের ..পোতদার মারফত কল্য তারিখে পাঠাইব শ্রীযুৎ মিত্রীজার বেহারা ঐ সঙ্গে জাইবেক জে জে জায়গাতে পড়া বিক্রী করিআছী টাকা আদায় করিআ সীঘ্র চালান করিব টাকার জন্ত খুব তাগাদা করিতেছী আর মহাশয় একানে জে পড়া লইবেন শে পড়া ভাল রকম দেখিআ লইবেন খারাপ পড়া কোনমতে লইবেন না তাহার কারন সকলের কর্ম্ম আলাহিদা হইআছে বাজার মোন্দা একারন খরিদার উপস্তীত হইলেই সকলে নমুনা ফেলেন তাহার মধ্যে পড়া ভাল হইলেই তাহারি সওদা পটীআ জায় মহাশয় একানে নরমপড়া কোনমতে লইবেন না বাজারের মুন্দিতা হইলে নরম গরম সকল নিকাষ হয় কর্ত্তাবাবুজী মহাশয় ইহা মুগোচর কারন নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল তারিখ ২২ কার্ত্তীক—

নোটের জায়—

৬৫৮৯ নং— ১০০০৲ ৮৫৭৯ নং—৫০০৲ ১৮৭৭...।১৮৮২৪। ৩২৪৭। ১৭৯৩৯ ।-

১৯৯৪৩। ১৯৯৪৪।- ১৯৯৩৪। ১০৩১ নং—১৩৮৯২ নং—৯ কীতা ১০০৲ হিষ্যা—৯০০৲

১১৫৮৪। ৫৭৫২ নং—১২৮২৭। ১১৮০৪।- ৮৪৬১। ৫ কীতা—৫০ হিষ্যা—২৫০৲

১১০৩০ নং—১ কীতা — ২৫০৲

১৫১৮৯ নং—১ কীতা — ১০০৲

১৮ ৩০০০৲

মং আটার কীতা কাত তিন হাজার টাকা ইতি—

পুং নিবেদন—

[খ— জে নোট পাঠাই ইহার মধ্যে গোটা ৫০ টাকার রকমে ৫ কীতা ২৫০ দুই সও পঞ্চাষ টাকা আর বাকী ২৭৫০ টাকার নোট কাটা অদ্দেক ইহার দুক্তন কল্য ডাকজোগে পাঠাইব নিবেদন ইতি—

॥ ৬০৩ ॥

ঐ (সন ১২২৮ সাল) প ১

৭শ্রী শ্রীকৃষ্ণঃ

স্বরনং

আজ্ঞাকারি প্রিতিপাল্ল' শ্রীসিবনাথ সীহস্য—

সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদঞ্চ: আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ৩ তারিখে ডাকমারফত আজ্ঞাপত্র পাইআ সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ মাধব দত্তের বাটীতে শ্রীযুৎ রামমোহন বন্দোপাধ্যায় মহাশয় মারফতে খরেষগড়া ২৫৬০ থান হইল ৮৮ অষ্টআশী টাকার দরে খাড়া দিআছী খাড়া অদ্য নিকাষ হইল ধোপা জাচাই অদ্য যুরু হইল ধোপা জাচাই হইআ গাটিবন্দী হইলে রুশীদ লইআ পর্য্যন্ত বেওারা নিবেদন লিখিব খাড়া যুন্দর হইআছে নজর ফেরত তাদিক হয় নাই বন্দোপাধ্যায় মহাশয় কহিলেন কীকীত দরে ছাড়িআ দিতে হইবেক তাহা আমি কোনমতে কবুল রাখি নাই জে হয় পর্য্যন্ত নিবেদন লিখিব এই খরেষগড়া ২৫৬০ থানের মধ্যে আমার ১৬০০ থান আর শ্রীযুৎ কর্ত্তামহাশএর খাড়ার ২৪০ থান আর শ্রীযুৎ ছোট সরকার মহাশএর ৫৪০ থান আর শ্রীযুৎ নেওগীদিগোর ১৮০ থান এই সকল গড়া লইআ একজোগে খাড়া

দিআছী শ্রীযুৎ বন্দোপাধ্যাকে কহিআছীলাম তেহ দিলেন না এই সকল জোটা করিআ আমি কাপড় বিক্রী করিতেছী ইহাতে বন্দোপাধ্যা বড় বিরুপ আছেন এই হইতে কীছু হইতে পারে না সকল জাগাতে ঠকর খাইআ আশীতেছেন মহাশএর পুর্ন্ন প্রতাপে আমাকে সকল মুছুদ্দী এবং সরকারলোক অনুগ্রহ করেন আমী জে শোল সও থান গড়া খাড়া দিআছী ইহার মধ্যে মধ্যম গোছ গড়া ৪৪০ থান খাড়া দিআছী … সকল বাটীতে আমলালোকের সহিত আমার খুব মাফীক আছে মহাশয় কোন বিশয় ভাবিত লইবে না ইমসন বাজার হইল না সাধ্য নাই জদ্যপী কীঞ্চীত বাজার তেজ হইতো তবে মহাশয়কে খুশী করিতাম তাহা হইল না ৵শেছ'। আর মধ্যম গোছ গড়া ১২৮০ থান মযুদ আছে এ সকল দুই একের মধ্যে বিক্রী করিআ নিবেদন লিখিব আর শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশয় আমাকে আর খরেষগড়া ২০০০ দুই হাজার থানের নিমিত্তে কহিআছেন কহিলেন তোমী শ্রীযুৎ বাবুজী মহাশয়কে সমচার লিখিআ আর খরেষগড়া দুই হাজার থান সীঘ্র আনিআ দাও আমি কবুল রাখিআছী অতএব নিবেদন খরেষ গড়া ও মধ্যমগড়া জে মযুদ হইআছে তাহা সীঘ্র চালান করিআ দিতে আজ্ঞ্যা হইবেক কাটোয়ার রাস্তা খোলাশ না হইআ থাকে কাঠারপথে গড়া সীঘ্র চালান করিবেন কীন্তু খরেষগড়া কথোক চালান করিবেন একানে জে গড়া মযুদ আছে তাহা দুই একের মধ্যে বিক্রী করিব কাপড় সীঘ্র না পোহছিলে হাত্ত খালি হইবেক গুদাম খালি থাকা ভাল হয় না অতি সীঘ্র কাপড় চালান করিতে আজ্ঞ্যা হইবেক সর্ব্বত্রে মহাশএর নামে খাড়া করিআ দিতেছী জে জে গড়া দিতেছেন সকল মহাশএর নামে খাড়া হইতেছে জানিবেন আর পূর্ব্বে জে চিনি শ্রীযুৎ মিত্রীজার বাটীতে ওজন হইআছে তাহার দস্তাবিজ ওজনের ফর্দ্দ আমার পাষ আছে মিত্রীজার বাটীতে হিসাব হয় নাই তাহার কারন চন্দ্র মযুকুরের সহিত একজোগে ওজন হইআছে আজ নাগাদী চন্দ্র মযুকুরের চিনির ওজন শেষ হয় নাই ইহাতেই হিসাব করে নাই দুই তিন রোজ মধ্যে চিনির হিসাব রফা করিআ টাকা লইআ চিনির টাকা আলাহিদা চালান করিব আর জে চল্লীষ বস্তা চিনি গুদামে ফেরত মযুদ ছিল তাহা ৬ তারিখে ওজন করিআ লইআছেন কীছু ওজন কমি বেআদত্ত হইআছে তাহার কারন তামাম বস্তা শোট হইআছিল এ কারন পাচ মোন ছয় মোন ওজন বাদ দিআ লইআছেন ইহাতেই কীছু লোকসান হইবেক তামাম বস্তা মারখা বিক্রী করিআ ওজন করিআ লইআছী ইহাতে আমার তামাম বস্তা মিলিআছে জে পাচ বস্তা পরিমিটে তফাত হইআছে তাহা চন্দ্র মযুকুরের হইল মারখা বিলিতে আমার বস্তা মিলান হইল

তাহা না মীনিল আমার সাধ্য নাই আমি তকাতি বস্তা লইব না আর হালের চিনি পরিমিটে আছে এ চিনি সীঘ্র বিক্রী করিআ নিবেদন লিখিব চিনির খরিদার হইআছে কীন্তু দরে কেহ বায়ে না কসামাজা করিয়া জে হয় পর্য্যন্ত নিবেদন লিখিব কাপড় খরিদী করিবেন কীন্তু এক্কানে খরেষগড়া জে হয় তাহাই লইবেন খারাপ কাপড় কোনমতে লইবেন না আর ২ সমাচার পর্য্যন্ত বোঝবাদমতে নিবেদন লিখিব কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি সন ১২২৮ সাল— তা— ৮ অগ্রহায়ন রাত্রি—

পুং নিবেদন— খরেশগড়া গড়ার থান কীম্বা গড়া আট সও থান জে হয় তাহাই চালান করিয়া দিবেন খরেষগড়া আইলেই বিক্রী হইবেক মধ্যমগড়ার নমুনা তিন চারি জায়গাতে দিআছী কিন্তু দর ৮০ আশী টাকার বেশী কেহ বলে না এই দরের উপর এক টাকা কম বেশ বিক্রী হইআছে কাহারু এক টাকা বেশী কাহারু এক টাকা কমী ইহার বেশী হইআ উঠে না কসাঁমাজা করিয়া মধ্যম গড়া বিক্রী করিব এক্কানে মহাশয় জে সকল গড়া লইবেন তাহা ভালই লইবেন নরমগড়া কোনমতে লইবেন না এক্কানে জে সকল হুউষওআলা গড়া লইতেছেন তাহারা ভালগড়া লইতেছেন গড়া ভাল হইলে কম বেষ দরে বিক্রী হওনের আটক নাই গড়া হয় পুরা গাএ খাপ এইমত গড়া লইবেন ভাল গড়া বিক্রী না হইলেও লোকসান নাই জানিবেন ইতি—

পুং নিবেদন—
শ্রীযুৎ বন্দোপাধ্যায় মহাশয় পুনরায় কহিলেন টাকার দরকার থাকে আমার দুই তিন হাজার টাকা লাও কীন্তু খরেষগড়া অতি অবুষ্য ২০০০ দুই তিন হাজার থান সীঘ্র চাহি তোমী লিখিআ পাঠাও জাহাতে খরেষগড়া সীঘ্র আসীআ পোহছে অতএব নিবেদন খুব মোনজোগপুর্ব্বক তাগীদ খরেষগড়া দুই তিন হাজার থান চালান করিতে আজ্ঞা হইবেক খরেষগড়া আইলে মহাশএর বড় সওরম হইবেক ইহাতে গাফেলি করিবেন না নিবেদন ইতি—

॥ ৩০৪ ॥

ঐ (সন ১২২৮ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্মরনং—

আজ্ঞাকারি প্রিতিপাল্য শ্রীসিবনাথ শিংহস্য—
সবিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চঃ আগে মহাশএর অনুগ্রহতে সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন ১ তারিখে ডাকমারফত এক নিবেদনপত্র লিখিয়াছী তাহার পর আর কোন পত্রাদী পাইএ নাই মঙ্গলাদী লিখিতে আজ্ঞা হইবেক পরে শ্রীযুৎ মাধব দত্তের বাটীতে জে গড়া খাড়া দিআছীলাম তাহার মধ্যে ফেরত বাদে ১৪০০ চদ্দসও থান সহি হইআ গাটীবন্দী হইআছে তাহার রসিদ পাওা জায় নাই দুই একের মধ্যে রশীদ ও টাকা পাওা জাইবেক রশীদ টাকা পাইলেই বেওারা নিবেদন লিখিব আর ১০০০ হাজার থান গড়া ঐ দত্তজার বাটীতে উঠাইয়া দিআছী তাহা খাড়া হয় নাই শেখানে অনেক কাপড় উঠিআছে খরিদী তারি এ জন্যে সীঘ্র কর্ম্ম নিকাষ হইআ উঠে না কাপড় উঠাইআ দিআছী ফিরিআ আনিতে পারি না নতুবা আর ২ জায়গাতে খরিদী হইতেছে একানে কাপড় বিক্রীর তার্ব্ব নাই বাজারে গড়ার খরিদার দুই তিন জন হওায় ও মারকীনমুলুকীর বাটীতে গড়ার খরিদার হইআছে কীন্তু বাজারে আর কোন মহাজনলোকের কাপড় মযুদ নাই তামাম গড়া প্রায় নিকাষ হইল জে সকল গড়া মযুদ আছে শে...ভাল গড়া এতাক্ত আশীয়া পোহছিলে কীছু সুভিতামত বিক্রী হইতে পারে দুই এক টাকা দর বেশী হইতে পারে মহাশয়কে পুর্ব্বে লিখিআছী কাপড় কথোক অতি সীঘ্র চালান করিবেন ইহার পর সকলের আমদানি আইলে কীছু হইতে পারিবেক না এক চালান গড়া জাহাতে সীঘ্র আশীআ পোহছে তাহার তদাবির করিআ পাঠাইতে আজ্ঞা হইবেক আর বাজারে গপ্প সুনিতেছী মারকীন ও ফরাশীষ ও দিনেমার ও ফিরিঙ্গী ১৬ শোল খানা জাহাজ আশীতেছে এ সকল জাহাজ আশীআ পোহছীলে বাজার বড় তেজ হইবেক এবং ইষপাই কোম্পানির ও বাজে ইষপাই খাজা...জাহাজ ৫ পাচ খানা আশীতেছে মহাশয় ভালরকম কাপড় খুব খরিদী করিবেন টাকা আমী পীছু ২ পাঠাইতেছী কাপড় কথোক খরিদী করিআ ধোপ ধোপদারি তআরি করিআ রাখিবেন জে প্রকার সুনিতেছী ইহা হইলে কাপড় চালান করিতে পারিলে কীছু পাইতে পারিবেন কাপড় কথোক করিবেন পরে শুপুরের বল মযুক্করের পাষ টাকা লইআ হুণ্ডী পাঠাইবেন আমি এখানে টাকা দিবো কথোক টাকা মজুদ আছে বাকী টাকা

দুই একে পাইব আর শ্রীযুৎ মিত্রীজার বাটিতে জে চিনি বিক্রী হইআছে তাহার টাকা আজী নাগাদী পাওা জায় নাই এবং হিসাব হয় নাই তামাম মারকীনের মুৎসুদ্দী নিল খরিদীতে অতি বেস্ত নিলের বাজার অতিসয় তেজ ইহাতে মুৎসুদ্দী লোকের সহিত সাক্ষাত হয় নাই এবং কোন কথা হয় না নিল খরিদিতে সকল কর্ম্ম বন্দ করিআ উনমত্ত প্রায় হইয়াছে করি কী সাধ্য নাই জে চিনি হাল আমদানি আশীআছে তাহার দর এক প্রকার নিকাষ করিআ আজী নাগাদী ওজন লইলেক না রোজ২ তাগাদা করিতেছী একজন জবাব দিআছেন একজনের আশ্বাষ আছে জে হয় পর্য্যান্ত নিবেদন লিখিব আর গুদামে ও খাড়াতে মায় ফেরত জে গড়া মযুদ আছে তাহা দুই তিন রোজ মধ্যে নিকাষ করিআ নিবেদন লিখিবো খাড়াতে ও গুদামে আনদাজি ও ফেরত সুধ্যা কম বেষ ১৫০০ ডেড় হাজার থান গড়া মযুদ আছে ইহা বিক্রীর ভার্ব্ব নাই এক জায়গাতে কাপড় উঠাইআ দেওা গীআছে এ কারন বিক্রীর ঢিল হইতেছে দুই এক রোজ দেখিআ কাপড় বিক্রী করিব আর বেটনগড়া আমার একসও থান মযুদ পাইকারলোক আমার বেটন ধরে না শ্রীযুৎ কত্তামহাশএর খাড়ার ও শ্রীযুৎ ছোট সরকার মহাসএর খাড়ার এই দুই ঘরের তামাম বেটন লইতেছে এই দুই ঘরের বেটন তামাম নিকাষ হইয়াছে আমার বেটন কথোক ২৸৵০ ২৷/০ ২৷০ ২।৶০ এই দামে বিক্রী হইয়াছে আর জে সকল বেটন মযুদ আছে এ বেটন মযুদ আছে এ বেটন গাএ অতি পাতলা এবং হাতে ৩০ হাত ইহাতেই কেহ গাহ্য করিআ লয় না একানে ২।০ ২।/০ নয় বুকা পাচ আনা বেশী কেহ বলে না এ কারন আমি বিক্রী করিতে পারি নাই মহাশএর অনুমতি না আইলে বিক্রী করিতে পারি না পর্য্যান্ত মহাশয় কহিবেন আমার বেটনের গড় কম হইল জদ্যপী এ দরে নিকাষ করিতে লিখেন তবে বেবাক বেটন নিকাষ করিতে পারি পর্য্যান্ত গড় কম হইলে মহাশয় আমাকে বেজার হইবেন না আর শ্রীপাছু পোতদার ও শ্রীহরি পোতদার মারফত জে জে জিনিষ পাঠাইআছী তাহার পোহছা সমাচার লিখিতে আজ্ঞা হইবেক কত্তাবাবুজী মহাশয় ইহা নিবেদন করিল ইতি—

ইতি সন ১২২৮ সাল তা ২০ অগ্রহায়ন—

॥ ৬০৫ ॥

হিসাব (১২২৯ সন) প ১

মৌজা : মির্জাপুর। জমা ওয়াসীল বাকীপোতা—

কীটদষ্ট।

॥ ৬০৬ ॥

হিসাব (১২২১ সন) প ১

৭শ্রীশ্রীহরি

তালিক বুনা ধান্যকুত মৌজে কুমুমড়াই প্রজা শ্রীউদয় নারায়ন রায় সন ১২২১ সাল তা—২২ আশ্বীন—

আসামী— জমী— দর ধান্য— নে মাপ—

... ...

৫/১।৶

বাদ বিচন ও খোস কী— ১/১।৶

৪

কাত দাম ২। জীম্বা—

শ্রীশ্রীদাম বাগ্দী— সাঃ কুমুমড়াই করার ২০ কার্ত্তীক—

কমল সৌ—

... ...

২।৩ ৩।৶।১২

কাত দাম—।৶ কাত—৫

॥ ৬০৭ ॥

হিসাব (১২২৯ সন) প

মৌজা : কৃষ্ণনগর। মোহন দাব, বাহাজদী পং। জমা ও আসীলবাকী রুপেআ খোদকস্তা।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৬০৮ ॥

হিসাব (১২২৯ সন) প ৫৬

মৌজা : কোপা। হলধর মণ্ডল, সাধুচরন নাই গং। খোকাহিসাব বাকীপোত্তা।

জীর্ণ।

॥ ৬০৯ ॥

হিসাব (১২২৯ সন) প

মৌজা : সনসত। জমা ওআসীলবাকীপোত্তা। জমা খরচপোত্তা—

৭শ্রীশ্রীদূর্গা

সন ১২২৯ সাল—

মোং সোনশত—

…বস্তী খরচ—

…শ্রীযুৎ বদন সরকার

শ্রীযুৎ নফর সামান্ত শ্রীযুৎ পরেষ ঘোষ

ডোমনপুরের—

মারুপ সেখের পতিত আবাদী জমীর

তজবিত কারন আছেন ঐ সরকারি

ধান্য বিক্রী করেন তাহার বাধা খরচ—

বিং জদাফর্দ ৸৶৫

মাং নবকৃষ্ণ মদক বাজে খরচ—

বিং জুদাফর্দ— ১৷১২

২৶১৭

সরকারি ধান্য বান্দা জায়—

ধান্য বান্দা জায়—

মরাই সরঞ্জামী খরচ—

২৭ শ্রাবন—

মরাই ছাদন কারন আউর খরিদা—

মাং শোনাতন শো—৷৷০

মাং…

নোট— ১

১৷৷০

মাং নবকৃষ্ণ মদক—

বিং তবকীক জুদাফর্দ—১৻১৫

১৸১৫

জমাটবাঁধা।

॥ ৬১০ ॥

হিসাব (১২২৯ সন) প ৩

মৌজা : নানুবাজার। পঞ্চানন্দ ঘোষ, মরু মণ্ডল। খতিয়ানজমী, একরানজমী, রাইয়তি।

কীটদষ্ট।

॥ ৬১১ ॥

হিসাব (১২২৯ সন) প ১৫

মৌজা : সোমসা। মথিচরন বাড়ই, প্রসাদ গোপ গং। হিসাব বাকীপোত্তা।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৬১২ ॥

হিসাব (১২২৯ সন) প ৮

চক : জগন্নাথপুর। গদাই গরাই, বং লাবান গরাই গং। খতিয়ানজমী।

জীর্ণ।

॥ ৬১৩ ॥

হিসাব (১২২৯ সন) প ১৪

চক : গোপালপুর। সুবিগ বাগদী, গোবিন্দ্র বাগদী গং। জমা ওয়াসীলবাকী রুপেয়া. খোদকস্তা, রাইয়তি।

জীর্ণ।

॥ ৬১৪ ॥

হিসাব (১২২৯) প ২

ভা : নোহনা। কানাই মণ্ডল। হিসাববাকী, তালিক ধান্যকুত।

জীর্ণ।

॥ ৩১৫ ॥

দাখিলা রুপেয়া (সন ১২২৯ সাল) প. ১

চক্ষু । —

দাখিলা রুপেয়া বাবত কলকুইনল রেজষ্টরি ফিষ কাছারি কালেক্টরি জেলা বিরভোম সন ১৮২২ সাল মং সন ১২২৯ সাল—

আসামী— জমূলা রুপেয়া—

মাহ যুলাই— ২৯/১৫ শ্রাবন—

শ্রী রামচন্দ্র সরকার
স্বাক্ষর—

৺০ গুরুদাষ ঘোষাল—
লাট কৃষ্ণনগর তাং চিনিবাষ সরকার ও গ্‌রুচরন সরকার ও লক্ষিকান্ত সরকার ও বিশ্বনাথ সরকার ও আশানন্দ নামে লেখা জাইত ঐ নাম মদ্দে লক্ষীকান্ত সরকার নাম খারিজ হইয়া রামচন্দ্র সরকার নাম দাখীল হয় তাহার ফিষ— ২॥৵৭ মং দুই টাকা এগার আনা সাত গণ্ডা সীক্কা হিষ্যা—

॥ ৬১৬ ॥

দাখিলা রুপেয়া (সন ১২২৯ সাল) প. ১

শ্রীশ্রীকৃষ্ণ ।—

দাখীলা রুপেয়া বাবত কলকুইনল রেজষ্টরি ফিষ কাছারি কালেক্টরি জেলা বিরভোম সন ১৮২২ মং সন ১২২৯ সাল—

আসামী— জমূলা রুপেয়া—

মাহ যুলাই ২৯ | ১৫ শ্রাবন—

৬০ গুরুদাষ ঘোষাল—

লাট কোপা তাং শ্রীনিবাষ সরকার ও গুরুচরন সরকার ও লক্ষ্মীকান্ত সরকার ও শ্রীবিশ্বনাথ সরকার ও আসানন্দ সরকার নামে লেখা জাইত ঐ লক্ষ্মীকান্ত সরকারের নাম খারিজ হইয়া দাখীল নাম রামচন্দ্র সরকার তাহার ফিষ— ॥৴১ মং দষ আনা এক গণ্ডা সীকা হিষা—

শ্রীদেবনাথ মজুমদার
মুহুরি—

॥ ৬১৭ ॥

রোবকারি হুকুম (সন ১২২৯ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গাঃ—

মবলগং ।—

……
মোহর কালেকটরি
জেলা বিরুভম
সন ১২২৫

শ্রীরামচন্দ্র সরকার—

মালুম করিবা সন হালের ১৬ জুলাই তারিখের রোবকারি হুকুম মোতাবক তালুক কৃষ্ণনগর ও লাট কোপার তাহুত সামিল তোমার পীতা লক্ষিকান্ত সরকার মতেফোর নাম খারিজ হইয়া শ্রীচিনিবাষ সরকার ও শ্রীগুরুচরন সরকার ও শ্রীবিশ্বনাথ সরকার ও শ্রীআসানন্দ সরকারের নাম সমুলিত তথায় নাম সেরস্তায় জারি হইয়া লেখা জাইতেছে এচিত জে তুমি সরিকানের একমালিতে ঐ হরদো মহালের খাজানায় চালান ওগয়রহে আপন নাম দস্তখত করিয়া দাখিল করিতে থাকহ ইতি সন ১৮২২ সাল তারিখ— ৭ আগস্ত মোং সন ১২২৯ সাল তারিখ— ২৪ শ্রাবন—

[খ- রসীদ··· ···

হি— ২৪ শ্রাবন— হি— ৭ আগস্ত—

দো— ২৪ শ্রাবন— শ্রীগুরুদাষ ঘোসাল— মোক্তার—

॥ ৬১৬ ॥

কবুলতিপত্র (সন ১২২১ সাল) প ১

শ্রীশ্রীরামঃ—

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমীদার মহাসয় বরাবরেষু—
লিখিতং শ্রীমহন্তচরন হালদার—
কস্য কবুলতিপত্র মিদং কাজ্যানঞ্চ আগে তালুক নোহনা দরুন
মোজে গাজপুরে খামার দরুন জে জমী মালগুজারি করারের
লইলাম তাহার করার বিতং—

শ্রী মহন্তচরন হালদার
সাং গাজপুর

আসামী –	জমী –	দর –	নেটং –
দাখিলা – সন মযুকুর –			
নিজ দরুন খামার –			
দো দোম –	১৸২	৩৶।৬	৫৸৶১৬
বাদ করার কমী –			১॥৶১৬
			৪।০

মবলগে জমী এক বিঘা সতের কাটা কাত জমা সেআই করার কমী চারি টাকা চার আনা সহিসীক্কা মালগুজারি করিব এ জমাতে হাজা মুকা পর আবাদী মুমুরার ও নালিষ করিব না ইহা সওায় কমী জদী বিরোবেসী সাবুদ হয় তাহা এই জমাতে চড়াইআ মালগুজারি করিব এতদথে আপন খোসীতে কবুলতিপত্র লিখিআ দীলাম ইতি সন ১২২১ সাল তারিখ – ২৫ কাত্রীক –

ইসাদ –

শ্রীগঙ্গাগোবিন্দ সম্মাচক্রবর্তী	শ্রীগদাধর কম্মকার	শ্রীতারাচরন সম্মাসরকার
সাং নোহনা	সাঃ গাজপুর	সাং গাজপুর

॥ ৬১৯ ॥

কবুলতিপত্র (সন ১২২৯ সাল) প ১

শ্রীশ্রীরামঃ।—

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার জমীদার মহাসয় বরাবরেষু—·
লিখিতং শ্রীদেবি সরকার—
কস্য কবুলতিপত্র মিদং কাজ্যনঞ্চ আগে তালুক নোহনা দরুন
মোজে গাজপুরে জে জমীজমা মালগুজারি করারে লইলাম
তাহার করার বিতং—

শ্রীদেবি সরকার
দঃ শ্রীদেব সরকার

আসামী—	জমী—	দর—	নেটং—
...	...	...	...
	/২৻৩১০		॥৶১০

মবলগে জমী দুই কাঠা তেরো কড়ার কাত জমা দষ আনা সাড়ে সহি
মালগুজারি করিব ··· ইতি সন ১২২৯ সাল— ২৫ কাত্রীক—

ইসাদ—

শ্রীগঙ্গাগোবিন্দ সর্ম্মাচক্রবর্ত্তী
সাং নোহনা

শ্রীকৃষ্ণকান্ত দাষবৈঃ
সাং গাজপুর

শ্রীতারাচরন সর্ম্মাসরকার
সাং গাজপুর

॥ ৬২০ ॥

কর্জপত্র (সন ১২২৯ সাল প ½

৭শ্রীশ্রীরাধাকান্ত জিউ

চরণ শরণং

....
....
আয় ব্যয় পত্র ২৫০ টাকার
পর ৫০০ টাকা পর্য্যন্ত ১৲
....
....
STAMP OFFICE

[শ্রীগোলাব চন্দ্র দাস]

মহামহিম—
শ্রীযুত শ্রীনিবাস সরকার বরাবরেষু।
লিখিতং শ্রীগোলাবচন্দ্র দাস—

কস্য কর্জ্জপত্র মিদং লিখনং কার্য্যঞ্চাগে আমি তোমার স্থানে সিক্কা ২৫৭ দুই সও সাতান্ন টাকা কর্জ্জ লইলাম ইহার সুদ কিঃ সদে দরমাহা ১ এক টাকা হিসাবে দিব সোধের ওয়াদা মাহ চৈত্রে শুদ সমেত পরিসোধ করিব এতদর্থে টাকা লইয়া খতপত্র দিলাম ইতি সন ১২২৯ বার সও উনিস তারিখ—

ছিন্ন।

॥ ৬২১ ॥

কর্জপত্র (সন ১২২৯ সাল) প ৬

৺৭শ্রীশ্রীকৃষ্ণ।—

মহামহিম শ্রীযুত শ্রীনিবাস সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীবৃন্দাবন অধিকারি কস্য কর্জ্জপত্র মিদং কাজানঞ্চ আগে আমি আপনকার স্থানে অত্রটং সিক্কা টাকা কর্জ্জ লইলাম ইহার সুদ দরমাহা কি সদে...দিব সোধের ওআদা মাহ মাঘে...পরিসোধ করিব এতদাথে নগদ...[লিখি]আ দিলাম ইতি সন ১২২৯ সাল তারিখ—

ইসাদ—

শ্রীলক্ষিনারায়ন চট্টোপাধ্যায়
সাঃ মানকর

শ্রীরামপ্রশাদ চক্রবর্ত্তী
সাং নোহনা

শ্রীবদনচন্দ্র সরকার
সাং দাত্তিনা

॥ ৩২২ ॥

কর্জপত্র (সন ১২২৯ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্মরনং—

STAMP
ONE ANNA
... ...
... ...
এক আনা
OFFICE

শ্রীমানিক ঘোষ
সাং মুরুল—

মহামহীম শ্রীযুৎ আশানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীমানিক ঘোষ—

কস্য করজ্যপত্র মীদং কাজ্যনকাগে আমী আপনকার স্থানে রোক কলশীকা দস্তবদস্ত ৫ পাচ টাকা করজ লইলাম ইহার যুদ মাফিক আইন দস্তুর দীব এ টাকা সোধের ওয়াদা সন মযুকুরের মাহ চত্রীতে যুদ সমেত বেবাক টাকা পরিশোধ করিব এতদার্থে নগদ টাকা দস্তবদস্ত লইয়া খতপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২২৯ সাল—তা ৮ ভাদ্র—

ইসাদ—

শ্রীরামপ্রসাদ সীহ
সাং রামনগর

শ্রীঅনুপম মেহেড়া
সাং সীলুট

শ্রীবিন্দাবন ধোবা
সাং মুরুলী

... ...
খজানা আমরা
... ...
TREASURY

[খ ৮০৬ নং

বিক্রী মোং মুরুলী সন ১৮২২ সাল ১৯ উনিশ মুলাই শ্রীরাধাকৃষ্ণ দত্ত জেলা বিরভোম

॥ ৬২৩ ॥

কর্জপত্র (সন ১২২৯ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

STAMP
ONE ANNA
... ...
... ...
এক আনা
OFFICE

শ্রীকানাই নন্দী
সাকিম কোড়াল
।।। নিসান সহি

মহামহিম শ্রীযুৎ আসানন্দ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীকানাই নন্দী—

কস্য কীস্তীবন্দীপত্র মিদং কাৰ্য্যনঞ্চাগে আমী আপনকার ৺পীতার স্থানে সন ১২১১ সালে এককীস্তা তমষুক দিয়া ১৩ তের টাকা কর্জ্জ লইয়াছিলাম ইহার সুদ মাফিক আইন ১৩ তের টাকা হামসী ২৬ টাকা না তাগদীতে দিতে পারি নাই ইহার মধ্যে ১১ এগার টাকা রফা দিলেন সেওাই ১৫ পোনর টাকার অন্দরে নিজ সোধ দুই টাকা দীলাম সেওাই ১৩ টাকা কীস্তীবন্দী লিখিয়া দিতেছী ইতি সন ১২২৯ সাল—তা—১২ শ্রাবন—

আসামী— জামুলা তঙ্কা—

দেনা— ১৩ তের তঙ্কা জায় কীস্তীবন্দী—

মাহ ভাদ্র—১	ইং— ৮
মাহ আশ্বীন—১	সন ১২৩০ সাল
মাহ কাত্রীক—১	বৈসাখ—১
মাহ অগ্রহান—১	জৈষ্টী—১
মাহ পোষ—১	আসাড়—১
মাহ মাঘ—১	শ্রাবন—১
মাহ ফাল্গুন ১	ভাদ্র—১
মাহ চৈত্রী—১	১৩
৮	

মঃ তের টাকা মাফিক কীস্তীবন্দী মাষ ২
বিনা উজর সরবরাহ করিব মেয়াদ মাফিক
তঙ্কা আদায় না করি মেয়াদ মনকাজির
হইলে তঙ্কার সুদ সমেত মালগুজারি দস্তুর
দিব ইতি সন সদর তারিখ...

ইসাদী -

শ্রীজীবন আচাজ্য
সাং ডোঙ্গাল (?)
পং ইন্দাষ জীলা বিরভোম
বিন্দাবন আচাজ্য
সাং খণ্ডঘোষ

শ্রীনিবাষ দাষ
সাং কাটঙা

[বিক্রী মোং সুরুল সন ১৮২২ সাল ১৯ ওনিস যুলাই শ্রীরাধা দত্ত জেলা বিরভোম

॥ ৬২৪ ॥

রসিদপত্র (সন ১২২৯ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ।-

মহামহিম শ্রীযুৎ রমানন্দ সরকার বরাবরেষু—
লিখিতং শ্রীলালমোহন য়ধিকারি ও শ্রীমোদনমোহন অধিকরি
কষ্য রসিদ রুপেয়াপত্র মিদং কাজানক্ষ আগে পরগনে
বারবক সিংহ মোজে সেড়ান্দি ও মোহনপুর মোজে
মযুকুরদিগরে আমাদে´র পইত্রিক খয়রাত্তজমী সোবির
মাটে সালী এক বিঘা.. সেখ আজমদ্দী দরুন আর সাও
পুষ্করির গড়াই মাট জোত মাধ্যি মণ্ডল দরুন

শ্রীলালমোহন য়াধিকারি
সাং কলগ্রাম
।।। নিসান
শ্রীমদনমোহন য়াধিকারি
সাং কলগ্রাম
।।। নিসান

সালী ১ এক বিঘা একুনে ২ দুই বিঘা সালীজমী আপনকাকে পোনবাহা ১১
এগার টাকাতে আপনকাকে জড়খরীদিগী বিক্রয় করিয়া কোবালা লিখিয়া দিলায়
বিঃ কোবলা পোনবাহায় মবলগ মযুকুর মারফতে শ্রীযুৎ সদানন্দ সরকার কল

সিক্কা ১১ এগার টাকা দস্তবদস্ত নগদ লইয়া রসিদ লিখিয়া দিলাম ইতি সন ১২২৯ সাল—তারিখ—৯ বৈসাখ

ইসাদী

শ্রীমানিকচন্দ্র মুখোপাধ্যায় সাং সেড়ান্দী | শ্রীনকড়ি দত্ত সাং সেড়ান্দী | শ্রীশ্রীমন্ত ঘোষ সাঃ সেড়ান্দী | শ্রীলক্ষন দাষ সাঃ নোষা (?)

শ্রীছিষ্টিধর ঘোষ সাঃ সেড়ান্দী

॥ ৬২৫ ॥

বিক্রীকোবালাপত্র (সন ১২২৯ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ।—

ইয়াদিকীর্দ্দ সকল মঙ্গালালয় শ্রীযুৎ রামানন্দ সরকার ওলদে শ্রীশ্রীনিবাষ সরকার ইবনে ব্রজবল্লভ সরকার সাকীনান মোজে সুরুলী পরগনে বারবক সীহ মত্তালকে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীলালমোহন অধিকারি ও শ্রীমদনমোহন অধিকারি ওলদে সর্ব্বেশ্বর অধিকারি ইবনে রামচন্দ্র অধিকারি সাকিনান মোজে কলগ্রাম পরগনে বারবক সীহ মত্তালকে জেলা বিরভোম—

... ...জাক্কী আগে পরগনে বারবক সীহ তালুক কৃষ্ণনগর মোজে ...ইসান গোবিন্দমাটি আজমন্দী সেখের জোত দরুন মওাজী ১/ একবিঘা সালিজমী মোহনপুরের সাওসড়ার দক্ষীন মানিক ঘোশের জোত দরুন মোওাজী ১/ এক বিঘা একুন ২ দুই বিঘা জমি আমীনিগের পোত্রৗক খয়রাত ঐ মোওজী মযুকুর আপনকার নিকট বিক্রয় করিলাম অথা পোনবাহা বাবুদী ১১ এগার তঙ্কা বায়জনমুলুক সহিসিক্কা শ্রীযুৎ সদানন্দ সরকার মারফত দস্তবস্ত নগদ পাইয়া আপন কাবেজ তছরুপে আনিলাম আপনি জমিন মযুকুরা আপন কাবেজ তছরুপাতে আনিয়া

দাখিলকার দান বিক্রয়ের সত্তাধিকার হইয়া পুত্রপোত্রাদিক্রেমে পরমসুখে ভোগ দখল ভছরূপাত করহ বাহুয বাহাল ভবিয়েত আপন খেশ্যাপূর্ব্বক আপন সত্তা ত্যাগ করিয়া বিক্রয় করিলাম কশ্মীনকালে আমরা কীম্বা আমাদিগ্যের ওয়ারিষআন কেহ কখন দাওা করে কীম্বা করি শে নামঞ্জুর ও বাতিল এতদার্থে খয়রাতজমি বিক্রয়কবালা লিখিয়া দিলাম ইতি সন ১২২৯ সাল তারিখ—৯ বৈসাখ—

ইসাদ

শ্রীমানিকচন্দ্র মুখোপাধ্যায়
সাং সেড়াপ্সী

শ্রীনকড়ি দত্ত
সাং সেড়াপ্সী

শ্রীশ্রীমন্ত ঘোষ
সাং সেড়াপ্সী

শ্রীলক্ষন দাষ
সাং নোয়া

শ্রীছিষ্টিধর মণ্ডল
সাং সেড়াপ্সী

[খ—১৬০৫ নং

বিক্রী মোং মুকুল সন ১৮১৮ সাল ১১ এগারএঞী অক্তবর শ্রীরাধাকান্ত বরাট

॥ উ২৬ ॥

ইসমনবিসী (সন ১২২৯ সাল) প ৮

ইসমনবিসী চৌকীদারানদিগর সামিল থানা কেতুগ্রাম মতালকে জেলা বিরভোম বাবুত সন ১২২৯ সাল—

নাম মৌজা—	নাম পরগনা—	নাম জমীদার দীং মালিকানা—	থানা হইতে কোন তরফ কত তফাত—
মৌজে কুলুষ্টি— ১	পরগনা মোনহরসাহী	মহারাজ তেজচন্দ্র রায় বাহাদুর . পত্তনিতালুকদার শ্রীশ্রীনিবাস সরকার ইঃ রামসঙ্কর সরকার	থানার পশ্চীম বাইকোন আন্দাজী সাড়ে তীন ক্রোষ তফাত
ঐ	ঐ	ঐ	ঐ
ঐ	ঐ	ঐ	ঐ
ঐ	ঐ	ঐ	ঐ
ঐ	ঐ	ঐ	ঐ

১

চৌকিদারানের নাম বহালি সন তারিখ—	ফি চৌকিদার জায়গীর জমী কাত—	দ্বু আয় মাষ তা	কত ঘর বসত	বাজে কৈফিয়ত
লক্ষীকান্ত চৌকিদার সাবেক বহালি— ১	১৫।২	১৷৴	১৭	
ঠাকুরদাষ আটপহরি সাবেক বহালি— ১	৯৸৩	০	০	
দুর্গা আটপহরি সাবেক বহালি ১	১৬৴১	০	০	
তেনু আটপহরি সাবেক বহালি— ১	২৷০	০	০	
ভরথ আটপহরি সাবেক বহালি— ১	৯।০	০	০	
৫	৫৩৴১	১৷৴	১৭	

অতঃপর মৌজে কাটাডীহী— মৌজে হরিদাষপুর— মৌজে গোবলা— মৌজে গোমড়া— মৌজে পররাকান্দী— মৌজে শ্রীনিবপুর— মৌজে রতীরামপুর— পরগণে মনহরসাহীর বিভিন্ন চৌকীদারের হিসাব।

কীটদষ্ট ও জীর্ণ।

॥ ৬২৭ ॥

বিক্রয়কবালাপত্র (সন ১২২৯ সাল) প ১

৺৭শ্রীশ্রীদুর্গা—

সহায়

ইয়াদিকীর্দ্দ সকল মঙ্গলালয়—

শ্রীগুরুচরন সরকার উলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবেন্দ্র সরকার মৌজে কৃষ্ণনগর উরফে সুরুলী পরগনে বারবক সিংহ মতালকে জেলা বিরভোম বরাবরেষু।

লিখিতং শ্রীকালিসঙ্কর চট্টোপাধ্যায় উলদে ৺লক্ষন চট্টোপাধ্যায়ে ইবনে ৺গোপীনাথ চট্টোপাধ্যায় সাকিমান মৌজে কৃষ্ণনগর উরফে সুরুলী মতালকে জেলা বিরভোম— কষ্য বাস্তবাটী ও ব্রহ্মত্তরজমী বিক্রয়কবালা লিখনং কাজ্যনঞ্চাগে পরগনা ময়ুকুরের মধ্যে মৌজে সুরুলের কাসিনাথ চট্টোপাধ্যায় দরুন খরিদা মহত্র'ন বাস্ত নফর সন্ন'কারের বসত দরুন মএাজী /৩ তিন কাটা ও মৌজে জয়কৃষ্ণপুরের পুস্তরমাট দরুন হরিমনি দেব্যা ও দয়ামই দেব্যা ও পরমেস্বরি দেব্যা দরুন খরিদা ব্রহ্মত্তর সন্তাগড়ার দক্ষীন ৭ সাত কেত্তা কাত মএাজী সালি ৩/ তিন বিঘা পরগনে আয়জন মৌজে মোহনপুরের ইসান রায মণ্ডলের দক্ষীন রাস্তার দক্ষীন বাস্ত মএাজী /৪ চারি কাটা একুন মএাজী ৩।২ বিঘা বিঘা সাত কাটা আপনকার নিকট বিক্রয় করিলাম এবং আমার খরিদা কবালা আপন[কাকে] দিলাম অস্য পোনবাহা বাবুদী ৬৪ চৌসষ্টি টাকা বায়জন মুলুক সহিসিক্কা দস্তবদস্ত নগ[দ] পাইয়া সুরুলের কেনারাম চৌধুরির কর্জ্জ আদাইতে ভহরূপ করিলাম আপুনি মএাজী হায় মযুকুরাত্রে দখিলকার হইয়া আপন দখল কাবেজে আনিয়া দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া পুত্র পৌত্রাদীক্রমে ভোগ ভহরূপ করহ জমীন মযুকুরের সহিত আমার এলাকা নাই কস্মিনকালে আমি কিম্বা আমার ওয়ারিসান কেহ কখন দাওা করে কিম্বা

করি সে নামঞ্জুর ও বাতিল এতদার্থে বাহেব বাহাল ভবিষ্যতে জমীন বিক্রয় কবালা লিখিয়া দিলাম ইতি সন ১২২৯।— তারিখ— ২১ পৌষ—

ইসাদ—

শ্রীরামকৃষ্ণ মজুমদার	শ্রীমহেশ্বর বন্দোপাধ্যায়	শ্রীবংসিধর ঘোষ
সাং সুরুলী	সাঃ সুরুল	সাঃ সেড়াম্বি

...৮ ...

খজানা আমরা

... ...

TREASURY

[খ- ৪৩৮১ নং—

[বিক্রী মোং] সন ১৮২২ | ৩১ আগস্ত শ্রীগুরুপ্রসাদ ঘোষ জেলা বিরভূম—

॥ ৬২৮ ॥

হিসাব (১২৩০ সন) প. ২

মৌজা : মোনহরপুর জমা ওয়াসীলবাকী।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৬২৯ ॥

হিসাব (১২৩০ সন) প. ১

মৌজা : বেজরা। দিগাম চট্টা, রামসঙ্কর ঘোষ সাং কোপা—হিসাব বাকি পোতা পাইকস্তা জমা ৩০।

কীটদষ্ট।

॥ ৬৩০ ॥

হিসাব (১২৩০ সন) প ১৪

মৌজা : সনসত। খরিদী খয়রাত—ভিক্ষু মীর শ্রী৺দেবত্তর চান্দআলী মীর ও ভিক্ষু মীর। জমাখরচ রুপেয়া—বিলায়তি—কজ্জ্বর্দ্দন জমা ৺কাশীনাথ মণ্ডল বং শ্রীধনকৃষ্ণ কোঙর কোয়ার।

জীর্ণ. বেশকিছু অংশ জমাটবাঁধা।

॥ ৬৩১ ॥

হিসাব (১২৩০ সন প ১৫

মৌজা : কৃষ্ণনগর। নন্দর ভট্টাচার্য্য, রামলোচন ভট্টাচার্য্য গং। খোদকস্তা মোকরোরি—জমা ওয়াসীল বাকীপোতা—হিসাব বাকী রুপেয়া।

জীর্ণ, কিছু অংশ জমাটবাঁধা।

।। ৬৩২ ।।

হিসাব (১২৩০ সন) প. ২

৺৭শ্রীশ্রীহরি—

সন ১২৩০ সাল—

শ্রীযুৎ বাবু আশানন্দ সরকার—
তাং—২২ ফাল্গুন—

৬০ মানিক শো—	খরচ—
লালকীনারি ধুতি ১ জোড়—	২॥৴
লালকীনারি ধুতি ১ জোড়—	২॥
সাদা জোড় ১ কাত—	১।৫
সাদা জোড় কাত—	১৶
	৭॥৫
খরাট—	।৶১০
থান ২০ হাত—	১।০

মং নয় টাকা [তিন আনা] পোনর পাই—

শ্রী মদন ঢাকোরা—

।। ৬৩৩ ।।

হিসাব (১২৩০ সন) প. ৪৫

৭শ্রীশ্রীহরি—

সন ১২৩০। —

ভেরিজখানা খরচ জেলা বিরভোমের শ্রীযুৎ মেজস্টর সাহেবের আগমনীখরচ মোকাম মুরুলী সন ১২৩০ সাল ইঃ ২১ শ্রাবন নাং ২ ভাদ্র—

আসামী—	জমূলা জিনিষ—	দর—	নেটং—
মেজের চাল—	ৎ১৮	১৮	১
ঘিত গাওা—	৭		৩॥৴৫
গুজী—	॥৩		৩।০
ময়দা—	।৬		১
চিনী—	ৎ৯		১৶
কোতরাগুড়—	ৎ।		ৎ৫
বেলেগুড়—	ৎ।		ৎ৫

লবন —	৫৮	৸০
হরিদ্রা —	৫১	৶০
জুট —	।/	/০
আদা —	৸	৫১৫
তেজপাত	/	৫১০
গহরা —	৶	৫৫
গোলমরিচ —	।।০	৵৪
ধন্যা —	৫১	৶০
রসুন —	৫১	/০
পেয়াজ —	।১	।।৵০
পাচমরিচ —	।৶	/০
বকরি —	১২	৩
মুরগী —	৪৫	১।৶ ০
আণ্ডা —	৫৫৪	২।।/১৫
হাঁস —	৮	৶
ভেরি —	১	।।০
বুটকপাই	/১৸	।।০
খাস্ত —	/৮	।১০
দুগ্ধ —	।১৯	৩
তেতুল —	৫১	৫১০
তেল —	৫২	১।০
কয়লা —	৯ পাটা	৪।০

গোস্তানার খরচ —		
আদা —	।।	৫১০
লবন —	৫।।	৫১৫
জৌন —	৫।।	৫৫
সরিষা —	।।	১০
হরিদ্রা —	।।	/০
বাবুই —	৪ আটি	
গুল —	৫১।।	

		২৯।।৶১৪
…রিআওলার মাহিনা —	১	১
		৩০।।৶১২

অতঃপর — বাকেখরচ বাসাআলোদের —

কজদারি নাজীরে বাসা —

তালের চাটাই — জমাদারের বাসা —

২১ রোজ — ৬ তালের চাটাই — ১ ... ইত্যাদি

একজায় চোর পাহরের তৈল দেয়া জায় তাহার জমা খরচ —

... ...

সিফাইএর খরচ —

আসামী — তৈল — মালসা — ঘড়া — কাঠ -- চাটাই —

... ...

বন্দুয়ানের খরচ --

আসামী -- মালসা -- তালের চাটাই -- কাঠ -

... ...

একজায় বর বধুরে জন্য হাতি জমা খরচ --

... ...

বুট খরিদী সাং ভজেশ্বর স[রকার] — ধান্য খরিদী সাং ভজেশ্বর স[রকার] —

... ...

হিঃ শ্রীএমামদী সেখ -- ... ...

সাং লোহাগড়া --

হিঃ শ্রীসরফরাজ খাঁ -- ... ...

সা --

মুরগী খরিদী -- ... ...

হিঃ শ্রীসম্ভু দলুই —

মুরগী -- ... ...

সাং জাহ্নু কোড়া —

বকরি -- ... ...

সাং নারা বাগদী -- ... ...

হাঁস --

সাং কদি হাড়ি - ... ...

দুগ্ধ খরিদা --

সাং স্বরূপ গোপ -- ... ...

কয়লা খরিদা -

সাং রামজয় মদক -- ... ...

গাওা ঘৃত -
হিঃ মাং নং বধু কলু—   ...   .
ময়দা ও মুজি--
মাং শ্রীধর মদক—

...ইত্যাদি—

অতঃপর ২১ শ্রাবণ থেকে ২ ভাদ্র পর্যন্ত বিভিন্ন সামগ্রী এবং জমুলা হাড়ী—কলসী—তৈল--ছোলা—খাপুরী--কুদ—রাঁঢ়—বেসলী--তালের চাটাই--কাষ্ট বোজা— মএ সংস্ক—বড় মৎস্য- পাটের রসা ২১ রোজ থেকে ৩০ রোজ পর্যন্ত খরচের হিসাব।

॥ ৬৩৪ ॥

কিস্তীবন্দীপত্র (সন ১২৩০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

চরন স্বরন—

STAMP
FOUR ANNAS
... ...
... ...
চারি আনা
OFFICE

শ্রীসখাউদ্দী চৌধুরি
সাং সনাসত

মহামহিম শ্রীযুৎ শ্রীনিবাস সরকার মহাসয় বরাবরেষু -
লিখিতং শ্রীসখাউদ্দী চেধরি সাকিনান মৌজে সোনসত পরগনে বারবক সিহ...কস্য কিস্তিবন্দীপত্র মিদং কাজ্যনঞ্চা আগে মৌজে মমুকুরে আমার পৌ[ত্রিক] খঅরাত ২৪ চব্বিষ বিঘা আপনকার কনেষ্ট সহদর শ্রীযুৎ গুরুচরন সরকার ...২৫ শ্রাবন তারিখ কঅলা লিখিয়া দিএ ২০১ দুই সএ এক টাকা পোনবাহা লইআ...১১/২ এগার বিঘা দুই কাটা জমি আপনকার পুত্র শ্রীযুৎ ভাবানন্দ সরকারের নামে ..তারিখ কঅলা লিখিয়া দিএ ১০১ একসএ এক টাকা পোনবাহা লইয়ার ১১৷৩ এগার কার পুত্র শ্রীযুৎ নবকুমার সরকারের নামে সন ১'২৩ সালের ২৯ আসাড় তারিখ এক কউলা লিখিয়া দিও ১০১ [এক]সএ এক টাকা পোনবাহা লই একুন তিন কআলা কাত ৪৮।। ছিচল্লীষ বিঘা দষ কাটা জমি লিখিয়া দিএ পোনবাহা বাকি মবলকে ৪০৩ চারি সএ তিন টাকা লই তাহার হিসাব বাই মুং ১০১ একসএ এক

টাকা একুনে ৫০৪ পাচ সএ চারি টাকা কওালা লিখিয়া দিবার কালে সোরত ছিল জে মেআদ মত সমনে তঙ্কা মায় সুদ আদায় করিলে আপন কউলা ফিরিয়া পাইব মেয়াদ মত তঙ্কা আদায় না করিবাতে মতাবক জাবদাম আজিমাতে দখল পাইবার পার্থনায় জিলা বিরভোমের দেআনি আদালতে শ্রীযুৎ গুরুচরন সরকারে নামের কউলা বাবুত ১৮৪ নম্বরে ও শ্রীযুৎ ভবানন্দ সরকারের নামের কওলা বাবুত ১৮১ নম্বরে ও শ্রীনবকুমার সরকারের নামের কওলা বাবুতে ১৮৩ নম্বরে আমার নামে নালিষ করিয়াছেন তাহাতে এই নওাজিয়া জোতদারের খাজানা দফাদফা ১৭৯ একসএ উনআসি টাকা ওআসিল বাদে ৩২৫ তিন সএ পচিষ টাকা দেনা হইয়া মহাসএর নিকট রুযু হইয়া সন হালের ২০ শ্রাবন তারিখ ২০০ দুই সএ টাকা আদায় করি সোআয় ১২৫ এক সএ পচিষ টাকা নাকালাম দেনা হইয়া নাতাপদী সকল আদায় করিতে না পারিয়া নিচের ভপসিলে কীস্তীবন্দী লিখিয়া দিতেছি ইতি সন ১২৩০ বার সএ তিরিস সাল তারিখ—২৫ পচিসা ভাদ্র—

আসামী—	জমূলা তঙ্কা—
জের বাকী—	১২৫
কীস্তীবন্দী—	
সন ১২৩০ সাল —	
মাহ ফাল্গুন —	২৫
সন ১২৩১ সাল —	
মাহ মাঘ চৈত্রী —	৩৩
সন ১২৩২ সাল —	
মাহ মাঘ —	৩৩
সন ১২৩৩ সাল —	
মাহ পোষ —	৩৪
	১২৫

শ্রীমির্জা জোবান
সাং সোনসত
শ্রীমির্জা ওজমান
সাং সোনসত

ইসাদ—

শ্রীমির্জা জোহবার
সাং সনসত
শ্রীমির ছিমু
সাং সোনসত

মবলগে একসএ পচিষ টাকা মাফিক কীস্তীবন্দী সরবরাহ করিব কীস্তীবন্দীর মেআদ খেলাপ হয় মাফিক আএন সুদ সমেত টাকার সরবরাহ করিব ইতি—

... ...
খজানা আমরা
... ...
TREASURY

॥ ৬৩৫ ॥

একারর্‌পত্র (সন ১২৩০ সাল) প ১

শ্বরনং

শ্রীসোরাপ মিজ্জা
শ্রীশোভান মিজ্জা
মিজ্জা শ্রীউছমান
সাং সোনসত

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ শরকার শ্রীযুৎ গুরুচরন শরকার শ্রীযুৎ বিশ্বনাথ শরকার শ্রীযুৎ আশানন্দ শরকার শ্রীযুৎ রামচন্দ্র শরকার জমীদার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীসোরাপ মিজ্জা ও শ্রীশোভান মিজ্জা ও শ্রীউছমান মিজ্জা সাকীনান মৌজে শোনশত পরগনে বারবক শীংহ তালুক কৃষ্ণনগর কষ্য একরারপত্র মিদং কার্জ্যনঞ্চাগে মৌজা ময়ুকুরের অগ্নীকোন ছোটদিঘী পুস্কনী ও কলাগড়া পুস্কনী আমাগির্গ্যের পীতা মিজ্জা রোষন বেগের নামে কারশাজীমতে এক শনন্দ করিআছিলাম এবং ঐ ছোটদিঘী পুস্কনীর পুর্ব্বপাহাড় বাগাত ১/১ একুষ কাটা আর উহার পুর্ব্ব এককীত্রা পার বাগাত ৸০ পোনের কাটা একুন একবিঘা সোল কাটা ঐরুপ সনন্দ করিআছিলাম আপনকারা ঐ শকল পুস্কনী ও বাগাতের জমা নিসন্ত কারন যুরু শালে এতলানাম দিএছিলেন তাহার আমাদিগ্যের পীতার নামে ঐ সনন্দা দীনাকশ জানিয়া ছোটদির্ঘ পুস্কনী ও কলাগড়া পুস্কনী ও বাগাত ছোটদির্ঘর পাহাড় দরুন ১/১ একুস কাটা ও উহার পুর্ব্ব কীত্র্যা পার এক বাগাত ৸০ পোনর কাটাতে আপন ২ দখলের দস্তা হইতে খেন্ত হইলাম আপুনী ঐ সকল পুস্কনী ও বাগাত আপন একক্তারে খাষ করিআ লইবেন তাহার আমাদির্গের কোন বাবুদী দাওা নাই কলাগড়া পুস্কনী আপনকার্দ্দের নিকট শেলামী দিএ সনন্দ করিয়া লইলাম আর ছোটদির্ঘর পুর্ব্ব এককীত্রা পার বাগাত ৸০ পোনের কাটা আপনকারা আমাদির্গ্যে দিলেন ছোটদির্ঘ পুস্কনী এবং উহার পুর্ব্বপাহাড়ের বাগাত ১/১ একুষ কাটার শহীত আমার্দ্দের এলাকা নাই জর্দ্যপী আমারা কীর্ম্বা আমার্দ্দের ওয়ারিশান কেহ কখন দওা করে কীর্ম্বা করি শে না

মহুর ও বাতিল এতদার্থে একরার লিখিআ দিলাম ইতি সন ১২৩০ সাল— তারিখ--১৬ অগ্রায়ন--

ইসাদ –

শ্রীমির ভিখু
সাং সনসত

শ্রীসখাওদী চোধুরি
সাং সনসত

শ্রীমীর খা
সাং কৈথনপুর

শ্রীনন্দকুমার সীহ
সাং বাহাদুরপুর

... ...
খজানা আমরা
... ...
TREASURY

॥ ৬৩৬ ॥

কর্জপত্র (সন ১২৩০ সাল) প. ১

শ্রীশ্রীকৃষ্ণা—

STAMP
ONE ANNA
... ...
... ...
এক আনা
OFFICE

শ্রীখুদিরাম ঘোষ
সাং মু[জো]ক ॥

মহামহিম শ্রীযুৎ আসানন্দ সরকার বরাবরেষু—
লিখীতং শ্রীখুদিরাম ঘোষষ্য--
কষ করজপত্ত মিদং কার্য্যঞ্চাগে আমিহ আপনকার স্থানে জন্তটং সিকা ১৪ চৌদ্দ টাকা করজ লহিলাম ইহার সুদ দরমাহা কে তঙ্কা ৩। তের কড়া হিসাবে

দেব টাকা পরিসুদের রদা সন ১২৩১ সালের মাহ কাত্তকের সুদ সমে[ত] তঙ্কা দিয়া পরিষুদ্ধ করিব এতদাথে নগদ তঙ্কা দস্তবদস্ত পাইয়া খতপত্র লিখীআ দিলাম ইতি—সন ১২৩০ সাল তারিখ ২৯ ফাল্গুন--

এই খতে লিখিতং শ্রীরূপু বেওা আমীহ আপনকার নিকট মাল জামীনি হইয়া সাং সুরুলের শ্রীখুদীরাম ঘোষকে চদ্দ টাকা কৰ্জ্জ দেলাইলাম ঘোষ মযুকুর মেয়াদ মাফিক টাকা দীয়া পরিসোধ করিবেক মেয়াদ মাফিক টাকা না দেয় তবে আমী নিজে হইতে বিনা উজর দীব ঘোষ মযুকুরের কোন ওজর করিব না এতদথে আপন খুসিতে মালজামিনতিপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৩০ সাল তা ২৯ ফাল্গুন—

শ্রীরূপু বেও
সাং সুরুল ।।

... ...
খজানা আমরা
... ...
TREASURY

ইসাদী—

শ্রীকানাই ভাণ্ডারি	শ্রীনদেরচান্দ গোপ	শ্রীরাধাবিনদ সরকার
সাং সুরুল ।।	সাং কেন্দডাঙ্গাল	সাং সুরুল

[খ ২৬৯৩ নং

বিক্রী মোং সুরুলি সন ১৮২৪।৭ মারচ শ্রীরাধাকান্ত বরাট......

॥ ৬৩৭ ॥

রসিদপত্র (সন ১২৩০ সাল) প. ১

৺৭শ্রীশ্রীহরি—

মহামহিম শ্রীযুৎ আসানন্দ সরকার বরাবরেষু—
লিখিতং শ্রীপরেষনাথ সৈ—
চকনামা ওপর ঠাকুরবান্দ পুষ্করি মৌজে বেজরা পরগনে খটঙ্গা পোত্রীয় সম্রান্ত শ্রীধর্ম্মদাষ রায় ও শ্রীকালিপ্রসাদ রায় সাকীনান পতিসর খরিদী শ্রীরামকৃষ্ণ সরকার সাকীনা কৃষ্ণনগর ওরফে ম.কুলী পং বাররক সিহু সন ১২৩৫ সাল তারিখ—

আশামী-- দীঘ্র্‌-- প্রস্ত-- সালীজমী--

১ দাগে গ্রামের দক্ষীন নফর মণ্ডলের বাটীর দক্ষীন নাম ঠাকুরবান্দ পুষ্করীর পুর্ব্ব অনন্ত মণ্ডলের ম.নাজমীর ওত্তর রামহরি মণ্ডলের ও সক্ষীচরন দাষবৈরাগীর সালীজমীর পশ্চিম ওপর ঠাকুরবান্দ পুষ্করি এই পুষ্করির ওত্তর পাহাড় মধ্যে কাশী হাড়ীর বসত ও হলা হাড়ীর বসত ও আবাদী ওত জমী অনন্ত মণ্ডলের জোতপাত আবাদী পুর্ব্ব পাহাড় আবাদী পাড় সমেত বিক্রী করিতেছি সন তারিখ-- সদর--

ইসাদী--

॥ ৭৫৮ ॥

চকনামা (সন ১২৩৫ সাল) প ১

৺৭শ্রীশ্রীহরি

সহায়--

চকনামা ঠাকুরপুষ্কর্ন্নি মৌজে কোপা পরগনে খটঙ্গা পৌত্রীক সম্বাদ শ্রীধর্ম্মদাষ রায় ও শ্রীকালিপ্রসাদ রায় সাকীনান পতিসর খরিদী শ্রীরামকৃষ্ণ সরকার সাকীনান কৃষ্ণনগর ওরফে মনুরুলী পং বারবক সিহু সন ১২৩৫ সাল--

আশামী— দীর্ঘ— প্রস্ত— সালীজমি—

১ দাগে গ্রামের ওত্তর লোচন মণ্ডলের বাটীর ওত্তর ও শ্রী৺কালিতলার ওত্তর রামকৃষ্ণ মণ্ডলের বুড়র পুষ্কর্ন্নির পুর্ব্ব গোপথ রাস্তা পার পুর্ব্ব সরকারি জোল জমীর দক্ষীন কুড়া চোকীদারের চাকরানজমীর পাছিম ঠাকুরপুস্কার্ন্নি--

তঙ্কা-- ৩।৪ ১।।৩ ৫।।৪

মোত্তাজী পাচ বিঘা চন্দ কাটা ইতি--

সন ১২৩৫ সাল--তারিখ--

ইসাদী--

॥ ৭৫৯ ॥

বিক্রয়কবালাপত্র (সন ১২৩৫ সাল) প ১

৺৭শ্রীশ্রীকৃষ্ণচরন

স্বরনং—

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
-আট আনা
OFFICE

শ্রীধর্ম্মদাস রায়
শ্রীকালি রায়
সাং পতি সর
পরগনে খটঙ্গা

ইস্তাদিকির্দ্দ সকল মঙ্গলালয় শ্রীরামকৃষ্ণ সরকার ওলদে শ্রীগুরুচরন সরকার ইবনে ৺ব্রজবল্লভ সরকার সাকিনান মোক্তে কৃষ্ণনগর ওরফে মুরুলী পরগনে বারবক সিংহ মন্ডলকে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীশ্রীধম্মদাষ রায় ও শ্রীকালিপ্রসাদ রায় ওলদে ৺রামকান্ত রায় ইবনে ৺রুদ্রচরন রায় সাকিনান মৌজে পাতিসর পরগনে খটঙ্গা মতালতে জেলা বিরভোম— কস্য পুস্কর্নি বিক্রয়কবলাপত্র মিদং লিখিনং কার্জ্জনকাগে পরগনে খটঙ্গা মৌজে বেজরা গ্রামের দক্ষীন নকর মণ্ডল বাটীর দক্ষীন নাম ঠাকুরবান্দ পুস্কর্নির পূর্ব্ব অনন্তরাম মণ্ডলের মুনাজমীর ওত্তর রামহরি মণ্ডলের ও পঞ্চীচরন দাষবৈরাগীর সাকী জমীর পছীম আমাদিগ্যের পৌত্রিক সখাদ ওপর ঠাকুরবান্দ পুস্কর্নি মায় জল পাহাড় মণ্ডাজি ৬।৩ ছয় বিঘা তের কাঠা মায় বিক্ষ ও মৎস্যাদী সহিত আপনকার নিকট বিক্রী করিলাম অস্য পোনবাহা বাবুদী সিক্কা নগদ ৫০ পঞ্চাষ টাকা বাংজনমলুক পুরা ওজন সহিসিক্কা আপনকার তরফ শ্রীগৌরহরি মিস্তী মারফত কোপা মোকামে দস্তবদস্ত নগদ পাইয়া আমরা আপন ২ কাবেজ তহরূপে আনিলাম আপনী পুস্কর্নি মজ্কুরা আপন দখল কাবেজে আনিয়া দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া পুত্রপৌত্রাদীক্রমে পরম মুখে ভোগ দখল করহ পুস্কর্নি মজ্কুর সহীত আমাদ্রের এলাক্যা নাই কস্মীনকালে আমরা কিম্বা আমাদ্রের ওয়ারিসান কেহ কখন দওা করে কিম্বা করি সে নামঙ্গুর এতদার্থে বাহুষ বহাল ভবিয়তে পুস্কর্নি বিক্রয়কবালা লিখিয়া দিলাম ইতি সন ১২৩৫ সাল— তারিখ—২১ ফালগুন—

GENERAL
1825
OEN RUPEE
এক টাকা
TREASURY

ইসাদী—

শ্রীরামহরিগোপ মণ্ডল, শ্রীনকর মণ্ডল শ্রীরামজিবন পাল
গুরুচরন পাল সাকী—বেজড়া
শ্রীরাসবেহারি দাসবৈরাগ্য শ্রীমথুর দাস ভাত্তি
সাং বেজড়া

শ্রীকাসিনাথ দলুই হাড়ি
সাং—বেজরা
[খ—বিক্রী মোং সুরুলী সন ১৮২৭ সাল ৩ মার্চ জেলা বিরভোম শ্রীকৃষ্ণচৈতন্ন রায় খরিদার সরুপ চৌকীদার দাম ।। আট আনা—

।। ৭৬০ ।।

বিক্রয়কবালাপত্র (সন ১২৩৫ সাল) প ১

৺৭শ্রীশ্রীকৃষ্ণ —
সহায়

ইয়াদীকির্দ্দ সকল মঙ্গলালয় শ্রীরামকৃষ্ণ সরকার ওলদে শ্রীগুরুচরন সরকার ইবনে ৺ব্রজবল্লভ সরকার সাকিনান মৌজে কৃষ্ণনগর ওয়েফে সুরুলী পরগনে বারবক সিহ জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীধর্ম্মদাষ রায় ও শ্রীকালিপ্রসাদ রায় ওলদে ৺রামকান্ত রায় ইবনে ৺রুদ্রচরন রায় সাকিনান মৌজে পাতিসর পরগনে খটঙ্গা মন্তালকে জেলা বিরভোম—

কস্য পুস্কর্নি বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কার্জ্জনকাগে পরগনে খটঙ্গা মন্তালকে জেলা বিরভোম মৌজে কোপা গ্রামের ওত্তর লোচন মণ্ডলের বাটীর ওত্তর কিতা চোকিদারের চাকরানজমীর পশ্চিম স[রা]কারি জোলজমীর দক্ষীন রামকৃষ্ণ মণ্ডলের বুড়র পুস্কর্নির পূর্ব্ব গোপথ রাস্তা পার আমাদিগোর পৌত্রীক সম্বাদ ঠাকুরপুস্কর্নি মায় জল পাহাড় মওাজি ৫।।৪ পাচ বিঘা চর্দ্দ কাটা সমংসা বিক্সাদী ও ভিলাদী সমেত আমরা আপনকার নিকট বিক্রীয় করিলাম অস্য পোননাহা বাবদী নগদ ৭১।। একাত্তরি টাকা আট আনা রায়জন মুলুক পুরা ওজন সহিসির্ক্কা আপনকার তরফ শ্রীগৌরহরি মিত্রীর মারফত কোপা মোকামে দস্তবদস্ত নগদ পাইয়া আপন কাবেজ তহরুপে আনিলাম আপুনি পুস্কর্নি মজকুরা মায় জল পাহাড় ও বিক্সাদী ও মৎস্যাদী সহিত আপন কাবেজে

আনিয়া দক্ষীলকার দান বিক্রয়ের সর্ব্বোদীকারি হইয়া পুত্রপৌত্রাদীক্রমে পরম সুকে ভোগ দকল করহ পুষ্করিনি মজুকুরার সহিত আমাদিগ্যের এ[লা]কা নাই কদাচীনকালে আমরা কিম্বা আমাদিগ্যের ওয়ারিসান কেহ কখন দন্তা করে কিম্বা করি সে নামঞ্জুর এতদার্থে বাহাল বহাল ভবিয়তে পুষ্করিনি বিক্রয়কবালা লিখিয়া দিলাম ইতি সন ১২৩৫ সাল তারিখ ২৫ ফালগুন—

ইসাদ—

শ্রীপদ্মলোচন দাষবৈ শ্রীমোহন বাড়ই শ্রীভোলানাথ মণ্ডল
সর্ব্ব সাঃ কোপা

শ্রীরামসঙ্কর ঘোষ শ্রীরামলোচন ঘোষ
সাঃ কোপা

শ্রীগোসাইদাষ সরকার
সাং নোয়া

শ্রীঅদ্ভুত পাল
সাং বেঙ্গরা

GENERAL
1825
OEN RUPEE
এক টাকা
TREASURY

[খ—বিক্রী মোং মুরুলি সন ১৮২৯ সাল ৩ মার্চ্চ শ্রীকৃষ্ণচৈতন্য রায় জেলা বিরভোম খরিদার সরূপ চৌকীদার দাম ১ টাকা—

॥ ৭৬১ ॥

পত্র (সন ১২৩৫ সাল) প ১

শ্রীশ্রীহরি—

সরন —

আজ্ঞাকারি—

শ্রীশ্যামাচরণ দাষষ্য—

প্রণামা নিবেদনঞ্চাগে বিশেষ লিখি মহাসএর আজ্ঞাপত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ পুর্ন্নচন্দ্র চক্রবর্ত্তী মারফত ২৫ পচিষ টাকা পাঠাই পোহছিবেক পোহছ' খবর লিখিতে আজ্ঞা হইবেক এখানকার সকল মঙ্গল তথাকার বাটির মঙ্গলাদী লিখিবেন ইহা নিবেদন করিল ইতি সন ১২৩৫ সাল তা— ৮ ভাদ্র—

বন্দনিয় শ্রীযুৎ আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

মোঃ— মুরুলী

৭৪৷০

॥ ৭৬২ ॥

পত্র (সন ১২৩৫ সাল) প ১

....

....

... ...

[আজ্ঞাকারী] নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরনাশীর্ব্বাদে এ জনের সমস্ত মঙ্গল বিশেষঃ।— শ্রীচরন নিকট হইতে বিদায় হইআ মোকাম মুরশীদাবাদ পোহছিয়া কোন আজ্ঞাপত্রাদী পাই নাই এবং গাঙ্গপুরের মোকদ্দমার দরখাস্তর খসাদা জে করিয়া দিআ আইলাম তাহার কী হইল জানিতে পারিলাম না তাহার বিস্তারিত সংবাদ সম্বলিত মঙ্গলাদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক ঠীকানা সাবেক বাসাতে বাসা কাএম আছে হাল দোএম কাঙ্কনের আপীলের মোকদ্দমা জাহা কমিসনরিতে সোপরদ্দ আছে তাহার .মুন্দর তদারক করিলাম এতক কমিসনরি কাছারি মোকরোর হয় নাই ... চিটা কোরটে আশীয়াছিল তাহাতে মালুম হইল জে মোকাম কাশীমবাজারের বান[ক]কোটীর রিসিডেন্ট সাহেবের ভ্যাতা শ্রীযুৎ মনি সাহেব কমিসনরি কাজ্যে মোকরর হইয়াছিল নাগাদী ২০ ফিরবেন এখানে পোহছিবেন পোহছিলে কী প্রকার হয় তাহার বিস্তারিত

নিবেদন লিখিব আর ঐ সাহেবকে জে জে ভার অর্পন ও কোরটের সাহেবলোকের প্রতি জে হুকুম ঐ চিটিতে আশীয়াছে তাহার বিস্তারিত আলাহিদা নিবেদন করিলাম জাতো হইতে আজ্ঞা হইবেক পরন্ত পাঞ্চপুরের দোএম কাঙ্কনের মোকদ্দমা অতি সিঘ্র রোবকার হইবেক অতএব ইহার আসল বয়নামা সহক্রমে ··· হিসাব আইশে নাই তাহা ভারি জরুর অতএব পত্রপাট মাত্র পাটাইতে আজ্ঞা ··· [কালে]কট্টর সাহেবের দস্তখতি হস্তবুদের নকল ১৫ কীতা ··· [রো]ব কার কালে অতি আবিস্যাক দাখিল করিতে হইবে ··· ফিচের টাকা সরকার হইতে পাই নাই দাখিল ··· ··· ··· ···
ত্রিষ টাকা ··· কীতা দরখাস্ত ··· [ই]ষ্টাম্পকাগজের দাম ··· মবলগে ৩৪ চৌত্রীষ টাকা কড়ী দরমাহা পাই নাই সিঘ্র ২ কখন পাইব ··· রোবকার হইবেক ··· অতএব রোবকার ওক্তে এই ··· উপস্থীত বিসয় দরমাহার ভরশায় রাখিতে পারি না ··· নাই আর নিকট নহে তৎ তৎকালে আনাইতে দেরি সহিবেক ··· মোকদ্দমা এক মিছিলেই নিস্পত্য হইবেক দোসরা মিছিল হইবেক না ও থাকী ··· অতএব নিবেদন আসল বয়নামা ও উপরের লিখিত তপশীল মত মবলগে ৩৪ চৌত্রিষ টাকা [পত্র]পাট সীঘ্র পাটাইতে আজ্ঞা হইবেক কদাচ দেরি না হয় আদালতের মোকদ্দমা উপস্থীত ··· সহে না তাহা জাতো আছেন অধিক কী নিবেদন করিব তাকীদ পাটাইতে আজ্ঞা হইবেক আর এক আমলালোকের সহিত তদবিরের কথবকথন স্থীর করিয়া রাখিতে হয় কীন্ত মহাশএর যেথন ··· কাহার সহিত কোন কথা কহিতে পারি নাই কহিতে হইলে চারি পাচজন প্রধান আমলাতে ··· মবলগে ১৫০ টাকার কম নহে এথানকার পেট বড় সংক্ষেপে নিবেদন করিলাম বিবচনাপূ[র্ব্বক] কর্ত্তর্ব্ব অকর্ত্তর্ব্ব এই পত্রের জবাব আইলে সেই মতাবক কার্য্য করিব আর ২ সমাচার উপস্থীত মত নিবেদন লিখিব এথানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী সংবাদ লিখিতে আজ্ঞা হইবেক শ্রীচরণে নিবেদন করিল ইতি সন ১২৩৫ সাল তারিথ ২৭ মাঘ—

॥ ৭৬৩ ॥

হিসাব (১২৩৬ সন) প

৭শ্রীশ্রীহরি ।—

একজায় করজ্যার দেনা পাউনা বাকী জায় বাবুদী সরকারি খাজানা ইয়সাল গয়রহ আবাদী সন ১২৩৬ সাল ইং নাং সন ১২......সাল মাহ আসাড়— আখেরি—

আসামী--	করজ্যা আদত--	তলপ সুদ—	তঙ্কা করজ্যা—	ওয়াসীল আসল—	বাকী করজ্য দেনা--	
নবকান্ত সরকার	...	...	...	...	...	
সাং ভীঁহী কোপা	...	...	...	...	...	
১ দফা ৭০	...	...	...	...	...	
৬২২৸/১০	২৯।৫	৬৪১॥৵১৫	৩৮২৫১০	১৯।৫	৪৩১।১৫	২৪০।৵

সরকারি নি জোত—

জিনিষ বিক্রী জমা—২৫৫৸৶৫

॥ ৭৬৪ ॥

হিসাব (১২৩৬ সন) প ১৩

মৌজা: সেড়ান্দী। জমা খরচ রূপেয়া তালুক কৃষ্ণনগর মোং সেড়ান্দীদিগর সন ১২৩৬ সাল— বিলায়তি— করজ্যা কর্দন— তহবিল আদায়। গয়ারাম গরাঞী। করজ্যা শোধ কৃষ্ণকান্ত চট্টপাধ্যায় গং।

জীর্ণ, বেশ কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৭৬৫ ॥

হিসাব (১২৩৬ সন) প ৭

শ্রীশ্রীকৃষ্ণ:—

সন ১২৩৬ ।—

নিজ কৃষ্ণনগর—

৺০ শ্রীনফরচন্দ্র সামন্ত—

জমা ৺: সন ১২৩৫—২৭০৪॥/১৫।০

৺০ কমী— ৫৪১।৶১১

৩২৫৪/।০

সরকারি খয়রাত .. ..

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৬৬ ॥

হিসাব (১২৩৬ সন) প ৫

মৌজা : সনসত্ত। জমা খরচ রুপেয়া ত্তাং কৃষ্ণনগর মোজে সনশাত দী সন ১২৩৬ সাল মুত পুণ্যাহ নাং সন ১২৩৭ সালের ১১ শ্রাবন—

আশামী—	আদদ—	সহী কমী—
বিলায়তি—	১৮৮৩॥৫	...
কস্থ কর্দ্দন—	৪৬৮৮/	...
	১১৩০।৶/৫৫	১১৩০।৶/৫

সোরাপ মির্জ্জা, শেখ ধনু, জীঃ শেখ মনিরুদ্দী গং।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৬৭ ॥

দরখাস্তপত্র (সন ১২৩৩ সাল) প ১

৺৭শ্রীহরি

সহায়

মহামহীম শ্রীযুত শ্রীনিবাষ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীরামচন্দ্র বাগ ও শ্রীহারাধন সরকার—

কস্য দরখাস্তপত্র মিদং কাজ্যানজ্ঞাগে পরগনে সেনভোম দং মোজে এত্তাপুর আপনকার লাখরাজ ঐ মৌজা আমাদীগ্যে ইস্তক সন ১১৩৬ সাল নাগাদী সন ১২৩৮ সাল তিন সন মেওাদে ইজারাদী জে হুকুম হয় সাকীম রামচন্দ্রপুরের শ্রীপদ্মলোচন ঘোষ ও সাকীম এত্তাপুরের শ্রীমথুরানাথ সরকারকে মালজামীন দী আর ইজারার মেওাদ তক পেসীগি সব্ব ৪০০ চারি সর্ত্ত টাকা হুযুরে আনামত করি ঐ পেসীগির মবলগ মজুকুরের ফি সদে...এক টাকা হিসাবে যুদ পাই ইহা জেমত হুকুম হয়......১২৩৬ সাল মুরক্তা ২৫ বেসাখ—

শ্রীরামচন্দ্র বাগ
সাং রামচন্দ্রপুর
শ্রীহারাধন সরকার
সাং এত্তাপুর

ইসাদী—

শ্রীনফরচন্দ্র মিত্র	শ্রীশিবু চৌকীদার	শ্রীরাম......
সাং............	সাং এত্তাপুর	সাং সুরুল

॥ ৭৬৮ ॥

কিস্তীবন্দীপত্র (সন ১২৩৬ সাল) প ১

৺৭শ্রীশ্রীদুর্গা

ভরসা

শ্রীজানকীনাথ সরকার
সাং কাটাডিহি

মহামহিম শ্রীযুত শ্রীনিবাষ সরকার তালুকদার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীজানকীনাথ সরকার—

কষ্য কীস্তীবন্দীপত্র মিদং কার্য্যনঞ্চ য়াগে আপনকার তালুক পরগনে মোনহর সাহি লাট গোমড়া সামিল মৌজে কাটাডিহি ও হরিদাষপুর ইস্তক সন ১২৩৪ সাল নাগাদী সন ১২৩৫ সাল দুই সন মেয়াদে আমার ইজারা ছিল ঐ দুই সনের ঐ মাহালের ইজারা বাবদী মালগুজারির বাকী আমার মোকাবিলায় হিসাব ব্যই মহাসয় বরাবর আমার অজির দেনা ৩০০ তিন সও টাকা বিনক্ষিয়াল না তাগদী সর্ব্ব একরারপী আদায় করিতে না পারিয়া ঐ ৩০০ টাকার নিচের তপসীল মতাবক কীস্তীবন্দী লিখিয়া দিতেছী মাফিক কীস্তীবন্দী বিনে ওজর সরবরাহ করিব ইতি সন ১২৩৬ সন বারসও ছত্রিষ সাল তারিখ—১০ আসাড়—

আসামী—	জমুনা তঙ্কা—
জের বাকী—	৩০০
তপ্সীল কীস্তীবন্দী—	
মাস আশ্বীন—	৫০
মাহ মাঘ—	১০০
সন ১২৩৭ সাল—	
মাহ শ্রাবন—	১০০
মাহ মাঘ—	৫০
	৩০০

মবলগে তিনসও টাকা মাফিক
কীস্তীবন্দী সন ২ মাফিক
কীস্তীবন্দী বিনে ওজর দিব
কীস্তী খেলাপ হয় মাফিক
আইন মুদ দিব ইতি।

লিখিতং শ্রীহরাধন সরকার আমী এই কীস্তীবন্দীতে মালজামিন হইলাম মাফিক কীস্তীবন্দী বেবাক টাকা জানকীনাথ সরবরাহ করিবেন জদী না করেন তবে আমী নিজে হইতে বিনে ওজর বেবাক বাকীতে সরবরাহ করিব সরকার মজকুরের কোন ওজর করিব না'...আপনী খুসীতে মা[লজামিনতি লিখিয়া] দিলাম ইতি সন ১২৩৬ বার সর্ত্ত ছত্রিষ সাল] তারিখ [১০ আসাড়]—

শ্রীদিগম্বর সরকার
সাং কাটাডিহী

শ্রীহরচন্দ্র ঘোষ
সাং বেন্থুগ্রাম

শ্রীরামচরন মধুজ্যা
সাং কাটাডিহি

শ্রীকৃষ্মীনিকান্ত ঘোষ
সাঃ তালতড়া

GENERAL
1825
TWO RUPEE
দুই টাকা
TREASURY

[খ -বিক্রী মো মুক্তি সন ১৮২৯ সাল ২০ মুন শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বিরভোম খরিদার রামচন্দ্র সরকার দাম ২ দুই টাকা—

॥ ৭৬৯ ॥

দরখাস্তপত্র (সন ১২৩৬ সাল) প ১

৭শ্রীহরি

সহায়

মৌজে রামচন্দ্রপুরের শ্রীরামচন্দ্র বাগ ও মৌজে এতাপুরের শ্রীহারাধন সরকার— সদ্ব্যার চরিত্রেষু লিখনং কার্য্যনঞ্চাগে পরগনে সেনভূম মধ্যে আমার লাখরাজ মৌজে এতাপুর গ্রাম ইং সন ১২৩৬ সাল নাগাদী সন ১২৩৮ সাল ৩ তিন সন মেয়াদে ইজারা লইবার পার্থনায় রামচন্দ্রপুর সাকিমের শ্রীপদ্মলোচন বাগকে ও মৌজে এতাপুরের শ্রীমথুরানাথ সরকারকে মালজামিন দেওা করার দিয়া দরখাস্ত করিলে এবং ইজারা মেয়াদ তক আমার নিকট ৪০০ চারি সও তঙ্কা পেষগি সব্ব আনামত ... ..করিলে অতএব তোমাদে'র দরখাস্ত মঞ্জুর .....র সও টাকা আনামত দাখিল করিয়া লওা গেল ইহার যুদ......ফিঃ সদে ১ তঙ্কা হিসাবে পাইবে ...কবুলতি কিস্তিবন্দিদিগর মিছিল দাখিল কারনের পর দখলে দেওা জাইবেক ইতি সন ১২৩৬ সাল তাং—২৫ বৈশাখ—

॥ ৭৭০ ॥

হিসাব (১২৩৭ সন) প ২০২

মৌজা : কৃষ্ণনগর। জমা ওআসিল বাকী রুপেআ তালুক কৃষ্ণনগর মৌজে নিজ কৃষ্ণনগর পরগনে বারবক সিংহ সন ১২৩৭ সাল থোকা হিসাব বাকী রুপেয়া গোওালামহল— গুরুচরন গোপ। ফিরিস্তীকাগজ করচাহিসাব বাকি রুপেআ গোপীজনমহল— রাধাবিনদ সরকার। মদকমহল—কান্ত সেন। বিপ্রমাহাল—নফরচন্দ ভট্টাচাজ্য। সর্বসদর— মহাম হাজীবাত মহাল খোদকস্তা –সফারদী খোদকস্তা।

জীর্ণ, বেশ কিছু অংশ জমাটবাঁধা।

॥ ৭৭১ ॥

হিসাব (১২৩৭ সন) প ৫

মৌজা : এত্তাপুর। নিকামা মৌজে এত্তাপুর— এঃ শ্রীরামচন্দ বাগ—নিকাষ রোপেয়া মৌঃ এত্তাপুর এঃ শ্রীরামচন্দ্র বাগ জমা ৩০ সন ১২৩৬ সাল—

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৭২ ॥

হিসাব (১২৩৭ সন) প ৭

মৌজা : সনসত। কোমল সৌ, কাএম চৌধরি গং। হিসাব বাকী।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৭৭৩ ॥

হিসাব (১২৩৭ সন) প. জমাট

মৌজা : মোনহরপুর। কড়চাহিসাব বাকীপোত্তা পরগনে বারবক সিহু তালুক কৃষ্ণনগর মৌজে মোনহরপুর সন ১২৩৭ সাল—দুর্গ্যাচরন চট্ট গং।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৭৭৪ ॥

হিসাব (১২৩৭ সন) প ৩২

মৌজা : সেড়ান্দী। এঃ শ্রীহুলব সিহু। মৌজে সেড়ান্দীর বাজে পা গোমস্তা রামবল্লব বারুজ্যার তহবিল জের—৫৭।৮৻১৮।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৭৫ ॥

হিসাব (১২৩৭ সন) প. ১

৮৭শ্রীশ্রীদুর্গা--

৪৩
৵৫
———
৪/১৫

নিজ জোত-

হিঃ কিসেন শ্রীলখা বাগদি সাঃ মুরুল সন ১২৩৭ সাল-

আসামি—	রায—	হার—	নি মাপ---
১৭ মাঘ—	৸/১	১৸৶	৬৶...
১৮ রোজ—	৶১৪	১...	৪।/৪।।৶
১৯ রোজ—	।১০	১০।	৫।৶২।।০
			১৬।৵১০৸/

কি··· হিসাব ৫।১৬

খাদ জামা খান্ত— ৪/১৫

॥ ৭৭৬ ॥

হিসাব (১২৩৭ সন) প ১

৭শ্রীশ্রীদুর্গাঃ ।-

সন ১২৩৭ সাল।—

কজ্জা হিসাব মহাজন শ্রীনবকৃষ্ণ সরকার—
খাতক শ্রীছোরাপ মিজ্জা সাং সনসত—

আসামী—	দাদন—	সুদ—	একুন—
দাদন সন ১২৩৬ সালের ২১ ভাদ্র—	৭৩	০	৭৩
তলব সুদ— ইং সন ১২৩৬ সালের মাহ ভাদ্র নাগাদী চৈত্রী--- ৮ মাহার কি সদে ১টি হিসাবের	০	৯৶	৯৶
	৭৩	৯৶	৮২৶
...	...	...	...
...	...	...	...
...	...	...	ইত্যাদি

॥ ৭৭৭ ॥

হিসাব (১২৩৭ সন)
৺৭শ্রীশ্রীদুর্গা
সন ১২৩৭ সাল

জমা—

১৭ই ফাল্গুন—
মা: শ্রীধিরসিংহ রায়
সিক্কা— ৩ — ৩

খরচ—

১৮ ফাল্গুন —
কমল মণ্ডল—
সাং সুরুল—
সিক্কা— ২
নিলের বিহন খরিদ—
মোঃ আমিনপুর
সিক্কা— ২ — ২

অত:পর—লবন ও কলাই খরিদ— শ্রীমতি কান্তাঠাকুরানি— আমিনপুর হইতে নিলের বিহন আনে— মৎস খরিদ মোঃ উরগ্রাম পাঠাইবার ীকা— মো ভেদে হইতে পত্র আসে— শ্রীশ্রী৺স্নানে খরচ— সন্দেষ খরিদ— কুড়া খরিদ— খোল খরিদ ইত্যাদি।

॥ ৭৭৮ ॥

হিসাব (১২৩৭ সন) প ১
৭শ্রীশ্রীহরি
প্রভুল কত্তা—

শ্রীকালিক...
সোনসা
চং পাক্কা...

বাকী জায় রুপেয়া তালুক কোপা দী—
জমীদার শ্রীযুৎ শ্রীনিবাস সরকার দী সন ১২৩৭ সাল ইং শুরু নাং ২৬ চৈত্রী ...
আসামী— জমূলা জমা— কোরক - শ্রীশ্রী৺দেবত্তর— একুন জমা— খামার—
মোং পাতোড়া— ৺ভবানন্দ সম্বা—

নিজ কোপা—	...	...	...	...	...
কামারডাঙ্গা—	...	...	...	...	...
মোং পলসা—	...	...	...	...	...
বেঙ্গরা—	...	...	...	...	...

	তলপ সুদ—	সারাজমী—	ওয়াশীল—	বাকী বিতং—	বাকী তঙ্কা—
নিজ কোপা—	...	...	...	...	...
কামারডাঙ্গা—	...	...	...	...	...
মোং পলসা—	...	...	...	...	...
বেঙ্গরা—	...	...	...	...	...
বাজে খা—	...	...	...	...	...

॥ ৭৭৯ ॥

হিসাব (১২৩৭ সন) প ৪

৭শ্রীরামঃ।—

সর্ন ১২৩৭ সাল।—

হাসামদ্দী চৌধরি— —

ফুলগড়্যার বাগীচা—

অম্রগাছ ছোট বড় ১২ বাঁরটী আন্দাজী দাম— ২৪

বাগীচার জমী ॥৩৲১৫ কাত্ত দাম— ৫

খএরাতজমী গ্রামের দক্ষীন কুলুগাছীর মাঠ—

সালী সেম— ১।১ ১৲১৫ দাম— ১৯

৪৮

খারিজ সোভান মিজ্যা গাছ দাম— ১০

...

৩৮

১৵১— ৭।০

নগদ করারি ৭

৫২।

শ্রীনজর সেখ
শ্রীরাম পাঠক

শ্রীনবকৃষ্ণ মণ্ডল
শ্রীমিতা লোহারি
এই সকল লোক থাকীয়া এই সকল মির করিয়া দীলেন—

ইসব চোধরি—

তালগাছ ৭ জায়—

দে কুড়্যাপুষ্কন্নীর এড়া কোন জামাল সেখ বাটীর ইস্কান কোন তালগাছ— ২

মানীক সেখের বাটীর উত্তর রাস্তার দক্ষীন রাস্তা মদ্দে তালগাছ— ১

বাগলক্ষীর বাগীচার পশ্চীম তরফে পাহাড়ে তালগাছ— ১

ডোমনপুরের ল পস্কনীর দক্ষীন পাহাড়ে তালগাছ— ১

ইস্কান কোনে পাহাড়ে তালগাছ— ১

২

মোজে সোনসতের উত্তর বান্দের পাহাড়ে তালগাছ— ১

৭

শ্রীনবচন্দ্র মণ্ডল
শ্রীতিলক মির

	কাত—		দাম—
			১২
লওাপুষ্কনির তেতুলগাছ—	৩	২৫	৮
	১০		২০

কাম চৌধরি—

বাস্ত বাটী— ।৲১০ কাত— দাম— ১১

॥ ৭৮০ ॥

ইসমল বিসী (সন ১২৩৭ সাল) প ৩

৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরনং ৺

রেজেষ্টরিবহী ইসমল বিসী চৌকিদারান সন ১২৩৭ সাল ৴

নাম পরগনা	নাম মৌজা—	থানা হৈতে কোন তরফ কত তফাত—	জমিদারের ও সরবরাকারের ও গোমস্তার নাম—	মৌজার চৌকীদারানের নাম ও জায়গীর জমী ও নগদ মাহীনা ও দার মাসড়া ও প্রজার স্থানে ধান্ন্যের বিড়া ও বস্ত্র আদী জাহা পায় তাহার তায়দাদ—
ঐ	মোজে সেড়ান্দী চ বেদড়া বাদ—	থানা হৈতে পূর্ব্ব তরফ অগ্নীকোন ৬ ক্রোষ তফাত—	জমিদার শ্রীশ্রীনিবাষ সরকার গোমস্তা দুল্লব সিংহ	ছোট কমল চৌকিদার জমী – ধান্যের— কাড বিড়া জমী— জমী— ... ... বিড়াধান্ন্য – ... ... বস্ত্র – ... ... দুআড় মাসড়া –

থানা বুমারি তায়দাদ—	বাজে কৈফিয়ত গ্রামে চৌকী দেয়—
২০	খাজনার আদায় থাকে—

বড কমল চৌকিদার ৺ ঐ মত কার্জ্জ করে। রাজিব চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। হরা চৌকিদার – এ মত কার্জ্জ করে। সরুপ চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। বনমালি চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। খেমা কোটাল – ঐ মত কার্জ্জ করে। মানিক কোটাল – ঐ মত কার্জ্জ করে। রাসী কোটাল— ঐ মত কার্জ্জ করে। জিবন কোটাল – ঐ মত কার্জ্জ করে। লোচন কোটাল— ঐ মত কার্জ্জ করে কেসা কোটাল – ঐ মত কার্জ্জ করে।

পরগনে বারবক সিংহ	নিজ কৃষ্ণনগর ওরফে সুরুলি ও চক গোপালপুর ও চক রসুলপুর—	থানার দক্ষিন – আন্দাজ দুই ক্রোষ তরফ—	জমিদার শ্রীশ্রীনিবাষ সরকার গোমস্তা ও নাএব শ্রীনন্দকরচন্দ্র সামন্ত
ঐ	ঐ	ঐ	ঐ

পঞ্চা চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। গঙ্গা চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। ভৈরব চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। মোহন চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। শ্রীমন্ত চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। সরুপ চৌকীদার – ঐ মত কার্জ্জ করে। নিবারন চৌকিদার – ঐ মত কার্জ্জ করে। রামপ্রসাদ চৌকীদার – ঐ মত কার্জ্জ করে।

॥ ৭৮১ ॥

রসিদপত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

প্রভুলকত্তা।—

STAMP
TWO ANNAS
... ...
... ...
দুই আনা
OFFICE

শ্রীমিজ্জা মজুদ্দী
সাং সনসত

মহামহীম শ্রীযুৎ শ্রীনিবাষ সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবেন্দ্র সরকার সাং খুরুপ্পী পরগনে বারবক সিহু মতালকে জেলে বিরভোম বরাবরেষু— লিখিতং শ্রীমিজ্জা মৌজদ্দী ওলদে ৺মিজ্জা মুলতান ইবেনে ৺মিজ্জা নেআমত সাকীম সনশত পরগনে বারবক সিহু মতালকে জেলা বিরভোম কস্য লাখেরাজ বাস্ত জরখরিদী বিক্রীর পোনবাহা রসীদপত্র মিদং কাজ্জানঞ্চ আগে পরগনে বারবক সিহু মোজে সনশত মহাশএর তালুক মৌজা ময়ুকুরে আমার পৌত্রিক লাখেরাজ শ্রীরুপু লোহারের বাটীর পুর্ব ও পুর্ব্ব পশ্চীম জাতায়তের রাস্তার দক্ষিন মোহন গোপের বাটীর পশ্চীম অক্রুর শোর পুষ্কন্নির উত্তর আহার গৌরহরি মুখুজ্যা ও গোপাল হালদার বসত ও কাছারিবাটী ঐ বাটী আমার পৌত্রিক লাখেরাজ মৌওাজী।২ সাত কাঠা বাস্ত আমী মহাশএর নিকট ৪৫ পোঞ্চতালিষ টাকা উচিত দামে বিক্রয় করিআ বিক্রীকবালা লিখিআ দীআ পোনবাহা ৪৫ মবলগে পোঞ্চতালিষ টাকা বারজনমুলুক সহীসিক্কা পুরা ওজন দস্তবদস্ত নগদ লইআ আপন কাবেজ তষুরুপে আনিলাম এতদার্থে আপন খুসীতে বাহেষ বাহাল ভবিয়তে বিনা জবরিতে পোনবাহার টাকা নগদ লইআ রসীদপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৩৭ বার সও সাঞ্চীত্রিস সাল তারিখ—২৬ শ্রাবন—

GENERAL
1825
TWO ANNAS
দুই আনা
TREASURY

ইসাদী—

শ্রীহাছামদ্দী চৌধরি
সাঃ সনসত

শ্রীমতি হাফিজা বিবী
বঃ মির্জা মএজদ্দী ।।।
সাং সনসত

শ্রীমির নইমওল্লা গং
সাং সনসত

[খ—সন ১৮৩০ সাল ১০ জুলাই জেলা বর্দ্দমান চৌকীচালক একটিং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীবিপ্রচরণ মুখোজ্যা ৵ দুই আনা—

॥ ৭৮২ ॥

বিক্রয়কবালাপত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা –

প্রভুলকর্ত্তা –

সুস্তি সকল মঙ্গলাশ্রয় শ্রীশ্রীনিবাস সরকার –
ওঃদে ৺ব্রজবল্লভ সরকার এবনে ৺জাদবিন্দ্র সরকার সাকীম মুরুলী পরগনে বারবক সিংহ মতালকে জেলা বিরভোম –
লিখিতং শ্রীমির্জা মোজদ্দী ওলদ্দে ৺মির্জা মুলতান ইবেনে ৺মির্জা মেআমত সাকীম সনশত পরগনে বারবক সিহ মতালকে জেলা বিরভোম –

শ্রীমির্জা মোজদ্দী
সাং সনসত

কস্য লাখেরাজ বাস্তু জরখরিদিগী বিক্রয়কবালাপত্র মিদং কাজ্যনঞ্চ আগে পরগনে বারবক সিহ মোজে সনশত মহাশএর তালুক মোজা মজ্কুরে আমার পৌত্রিক লাখেরাজ শ্রীরুপ্ লোহারের বাটির পূর্ব্ব ও পূর্ব্ব পশ্চীম জাতায়তের রাস্তার দক্ষিন ও মোহন গোপের বসতবাটীর পশ্চীম অক্রুর শোর পুষ্কর্ণির উত্তর জাহার গৌরহরি মুখুজ্যার ও গোপাল হালদারের বসত ও কাছারিবাটী ঐ বাটী আমার পৌত্রিক লাখেরাজ মওাজি ।২ সাত কাঠা বাস্তু ইহার এওজ মোহন গোপের বাটীর পূর্ব্ব ও পূর্ব্ব পশ্চীম জাতায়তের রাস্তার উত্তর বাবলাপুষ্কর্ণির পশ্চীম উত্তর দক্ষীন জাতায়তের রাস্তার পশ্চীম কাশ্ম শেখর দো জমীর দক্ষীন এই চৌহদ্দীর মদ্দে মানের জায়গা জাহার ৵কানাই শো বসত ছিল ঐ ।২ সাত কাটা এওজ লইয়াছিলাম একান ঐ মানের জায়গা ছারিআ দীআ আমী আপন ঐ পৌত্রিক লাখেরাজ বাস্তু মহাশএর নিকট ৪৫ পোঞ্চতালিস টাকা উচিত দামে বিক্রয় করিলাম পনরায় টাকা বাএজনমলুক সহীসিক্কা পুরা ওজন দস্তদস্ত পাইআ আপন কাবেজ তস্বরুপে আনলাম মহাশয় মওাজী মজ্কুরা দখল ও কাবেজ আনিআ দান বিক্রয়ের সত্তাধিকারি হইআ পুত্রপৌত্রাদিক্রেমে ভোগ দখল করহ মৌআজী মজ্কুরার ও মানের জায়গার পর আমী কীম্বা আমার ওআরিসান কেহ কখন দত্তা করে কী করি সে নামঞ্জুর এতদাথে আপন খুসিতে বাহস বাহাল ভবিষ্যতে বিনা জবরিতে বিনা দাএগেস্তে বাস্তুবাটী জরখরিদী কবালাপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৫২ সাল তারিখ— ২৬ শ্রাবন—

ইশাদ—

শ্রীমিজ্জা ছোরতাম
বং মিজ্জা লোহারি
সাং সনসত

শ্রীগউরহরি মুখুজ্যা
রয়ু শ্রীখেলারাম গাঙলি
সাং সনসত

শ্রীবদন ডোম চৌকিদার সাং
সাং সনসত

[খ- ১৭৮৭৩ নং সন ১৮৫০ সাল ২১ জোলাই জেলা বর্দ্ধমান চৌকীকান একটীন ইষ্টম্ব তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীখেলারাম গাঙলী ১ এক টাকা

॥ ৭৮৩ ॥

সরখাস্তপত্র (সন ১২৩৭ সাল) প ১

শ্রীশ্রীগোবিন্দজী

মহাশয়—

দরখাস্ত ফিদরি শ্রী ... সরকার জমিদার ... লাট নোহনা সামিল তালুক [কৃষ্ণনগ]র মতালকে জেলা বিরভোম ... গরিব পরবর সেলামত ... ১০ আসাড় তারিখের লিখিত এককেতা পরয়ানা ফিদরির নামে সাদের হয় জে লাট মজকুর মদ্দে নিজ নোহনা ও পারপুর দিগয়রহ এইসব মৌজায় ১৭২।১৻১০ বিঘা জমি সরকারের হক সবব বাজেয়াপ্ত হইয়া ... লাখরাজদার নথ্রানির সহিত ২৬০ টাকা জমায় বন্দবস্ত করা গেল ওয়াসিলতের মাজায় ঐ ২৬০ টাকা জমা হিসাবে ইস্তক সন ১২৩১ সালে নাগাদী সন ১২৩৬ সাল মায় সুদ আদায় করন খোদাওন্দা ফিদরি ঐ মুকুত জমা আজী নাগাদী তহসিল করি নাই আর উয়াসীলাতের সাহিয়ত এইজে তহসীল হইয়া তদ্রুপ হইয়াছে তাহারি মায় সুদ ফিদরির দেনা ... এক দফা এই কাছারির নাজিরের নামে উবুলি জমা তই ... কাতের হুকুম হওয়ায় নাজির সরজমিনে গিয়া জোনাজাত প্রা ... দ্বারায় উবুল তহকীকাত করায় ২১৮।৵৩।। টাকা করিয়া সন ... উবুল ঠাহারি এবং তাহা নাজিরের কৈফিয়তে হুজুরে জাহের এবং ফিদরি ও তাহার জমা ওয়াসিলবাকী কাগজাত ও ই ... নাগাদী সন ১২৩৪ সাল চারি সনের জমা মায় সুদ ৯৭২।। আনামত করিয়াছি কারন সন ১২৩৫ ও সন ১২৩৬ সালের ব ... তাহা ফিদরি ... হাজির আছে তবে এক্ষন জদ্দপী কেহ গর[জ] মতলবে বেসি জমা কবুল করে তাহা আমার দেনা হয় না ফিদরি জে কদর জমা তহসিল করিয়াছে তাহা একদফা নাজিরের কৈফিয়[ত] রোষন আছে বরং পুনুরায় সরজমিন তহকিক হয় খোদাওন্দ মালিক ফিদরি ঐ ২১৮।৵৩। টাকা জমা সেওয়ায় তহসিল করে নাই অতএব ইস্তক সন ১২৩১ সাল নাগাদী সন ১২৩৬ সাল হয়নে ইবাবে ঐ ২১৮।৵৩।। টাকা জমা হিসাবে আসল ১৩১।। ... টাকা ও সুদ ৩০১৷৴ ... টাকা একুনে ১৩১৪ ... টাকা দেনা তাহা সন ১২৩৫ সালের ১৬ মাঘ তারিখ ... ৯৭২।। টাকা দীয়াছি সেওায় আসল বাকী ৩৭৮ ... টাকা ও ... টাকা একুনে ... টাকা ফিদারির স্থানে লইতে ... কীবা এই দরখাস্ত রেপর্ট হয় গরিবপরবর মালিক দর[খাস্ত] সন ১২৩৭ সাল তা—২৪ আ...

।। ৭৮৪ ।।

কড়ারনামাপত্র (সন ১২৩৭ সাল) প ১

৺৭শ্রীশ্রীহরিঃ।—

STAMP
TWO ANNAS
... ...
... ...
দুই আনা
OFFICE

শ্রীমোহন বাগীদী
সাং ধান্যঘরা ।।

মহামহিম শ্রীযুত আসানন্দ সরকার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীমোহন বাগীদী—
কস্য কড়ারনামপত্র মিদং কার্জ্যনঞ্চ আগে মহাসএর কুটী মোং মস্তলী সাং ধান্যঘরা গ্রামে নিজখাতায় আশামী শ্রীলবাই ছুতারের মোজা বিনা রাজী ৭।৵১৫ সাত টাকা ছয় আনা তিন পাই দেনা হইল ঐ রাজীর মালজাবিন আমি আপন সইইচ্ছাপূর্ব্বক হইলাম আশামীর সহীত কোন এলাকা নাই সন ১২৩৭ সালের ২৫ চেত্রীতে বিনা ওজর আমি নিজে হইতে টাকা দীয়া পরিশোধ করিব এতদর্থে কড়ারনামাপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৩৭ সাল তারিখ—২ চেত্রী—

GENERAL
1825
TWO ANNAS
দুই আনা
TREASURY

ইসাদী—

শ্রীচাকর হাড়ী	শ্রীলক্ষিকান্ত মং	শ্রীসংকর দাষবৈরাগ্য
সাং সাড়ীপা	সাং সাড়ীপা	সাং সাড়ীপা

[খ—বিক্রী মো মুরলী সন ১৮৩১ সাল ২৬ জানেউরি শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বিরভোম খরিদার বৈদ্যনাথ চক্রবর্ত্তি দাম ৵ দুই আনা—

।। ৭৮৫ ।।

করজপত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

শ্রীরামনারায়ন সর্ম্মাঘটক
সাং সোহাগীর

মহামহিম শ্রীযুৎ কৃষ্ণচন্দ্র রায় বরাবরেষু—
লিখিতং শ্রীরামনারায়ন সর্ম্মাঘটক—
কস্য করজপত্র মিদং কার্জনঞ্চ আগে আমি আপনকার থানে জতটাং সিক্কা ৮৵
আট টাকা দুই আনা কর্জ লহিলাম ইহার সুদ দরমাহা সদরহার সুরাত মিব
সোধের অঅদা সাল ১২৩৮ সালের মাহা আসাড়ে সুদ সমেত বেবাক টাকা নগদ
দিএ পরিসোধ করিব এতদাথে দস্তবদস্ত বেবাক টাকা নগদ পাইএ খতপত্র
লিখিএ দিলাম ইতি সাল ১২৩৭ সাল তারিখ ১৯ চৌইত্রি—

ইসাদী—

শ্রীরামগোবিন্দ চাটুর্জ্যা	শ্রীভৈরবনাথ রায়	শ্রীলক্ষন মণ্ডল
সাকিম কাজিপুর	সাং মস্তলী	সাকিম কাজিপুর

GENERAL
1825
TWO ANNAS
দুই আনা
TREASURY

খ—সন ১৮৩১।৭ মার্চ শ্রীঈশানচন্দ্র ভটাচার্য্য যোং রায় নং জেলা বিরভোম
খরিদার জনার্দ্দন চট্টোপাধ্যা দাম ৴ আনা

॥ ৭৮৬ ॥

পত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীহরিঃ—

পোষ্য শ্রীপরেষনাথ সর্ব্বগঃ—

পরম শুভাসীর্ব্বাদ নিবেদনঞ্চাগে বিসেষ অনেক দিবষ হইল পত্রাদী সম্বলীত কোন সমাচার পাই নাই মঙ্গলাদী বার্ত্তায় পরিতোষ রাখিবেন এখানকার বাটীর সামইক মঙ্গল পরে কর্জ্জ'র টাকা দেওনের বিবচনা মহাসয় কিছু করেন না ইহার আমি নেহাইত নাচার হইয়াছি সংপ্রত্তিক একখানি মহল তালুক খরিদের কথা উপস্থীত হইতেছে ইহায় চারি টাকা দোষরা তারিখ দরকার আপনি কথক টাকা সাইত করিয়া এই লোক মারফত পাঠাইবেন টাকা পোহছিলে পোহছা সংবাদ লিখিব চারি টাকা আপনকার পাষ পাওনা এ সময় কথক না দিলে কী প্রকার চলে বিবচনা ... নিবেদন ইতি সন ১২৩১ সাল ১৮ অগ্রায়ন—

মহামহিম শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় পরম কল্যান'শ্রায়ু—

মুরল—

॥ ৭৮৭ ॥

পত্র (সন ১২৩৭ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ।—

মোজে কৃষ্ণনগরের—

... শ্রীনফর সামন্ত জানিবা মোজে মধুকুরের আজি নাগাদী মবলগা বাকী তোর্মা হইতে বাকী আদায় হয় এমত দেখি না এ কারন তোমার এজ শ্রীপেমনারায়ন মিত্রীকে মোকরোর করা গেল নয়াজমী কাগজপত্র ও নিকাষ ... রসীদ লইয়ায় ইতি সন ১২৩৭ সাল—তাং—৩ বৈসাখ—

॥ ৭৮৮ ॥

পত্র (সন ১২৩৭ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ

সরনং।—

পোষ্য শ্রীবদনচন্দ্র দাসষ্য—
পরমষ্ভাসিব্বাদ বিজ্ঞাপনঞ্চাগে—
আপনকার রাজমতি শ্রীশ্রী৺করিতেছেন তাহাতে অত্রানন্দ বিসেষঃ।— ... সাং ধপপুরের ... আমাদ্দে'র ... লোক এ জগ্তে লিখিতেছী মণ্ডল মজকুরের হুদাউ সহরের মদ্দে' মানগুজারির জমিজমা আছে কীন্তু হুদা মজকুরের তালুক দার আসিয়া জমাতে জলন করিতেছেন এ জগ্তে নিবেদন লিখিতেছী আপ্নী মোনজোগ করিয়া তালুকের নাএব শ্রীযুক্ত রামচন্দ্র সরকারকে এক পত্র লেখেন জাহাতে এ ... বেহতারি হয় তাহা করিআ দিবেন এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী লিখিবেন ইতি সন ১২৩৭ সাল—২৮ অগ্রান—
পরম পোষ্টাবর শ্রীযুত আসানন্দ সরকার বাবাজীউ— পোষ্টার বরেষ্—
মোং—মুক্তলী—

॥ ৭৮৯ ॥

হিসাব (সন ১২৩৩ সাল) প জমাট

মৌজা : নানুবাজার । মানিক দাষ, কঠা নফর দাষ গং । জমা ওয়াসীলবাকী পোতা ।

জীর্ণ, জমাটবাঁধা ।

॥ ৭৯০ ॥

হিসাব (১২৩৮ সন) প জমাট

মৌজা : দিগমুই । স্যাম গোপ, বলাই গোপ গং । জমা ওয়াসীলবাকী পোতা ।

জীর্ণ, জমাটবাঁধা ।

॥ ৭৯১ ॥

হিসাব (স ১২৩৮ সন) প জমাট

মৌজা : জমা ওআসিলবাকীপোতা পরগনে পুরন্দরপুর লাট নোহনা সামিল তালুক নানুবাজার মদ্দে মোং সোমসা জমিদার শ্রীযুৎ গুরুচরন সরকার সন ১২৩৮ সাল—

রাইয়তি— খামার—

জীর্ণ, জমাটবাঁধা ।

॥ ৭৯২ ॥

হিসাব (১২৩৮ সন) প ৩

মৌজা : কোপা । সাফল মুচী, মোহন বাড়ই গং । জমা ওয়াসীলবাকী ।

জীর্ণ, কীটদষ্ট ।

॥ ৭৯৩ ॥

হিসাব (১২৩৮ সন) প ১৬

মৌজা : কৃষ্ণনগর । খয়রাতমহল— ঠাকুরদাস বেহরা । তাম্তিমহল— চাকর দাষ বৈরাগী । বিপ্রমহল— রামকানাই চাটুজ্যা । মদকমহল— প্রসাদ কুজ । মহল খয়রাত— পাচু বেহারা । গোওালামহল—ছিদাম গোপ । হিসাব বাকী রুপেয়া ।

জীর্ণ, বেশ কিছু অংশ জমাটবাঁধা

॥ ৭৯৪ ॥

হিসাব (১২৩৮ সন) প ২

মৌজা : মোনহরপুর। ভাগবত গোপ, ঈশ্বর রায় গং। জমা ওয়াশীলবাকী রোপেয়া জীর্ণ, কীটদষ্ট।

॥ ৭৯৫ ॥

হিসাব (১২৩৮ সন) প ১

মৌজা : সনসন্ত। জমা খরচ রুপেয়া তালুক কৃষ্ণনগর পরগনে বারবক শীংহ মৌং সনশন্তদীগর— সন ১২৩৮ সাল--

আসামী— আদদ রুপেয়া—

... ...

২১৯২৲১০।০

শ্রীহরেকৃষ্ণ চৌধুরি
সনসন্ত

মং দুই হাজার এক সর্ত্ত বিরেনর্ব্বই টাকা দষ গণ্ডা এক করা ইতি--

সখাওদ্দী চৌধরি-- মিঞা সোরাপ - গং। খতিআনজমী—বঞ্জর পতিত খামার--

॥ ৭৯৬ ॥

হিসাব (১২৩৮ সন) প ১

৭শ্রীশ্রীহরি

সন ২২৩৮ সাল—

হিসাব শ্রীদিননাথ সরকার সাং বরুচত্র মাহিনা বাবুদী—

[জমা]—	খরচ—
... ...	৬ অগ্রাহায়ন
মাহা নাগাদী—	...বিহন খরিদী—
ইং কাত্রীক—	শীজা—
মাং আশীন —	৩০ মাঘ—
১২ মাহার কাত্ত—	৩০ খোদ—
দং...হিসাব—	শীজা—৩
শীজা—৯৬	... ...
বাদ—	... ...
৩ মাহার কাত্ত—২৪	... ...

॥ ৭৯৭ ॥

হিসাব (সন ১২৩৮ সাল) প ২

৭শ্রীশ্রীকৃষ্ণ

সন ১২৩৮

একজায় নিলপাত খতিয়ান কুটী মস্তলী সন ১২৩৮ সাল—

আশামী—	জমূলা আটীর—	রুক্সনীকান্ত রায়—	পবন সরকার—	গুরুচরন ঘোষ—	মানিক সৌ—
২৯ শ্রাবন	১১১	০	০	০	১১১
৩০ রোজ	১০৪	৩২	২১	২১	৫১
...	...	...	...	...	...
...	...	...	...	...	...
২	২৩১৪॥৶	১০০৫।৶	২৬৪।	৯১॥	৯...

৭শ্রীশ্রীকৃষ্ণ

সন ১২৩৮

আসামী—	জমূলা নিল আটী—	হওনে বড়ি—	টেডার মজুর—	হওনের মজুর—
২৯ শ্রাবন	১১১	৬৩	৩	১১
৩০ শ্রাবন	১০৪	১২৯	৩	১১

ডেকের মজুর—	কসনদার—	চারোমযুর—	বাড়ি কটো মিস্ত্রী—	একুন মজুর—
১	১	১	১	১৮
১	১	১	১	১৮

... ...

... ...

২৩১৪৸৶ ১১৭৬ ৬৯ ২২

॥ ৭৯৮ ॥

হিসাব (সন ১২৩৮ সাল) প ১

শ্রীশ্রীহরি—

সহায়—

তালীক কাগজাত তালুকাত সন ১২৩৮ সাল—তা—চোত্রী—

আশামী—	জমূলা—
তালুক কৃষ্ণনগর—	...
এক পলিন্দা—	১
তালুক কোপার--	১
ঐ—	
এতাপুরের ও মেহনার এক পলীন্দা—	১
বাগুডিজোল বদ্ধীনাথপুর—	১
লাট রামনগর —	১
গোমড়্—	১

৬ ছয় পলীন্দা মাত্র—

॥ ৭৯৯ ॥

কবলাপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গাঃ

প্রতুলকত্তা—

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
আট আনা
OFFICE

শ্রীহেমাঙ্গী চৌধুরি
সাং সনসড়

বৃত্তি সকল মঙ্গসালয় খরিদিগীকারক শ্রীনিবাষ সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দ্র সরকার সাকীং সুরুলী পরগনে বারবক সিংহ জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীহেছামদ্দী চোধরি ওলদে শ্রীছখাউদ্দী চৌধরি ইবনে ৺কাবিল মাহাম্মদ চৌধরি সাকীম সনসত পরগনে বারবক সিংহ জেলা বিরভোম—

কষ্য লাখেরাজজমী ও বাগিচা মায় আম্বগাছ বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কাজ্যানঞ্চ আগে মোজে সনশত গ্রামের মর্দ্দে দক্ষিণ পশ্চীম কোনা কুলগাছি পুষ্কন্নির মাঠে শোভন মিজ্যার খয়রাতজমীর পুর্ব্ব নফর শেখের খয়রাতজমীর দক্ষিণ ও পশ্চীম বদন গোপের মালের জমীর উত্তর আমার পৌত্রিক লাখরাজ সালিজমী ১।১ একবিঘা ছয় কাঠা ইহার পোনবাহা মবলগে ১৯ উনিষ টাকা আর মোজা মযুকুরের পুর্ব্ব ফুলগড়্যাপুস্কন্নির পুর্ব্ব ও ঐ পুষ্কন্নির পাহাড় পতি-তের দক্ষিণ জমীরত খাঁ চোকীদারের্ চাকরানজমীর পশ্চীম ছখাউদ্দী চোধরির লাখরাজ পতিত বাগীচার উত্তর এই চতুসিমার মর্দ্দে আমার লাখেরাজ খরিদা আম্বাগীচা জমী ।।৪ চর্দ্দ কাঠা ইহার আম্বগাছ ১২ বারটীর পোনবাহা মায় জমী ও গাছ ২৯ মবলগে উনীত্তিস টাকা একুনে জমী মায় বাগীচা ২/ দুই [বিঘা] ও আম্বগাছ ১২ বারটীর পোনবাহা একুনে মবলগে ৪৮ আটচল্লিস টাকা পঞ্চজন ভদ্রলোক থাকীআ উচিত মূল্য করিলেন আমী ঐ পোনবাহার টাকা মবলগ মজ্কুর সন ১২৩৭ বারসও সাঞ্চীত্তিস সালের বকেয়া খাজনা বাকীতে শোধ দীআ আপন শেছ্যাপুর্ব্বক বাহষ বাহাল ভবিষ্যতে আপনকাকে বিক্রীর করিলাম আপুনি মওাজী ও মায় গাছ বাগীচা মজ্কুরের দখিলাকার হইআ পুত্রপৌত্রাদি-ক্রেমে ভোগ ভযুরুপ করহ দান বিক্রীর সত্যাধিকারি আপুনি হইলেন কালকালাও আমী কিম্বা আমার য়ওারিসান কেহ কখন দাওা করে কীম্বা করি শে নামঞ্জুর ঐ বাগীচা আমার খরিদা কবলা জে আমার পাষ ছিল তাহা আপনকাকে দীলাম এতদার্থে আপন খুসিতে বাহষ বাহাল ভবিষ্যতে বিনা উপরোধে বিনা জবরিতে য়ুস্ক সলিলে পোনবাহার টাকা সন ১২৩৭ সালের খাজানা বাকীতে শোধ দীআ জমী ও বাগীচা মায় আম্বগাছ বিক্রয় করিআ বিক্রীকবালাপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৩৮ বারসও আটত্তিস সাল— তারিখ— ৫ ভাদ্র—

রশীদ রুপেয়া বাবুদী লাখরাজজমী ও আম্বাগীচা বিক্রীর পোনবাহা নিজ রোজ মোজে সনশতের সন ১২৩৭ বারসও সাঞ্চীত্তিস সালে বকয়া খাজনা বাকী শোদ—

নিজ জমার বকয়া খাজানাতে শোধ— ৩৮

৺০ শোভন মিজ্জার বকয়া খাজনা বাকীতে জমু— ১০

৪৮

শ্রীহেছামদ্দী চৌধুরি
সাং সনসত

মবলগে আটচল্লিস টাকা বকয়া খাজানা বাকীতে শোধ দীআ ওআসলি পাইআ রসাদ লিখিআ দীলাম ইতি—

ইসাদী—

শ্রীছিস্টীধর মণ্ডল
সাঃ সেড়ান্দী আসামী কবুল
শ্রীমিজ্জা লোহারি
শ্রীবিন্দাবন ভাণ্ডারি
শ্রীমিজ্জা ছোরহাম
শ্রীনবকৃষ্ণ নাগ
শ্রীসখাউদ্দী চৌধরি
শ্রীবদন চোকীদার
সাং সনসত

শ্রীসেখ নফরুদ্দী
শ্রীতফেল চৌধরি
শ্রীনফর মীআ
সাং সনসত

GENERAL
1829
EIGHT ANNAS
আট আনা
TREASURY

খ—সন ১৮৩১ সাল ১২ আগস্ত জেলা বর্দ্ধমান চৌকীচালক একটীং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীক্ষেত্রনাথ গাঙ্গুলি ॥ আট আনা

॥ ৮০০ ॥

কবলাপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা।

প্রতুলকত্তা—

STAMP
EIGHT ANNAS
... ...
... ...
আট আনা
OFFICE

শ্রীহর চৌধরী শ্রীমুকুন্দী চৌধুরি
শ্রীমফিজুদ্দী চৌধুরী বং শ্রীসলাউদ্দী চৌধুরি
... ... শ্রীহাসিমুদ্দী চৌধরী সাং সনসত

মুক্তি সকল মঙ্গলালয় খরিদাদিকারক শ্রীশ্রীনিবাষ সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দ্র সরকার সাকীম মুরুলী পরগনে বারবক সিংহ মভালকে জেলে বিরভোম মুচরিতেষু—

লিখিতং শ্রীকেআমদ্দী চোধরি শ্রীইছব চোধরি শ্রীমুফিজদ্দী চোধরি শ্রীহাফীজদ্দী চোধরি শ্রীইফাজদ্দী চোধরি ওলদে সখাউদ্দী চৌধরি ইবনে ৺কাবিল মাহাম্মদ চোধরি সাকীম সনসত পরগণে বারবক সিংহ জেলে বিরভোম কস্য তেতুলগাছ বিক্রীকবলাপত্র মিদং লিখনং কাজানক আগে তালুক কৃষ্ণনগর মোজে সনসত মোজা মযুকুরের মদ্দে গ্রামের দক্ষিণ আমাদীর্গের পৌত্রীক লণ্ডাপুষ্কর্ন্নির উত্তরপাহারের ইস্যানকোনের পশ্চীম তরফ তেতুলগাছ ১ একটী আর ঐ পুষ্কন্নির পুর্ব্বপাহারে বাহির পারযে ওফেল চোধরির হিস্যার তেতুলগাছের দক্ষিণ ভিক্ষু মিরের মালের জমীর পশ্চীম নাগাদী পুষ্কন্নির অগ্নি কোন তক বিমরজীম তালিকার ফর্দ্দ আমাদীর্গের নিজ হিস্যার তেতুলগাছ ৮ আটটী একুনে তেতুলগাছ ৯ নয়ট ইহার পোনবাহা পঞ্চজন ভদ্দ্র‍লোক থাকীআ মবলগে ২১ একুষ টাকা উচিত মুল্য করিলেন আমরাহ সন্যোষপুর্ব্বক আপন ২ খুসিতে বাহুষ বাহাল তবিঅতে বিনা উপরোধে বিনা জবরিতে আপন সত্যা তেআগ করিয়া আপনকাকে বিক্রী করিলাম ঐ পোনবাহা মবলগে ২১ একুষ টাকা আমরা আপন জমীর খাজনার বাকীতে শোধ দীলাম আপুনি বিক্কাদীর সত্যাধিকার হইআ পুত্রপৌত্রাদীক্রেমে ভোগ তছরুপ করহ দান বিক্রীর সত্যাধিকার আপুনি হইলেন আমরা কিম্বা আমাদ্দের ওআরিসান কখন কাল কালায় দাওা করে কীম্বা করি শে মিথ্যা ঝুট নামঞ্জুর এতদাথে আপন খুসিতে বাহুষ বাহাল তবিয়তে বিনা জবরিতে বিনা উপরোধে মুক্ত সলিলে পোনবাহা একুষ টাকা খাজানা বাকীতে শোধ দীআ বিক্কাদী বিক্রী করিআ বিক্রীকবলাপত্র লিখিআ দীলাম ইতি—সন ১২৩৮ বার সও আটতিষ সাল তারিখ ১১ উনিস্যা আশাড়—

রসীদ রুপেয়া বাবুদী তেতুলগাছ বিক্রী পোনবাহা মবলগে ২১ একুষ টাকা আমরা আপন ২ খাজনা সন ১২৩৭ বার সও সাঞীতিষ সালের বাকীতে শোধ দীআ ওয়াশীল পাইআ রসীদ লিখিআ দীলাম ইতি সন তারিখ সদর—

ইসাদী—

শ্রীহরগোবিন্দ দত্ত
শ্রীকৃষ্ণ পাঠক
শ্রীছিস্টধর ঘোষ
সাং সেন্ডাব্দী

শ্রীমির পরগর
সাং সনসত্ত

শ্রীমিজ্জা লোহারি
শ্রীমির ভিখু
শ্রীভোকেল চৌধরি
শ্রীহাহামদী চৌধরি
শ্রীওয়াহিল চৌধরি
শ্রীসেখ নফরদ্দী
শ্রীনবকৃষ্ণ নাগ
সাং সনসত্ত

GENERAL
1829
EIGHT ANNAS
আট আনা
TREASURY

[খ—সন ১৮৩১ সাল ১০ মেই জেলা বর্দ্দমান চৌকীচালক একটীং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীক্ষেত্রলাল গাজলি ৵ দুই আনা—

॥ ৮০১ ॥

দরখাস্তপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

সহন।—

STAMP
EIGHT RUPEES
... ...
... ...
আট টাকা
OFFICE

শ্রীগুরুচরন সরকার
সাং মৃকলী

শ্রীযুৎ আশানন্দ সরকার বরাবরেষু—

লিখিতং শ্রীগুরুচরন সরকার—

কস্য একরারপত্র মিদং কার্য্যনঞ্চাগে তুমি আমার কর্জ্জা বাবুদী ... জ বাই মোকাবিলায় নাকালাম মঃ ১৩৮০ তের সও আশী টাকা দেনা হইয়া আমাদের সাধারণের লাট পরগনে খটজা সামীল লাট কোপা তোমার নিজ হিস্যা বকম ৶৪ তিন আনা শোল কড়া ঐ বাকী টাকা মধ্যে ১০০০ এক হাজার টাকা সমনে আমার নিকট এই করার দাদে খোশকবালায় বিক্রী করিলে জে লাট মজুকুরার তোমার ঐ নিজ বকমে সদর মালগুজারি ও হরবাব খরচ বাদে মায় নিজ জোত মুনফা জাহা তাহা ঐ উপরের লিখিত সমনের টাকা ও কর্জ্জার বাকী ৩৮০ তিন শএ আশী টাকা পরিশোধে ইঃ সন ১২৩৮ সাল নাগাদী সন ১২৫২ সাল তক মোত্তা চুক্তী করিয়া দিলে আমি সন বসন তোমার ঐ লাটের বকম হইতে লইয়া সমনের টাকা ও কর্জ্জা শোধের পর কওালা ওয়াপেস দিব লাট মজুকুরের বন্দবস্ত ও উসুল তহশীল ওআবাদ তবদুদ ও কেকাইত লোকসান জীম্বা আমার তোমার সহীত এলাকা নাই ইঃ সন ১২৩৮ সাল নাং সন ১২৫২ সাল তক লাট মজুকুরের জে বাকী থাকীবেক তাহা আমার ঐ বাকীর সহিত তোমার এলাকা নাই তুমি ঐ লাটের ওয়াশীলাতের দাবি করহ শে মির্থা তোমার জে তমযুক আমার স্থানে ছিল তাহা ফের[ত] দীলাম এতদার্থে আপন খুশীতে একরারপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৮ সাল বার সএ আটতিষ সাল তারিখ ৩ তেষরা আশাড়—

ইসাদ—

শ্রীরামকীসোর রায়	শ্রীশ্রীমন্ত রায়	শ্রীদিননাথ সরকার
সাং দারিয়াপুর	সাং কড়য়া	সাং বক্সচত্র

[প ৪২৫৫ বিক্রী মোং মুরুলি সন ১৮৩১ সাল ১৫ জুন শ্রীকৃষ্ণচৈতন্য রায় জেলা বিরভোম খরিদার নক্ষত্রচন্দ্র নাএক দাম আট টাকা—

॥ ৮৩২ ॥

কোবালাপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি।—

ইয়াদীকির্দ্দ সকল মঙ্গলালয় শ্রীযুৎ গুরুচরন সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার এবনে ৺জাদবিন্দ সরকার সাং কৃষ্ণনগর উরফে মুরুলী পরগনে বারবক সীংহ মতালকে জেলা বিরভোম বরাবরেষু—

লিখিতং শ্রীআসানন্দ সরকার ওলদে ৺রামনারায়ন সরকার ইবনে ৺ব্রজবল্লভ সরকার সাং কৃষ্ণনগর উরফে মুরুলী পরগনে বারবক সীংহ মতালকে জেলা বিরভোম—

কস্য তালুক বিক্রয় খোসখরিদীপি কবালাপত্র মিদং কাজনকাগে পরগনে খটঙ্গা দরুন লাট কোপা বিং নিচের তপসীল চক বসতে আট মৌজা জাহার সদর মালগুজারি ১২৫০৸৴৫ বারসও পঞ্চাষ তের আনা একপাই তালুক মজকুর এজমালি ইয়ামে আমার পীতা ৺রামনারায়ণ সরকার সন ১২১১ সালে ১০ বৈসাখ ১১৬০ এগারষ সাট টাকা পোনবহায় নিলামে খরিদী করেন

শ্রীআসানন্দসরকার
সাং কৃষ্ণনগর
তপে জিগা পরগনে বারবক সীংহ
জেলা বিরভোম

তালুক মজকুরে আমার হিষ্যা রকম ৴৪ আনা সোল কড়া আমার জেষ্ট প্রিতিবর্গ ৺বদ্দীনাথ সরকার রকম হিষ্যা ৴৪ আনা শোল কড়া ও তিতিয় মদ্দ্যম পিতিবর্গ শ্রীনিবাষ সরকার রকম হিষ্যা ৴৪ আনা শোল কড়া ও চতুর্থ্য মদদ্দ্য পিতিবর্গ শ্রীলক্ষী কান্ত সরকার রকম হিষ্যা ৴৪ আনা শোল কড়া ও কনেষ্ট পিতিবর্গ শ্রীগুরুচরন সরকার আপনি হিষ্যা রকম ৴৪ আনা শোল কড়া এই মত আপন হিষ্যা হইয়া আমরা পাঁচ সরিকে বিন আখজে দখিলকার থাকিয়া আবাদ মালগুজারির সরবরাহ করিয়া আসিতেছি আমি আপন হিষ্যা রকম ৴৪ তিন আনা শোল কড়া জাহার সদর তাউত জমা ২৫০৴১৩ টাকা লাট মজকুর চতুসিমা বৎসিলা সরহর্দ্দে সহিত্য সত্রিদে সপ্রেক্সে সবিকতে কুল্যাত আরাজিয়াত খামার ও হাসিল ও পাতত ও জঙ্গল ও জলকর ও নলকর ও জালকর ও বনকর ও ফলকর ও বিল ও ঝিল ও তালাবহায় সমবেষ্য ও ভিলাদী সহিতে ও বাগাত গয়রহ বিক্রীহায় কনা আকনা সওাই মুজরাই কানুবত লাখেরাজ ও বথাত্তী খয়রাত জাবদির হকুক হক জাহা আমার ছিল তাহা খিলকুল আপন সেচ্ছাপূর্ব্বক বাহেব বাহাল তবিয়তে বিনা ওপরোধে আপনকার নিকট খোসকবালায় ১০০০ টাকা পোনবাহায় বিক্রি করিয়া পনবাহায় মবলগ মজকুর বারক্কউক পুরা ওজন সহিসিক্কা নগদ দস্ত

বদস্ত পাইয়া আ[প]নকার দেনা শোধে দিলাম আপনি তালুক মজকুরে দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া পুত্রপউত্রাদীক্রেমে ভোগদখল করিবেন কশ্মিনকালে আমি ও আমার ওয়ারিসানের দাওা নাই জদি কেহ কখন দাওা কম্বি কীম্বা করে সে ঝুট ও বাতিল এতদার্থে আপন খুসিতে বাহস বাহাল তবিঅতে তালুক বিক্রী খোষ খরিদাগী কোবালাপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৮ সাল তারিখ—১২ জৈষ্টি—

[খ— তফশীল—

লাটকোপা—

পরগনে খটঙ্গা—

নিজ কোপা—১ বেঙ্গয়া—১ পলসা—১ কামারডাঙ্গাল—১

চঃ নিলাম্বরপুর—১ চঃ বারহাট—১ চঃ বেনাচাতুরি—১ চঃ ভরলিয়া—১

জায়—

মৌজা বসত—৪

চক্—৪

ইশাদ—

শ্রীঅনন্তরাম বন্দপাধ্যায়
সাং শেড়ান্দী

শ্রীরামপ্রশাদ সিংহ
সাং রামনগর
পং গোপভোম

শ্রীমানিকচন্দ্র হাজরা
সাং বিজুরি

ইসাম্পকাগজ নম্বর ১৫০৮

শ্রীনকরচন্দ্র সামন্ত
সাং মুরুলী

শ্রীহরিপ্রসাদ সিংহ
সাং নওদা

শ্রীগঙ্গারাম সিংহ
সাং বাহাদুরপুর

শ্রীপরেশনাথ ঘোষ
সাং সালন

॥ ৮০৩ ।

তমসুকপত্র (সন ১২৩৮ সাল) প ১

শ্রীশ্রীহরিঃ—

মহামহীম শ্রীযুত বক্রনাথ সরকার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীআশানন্দ সরকার—

কস্য তমশুকপত্র মিদং কাজ্যনঞ্চ আগে আমি আপনকার স্থানে সন ১২৩২ সালে এক কেত্তা তমষুক লেখিয়া দিয়া কথোক টাকা কর্জ লইয়াছিলাম তাহার আশী নাগাদী ও সুদ মোকাবিলা বাকী ২৪৮০॥/১৫ চব্বিষ সও আশী টাকা এগার আনা তিন পাই বাকী না ... দেনা হইল অতএব নগদ টাকা দিতে না

শ্রীআশানন্দ সরকার
সাং ভুরকুন্ডি
২৪৮০॥/১৫ মং চব্বিস সও
আশী টাকা

পারিআ বাকী ঐ ২৬৮০৷৷৶১৫ টাকা শেচ্ছাপূর্ব্বক তমশুক লেখিআ দিতেছী সন হালের চৈত্রী মাহায় সদর হার সুদ সমেত বেবাক টাকা পরিশোধ করিব এতদার্থে আপন খুশীতে তমসুকপত্র লিখিআ দিলাম ইতি সন ১২৩৮ সাল তারিখ—১৮ জৈষ্টী

ইশাদী

শ্রীনফরচন্দ্র সামন্ত শ্রীক্ষেত্রনাথ সরকার
সাং মুকুলী

শ্রীখুদীরাম মণ্ডল শ্রীরামধোন সরকার শ্রীসুকদেব সরকার
সাং মুকুলী সাং মুকুলী সাং মুকুলী

॥ ৮০৪ ॥

কীস্তীবন্দীপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

প্রতুলকস্তা—

শ্রীমোনাজ সেখ
সাং বাবুনিলা ॥

মহামহীম শ্রীযুৎ ক্ষেত্রনাথ চৌধরি মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীমোনাজ সেখ—

কষ্য কীস্তাবন্দীপত্র মিদং কার্য্যানঞ্চাগে মহাসএর কুটী মোকাম মস্তলীর আমার নিলখাত্তার হিসাব মোকাবিলায় ৮৷৷৶ আট টাকা এগার আনা বিনা উজোর দেনা হইলাম নিচের তপসিল কীস্তীবন্দী লেখিয়া দিতেছী মাফিক কীস্তীবন্দী আদায় করিব ইহার কোন বাবুদী ওজোর করিব নাই এতদার্থে কীস্তীবন্দীপত্র লেখিয়া দিতেছী ইতি সন ১২৩৮ সাল—তাং—১৪ ফাল্গুন—

জের টাকা— ৮৸৶

তাঁর কীস্তী—

সন ১২৩৮ সাল—

মাহ ফালগুন— ।।০

মাহ চৈত্রী— ।।

সন ১২৩৯ সাল—

মাহ বৈসাখ— ।।

মাহ জেষ্ঠি— ।।

মাহ আশাড়— ।।

মাহ স্র্যাবন— ।।

মাহ ভাদ্র— ।।

মাহ আশ্বীন— ।।

মাহ কাত্তীক— ।।

মাহ অগ্রাহায়ন— ।।

মাহ পৌষ— ।।

মাহ মাঘ— ।।

মাহ ফালগুন – ।।

মাহ চৈত্রী— ।।

সন ১২৪০ শাল—

মাহ বৈশাখ-- ।।

মাহ জেষ্টী-- ।।

মাহ আশাড়-- ।।

৮৸৶১

লিখিতং শ্রীরহীম শেখ কস্য মালজামিনতিপত্র মিদং কাজ্যানকাগে আমি আপন খুসিতে সাং বামুনীগ্রামের শ্রীমোনাজ সেখের কীস্তীবন্দীর মালজামিন হইলাম আশামী মজকুর মাফিক কীস্তীবন্দী মুরতে আদায় করিবেক না করি আমি নিজে হইতে দিব আশামীর শাহীতে কোন এলেকা নাই এতদার্থে মালজামিননতীপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩৮ শাল তা--১৪ ফালগুন--

শ্রীরহিম সেখ
সাং কুসুমগড়ে

ইসাদ—

শ্রীনারায়ন ডোম	শ্রীবিমু রায়	শ্রীরামধন মুখজ্যা
সাং মন্তলী	সাং মন্তলী	সাং সালন

[খ—সন ১৮৩২।২৩ ফেব্রেওরি—শ্রীঈশানচন্দ্র ভট্টাচার্য্য ... জেলা বিরভোম-খরিদার বিশ্বনাথ রায় দাম ৵ দুই আনা—

॥ ৮০৫ ॥

আরজিপত্র (সন ১২৩৮ সাল) ১

৭শ্রীশ্রীদুর্গা

সহায় ।—

৪৬৪ নং সন ১৮৩১ সাল—

কাগজের দাম ২৫০ টাকা—

... ... ভেমাম দাদ খাঁ ফিদরি শ্রীভূবনমোহন সিংহ।—

সাকীম রাইপুর তালুক সুপুর সামিলে থানা কসবা মতালকে জেলা বিরভূম পরিব পরওর শেলামত থানা কসবা সামিল সাকীম সুরুলীর শ্রীআশানন্দ সরকার সন ১২৩১ সালের ৭ বৈশাখ তারিখে ফিদরির বরাবর এককেতা কর্জ্জ পত্র অর্থাত তমসুক লিখিয়া দিয়া ঐ সুরুলীর মোকামে আমার তরফ লোক নন্দদুলাল চট্টোপাধ্যায় মারফত মবলগে ১০০০০ টাকা কর্জ্জ লইয়া আদা[য়ের] ওয়াদা করে জে সন মজকুরের মাহ চৌত্রীতে মবলগ মজকুর মায় সুদ পরিসোধ করিব ... ...সন ১২৩১ সালের মাহ চৌত্রী নাগাদী সন ১২৩৬ সালের মাহ চৌত্রী তক দফা দফায় ৭৪৯৭ টাকা ওয়াসীল দেয় বাদে বাকী ২৫০৩ টাকা আদায় করে না অতএব উহার সুদ ইস্টাম তমসুকের তারিখ হইতে নাগাইদ সন ১২৩৮ সালের ২০ জৈষ্টী ওয়াসীলের হেকাসবন্দী হিসাব সুরত ৩৬৪৪৶১০ টাকা হামগী আসল সুদের বাকী ৬১৪৭৶১০ টাকা ফিদরির ওয়াজিবি পাওনা তলব করিলে দিব দিছি কহিয়া উক্ত টানির পর আদায় করিতেছে না একারণ ঐ ৬১৪৭।৶১০ টাকার দাবীতে মতাবক জাবেতা ইস্টামপা কাগজে আরজী দিয়া নালিষ করিয়া উম্মেদওয়ার জে আশামী সামিলে থানা কসবা সাকীম সুরুলীর আশানন্দ সরকারকে হজুর তলব করমাইয়া মবলগ মজকুর আদায় পর্য্যন্ত সুদ সমেত তঙ্কা দেলাইতে হুকুম হয় আর ২ জে দাবি আছে তাহা ... ... আলাহিদা করিব ইহা জোনাবে আরজ ক[রিল] ...ইতি সন ১৮৩১ সাল—তারিখ—৩০ মাই মঃ সন ১২৩৮ সাল ১৮ জৈষ্ঠী—

॥ ৮০৬ ॥

আদালতের আদেশ (সন ১২৩৮ সাল) প ১

নং ৭শ্রীশ্রীহরি

মরনং—

ইআমাম ... আদালতে দেওানি জেলা বিরভোম সন ১৮৩১ সাল তারিখ ৩০ মাই মং সন ১২৩৮ সাল তা ১৮ই ৪৬৪ নং সন ১৮৩১ সাল দাবি ৬১৪৭৷৴১০ টাকা—

ফৈরাদী— বাবুত কজ্জা—
শ্রীভুবনমোহন সীংহ— আসামী—
সাং রাইপুর— শ্রীআসানন্দ সরকার—
তাং মুপুর— সাং মুরুলি— ১

প্রতী আগে ফৈরাদী মজুকুর তোমার নামে জেলা মজ্কুরে দেওানিআদালতে আরজী দীআ নালিষ করিলেক এমতে এতলা দেওা জাইতে[ছে] উচীত জে ১৫ রোজ মেওাদ মর্দ্ধে খোদ কীম্বা উকীলের দারায় হজুর আদালতের কাছারিতে হাজীর হইআ ফৈরাদী দাবির জওাব দাখিল করহ—

ফারসী
[খ- টাটীনবিষ শ্রীশিবচন্দ্র সরকার ১ মুন—
জৈঃ নাজির—
হাং ১ পেওাদা—
মে ৮ রোজ মায় খোরাক— ৴
সন ১৮৩১ সাল তা— ১ জুন—
সন ১২৩১ সাল তা— ২০ জেষ্ঠি—
দো ১ মুন—
হার— ৩৬ নং মাবব

॥ ৮০৭ ॥

পরহাজিরপত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীহরি—

মহামহীম জেলা বিরভোমের শ্রীযুৎ জজসাহেব বরাবরেষু—
লিখিতং শ্রীনফরচন্দ্র সামন্ত গোমাস্তা ও শ্রীরামপ্রসাদ চৌকিদার
ও শ্রীমোহন চৌকিদার—
কস্য পরহাজীরিপত্র মিদং কাজ্‌নকাগে ফরিআদী শ্রীভুবনমোহন
সীংহ সাং রাইপুর আসামী শ্রীআ[illegible] সরকার সাং বুরুলি
এই আসামীর নামে ৪৮৪ নম্বরে দাবি ৫১৪৭।৶১০ টাকা
দাবিতে জেলা মজুকুরের দেনিআদালতে আরজী দীআ নালিষ করিবাতে
তাহাতে হজুর হইতে নাজীরের তরফ ৩৬ নম্বরের মাবব পেওাদা মপষল
এক কীতা ... নামা আসীআহীল আমরা হাযরায় হইআ আসামীর বাটীতে
তলাষ করিআ আসামীর বাটি ... কহীলেক জে কোথায় গীআছে তাহা
আমরা জানি না এতদাথে পরহাজীরিপত্র লিখিআ দীলাম ইতী সন ১২৩৮
সাল তারিখ ২৩ জৈষ্টি—

শ্রীনফরচন্দ্র সামন্ত গোমস্তা
শ্রীরামপ্রসাদ চৌকিদার
শ্রীমোহন চৌকিদার
সাং বুরুলি

ইসাদ—

শ্রীভারথ আটপ্রহরি	শ্রীনানার ঘোষ
সাং বুরুলী	সাং বুরুলি

॥ ৮০৮ ॥

পত্র (সন ১২৩৮ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

সহায় –

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণ দাসস্য।–
বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে মহাশয়ের অনুগ্রহতে এ জনের সমস্ত মঙ্গল
বিশেষঃ নিবেদন মহাসয়ের ২০ তারিখের পত্র ... ডাক মারফত পাইয়া জাতো
হইয়াছী [রা]ইপুর নিবাসীর নালিসী আরজীর নকল পাঠাইতে লিখিয়াছেন
অতএব পাঠাই পোহছিবেক এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী সমাচার লিখিতে
আজ্ঞা হইবেক নিবেদন– ইতি সন ১২৩৮ সাল তারিখ ২৪ আসাঢ় –

খি- মহামহীম মহিমাসমুহ। -
শ্রীযুত বাবু আশানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু -
মুরুলী -
৭৪॥৩

পত্র (সন ১২৩৮ সাল) প. ১
৺৭শ্রীশ্রীদুর্গা
সরনং

সেবক শ্রীহরনাথ দাসষ্য—
দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে—
মহাসএর শ্রীচরন কৃপাতে এ নফরের সমস্ত মঙ্গল বিশেষঃ নিবেদন নিলের বড়ি বাক্সর তলায় ও ডালায় বসাইআ সাং কাদপুর বড়ি পাঠাইআছীলাম কিন্তু এখানে শ্রীযুৎ চৌধরি মহাসয়রা বড়ি এখানে পাঠাইতে নিমরাজ এ প্রকার ভাল নহে আর বড়ি খারাপ হইআ জায় এবং বাক্সর তলা ডালা জথে মেজে মাল পড়িআ আছে মহাসয় এক পত্র লিখিবেন জে বড়ি কুটীকে পাঠাইআ দিবেন নচেত্ত খারাপ হইবেক আপনী পত্র না লিখিলে ইহারা বড়ি এবং বাক্স পাঠাইবেন না অতএব মহাসয় এক পত্র সির্ধা লিখিতে আজ্ঞা হইবেক নচেত নিলের বড়ি বেবাক খারাপ হইবেক আর শ্রীযুৎ চৌধরি মহাসয়রা সাং রাইপুরেদের সহিত পিরিত রাখেন এমত রকম বটে মহাসয় বিবচনা করিবেন ইহার শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৩৮ সাল তা—১২ ভাদ্র—
পুঃ নিবেদন সাঃ সিহড়ির খপর মহাসয় হামেসা লিখিতে আজ্ঞা হইবেক জখন জেমত করিতে হইবেক তাহা করা জাইবেক জেএ লোক জাইতেছে ইহাকে অদ্যই পাঠাইবেন—
পরম পুজনিয় শ্রীযুৎ বাবুজী মহাসয় শ্রীচরনজুগলেষু—
মোঃ— মুরুলী—
৭৪।০

॥ ৮১০ ॥

পত্র (সন ১২৩৮ সাল) প ১

... ...

... ...

তারিখে এককীতা তমসুক ... টাকা আদাইর কারন সন ১২৩৮ সাল হইতে ... সও একার টাকা করিয়া ও সন ১২৪৭ সাল ... টাকা ... একরার করিয়া তোমাকে বোকা দিতেছী অতএব উপরের লিখিত আমার একরার মুরত সন ১২৩৮ সাল নাগাদী সন ১২৪৭ সাল বিনা উজর মহাজন শ্রীযুৎ গুরুচরন সরকার নিকট আদায় করিয়া তাহার ... তপশীল করিয়া মায় রশীদ চালান ও ডৌলের বাকী জমা আমাদ্দের ... কাছারির নাএবের নিকট সন ২ পাটাইয়া নায়েবের দস্তখতি ... লইবা তোমার ডৌল জমায় মজরা পড়িবেক ইতি সন ১২৩৮ সাল তারিখ - ৫ পচই পোষ -

ইসাদী—

শ্রীদিননাথ সরকার গং

সাং বক্রচত্র

[খ· বিক্রী মোং মুরুল সন ১৮৩১ সাল ২১ ডিশেম্বর ... পরেশনাথ

॥ ৮১১ ॥

হিসাব (.২৩৯ সন) প ৮

মৌজা : মোরগা। নমুদারজমি মৌজে মোরগা পরগনে মোনহরসাহি লাট গোমস্তা সন ১২৩৯ সাল— বি তারিখ—১২ জৈষ্ঠ্য। রামচন্দ্র মণ্ডল, আনন্দ মণ্ডল গং।

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৮১২ ॥

হিসাব (১২৩৯ সন) প ১৮

মৌজা : পলসা। গুরুচরন পাল, রামমোহন্দর দাসৈব গং। খতিআনজমী।

জীর্ণ, কীটদষ্ট।

॥ ৮১৩ ॥

হিসাব (১২°৯ সন) প ৫২

মৌজা : কৃষ্ণনগর। হিশাব শ্রীহরিদাশ তাতী শাং বুরুলী কীত্তীবন্দী দং। তাতী মহল—নিতাই নন্দী। বাজেমহল— বাহারজন্দী জী : আললন্দী। কড়চাহিসাব রুপেয়া। মহল খয়রাত—পাচু বেহারা। বিপ্রমহল—রামবুক মুখুজ্যা। গরাইমহল—মোহন গরাই গং।

জীর্ণ, কীটদষ্ট ও কিছু কিছু জমাটবাঁধা।

॥ ৮১৪ ॥

হিসাব (১২৩৯ সন) প ৭

শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২৩৯।—

মোং শেড়ান্দী

বরাবর—

শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার—

তালুক কৃষ্ণনগর মোং শেড়ান্দীদীগরে মহা শ্রাবন...গোমস্তাদীগর সন ১২৩৯ সাল.

আসামী— আদত তঙ্কা—

... ...

... ...

জীর্ণ, জমাটবাঁধা।

॥ ৮১৫ ॥

হিসাব (১২০১ সন) প ২

৭শ্রীশ্রীহরি ।—

সন ১২০১ ।—

জমা খরচ রুপেয়া কুটী কোপা ইং ১ শ্রাবন নাং ৪ আশ্বীন—

জমা—		খরচ—	
শুরুলী খাতে জমা—	১৫৪৵	নিজ দাদনী খাতে খরচ—	৭৯
... ...	১০০।৶১৫	নিলপাত বহাড়ী খরচ—	৭৭৶
ধান্য বিক্রী জমা—	১১৭॥১৫	মজুর দাদনী খরচ—	৯০/১০
বাকী আদাই জমা—	১৩॥৵	পাজী দাদনী খরচ—	১২।/
বকয়া খাতে জমা—	৩৮।৶১৫		
	৪২৭।৫		২৬২৶১০
...	...		...
	৪৩৮।৵		৩০৬॥৵৫

জের খরচ— ৩০৬॥৵৫

মাহিনা খরচ—

নফর মণ্ডল— ১০৵ কাশীনাথ মযুমদার—॥ বাহাদুর রায়—১॥

... ...

৩৪৮।৶১৫

জের খরচ— ৩৪৮।৶১৫

বাশা খরচ শ্রাবন নাং ভাদ্র— ২২৵১৫

... ...

৩৮২।৵৫

জের খরচ— ৩৮২ ৵৫

৫ আশ্বীন—

শুরুলী চালানী আমদুর— ॥

আমট— ॥৫

মোক্তাবা— ।১০

... ।৶১০

রোক সীক্কা— ৪৭॥

.. ৪৯।৫

৪৩১॥৵১০

॥ ৮১৬ ॥

করার পাট্টা (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রী শ্রীকৃষ্ণঃ—

স্মরন

এই পাট্টা ফেরত হইয়া দোসরা হয়—

শ্রী কৃষ্ণচরন সরকার শ্রী নীরসিংহ রায়
শ্রী রামতনু সরকার শ্রী রামকুমার সরকার
শ্রী রামচন্দ্র সরকার শ্রী নবকীসোর সরকার
সীমার

করার পাট্টা বাবুদি মোকরোরা তালুক কৃষ্ণনগর পরগনে বারবকসীহ মৌজে কৃষ্ণনগর ওরফে মৃকুরুলী—সন ১২৩৯ বারসও উনচল্লীষ সাল তারিখ—১৭ অগ্রহায়ন—

ইজা শ্রীবলরাম কবিরাজ সাং মাহাতা—

আসামী— জমী— কাত জমা মোকরোরা— জের— কাত জমা মোকরোরা—

চক রসুলপুর—
৺ঠাকুর মহাশএর বান্দের উত্তর সিধু ঘোপার জমীর পচ্ছীম রাস্তার দক্ষীন রামধন সরকারের আলিবন্দীর জমীর পুর্ব্ব—
১ বন্দ বঞ্জর পতিত— ২॥৪
ওপু ওয্য বঞ্জর পতিত—
১ বন্দ— ১॥২
ওপ ওয্য ঐ
১ বন্দ— ১'
ওপু ওয্য ঐ খালা ইটাপাজা—
১ বন্দ মধো--- ১/২৻১০

৬॥৩৻১০

১১৸১০৻১০
চক গোপালপুর—
ডাঙ্গার মধ্যে প্রশাদ গোএর জমীর পশ্চীম নকর সামন্তর দক্ষীন রাস্তার পুর্ব্ব গুরুচরন দত্তের জমীর উত্তর
বং— ৪॥৩

১৬।৩৻১০ ৫৶২॥

ঐ চক খালাপাড়ার মধ্যে বেন্যাবান্দী পুষ্করীর উত্তর দিনু খালাশীর জমীর দক্ষীন ১ বন্দ— ।১

নেমু সীংহর বাটীর দক্ষীন দিনু খালাসীর জমা পছিম ১ বন্দ— ২/২

নিজ কৃষ্ণনগর পচ্ছীম মাট ছোট সরকারের বাগীচার দক্ষীন ১ বন্দ— ।১

ডপ জেয্য ১বন্দ— ॥২

ডপ ডেয্য ১ বন্দ— ১৸১

— — ২।৪

১১৸৫১০

GENERAL
1825
EIGHT Annas
আট আনা
TREASURY

ময়াজী শোল বিঘা আট কাঠা দষ গণ্ডা জমীর কাত জমা মোকোরোর পাচ টাকা দুই আনা দষ কড়া সহিসীক্কা সালীআনা মালগুজারি করিবে এ জমাতে হাজা যুখা গর আবাদী কোন বাবুতে নালিষ করিলে মুজারা পাইবে না আর কখন এ জমাতে কমী বেশী হইবেক না সন ১২৪০ সাল হইতে......পরগনার কীস্তীবন্দী মুরত সন বসন মালগুজারি করিআ পুত্রপৌত্রাদীক্রেমে ভোগ করিবে এতদাথে কবুলতি লইয়া মোকরোর পাট্টা দীলাম ইতি –

[সন ১৮৩২ । ২৯ নবম্বর

শ্রীগুরুপ্রসাদ বসু জেলা বিরভূম মোঃ আদালত খরিদা সেখ হাজাতউল্লা ॥ আট আনা

॥ ৮১৭ ॥

করজপত্র (সন ১২৩৯ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা।—

করজ রূপেআ বাবুতে শ্রী৺গোস্বামী টাকা বিত্তি জাট কৃষ্ণনগর জমীদার শ্রীযুৎ গুরুচরন সরকার খোদ ৩।/ তিনটাকা পাচ আনা পাইলাম ইতি সন ১২৩৯ সাল – তারিখ ১১ ভাদ্র –

ইসাদী –

শ্রীনকুল সরকার শ্রী .... সীহ
সাং নোয়া সাং পএড়

শ্রীযুৎ দ নিত্যানন্দ ঠাকুর।
সাঃ — ...
বং শ্রীরামমন রায় সাঃ পুন্ড়ী

জীর্ণ, কীটদষ্ট

॥ ৮১৮ ॥

কারখতিপত্র (সন ১২৩৯ সাল) প ১

৮৭শ্রীশ্রীহরি

সরনং

[ইংরেজীতে লিখিত] 1832

ধ্বপ্রীতিষ্টীত।—

শ্রীগুরুচরন সরকার

কষ্য কারখতিপত্র মিদং কাঞ্চনকাগে সন ১২৩৮।১৮৩১ সাল ১০ কার্ত্তীক ২৫ অক্তর্ব্বর তারিখে তুমি আমার স্থানে ১৫০০ পোনর সও টাকা জে কর্জ্জ লইআছেন তাহা মায় সুদ বেবাক টাকা তোমার পাব বুঝিআ পাইয়া কারখতি লিখিআ দিলাম ঐ টাকার তমসুক কোন কাগজ সামিল রাখিআছী অদ্য বেতমতে মিলিল না জদি মেলে পছাত পাঠাইবে নতুবা সে খত বাতিল তুমি খালাস ইতি সন ১২৩৯ সাল তা—২৯ অগ্রাহন—১৩ দীজম্বর—

শুপিতিষ্টত শ্রীগুরুচরন সরকার শুচরিতেষ্ব—

মোং ষ্বরুল—

৭৪৷৷০

॥ ৮১৯ ॥

কারখতিপত্র (সন ১২৩০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

STAMP
FOUR ANNAS
... ...
... ...
চার আনা
OFFICE

শ্রীসহচরি বৈষ্ণবি
সাং মতলির আখড়া ।।।

মহামহীম শ্রীযুৎ আসানন্দ সরকার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীসহচরি বষ্টমী—

কস্য কারখতীপত্র মিদং কাজানকাগে আমি আপনকার শহীত আশনাই করিয়া পীতা ও মাতা ও ভাত্রা তেগ করিয়া আপনকার নিকট ষ্ঢ়ুকুলী মোকামে পরম ষ্ঢ়ুখী চীলাম কীন্তু আমার অদিস্টের শরদীহে আমি আপনকাকে তেগ করিয়া ভিন্ন্ গ্রামে পীয়াচী এবং ঐ গ্রামে থাকীয়া পুনুরায় আপনার দেওা নওাজীমা জিনিসপত্র ঐ শোনারুপার অলঙ্কার লইবার কারন পুনুরায় ষ্ঢ়ুকুলী মোকাম আপনকার নিকট আশীয়াছিলাম আপনী আমাকে অনুগ্রহ করিয়া ঐ শকল জীনিসপত্র দিলেন আমীয় আপন খুসিতে আপনকার শহীত রাজী হইয়া ঐ শকল নওাজীমা জীনিসপত্র ও শোনারুপার অলঙ্কার আর নগদ ১০ দস টাকা লইয়া আমী ভিন্ন্ গ্রামে ঘর করিয়া বাস করিয়া থাকীব জদপী ষ্ঢ়ুকুলী মোকামে থাকী তবে আপনকার দেওা নওাজীমা জিনিসপত্র ও শোনারুপার অলঙ্কার ও নগদ ১০ দস টাকা বিনা উজোর আপনকাকে নিচের তপশীল মাফীক ফিরিয়া দিব এবং জে ১০ দস টাকা নগদ দিলেন ঐ টাকা ষ্ঢ়ুদ শমেদ ফিরিয়া দিব ইহাতে কোন উজোর করিব নাই আমী আপন খুসিতে রাজী হইয়া আপনকার নিকট কারখতী দিতেছী আপনকার শহিতে আমার কোন দওা নাস্তী জদপী কোন দওা করি শে বাতীল ও মিথ্যা এতদাথে আপন খুসিতে রাজী হইয়া বাহ্সে বাহাল ভবিয়তে কারখতি লিখিয়া দিলাম শন ১২৩৯ বার শও উনচল্লীষ শাল—তারিখ—

জীনিষ—	কাত দাম—

সোনার বেশর— ১	৫৲
সোনার ছোট মাদুলী—৩	২৵
রুপার খাড়ু—১	৬॥
রুপার পুইছা – ১	২৸
পীতলির ঘড়া—১	৪৵
পীতলির লকী—১	২৶
পীতলির টাকুনা —১	১৲
কাশার অপথরা--১	১॥৴
কাশারবাটি বড়--২	২।০
কাশারবাটি ছোট--২	॥০
তৈলভাড়--১	৸০

১	২৬৸

জের—	জিনিস—	কাভদাম—
	১১	২৮৸
পীতলির বাক্স—		
১ জোড়া—	১	১৲
কাশার থাল—	১	১॥ দেড় টাকা
পাথর—	১	।৴
পাথরির ডাবর—	১	।০
পাথরবাটি—	১	৴
লোহার হাতা—	১	৴
লোহার বটি—	১	৴১০
লোহার জাতী—	১	৵
খাট—	১	১।
পীড়া—	২	।০
চরকা—	১	।।০
লেপ—	১	৩৲
তোষক—	১	২।০
বালীস—	৩	।৵
নগদ রোক—	—	
শীকা—	০	১০
	২৫	৪৯৸১০

GENERAL
1825
FOUR ANNAS
চার আনা
TREASURY

[খ— ইসাদ—

শ্রীনফরচন্দ্র সামন্ত	শ্রীনফরচন্দ্র রায়	শ্রীসরুপ দাসবৈরাগী
সাং বুরুলি	শাং ব্রাবিয়াপুর	শাং বুরুলী
শ্রীগৌর পরাঞ্চা	শ্রীশরুপ শো	
শাং বুরুলী	শাং বুরুলী	

বন্দারের মদ্ধে দুই মবতরা ... মবতরা নিলাম বিক্রয় করিয়া বাকী আদায় করিয়া লইবেন তাহাতে জন্দপী বেবাক বাকী আদায় না হয় মতাবক ... আমার স্থানে আদায় করিয়া লইবেন তাহাতে আমার কোন ওজর নাই মাহালাত মযুকুর বাকী দাবি ... আইন বিক্রী হইলে আমি সনামী কীম্বা বিনামী ফেকের করিআ খরদী জদী করি শে নামঞ্জুর বাকী ... তারিখ হইতে মতাবক আইন আমার দান বিক্রীয় ও বন্দক ও বাটয়ারা রকমওয়ারি হিব্যা করিয়া দেওা ... আমার দরপত্রনি তালুক আপনকাদ্দের পত্রনিতালুক হইতে খারিজ হইবার নাত্রক কোন প্রকার নাই তালুকাত ... থাকায়া মালগুজারির সরবরাহ কারিব জদী আমি কীম্বা আমার ওয়ারিশান কেহ কখন খারিজের দরখাস্ত করি কীম্বা করে সে নামঞ্জুর মপশ্বল আমল মামল মাফিক দখল করিব তালুক মযুকুরে আমার দস্তখতের পূর্ব্ব পুষ্করী খাদদিগর হযুরের সনন্দী মতে জে শকল জমিনের মালগুজারি আরমানপুর শামীল হইয়াছে তাহার সহিত আমার ও এলাকা নাই আর সরকারি খাশবাগাত ও হেবিলী ও পুষ্করী ও জমীনদীগর জে সকল সরকারের খাষ দখলে আছে তাহাতে কোনমতে দস্ত আন্দাজ হইব না আপনকাদ্দের বক্সীদপুর সামীল পুলীশের মতাবক চৌকীদার ওগয়রহ জে আছে তাহা তগীর ... করিতে হইলে আমি করিব সরকারের সহীত কোন বিশয় নাই জেলার তহশীল থানার চাকরানজমি সদর বাজেআপ্ত হইয়া জত টাকা তলব হইবেক তাহা আলাহিদা সন ২ সরবরাহ করিব মপস্বল ৺ইশ্বর শেবা আমল মামল মাফিক জে আছে তাহা ... রাখিব পুলবন্দী সরও চাকলায় জেমত্ত হুকুম হইবেক শেই মাফিক আমলে আনিব পুলবন্দীর খেতি খত্তয়া হইলে সরকারের ... মালগুজারিতে কোন ওজর করিব না মপস্বলের হস্তবুদ জমা ওয়াশীলবাকীর কাগজ গয়রহ জখন জাহা তলব হইবেক তাহা ... করিব এবং আদালত কন্নুগাড়ি ও কালক্টরি ও পুলীশ ও মোনছোপ ও কাননগো ও হরেক কাছারিতে জখন জে লস্কর ... ও মহুরির ও পাটয়ারি তলব হইবেক ও কজের আমদরপ্তী রসদের জখন জে হুকুম হাদর হইবেক তাহার সরবরাহ ... ওজর করিব এবং শ্রীযুৎ মেজেষ্টর সাহেবের হুকুম মতাবেক মপস্বল মোকাম ২ জেখানে ডাক চৌকী মোকরের আছে... মোকরোর হইবেক তাহার মোকাম ২ ডাক চৌকী আমলা মোকরোর করা ও তাহাদির্গে তগীর বহাল করা এবং দরমাহা ... খরচখরচা জে হয় তাঁহার সরবরাহ ও লেখাবানি করা আমার জেম্বা এবং ঐ সকল কাছারিহায় হইতে জখন জে বিসয় ... জারি হইবেক তাহা আমলে আনিব আদালত ও কন্নুগারি ও কালকক্টরি ওগয়রহ এলাকাহায় হবি রেক মোকদ্দমার ... আমার জিম্বা

ইহাতে অন্যমত করিলে জরিমানা ও খরচা যে দেনা হইবেক তাহা আমি দিব এই সকল বিসয় ... কোন এলাকা নাই কালেক্টরি কাছারি হইতে পাটয়ারিদিগর জখন যে মোকরোর হইবেক তাহার মাহিনা আমি দিব এই তালুকাতের সরহদ্দের মধ্যে বিনা নিমকের সাহেবানের হুকুম নিমক পেস্তান করিতে দিব না জদী ... জওাব দিহি ও জরিমানা আমার জিম্বা সরকারের সহীত বিসয় নাই ইহা সেওাই সদর হইতে জখন যে হুকুম জারি হইবেক তাহা বিনা ওজর আমলে আনিব আইন বর খেলাপ কোন কার্য্য করিব না জদী করি তাহার ... আমার জিম্বা এতদার্থে আপন খুশীতে কবুলতিপত্র লেখিয়া দিলাম পুনুরায় লেখিতেছি সন ৯২৩৯ সালের ... প্রজাহাএর পাব মহাশয়দির্গের বাকী জাহা থাকীবেক তাহা আমী আপন খুশীতে আপন জীম্বা করিয়া লইলাম তহশীল করিয়া মহাশয় দির্গের নিকট নাগাদী আশ্বীন সরবরাহ করিব কোন ওজর করিব না ইতি সন ১২৪০ সাল — তারিখ—৫ বৈসাখ —

ফের জমা—১৭২১

কীস্তীবন্দী—

তলব—

বৈশাখ—৯৫ জৈষ্টি—৯৫।০ আশাড়—১৩০ শ্রাবন — ১৪০ ভাদ্র—২০০

আশ্বীন—২০০ কার্ত্তীক—১১০ অগ্রহায়ন—২০০ পৌষ - ২০০

মাঘ--১১০ ফালগুন--১৩০ চৈত্রী -৪০॥ =১৭২১

মবলগে সত্তের সএ একুষ টাকা এই কীস্তীবন্দী মুরত মালগুজারি করিব ইতি--

খেত্রনাথ চৌধুরি

লিখিতং শ্রীখেত্রনাথ চৌধুরি—

কয্য মালজামীনিপত্র মিদং কার্য্যনঞ্চাগে আপনকার্দ্দের পত্রনিতালুক লাট গোমড়া গয়রহ পরগনে মোনহরসাহী মৌজে কাটাডিহীদিগর ২ দুই মৌজা মহালাতের কাত সালিনা ১৭২১ টাকা জমায় ঐ মোনহরসাহী পরগনার ঐ কাটাডিহী সাকীমের শ্রীরামচন্দ্র সরকার মগয়ল দরপত্রনিতালুক লইয়া ঐ মাহালতের মালগুজারির মালজামিন আমাকে দিলেন আমী আপন সেচ্ছাপূর্ব্বক মালগুজারির মাল জামিন হইলাম দরপত্রনিতালুকদার মযকুর আপন দস্তখতি কবুলতি ও কীস্তীবন্দী মাফিক আপনকার্দ্দের তালুকাতের কাছারি বরাবর সন ২ কীস্তী ২ মাষ ২ মালগুজারির সরবরাহ করিবেক তাহাতে যে কীস্তী হইতে সরবরাহ না করিবেন সেই কীস্তী হইতে আমী মাহালাত মযকুরের মালগুজারির টাকা মাফিক কীস্তীবন্দী সন ২ মাষ ২ কীস্তী ২ আপনকার্দ্দের তালুকাতের কাছারি বরাবর বিনা ওজর

সরবরাহ করিব ইহাতে কীর্ত্তী খেলাপ হয় ... পর সন ১৭৯৯ সালের ৭ সপ্তম আইন এবং চলীত আইন জারি করিয়া টাকা আদায় করিয়া লইবেন তাহাতে আমার কোন ওজর নাই ইহা শেত্তাই আমার ঐ মালজামিনি মাতববরি কারন সন ১৮১৯ সালের ৮ অষ্টম আইনের হুকুম মত্তাবক নিচের তপশীলি জায়দাদ লিখিয়া দিতেছি বাকীদারের স্থানে ও আমার স্থানে বাকী আদায় না হইলে উপরন্ত এই জায়দাদ এবং আমার আর জে জায়দাদ থাকে তামাম কামাল ঐ বাকীর কারন বিক্রী করিয়া লইবেন জায়দাদ বিক্রীতে আদায় না হইলে জে যুরতে হয় আমী ঐ টাকা আদায় করিব ইহাতে আমি কীম্বা আমার ওয়ারিসান কোন ওজর ও আখেজ করি কীম্বা করে শে নামঞ্জুর মালজামিনির টাকা বেবাক মায় যুদ ও খরচা ও খেসারত আদায় তক আমার হবযুরতে দেনা আদালত ও ফয়্দারি ও কালেক্টরি হইতে জখন জে ... মাফিক কাগজ তলব হইবেক ও ফজুদারি আমদরপ্তী ... জখন জে হুকুম ... হইবেক তাহার সরবরাহ বিনা ওজর করিব ... তালুকদারের কোন ওজর করিব না দরপত্রনিতালুকদার মযুকুরের কবুলতি ... সকল কাজ্য করিব এতদর্থে আপন খুশীতে দরপত্রনিতালুদার ... মাল জামিন হইয়া মালজামিনপত্র লেখিয়া দিলাম পুনুরায় লিখিতেছি ... আখিরি বিলাতবাকী জাহা প্রজা স্থানে হইবেক তা দরপত্রনিদার ... মাহ আশ্বীন বেবাক টাকা আদায় করিবেন নাকরেন বিনা ওজর ... নগদ রক্কা দিব ... আপত্র করিব না ইতি সন ১২৪০ বার সঞ চল্লীষ সাল—

... ... সাক্ষীনা— কাত জমা—

ইসাদ—

শ্রীনফরচন্দ্র নাএক	শ্রীশ্রীধর রায়	শ্রীদিননাথ সরকার	শ্রীরামপ্রসাদ নাই
সাং ধুরুলী	সাং কড়য়া	সাং বরচত্র	সাং রামনগর গং

[খ— সিজান সন ১৮৩৩ সাল ১০ আপরেল ... ভমুরায় জেলা বিরভোম খরিদার ... ... ১২ বার টাকা—

জীর্ণ কীটদষ্ট।

॥ ৮৭৭ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরিঃ

চরন ভরনং—

মহামহিম ৺শ্রীনিবাস সরকার পত্তনিতালুকদার [ওয়ারি]সান শ্রীযুত নবকীসোর সরকার ও [শ্রীযুত] বৈকুণ্ঠনাথ সরকার ও শ্রীযুত কৈলাসনাথ সরকার সরিকান শ্রীযুত গুরুচরন সরকার ও শ্রীযুত বিশ্বনাথ সরকার ও শ্রীযুত আসানন্দ সরকার ও শ্রীরামচন্দ্র সরকার মহাসয় বরাবরেষু—
মপস্বলী দরপত্তনিতালুকের সেনেরবন্দ পরগনে মোনহরসাহী সন ১২৪০ বারো সর্ত্ত চল্লিষ সাল তারিখ ১৫ শ্রাবন—

আসামী—	মোজা—	কাত জমা—	পোন—
পরগনে মোনহরসাহী—			
লাট গোমড়া সামীল—			
মোজে কুলষ্টি—	১	১০১৯	৫০০৲

শ্রীরঘুনাথ রায়—
সাং বেড়্গ্রাম—
পং মোনহরসাহী—
চৌকি কেতুগ্রাম

মোনহরসাহী পরগনার লাট গোমড়া সামীল মোজে কুলুষ্টি এক মোজার কাত সালিনা জমা ১০১৯ এক হাজার উনিষ টাকা মবলগে ৫০০ পাচ সর্ত্ত টাকা পোনে জমা খুব সমঝিয়া মপস্বলি দরপত্তনিতালুক দস্তখত করিলাম মবলগ মজকুর সাল তামামি বেবাক মালগুজারি মাফিক কীস্তীবন্দী সরবরাহ করিব মাফিক কবুলতি আমলে আনিয়া কার্য্য করিব ইতি—

ইসাদ—

শ্রীহরিপ্রসাদ সীংহ	শ্রীবিশ্বনাথ সরকার	শ্রীপার্ব্বতিচরন ঘোষ
সাং নওয়াদা	সাং কাটাডিহি	সাং বেড়্গ্রাম
	কাটাকই	

॥ ৮৭৮ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

চরন শরনং—

[লিখতং] শ্রীমথুরানাথ রায়—

.....লিখনং কাষ্যনঞ্চাগে আমাদ্দের পত্রনিতালুক......ওগয়রহ সামীল মোনহরসাহী পরগনার মোজে কুলুষ্টী ১ মোজা মাহালের কাত সালীনা মালগুজারি ১০১৯ এক হাজার উনীষ টাকা জমায় মবলগে ৫০০ পাচ সর্ত্ত টাকা পোনে তোমাকে মপস্বল দরপত্রনিতালুক পত্তন করিয়া পোনের তঙ্কা বেবাক পাইলাম তুমী মাফিক তপশীল জএন মাহাল মযুকুরে আমল মামল মাফিক জমীন মালখামার ও চাকরান ও হাশীল ও পতিত ও জঙ্গল ও জলকর ও বনকর ও বাগাত ও ফলকর ও পুষ্করনী ও বিল ও ঝিল হদ্দক পত্রনিতালুকদারি জে ২ আছে দখল করিবা সরকারি খাষবাগ ও হাবিলী ও পুষ্করনী জে সকল সরকারের খাষদখলে আছে তাহার সহীত তোমার এলাকা নাই মালগুজারির টাকা সীক্কা পরথ সহী সন ২ মাষ ২ কীস্তী ২ মাফিক কীস্তীবন্দী আমাদ্দের পত্রনিতালুকাতের কাছারি বরাবর সরবরাহ করিবা কোনমতে খারিজ হইতে পারিবেক না জে জমায় তোমাকে মপস্বলী দরপত্রনিতালুকদার পত্তন করা গেলো এই জমার পর কখন কোনহমতে কমী বেসী হইবেক না মাফিক কবুলতি আমলে আনিয়া প্রজালোককে নেকসলুকে রাজী সাকীর রাখীয়া পুর্ত্তুপোত্রাদীক্রেমে মালগুজারি করিয়া পরম সুখে ভোগ দখল করহ ইতি সন ১২৪০ বার সর্ত্ত চল্লীষ সাল তারিখ— ১৫ শ্রাবন—

... ...

পরগনে মোনহরসাহী—

লাট গোমড়া সামিল—

মোজে কুলুষ্টী ১ মোজা—

এক মোজার কাত জমা— ১০১৯৲

মওাজী এক মোজা মাহালের কাত জমা সালিনা মবলগ এক হাজার উনীষ টাকা সন ২ মালগুজারি করিব ইতি—

ইসাদ—

শ্রীপার্ব্বতিচরন মণ্ডল
সাং বেড়্গ্রাম
শ্রীহরিপ্রসাদ সীহ
সাং নওাদা

শ্রীপরেশনাথ ঘোষ
সাং সালম
শ্রীবিশ্বনাথ সরকার
সাং কাটাডিহি

শ্রীহরচন্দ্র মণ্ডল
সাং বেড়্গ্রাম

কীটদষ্ট

॥ ৮৭৯ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ

স্মরণং—

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ স্মরনং—

মহামহীম ৺শ্রীনিবাষ সরকার পত্তনিতালুকদার ওআরিসান শ্রীযুৎ নবকিশোর সরকার শ্রীযুৎ বৈকুণ্ঠনাথ সরকার শ্রীযুৎ কৈলাষনাথ সরকার সরিকান শ্রীযুৎ গুরুচরন সরকার ও শ্রীযুৎ বিশ্বনাথ সরকার ও শ্রীযুৎ আশানন্দ সরকার ও শ্রীযুৎ রামচন্দ্র সরকার মহাশয় বরাবরেষু—

মপস্বলী দরপত্তনিতালুকের সেনেরবন্দ পরগনে মোনহরসাহি সন ১২৪০ বারসও চল্লীষ সাল তারিখ—৫ ফাল্গুন—

আসামী— মৌজা— কাত পোন জমা—

পরগনে মোনহরসাহি—

লাট গোমড়া সামিল—

মোং রতিরামপুর— ১ ২০১৲ ১০০৲

শ্রীমথুরানাথ রায়—

সাং বেড়ুগ্রাম—

পরগনে মোনহরসাহী—

চৌকী বেড়ুগ্রাম—

মোনহরসাহি পরগনার লাট গোমড়া সামিল মোজে রতিরামপুর মৌজা মাহালাতের কাত সালিআনা ২০১ দুই সও এক টাকা জমায় মবলগে ১০০ এক সর্ত্ত টাকা পোনে জমা খুব সমজীয়া মপস্বলী দরপত্তনিতালুক দস্তখত করিলাম মবলগ মজকুর সাল তামামি বেবাক মালগুজারি মাফীক কীস্তীবন্দী সরবরাহ করিব মাফীক কবুলতি আমলে আনিআ কাজ্য করিব ইতি—

ইসাদ—

শ্রীব্রজনাথশ্য শর্ম্মা
সাং আনখোলা

শ্রীহরচন্দ্র ঘোষ
সাং বেড়ুগ্রাম

শ্রীহরিপ্রসাদ সীংহ
সাং নওয়াদা

শ্রীসরূপ সীংহ
সাং পাএড়

শ্রীপার্ব্বতিচরন ঘোষ
সাং বেড়ুগ্রাম।

॥ ৮৮০ ॥

কবুলতিপত্র (সন ১২৬০ সাল) প ৭১

৭শ্রীশ্রীহরি—

ইয়াদিকীর্দ্দ শ্রীমথুরানাথ রায় সুচরিতেষু—
লিখনং কার্য্যনঞ্চাগে আমাদ্দে'র পর্ত্তনিতালুক লাট গোমড়া গয়রহ সামিল মোনহরসাহি পরগনার মোজে রতিরামপুর এক মৌজার কাত সালিনা মালগুজারি ২০১ দুই সর্ত্ত এক টাকা জমার মবলগে ১০০ এক সর্ত্ত টাকা পোনে তোমাকে মপস্বলি দরপত্রনিতালুকদার পত্র'ন করিয়া পোনের টাকা বেবাক পাইলাম তুমি মাফিক তপশীল জএন মহাল মযুকুর আমল মামল মাফিক জমিন মালখামার ও চাকরান ও হাশীল পতিত জঙ্গল জলকর ও বোনকর ও ও বাগাত ও ফলকর ও পুস্কন্নি ও বিল ও ঝিল ইন্দক পর্ত্তনি তালুকদারি জে আছে তাহা দখল করিবা সরকারি খাষবাগ ও হাবেলি ও পুস্কন্নি জে সকল সরকারের খাষ দখলে আছে তাহার সহিত তোমার এলাকা নাই মালগুজারির টাকা সিক্কা পরখ সহী সন সন মাষ ২ কীস্তী ২ মাফিক কীস্তীবন্দী আমাদ্দে'র পর্ত্তনিতালুকাতের কাছারি বরাবর সরবরাহ করিবে কোনমতে খারিজ হইতে পারিবেক না জে জমার তোমাকে মপস্বলি দরপত্রনিতালুকদার পত্রন করা গেল এই জমার ওপর কখন কোনহ মতে কমি বেশী হইবেক না মাফিক কবুলতি আমলে আনিয়া প্রজালোককে নেক খুলুকে রাজি সাকীর রাখিয়া পুত্রপোত্রাদীক্রমে মালগুজারি পরম সুকে ভোগদখল করহ ইতি—সন ১২৪০ সাল বারসও চল্লিষ সাল তারিখ—৫ ফাল্গুন—

শ্রীনবকীসোর সরকার
শ্রীকেজারামনাথ সরকার
শ্রীরামচন্দ্র সরকার
শ্রীভকচরন সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার
শ্রীভোলানাথ সরকার—

তপশীল—
পরগনে মোনহরসাহী—
লাট গোমড়া সামিল—
মোজে রতিরামপুর—১
এক মৌজার কাত জমা—২০১
মওাজী এক মৌজা মাহালের কাত জমা সালীনা মবলগে দুই সর্ত্ত এক টাকা সন ২ মালগুজারি করিবে ইতি—

ইসাদ—

শ্রীব্রজনগর সর্ম্মা
সাং আনখোনা

শ্রীকালিকৃষ্ণ পেয়াদা
সাং বেড়গ্রাম

॥ ৮৮১ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরনং—

[পরগনে] মোনহরসাহি লাট গোমড়া [সামিল] মৌজা কুলুষ্টি গ্রামের মণ্ডলান ও মুক্তা [মাতবরান] ও পাইকান ও কোতআলান ও বশীন্দাগান [প্রতী আগে] মালুম করিবা মৌজে কুলুষ্টি সাং বেড়ুগ্রামের শ্রীমথুরানাথ রায়কে দরপত্তনিতালুক দেওা গেল তোমরা রায় মজকুরের নিকট হাজীর হইয়া [খাজনা] ও আবাদ তবদ্দুদ ও গয়রহ সরবরাহ করিবা কোন বাবুদে পুশীদা করিবে না ইতি সন ১২৪০ সাল তা— ১৫ শ্রাবন—

শ্রীঅক্রুরচরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার শ্রীকৈলাসনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীজগদানন্দ সরকার—

কীটদষ্ট।

॥ ৮৮২ ॥

রসীদপত্র (সন ১২৪০ সাল) প. ১

নং ৭শ্রীশ্রীকৃষ্ণঃ—

ইয়াদীকির্দ্দ শ্রীমথুরানাথ রায় সুচরিতেষু—
কস্য রসীদপত্র মিদং কাজ্যাঞ্চ আগে আমার্দ্দের পত্তনি তালুক মনহরসাহি পরগনে লাট গোমড়া মধ্যে মৌজে কুলুষ্টী তোমাকে দরপত্তনিতালুক করিআ দীলাম তাহার পোন-বাহা মবলগে ৫০০ পাচ সও টাকা আমার্দ্দের নিকট দাখিল করিলে পোনবাহার তঙ্কা বেবাক পাইআ রসীদপত্র লিখিআ দীলাম ইতি সন ১২৪০ সাল তাং ১৫ শ্রাবন—

শ্রীঅক্রুরচরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার শ্রীকৈলাসনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীজগদানন্দ সরকার—

ইসাদ—

শ্রীপার্ব্বতিচরন মণ্ডল সাং বেড়ুগ্রাম
শ্রীহারপ্রসাদ [সীংহ] সাং নওাদা
শ্রীবিশ্বনাথ সরকার সাং কাটাডিহি
শ্রীপরেসনাথ ঘোষ সাং মাজনা

॥ ৮৮৩ ॥

রসীদপত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্মরনং—

ইয়াদীকির্দ্দ শ্রীমথুরানাথ রায় সুচরিতেষু—
কস্য রসীদপত্র মিদং কাজ্যঞ্চ আগে আমার্দ্দের পত্তনিতালুক মোনহরসাহি পরগনা লাট গোমড়ার মধ্যে মোং রতিরামপুর ১ এক মৌজা তোমাকে দরপত্তনিতালুক করিআ দেওা গেল তাহার পোনবাহা মবলগে ১০০ এক সও টাকা আমাদ্দের নিকট দাখিল করিলে পোনবাহার তঙ্কা বেবাক পাইআ রষীদপত্র লিখিলাম ইতি সন ১২৪০ বার সও চল্লীষ সাল তারিখ— ২০ মাঘ—

শ্রী কড়চরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রী বিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রী আত্মানন্দ সরকার—
১০০৲ সং তঙ্কা সও টাকা—

ইসাদী—

শ্রীসিবনাথ সীংহ	শ্রীবৃন্দাবন ঘোষ	শ্রীপার্ব্বতিচরন ঘোষ
সাং রামনগর	সাং ব্রাহ্মনগ্রাম	সাং বেড়গ্রাম

॥ ৮৮৪ ॥

রসীদপত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীহরিঃ

পরগনে মোনহরসাহি লাট গোমড়া সামিল মৌজে রতিরামপুরের মণ্ডলান ও মুর্ধা মাতবরান ও পাইকান ও কোতোআলান ও বাশীন্দাগান প্রতী আগে মালুম করিবা মৌজে রতিরামপুর সাকীম বেড়্গ্রামের শ্রীমথ্রানাথ রায়কে দরপত্তনি তালুক দেওা গেল তোমরা রায় মজ্কুরের নিকট হাজীর হইয়া খাজানা ও আবাদ তবদ্দ ও গয়রহ সরবরাহ করিবা কোন বাবুতে পুশীদা করিবা না ইতি সন ১২৪০ সাল তারিখ— ১০ ফালগুন—

শ্রীকড়চরন সরকার শ্রীনবকীসোর সরকার
শ্রীবৈকুণ্ঠনাথ সরকার শ্রীকেবলনাথ সরকার
শ্রীবিশ্বনাথ সরকার শ্রীরামচন্দ্র সরকার
শ্রীআত্মানন্দ সরকার—

[ইসাদ]

শ্রীব্রজনাগর সর্ম্মা	শ্রীকালিকৃষ্ণ পেয়াদা
সাং আনখোনা	সাং বেড়্গ্রাম

॥ ৮৮৫ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীসর্ব্বমঙ্গলা—

প্রতুলকত্তা—

STAMP
ONE RUPEE
... ...
... ...
এক টাকা
OFFICE

শ্রীবনকৃষ্ণ কোঙর
সাং ভাতশাল

মহামহিম শ্রীযুত গুরুচরন সরকার জমীদার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীবনকৃষ্ণ কোঙর—

কস্য কবুলতিপত্র মিদং লিখনং কাষ্যনঞ্চ আগে পরগনে বারবক শাহ তালুক কৃষ্ণনগর সামিল মোজে সেড়াল্দী ও মোনহরপুর আপনকার জমীদারি মোজে মজকুরানের গোমস্তাগিরি খেদমতে মোকরোর করিলেন আমি আপন সেচ্ছা পুর্ব্বক মোকরোর হইলাম বড়ক্ত মোজে মজকুরানের কাছারিতে হাজীর ও কায়ু থাকীয়া আবাদ তরুদ্দুদ ও উসুল তহসিল ওগয়রহ রোবদাদমতে কাষ্য আঞ্জাম করিব মহাসএর বেগর অনুমতি ও বেগর মঞ্জুরিতে প্রজালোককে পাট্টা ও রোক দিব না জদি দি সে নামঞ্জুর হরি এক দফা স্থিত্রের বাকী ইস্লামসির মাফীক কীস্তীবন্দী কীস্তী ২ বেবাক আদায় করিয়া দিব বিলাত বাকী প্রজাহাএর হাল ও বকআ বাকী আওহাল থাকিতে জানের দারি করিয়া আদায় না করি নিজ হইতে নীসা করিব আর মহলাতে মাল ও খামার বিক্রী হরি এক দফাতে জে স্থিত হইবেক তাহা মাফিক কীস্তীবন্দী সরবরাহ করিব সয়ারতি করিয়া সরবরাহ না করি তাহাতে তলব চিঠী ও পেয়াদা মহসিল হয় তাহার রোজ আমী দিব পুর্ম্মাহ খরচ মধ্যে প্রজাহাএর খরচ মামলী জে থাকে তাহা মহাসএর হুকুম বিতিত দিব না জদি দী তাহা আমী নিজ হইতে দিব বিলাত হাওয়াত ও গ্রাম খরচ প্রজাকে কীবা

কাহাউকে দিব না জদী দী তাহা আমী নিজ হইতে দিব খামারের জমী ও গ্‌জস্তা হাষীল জমী মধ্যে পতিত থাকে তাহা আমী আবাদ করাইব গাফিল করিয়া আবাদ না করাই তবে তাহার আমী নিষা করিব জমা সাঁট ও খামার সাঁট করি ও কোন বাবদী খতরা করি মাহিনা বাজেআপ্ত করিয়া লইবেন তাহাতে বেবাক আদায় না হয় তবে আমার আকর আদী বিক্রী করিয়া লইবেন জখন জে কাগজপত্র তলব করিবেন তাহার সরবরাহ করিব মাহিনা নাগাদী চৈত্রী লইয়া সালীআনা বাকী আদায় করিআ দিব সাল আখিরিতে নিকাষ সমঝিয়া দিব হরি এক দফাতে জে আদায় করিব তাহা উতপন্ন আসলে আনিব আমার জীম্বাতে তহবিল জে ঠাহরিবে তাহা বিনা ওজর সরবরাহ করিব এবং আদায়ের পঞ্জাত তারিখ তক মাফিক আইন সুদ দিব মহাসএর অনুমতি বিতিরেক কোন বে জায় খরচপত্র কাগজ লিখিব না জদী লিখি সে নামঞ্জুর বাজেআপ্ত আমলে আনিয়া আদায় করিব মোজে মজকুরহাএর চুরি ও ডাকাতি গয়রহ কোন ওআরদা উপস্থিত হয় তাহা ততখনাত থানায় ও মেজষ্টর সাহেবের হুজুর ও মহাসএর বরাবর এত্তলা করিব এবং কড়ার মাফাই তদারক করিব কোন বাবদী গাফীলি করিব না জদী করি তবে মেজষ্টর সাহেব হুজুর হইতে তলব হয় এবং জরিমানা হয় তাহা আমী দিব এবং জবাবদিহী আমার জীম্বা মহাসএর সহীত এলেকা নাই সরকারি পুস্করী ও খামার বিজাদী হেফাজতে রাখিব কাহাউকে কাটীতে দিব না এবং আমী কাটীব না জদী ঐ সকল বাবদী সাবুদ হয় তবে দো চন্দ্র্যা নিষা করিব মাহিনা মাফীক সনন্দ পাইব এতদর্থে কবুলতিপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৪০ সাল— তারিখ— ১১ ভাদ্র—

লিখিতং শ্রীহরেকৃষ্ণ সরকার—

কস্য মালজামিনতিপত্র মিদং কার্য্যনঞ্চ আগে মহাসএর তালুক মোজে সেড়াব্দী ও মোনহরপুরদীগর সাকিন ওগ্রামের ধনকৃষ্ণ কোঙরকে গোমস্তাগিরি খেদমতে মোকরোর করিলেন কোঙর মজকুর আপন খুশীতে মোকরোর হইলেন আমীহ আপন সইচ্ছ্যা পুর্ব্বক মালজামিন হইলাম কোঙর মজকুর বরক্ত রবু হাজীর থাকীআ আপন কবুলতি লিখিত সরস্ত আমল আনিয়া কার্য্য ও খাজানা আদায় সরবরাহ করিবেক কোন রেআইনী কাজ্য কী তহবিল তছরূপ কোন বাবদী তফাত করেন আমী তাহার নিকাষ রবু তহবিল জে ঠাহরিবে তাহা কোঙর মজকুর সরবরাহ করিবেক না করেন তবে আমী বিনা ওজর

নিজে হইতে আদায় করিব ও আমার ওআরিষআন আমলে আনিয়া লিসা করিবেক আর কোন্তর মজুকুর হাজীর থাকীয়া নওাজীয়া কাগজপত্র সরবরাহ করিবেক না করে আমী নিজে হইতে সরবরাহ করিব জাবত নিকাষ লিস পত্রী কোন্তর মজুকুরে না হইবেক কারখতি না পাইবেক তাবত পর্য্যান্ত আমী জামিন থাকীলাম এতদর্থে আপন খুশীতে বাহেষ বাহাল তবিয়তে মালজামিনী লিখিয়া দীলাম ইতি—

ইসাদ—

শ্রীহেতামদ্দী চৌধরি	শ্রীলক্ষণচরণ দাষ	শ্রীরামদলাল ঘোষ
সাং সনসত্ত	সাং নোয়া	সাং সালন

GENERAL
1825
ONE RUPEE
এক টাকা
TREASURY

[খ- বিক্রী মোং সন ১৮৩৩। ১ মাই শ্রীকৃষ্ণচৈতন্ত রায় জেলা বিরভোম খরিদার রাধাকৃষ্ণ ঘোষ দাষ— ১ এক টাকা

॥ ৮৮৬ ॥

কবুলতিপত্র (সন ১২৬০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

প্রভুলকত্তা—

STAMP
... ...
TWO ANNAS
... ...
দুই আনা
OFFICE

শ্রীশেখ জামাল
সাং সনহাট ।।।

মহামহীম শ্রীযুৎ গুরুচরণ সরকার মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীশেখ জামাল—
কস্ত কবুলতিপত্র মিদং কাজ্যনঞ্চ আগে পরগনে বারবকসিহ তালুক কৃষ্ণনগর মোজে সনশত মোজা মজ্কুরের মৰ্দ্ধে দেআকুড়ি পুষ্করিণির নৈরিতকোনা ভোলা সাহার বসতবাটির উত্তর বরগড়্যা পুষ্করিণির পুর্ব্ব লাখেরাজ বাস্তবাটী /১ ৫১০ ভের কাঠা সাকীম মজ্কুরের শ্রীইছব চৌধরি ও মফীজদী চৌধরিদীগরের পৌত্রীক লাখরাজ আপুনি খোষকবালায় খরিদ করিলেন আমী ঐ বাস্তবাটীতে বসবাষ করি ঐ বাস্তবাটী /১ ৫১০ ভের কাঠার কাত জমা ৸ বার আনা সন ২ নিচের তপশীল আপনকার নিকট মালগুজারি সরবরাহ করিব ইহাতে কোন ওজর করিব না এতদার্থে আপন খুসীতে বাহব বাহাল তবিয়তে কবুলতিপত্র লিখিয়া দীলাম মাফিক নিচের কীস্তিবন্দি মুরত মালগুজারি [করিব] ইতি সন ১২৬০ সাল তারিখ ২৭ জৈষ্ঠ—

জের জমা—৸
তার কীস্তিবন্দি—
মাহ কাত্তিক—৸
যবলগে বার আনা করিজা মাহ কাত্তিকে সন ২ মালগুজারি করিব ইতি—

ইসাদ

শ্রীঈশ্বর চৌধরি	শ্রীমিজা খোন্দকার	শ্রীরূপ গো
শ্রীশেখ কাদু	শ্রীএব্রাহিম চৌধরি	সাং সনসত
সাং সনসত	সাং সনসত	

GENERAL
1829
TWO ANNAS
দুই আনা
TREASURY

[খ সন ১৮৩৩ সাল ৮ জুন জেলা বর্দ্ধমান চৌকীচালক একটাং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীসন্যাসী লোহার ৵ দুই আনা

॥ ৮৮৭ ॥

কবালাপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীসর্ব্বমঙ্গলা

পুত্তলকত্তা

STAMP
ONE RUPEE
এক টাকা
OFFICE

শ্রীচৌধরি বেহারদী
সাং সনসত

ইয়াদিকীর্দ্দ সকল মঙ্গলালয় খরিদীশীকারক—
শ্রীযুত গুরুচরন সরকার ওলদে ৺ব্রজবল্লভ সরকার ইবনে ৺জাদবিন্দ্র সরকার সাকিম মুকুল পরগনে বারবক সীংহ সামিলে থানা কবরা মন্ডালকে জেলা বিহডোম মহাশয়েষু—

লিখিতং খরিদীগীদাবে শ্রীচৌধরি হেছামদ্দী ওলদে চৌধরি হুখাওদ্দী ইবনে চৌধরি কাবিল মহাম্মদ সাং সনসত পরগনে বারবক শীংহ সামিলে থানা কষবা মন্তালকে জেলা বিরভোম—

কস্য লাখরাজজমী ও লাখরাজবাস্ত জড়খরিদীগী বিক্রয়কবালাপত্র মিদং লিখনং কার্য্যনঞ্চ আগে পরগনে বারবক শীংহ মোজে ডোমনপুর মোজে মজুকুরের দক্ষীন আগুরিপুষ্করীর মাট মনিরদ্দী চৌধরির লাখরাজজমীর পশ্চীম আগুরি পুষ্করীর উত্তর ওকেল চৌধরির মালের জমীর পূর্ব্ব মহাসরদীর্গের খরিদা লাখরাজ জমির দক্ষীন সালীজমী ২/ দুই বিঘা আর মোজে মজুকুরের মধ্যে দেওাকুরা পুষ্করীর ও রাস্তার পূর্ব্ব উত্তর আমার নিজ দরুন লাখরাজবাস্ত বসত গুরুচরন হালদার তাহার পছীম পরেষ শোর বসতবাটীর দক্ষীন বাস্ত /১৲১২ এক কাঠা বার গণ্ডা বসত নফর পরাই আর গ্রামের পছীম জামিরগড্যা পুষ্করীর পূর্ব্ব সেখ খোদা বক্সর বসতবাটীর দক্ষীন আপনকার খরিদা লাখরাজ বাস্তর দরুন ডোমা বিবি তাহার ও মুচিনি বিবির লাখরাজ বাস্তর উত্তর রাস্তার পছীম বাস্তবাটী /১৲৩ এক কাঠা তিন গণ্ডা একুনে বাস্তবাটী /২৲১৫ দুই কাঠা পোনের গণ্ডা মবলগে জমী ও বাস্ত ২/২৲১৫ দুই বিঘা দুই কাঠা পোনের গণ্ডা আমার পোউত্রিক লাখরাজ নিজ হিস্যা আমী আপন খুশীতে আপন সত্রা ত্রেগ করিয়া পোন বহা সিক্কা ৩৯ উনচল্লিষ টাকাতে আপনকাকে জড়খরিদীগী বিক্রয় করিলাম পোন বাহা মবলগ মজুকুর রায়জন ওক্ত পুরা ওজন দস্তবদস্ত নগদ পুরা টাকা পাইয়া আপন কাবেজ তহরুপে রাখিয়া সেচ্ছাপূর্ব্বক ওপরকার লিখীত মাওজী মযুকুর জড়খরিদীগী বীক্রয় করিয়া কবাল লিখিয়া দিলাম আপুনি মত্তাজী মযুকুরের দখিলকার হইয়া পুত্র পোউত্রাদীক্রেমে ভোগ দখল তছরূপাত করহ দান বিক্রয়ের সত্রাধিকারি আপুনি কালকালা এ আমী কীম্বা আমার ওআরিআন কেহ কখন দাবি করে কীম্বা করি সে বাটা ও বাতিল নামঞ্জুর এতদর্থে আপন খুশীতে বাহুব বাহল তবিয়তে বিনা ওজর বিনা জোর জুলুমে বিনা ওপরোধে মুস্ত ম্বরিয়ে লাখরাজজমী ও বাস্ত আমী সেচ্ছা পুর্ব্বক জড়খরিদীগী বিক্রয়কবালপত্র লিখিয়া দীলাম ইতি সন ১২৪০ বারসত চল্লিষ সাল—তারিখ ২১ আসাঢ়—

ইসাদ—

শ্রীকাম চৌধরি	শ্রীএয়াছিল চৌধরী	শ্রীইচক চৌধরি	শ্রীকাজাল পরাজী গং
সাং সনসত	সাং সনসত	সাং সনসত	সাং সনসত

GENERAL
1825
ONE RUPEE
এক টাকা
TREASURY

[খ ৬৮১৭৮ নং—

সন ১৮৩৩ সাল ১৬ জুন জেলা বর্দ্দমান চৌকীচালক একটাং ইষ্টাম্প তহবিলদার শ্রীব্রজলাল হাজরা খরিদার শ্রীসিবু ডোম ১ এক টাকা—

॥ ৮৮৮ ॥

কবুলতিপত্র (সন ১২৪০ সাল) প ১

৺৭শ্রীশ্রীরাম—

মহামহিম শ্রীযুৎ গুরুচরণ সরকার বরাবরেষু—

লিখিতং শ্রীদ্বারকানাথ চক্রবর্ত্তি—

কস্য কবুলতিপত্র মিদং কার্য্যনকাগে আমি আপনকার বাটীতে ৺পূজাতে জাত্রা করিব তাহার দক্ষিনা সর্ব্বসারা ৪২ বেআলিস টাকা পাইব ইহা সেআই খোরাক পাইব জাত্রা চর্তুর্থি দিন হইতে মাঘাদী নবমি ৬ রোজ জাত্রা করিব সম্পদ জায় মাফিক আনিব ইহার বজনা ১ এক [টাকা] ... ...

শ্রীদ্বারকানাথ চক্রবর্ত্তি
[illegible] ঘোষ ... ...

ছিন্ন, কীটদষ্ট।

॥ ৮৮৯ ॥

একরারপত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরির

সাহায়—

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকার ও নব[কিশোর] সরকার তালুকদার মহাশয় বরাবরেষু—
লেখীতং শ্রীলক্ষীকান্ত বাক্সী—
কস্য একরারপত্র মিদং কাজনঞ্চ আগে মোজে গোয়লার নগ্দীগিরি কর্ম্ম সন ১২৩০ সালে বাহাল থাকীয়া ফি মাহা দুই টাকা হিসাবে পাইবার ২৪ চৌবিশ টাকা শ্রীরামজয় সরকার গোমস্তার নিকট পাই রশীদপত্র লেখীয়া দিয়াছী কোন বাবুত ... হয় গোমস্তা সরকারে ... এলাকা আমি নিজে হইতে সরবরাহ করিব এতদাথে একরারপত্র লেখীয়া দিলাম ইতি সন ১২৪০ সাল তারিখ ২১ ভাদ্র—

শ্রীলক্ষীকান্ত বাক্সী
সাং গোয়ালা

ইসাদী—

শেখ আলিবন্দী	শেখ রুলম	শ্রীখেতু মাজি
সাকীম গোয়লা		সাং মোরগ্রাম

কীটদষ্ট

॥ ৮৯০ ॥

প্রতিবেদন (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরি

সরনং

মৌজা মিজ্জাপুরদিগরের ইজাদার শ্রীপার্ব্বতিচরণ ঘোষ ও শ্রীহরচন্দ্র ঘোষ ও শ্রীনইমউল্লা শেখ পৃতিবেদানঞ্চ আগে সাং দেচাপড়ার শ্রীযুত ঠাকুরদাষ ঘোষকে মং ১৩৫ একসও পইত্রিষ টাকা দিবে এই মৌজার পীস্কৈ ঘোষ মজুকুরের পাষ রসীদ লেখাইয়া লইবে চালান সম্বিলিত রোকা পাঠাইবে রোকনামায় জমা করিয়া লইয়া দাখিলা দেওয়া জাইবেক ইতি সন ১২৪০ বার সও চল্লীষ সাল তা—১৬ কাত্তীক—

[খ—পূং লিখি শ্রীঠাকুরদাষ ঘোষ অথবা শ্রীধম্মদাষ ঘোষ ইহার মধ্যে জে বেক্তী … লইয়া জাইবে তাহাকেই টাকা দীয়া রসীদ লেখাইয়া লইবেন ইতি—

লিখিতং— শ্রীঠাকুরদাষ ঘোষ ও শ্রীধম্মদাষ ঘোষ এই … … করিয়া বেবাক টাকা পাইলাম ইতি সন ১২৪০ সাল তারিখ—১ ফাল্গুন—

শ্রীগুরুচরন সরকার
১৩৫ একসও পৃইত্রিষ
টাকা …

শ্রীঠাকু ঘোষ
শ্রীধম্মদাষ ঘোষ
সাং দে চাপড়া
দফা ওয়ারিত্তে বেবাক টাকা
পাইলাম

ইসাদ—

শ্রীরামচন্দ্র দত্ত	শ্রীকুন্ মৃধা	শ্রীশ্রীহরিদাষ দূলী
সাং দেচাপড়া	সাং ঘোড়গ্রাম	সাং বজাই

কীটদষ্ট

॥ ৮৯১ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীরামঃ—

শুভানুধ্যায় শ্রীপ্রেমনারায়ন দেবসম্মন—

পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চ আগে আপনকার মোঙ্গল সর্ব্বদা বাসানা করিতেছী তাহাতে অত্রানন্দ বিশেস পত্রপাঠ সমাচার জ্ঞাতো হইলাম করজ্জা সোধে বাকী মধ্যে গোলাপ সীহ মারফতে ৫০০ পাচ সও টাকা পাঠাআছীলেন তাহার অন্দরে ২ দুই টাকা ফেরত হইল শেওায় ৪৯৮ চারি সও আটানব্বই টাকা জমা করিআ লইলাম ফেরত ২ দুই টাকা ঐ সীহ মারফতে পাঠাই লইবেন বাকী টাকা সাতমত পাঠাইবেন আর এখানকার ৺পুজা ভদ্দরূপ হআছেক আর ২ এ বাটীর সব মঙ্গল পতাআতে তথাকার বাটীর মঙ্গল লিখিবেন ইতি সন ১২৪০ সাল তারিখ - ১১ ফাল্গুন—

পরম কল্যানবর—

শ্রীযুত গুরুচরন সরকার পরম কল্যানবরেষু—

মোকাম—সুরুল

কীটদষ্ট।

৭৪।০

॥ ৮৯২ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীহরিঃ

সন ১২৪০ সাল—

বিনয় নমস্কারা নি[বেদনঞ্চ] বিসেষ শ্রীযুত সরকারজী মহাসএর পরম ইশ্বর...শ্রীশ্রী৺জীউ করিতেছেন তাহাতে অত্রানন্দ পরং নিবেদন সে দিবষ ডাক মারফত দামের অন্দরে ফেরত এক টাকা পাঠাইয়াছি পোহছিয়া থাকীবেক অতএব ফেরত নং টাকা এই লোক মারফত পাঠাইবেন এখানকার কাইক মঙ্গল নিজ মঙ্গলাদী সম্বাদে পরম আনন্দীত করিবেন কীমধিকং নিবেদনমিতি তাং—২৬ আশীন রাত্রী।

শ্রীগৌরমোহন দাষ্য

মহামহীম শ্রীযুত গুরুচরন সরকারজী মহাসয় মহোদএষু।

মোঃ— সুরুল

৭৪।০

কীটদষ্ট

॥ ৮৯৩ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ৮

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।—

সন ১২৪০ সাল—

বিনয় নমস্কারা নিবেদনঞ্চ বিশেষঃ—

শ্রীযুত সরকারজী মহাশএর মাহসখ্য শ্রীশ্রী৺জীউ করিতেছেন তাহাতে অত্র মঙ্গল পরং নিবেদন আপনকার ২৫ আশ্বীনের পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম বুরুলের বাটির মঙ্গলাদী সংবাদে পরমানন্দীত হইলাম ডাকের সাজের দং মোঃ কলিকাতা হিসাবে পাওনা ৩৯।।/০ উনচল্লীষ টাকা নয় আনা পাঠাইয়াছীলেন পাইলাম এ বাটির কাইক কুসল গভায়াতে তথাকার বাটির মঙ্গলাদী লিখিয়া অনুগ্রহ প্রাকাষ রাখিবেন কিমধিকং নিবেদনমিতী সন ১২৪০ সাল তাং ২৫ আশ্বীন—

মহামহিম শ্রীযুৎ গুরুচরন সরকারজী মহাশয় মহোদএষু—

মোং—বুরুল

৭৪।০

কীটদষ্ট ও জমাটবাঁধা।

॥ ৮৯৪ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীকালী

প্রভুলকত্তা।—

সেবক শ্রীরামচন্দ্র দাষস্য—

দণ্ডবৎ প্রনামা সতসহস্র নিবেদনঞ্চ রাগে—মহাসএর শ্রীচরন আশীর্ব্বাদে এ নফরের প্রানগতিক কুসল বিসেষ। সে দিবষ আজ্ঞাপত্র পাইয়া সমাচার যুগোচর হইলাম শ্রীযুৎ দিননাথ সরকার মহাসয়এর এক পত্র আমাকে লিখিবার জন্যে আজ্ঞাপত্রে লিখিয়াছিলেন সেই অনুসারে শ্রীযুৎ সরকারকে এক পত্র লিখিনাম এই পত্র মহাসএর নিকট পাটাই জদী সরকার মহাসয় না আসীয়া থাকেন তবে তাহার নিকট অত্র মনিস্ব পাটাইয়া দিবেন কদাচ গোজ করিবেন নাই তাহার অপেক্ষায় অনেক কাজ্য আটক এবং ভালিবপুর হইতে শ্রীযুৎ কাজী সাহেবের লোক আসীয়াছে সরকারের অপীক্ষায় বসীআ আছে পূর্ব্ব দিবষ দুই টাকা দামের এক কীতা ইষ্টাম্পকাগজ পাটাইয়াছেন তাহা পোহছিয়াছে অতএব এ কাগজ তথায় পাঠাইব ইহাতে

লেখাপড়া হইতে পারিবেক কি না তাহার জবাব আনাইআ দাম দুই টাকা পাঠাইব এখানকার মঙ্গল গতাআতে তথাকার বাটীর মঙ্গল আদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল আখিরি তারিখ—১০ আসাড়—
পুঃ—নিবেদন মহাসয় শ্রীযুৎ সরকারকে এক পত্র জরুরিয়া লিখিবেন তাহাতে কল্য নাগাদী এখানে আশীয়া পোহছেন সেইমত লিখিতে আজ্ঞা হইবেক—
পরম পুজনিয় শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় শ্রীচরণকমলেষু—
মোং—মুরশী
৭৪।০

॥ ৮৯৫ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১
৭শ্রীশ্রীকালী
ভরসা।—

সেবক শ্রীরামচন্দ্র দাষষ্য—
দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চ য়াগে মহাসএর শ্রীচরন আসীর্ব্বাদে এ ভিত্ত্র সমস্ত মঙ্গল বিসেষ। নিবেদন গতোকল্য আজ্ঞাপত্র পাইয়া সমাচার মুগোচর হইলাম ২১ আসাড় সিহুরী জাইতে হইবে লিখিয়াছেন অতএব শ্রীযুত দিননাথ সরকার মুরশী আসীয়াছেন কী না আমি কল্য সিহড়ী জাইতে উপস্থিত আছি শ্রীযুৎ সরকারের অপীক্ষায় আছী আমার নানাপ্রকার কায্য আছে মহাসয় ইহার জেমত লিখিবেন সেই অনুজায় সিহড়ী জাইব সরকার না আইলে কী প্রকার জাইয়া অতএব গতোকল্য তারিখ জে স্ত্রীলোকটী আশীআছীল সে আমাকে কীছু বলে নাই তাতিদিগে কহিয়াছিল জে কত্তাঠাকুরানীর বরাত কাটাল আছে পরে সে লোক বাটী গেলের পর মুনিলাম অতএব শ্রীযুক্তা কত্তাঠাকুরানির বরাতি কাঠাল ২ দুইটী পাঠাই লইতে আজ্ঞা হইবেক মোকাম সিহড়ীর মোক্তার ... কে লিখিবেন আমী সিহড়ী জাইআ থাকিতে পাইবো না জাহাতে ভরায় মেটে তাহা করিবেন এমত পত্র লিখিবেন আমার জে জহত তাহা পত্রে কী লিখি মহাসএর কায্য খেতি হয় একজ্ঞ সহস্চ কায্য খেতি হয় তাহা কত্তর্ব্ব কীত্ত সরকারকে আমার নিকট অদ্য পাঠাইবে না তবে কল্য সিহড়ী জাইব জালিমপুর হইতে মুভ পুন্নহ চিঠী আসীয়াছে ২৫ রোজ মুভ পুন্নহ হইবেক ভরায় আমাকে জাতীতে হইবেক ইহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল তারিখ—২০ আসাড়—
পরম পুজনিয় শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় শ্রীচরণকমলেষু—
মোং—মুরশী—
৭৪।০

॥ ৮৯৬ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীকৃষ্ণ —

সরনং ।—

সেবক শ্রীদৈবকীনন্দন দাষ্য প্রনামা বহোব নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন কৃপার্ত্তে এ জনার প্রনপভিক মঙ্গল বিসেষঃ । - নিবেদন আপনকার ১১ ভাদ্র তারিখের ডাকজোগের পত্র ১৬ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম রাইপুর নিবাসির্দ্দের মোকর্দ্দমা ডিগিরি হইয়াছে শুনিয়া জেতক দুক্ষিৎ হইলাম তাহা পত্রে কী লিখিব পরং সদর আপীলের জামিনির নিমিত্তক লিখিয়াছিলেন জামিনির কোন ভাব্য ছিল না জদিস্যাত কলিকাতায় জায়জাদ ও পাট্টাওয়ালা লোককে জদি লইত তবে কোন তার্ক্ক ছিল না তাহা লয় না কারন তাহাদির্গে জেলা মতালকের আদালতে গ্রর্ষ্য করে না কেন না তাহাদের জায়জাদ মুপরমক্রোট বেতিত বিক্রয় হয় না এ নিমিত্র তাহাদির্গে মঞ্জুর করে না অতএব তদবির করিআ কালেক্টরি জমিদারি থাকে জেলায় হয় কীম্বা পএর জেলায় হয় এমত লোক মঞ্জুর হয় জদিস্যাত তথায় কাহাকে দিতে পারেন ভালই নচেত্ত জামিনি জন্নে উদবিগ্ন হইবেন্না কিছু খরচ জেয়াদা হইবেক আজ্ঞা হয় জামিনি নিমিত্তক আটক হইবেক না শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঠাকুর ও শ্রীযুত রাজা শ্যামাপ্রসাদ নন্দীদিগরের মোক্তারকে লইয়া তদবির করাতে বুঝায় জামিন হইবেক মোক্তার সিকার হইয়াছেন কীন্তু ফয়সলা না দেখিয়া জামিন হইবেক না জামিনির কথা বিনা ফয়সলায় স্তির হইতে পারে না অতএব ফয়সলা এবং জে ২ দলিল আদি দাখিল করিআছেন তাহার নকল জদি আপনকার নিকট থাকে এ তাবতা পত্রপাঠ মাত্র পাঠাইবেন আমি বুঝ্যা সদরের উকী[ল]দ্দের নিকট জাইয়া সকল কথপকথন নিধার্জ্য করিয়া জে হয় বেওরা লিখিব এখানে জাকে মোক্তার দিতে হইবেক তাহা একেন তথায় কাহকেও দিবেন না আগে ফয়সলা পাঠাইবেন তাহার ওদারক দেখিয়া জে হয় লিখিব সদরের আমলাদ্দের সহিত এবং উকী[ল]দ্দের সহিত সলামতে দরখাস্ত উমুহত তৈয়ারি করাইয়া সকল বিসয় বিবচনা করা জাইবেক আমি অধিক দিবস এখানে থাকীব না জদিস্যাত সদর করা নেহাস্ত মত হইয়া থাকে ত্বরায় লিখিবেন . আর আপনকার্দ্দের এতাপুরের বিসয় শুনিয়া শ্রীযুত দেওয়ানজী জতেষ্ট দুক্ষিত হইলেন তাহার বেওরা জিজ্ঞাসা করিলেন আমি কীছু কহিতে পারিলাম না কহিলেন তাহার কীরূপ হইয়াছে বেওরা জানিলে জদিস্যাত কোন রাহা থাকে তদবির

করা জাইত আমি সারিরিক ভাল আছি তথাকার মঙ্গলাদি লিখিবেন শ্রীচরনে নিবেদন ইতি—সন ১২৪০ সাল তাং ১৯ ভাদ্র—

শ্রীচরনেষু—

জামিনি জন্যে কোন ভার্ব্য নাই জেন জামিন এইখানে করিআ দিবেন নিবেদন ইতি—

[খ— পুনুছ নিবেদন ঐ মোক্তার মজুকুরকে আমলাদ্দের নিকট পাঠাইতে হইলেই তাহার যান জন্যে পালকীভাড়া দিতে হইবেক লএন না লএন তাহা পশ্চাত জানা জাইবেক তাহার কারণ কীঞ্চীত খরচ পাঠাইবেন আমার পাষ টাকা নাই এখানে শ্রীযুৎ বসু দেওয়ানজীর নিকট এক্ষেন কীছু খরচ চাহিতে পারি না কারন কর্ম্মের উমেদার আছি নিবেদনমিতি—

জে পত্র আদি লিখিবেন তাহার ঠিকানা মোং কলিকাতার বাকবাজারের ৺মদনমোহন ঠাকুরের উত্তর শ্রীযুৎ চৌতণ্যচরণ ঘোষের বাটীতে আমার বাসা জানিবেন মিতি—

সেখানকার জে সকল চিটী আইসে তাহার মাবুল সেখানে দাখিল হয় কী না জানিতে পারিলাম না জে চিটী আসিআছিল বেরং পোষ্ট মাবুল দিয়াছি কারন চিটীতে কীছু লেখেন নাই নিবেদনমিতি—

কীটদষ্ট।

॥ ৮৯৭ ॥

পত্র (সন ১২৬০ সাল) প ৩

৺৭শ্রীশ্রীদুর্গা—

প্রভুলকত্তা।—

শুভানুধ্যাই শ্রীগতিনাথ দেবশর্ম্মণঃ—

চতুর্ব্বেদোক্ত পরম শুভাশীর্ব্বাদ নিবেদনঞ্চাগে আপনকার মহদৈশ্বর্য্য নিয়ত শ্রীশ্রী৺ স্থানে প্রার্থনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিশেষ॥ আপনকার পত্র পাইয়া সকল সমাচার জাতো হই...দরবার গতিক শেখানে বড়ই...কীন্তু বড়ই ‧দুয়মর নেহাত্তি খায়াবি হওনের বিশয় গ্রহ বিত্তনের কর্ম্মচারী নাই এখানে সদরে দরখাস্তর প্রার্থনা বিশয় আদালত সম্বিস্ত লোককে জিজ্ঞাশা করাতে কেহো বলে দরখাস্ত করা বটেক কোন ব্যক্তিরা আপনকার পত্র যোনাহিআ করিয়া কহিলেন......কৈরাদি ব্যক্তিকে সাক্ষি মানা কর্ত্তব্য হয় নাই সে জেহতু আপাত নালিষ করিতে পাচ শয় সও টাকা নগদ চাহি দরখাস্ত সুনলি হইলে জরপী মঞ্জুর হয় তবে দাখির জামিন চাহি কীন্তু জামিনের বিশয় এখানে চেষ্টার বিশয় আমাদের সহিত জে সকল লোকের

সঙ্গে কার্জ্জ বাবার আলাপ কৌষল ছিল তাহারা একজন নাই সকল গতো হইয়াছেন একেনে সকল লোক নৌতুন আমার সাত আট বৎসর কর্ম নাই এবং আমি পাখেতে চলশক্তি কম হওয়াতে কুত্তাগী গমনাগমন নাই ঘনিষ্টতা সর্ব্বদা না করিলে আত্মহতা থাকে না অতএব মানুষ নাই বড়ই নিরানন্দ কলিকাতা সে জেহকু ইহার জামিন হওয়া ভূমি সম্পক না থাকীলে মঞ্জুর হয় না কীম্বা টাকা আমানত করিলেও হয় এমন লোক আত্মহকে আমী এ কম্ম নিজের লোক করি না এ সমাচার লিখে ২ লিখিয়াছেন তাহার কারণ শ্রীযুৎ রামতনু রায়জী কহিয়াছিলেন ইহার চেষ্টা......রায়জী......লোক গিয়াছিলেন অদ্য ১৫ রোজ...... কলিকাতায় পোহছিয়াছেন তাহা হইতেও জামিনিপিরি হয় এমত বুঝিতে পারি না রায়জী আত্মহতা অনেক করিলেন......উদ্ধার হওয়া ভার হত্রাপী রায়জীকে ছাড়িয়ে নাই জানিবেন পত্রর জবাব লিখে ২ না লেখার তাৎপর্য্য এই জানিবেন বাবাজীর কর্ম্মে তাচ্ছল্য জানিবেন না আমি এখানে বড়ইআছি কেনেশে কেবল ৺হিল্লার মুখ মাত্র...সৎ পরামর্ষ জে হয় তাহা করিবেন শুবুদ্ধলোকের সহিত পরামর্ষ করিয়া বাড়ান কর্ত্তব্য হয় করীয়াছি বাবাজী বিবেচক বিবেচনাপূর্ব্বক জে হয় তাহাই করিবেন তোমরা দুখি হওয়া বড়ই খেদের বিশয় সকল ৺শেচ্ছা এখানে ক্রোরোরপতি মজীয়া গেল বদ হওয়া ধনি লোক সকল খারাপ হইয়াছে সকলের মুখ পোড়া হইয়াছে ইহার লজ্জা খাই জানিবেন আর ২ সমাচার পশ্চাৎ লিখিব ইহা জাতো কারন নিবেদন ইতি—২৮ আশীন সন ১২৪০।

কীটদষ্ট।

॥ ৮৯৮ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা।—

পরম কল্যানবরেষু—

পরমশুভাশির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাগে বিসেষ—

ভাইজী তোমার মঙ্গল সতত শ্রীশ্রী৺বাবার প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং শ্রীযুৎ সরকার মহাসয়কে পত্র লিখিলাম তাহাতে সারেওয়ার জাতো হইবেন ভাইজী আমি তাহার নিমিত্ত জে সকল চিকীছা করাইআছি সেমত চিকীছা বাটীতে কোনমতে হইত না কারন তাহার পরমাউ নাই সে নিমিত্ত তুমি কাতর হইবে না সকলি পরমে[শ্বরের] সেচ্ছা ইহা ... পর হইতেছে তুমি প্রবল লোক কোন বিপদে কাতর হইবে না বেটাছেলে তার কী পূর্ব্ব পত্রে জাহা লিখিয়াছিলেন তাহার তদবির আমি করিতেছী সিকার

হইয়াছেন আন্দাজ করি ৺পূজার এইদিগে এক প্রকার হইবেক তুমি কাতর হইবে না অতি সিঘ্র বাটী জাইতেছী তুমি ৺পূজায় বাটী আসিবে পরামর্স করিয়া সকল বিসয় বুরাহা করা জাইবেক ফলত তুমি কোনমতে উদ্বিগ্ন হইবে না জাহাতে তোমার কস্ম হয় তাহা আমি সচেষ্টীত মতে করিব ইহা খুব জানিবেন ইতি সন ১২৪০ সাল তাং ২৯ ভাদ্র—শ্রীপরেষনাথ সম্মণঃ -

॥ ৮৯৯ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

সরন।—

পোষ্য শ্রীপরেসনাথ সম্মনঃ—

পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাদো বিসেষ আপনকাকে ১৯ ভাদ্র তারিখে ডাকজোগে আপনকার মকদ্দমায়ঃসমাচার কথক কোঙর মথুকুর লিখিয়াছিলেন তাহার পর ২৩ ভাদ্র তারিখ শ্রীদৈবকীনন্দন কোঙরের ওলাউঠা করিয়া দিবা আড়াই পহরের সমএ শ্রীশ্রী৺তিরে শ্রীশ্রী৺সরনপুর্ব্বক প্রপ্তী হইয়াছে এক্ষেন ২৮ ভাদ্র তারিখে আপনকার এক পত্র ডাক সহজোগে ৺দৈবকীনন্দন কোঙরের নামস্ত আমার বাসায় আসিবাতে আমি লইতে পারি নাই কারন সে চীঠী আমার নামের নহে এবং তাহাতে খরচ কীছু আছে এ প্রযুক্ত আমি লইলাম না আমার নামস্ত হইলে লইতাম এ কারন পুনুরায় সেই চিঠী আপনকার নিকট ফিরিয়া গেল লইবেন আপনি পূর্ব্ব পত্রে জামিনের নিমিত্র লিখিয়াছিলেন জামিন হয়নের কোন ভার্ব্ব নাই কীন্তু এক্ষেনকার জামিন দেয়া বড় কটীন হইয়াছে কারন কেলেক্টরি তালুক কীম্বা কেলেক্টরি তায়দাদ বএনা লাখরাজ দারগ্রস্তলোক বেতিত মঞ্জুর করে না এমত লোককে এখানে জামিন দিতে হইলে অধিক টাকা খরচ হইবেক ইহার বিবচনা করিয়া জদি আজ্ঞা করেন তবে আমি এ মোকামে অনেক লোক স্থির করিব জদি সে মোকামে কোন লোককে স্থির করিতে পারেন তবে আমাকে লিখিবেন আনি জামিনির মুষাবিদা করিয়া ... টাকার ইষ্টেষে লিখিতে হইবেক তাহার সারেওয়ার লিখিয়া পাঠাইব আর আপনকার পত্রে জানা গেল একজনা সাইদকে মাতর্ব্বর করিয়া ডিগিরি করিয়াছেন এমত ডিগরি কখন বাহাল থাকীবেক না মহাসয় ফয়সলা পাঠাইলে সদরের আমলা উকলার নিকট জাইয়া তাহাদির্গে দেখাইয়া বিবচনা করিয়া সারেওয়ার সমাচার লিখিব আর জদি মেয়াদ করিব হইয়া থাকে তবে পত্রপাঠ পাঠাইবেন কারন টহরব বন্দেয়মের নিকট হইল বিবচনা

করিবেন নিবেদন এই জে আমার সহিৎ আপনকার চাখস কখন নাই ইহাতে আপনকার খাতি জমা কী প্রকার হইবেক আমার বাটী এবং শ্রীউমাচরন কোঙর ভায়ার বাটী এক গ্রামে আমার পরিচয় ... বাচনিক পাইবেন এবং আমি জাহা ২ তরফ এ মোকামে কশ করিতেছী তাহার বেওরা পূর্ব্ব পত্রে ... লিখিয়াছেন জদি আপনকার মঞ্জুরী হয় এবং খাতি জমা ... করেন ... পত্রে প্রেরন করিবেন ইহা জাত্তো কারন নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল তাং ২৯ ভাদ্র ... পু[নু]হ লিখি এ পত্রের দোষাদোষ লইবে না কারন কাছারি মোকামে অতিব্যাস্ত হইয়া লিখিলাম॰ ইতি—

॥ ৯০০ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা।—

পষ্য শ্রীপরেসনাথ দেবসম্মণঃ—

পরম বৃত্তাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদে।—

মহাসএর রাজলক্ষি স্তিরত নিয়ত শ্রীশ্রী৺দ্বারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং ১৬ রোজে এক পত্র ডাকজোগে প্রেরন করিয়াছি আন্দাজ করি নিকট পোহছিআ থাকীবেক ১৭ রোজ শ্রীযুৎ রামপ্রসাদ সিংহ আমার নিকট পোহছিয়াছেন তৎ সমিভারে নগদ ৫ পাচ টাকা আর ফয়সলার নকল পাইলাম একেন ওকালতনামার জরুড়ি হইয়াছে পত্রপাঠ ওকালত নামার মুজপ করিয়া পাঠাইবেন আর শ্রীযুৎ রেটরি সাহেবের পেষকার ও মির মনিসি এই দুই জনার নিকট তদবির করা আবিষ্যাক জানিবেন কারন তাহাদের দ্বারায় মঞ্জুর হইবেক একেন কীছু নগদ দিএ বাকী কিছু মঞ্জুরের পর দেয়া জাইবেক এই মাফিক কথা স্তির করা জাইবেক আপনকার অনুমতি বিতিরেক স্তির করিতে পারি না তাহার্দ্দের সলামতে উমুহত দাখিল করিব মহাসয় এখানকার জর্ম্ম তিলার্দ্ধ উদবির থাকীবে না আমা হইতে আপনকার কোনমতে খর হইবেক না খুব খাতি জমায় থাকীবেন মঞ্জুর করাইয়া তজবিজের ওক্তে ভাল সাহেবের নিকট লয়া জাইবেক তরফহানির লোক তদবির করিতে শ্রীপবন ঘোষাল আসিআছে শুনিলাম আমার এখানকার ঠিকানা মোং বাকবাজারে শ্রীযুৎ চৈতন ঘোষের বাটীতে বাসা ইহা জাত্তো কারন লিখিলাম—

[খ— পুনুহ লিখি উমুহতের ইষ্টম্পকাগজ ৪ চারি টাকা দামে চাহি জদি দুই কেতা লাগে তবে ৮ আট টাকার লাগিবেক আর ওকালতনামার ইষ্টম্প ২ দুই টাকার তাহার তহরি কেরানিকে ২ দুই টাকা আর মনিসি ১ এক টাকা

আর তহসিলওলা ১ এক টাকা আর উকীলের মেহনত আলা[দা] হিসাব করিয়া দিবেন আর বায়না আন্দাজ মাফিক বিবচনা করিয়া পত্রপাট রওনা করিবেন কোনমতে দেরি করিবেন না ইতি—

আমার এখানকার ঠিকানা মোং বাকবাজারে শ্রীযুৎ চৈইতণ্যচরণ ঘোষের বাটী লিখিলে পাইব নিবেদন মিতি—ইতি সন ১২৪০ সাল তাং—১৮ পৌষ—

॥ ৯০১ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা

সরন।—

পত্র শ্রীপরেসনাথ সম্মনং।—

পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রী৺ঠাকুরার প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ২৯ পৌসের পত্র ৩ মাঘ শ্রীযুৎ রামকীসোর রায় হস্তে পাইয়া সকল সমাচার জাতো হইলাম অমুহত দাখিলের মেয়াদের রুবকারির নকল পাঠাই দিষ্ট করিবেন কৈরাদির লেখা দলিল ঐ কৈরাদির কবুলমতে ১০ দষ দফায় সাড়ে সাত হাজার টাকা আর আপনকার কহতমতে ৩ তিন দফায় পাচ হাজার টাকা একুনে তের দফায় সাড়ে বার হাজার টাকা আদায় করিয়াছেন ঐ তের খান চিটী পায়া গেলে বড় সুবিতা হয় আর ঐ কৈরাদির সহস্তের লিক্ষিত জদি হয় তবে ঐ দলিল মাতবর করাইব তাহাতে কীমিখোর ইত্তাদির কোন ওজর হইবেক না আর জদি এ মোকামে বনাদ অবধি মমুহত তয়ার করিতে হয় তবে আর পল করার আবিধা হয় না কারন এ মোংমে তয়ারি করিতে দষ বার রোজ হইবেক এবং ভাল ২ লোকে দেখাইতে হইবেক বরং আপনকার নিকট ঐ মুষ্যাবিদা পাঠাইতে হইবেক এই সকল করিতে প্রায় মেয়াদ গত হইবেক আর কলিকাতার মকর্দ্দমা খরচ করিতে পারিলে হক নাহক হয় আর নাহক হক হয় ইহা খুব আপনি জানিবেন আর ঐ সাহেবের কে য়াত্তিয়লোক তাহার নিকট গিয়াছিলাম তিহ আন্দাজ করিয়াছেন কম মজুরে দুই সও টাকা চাহে আর আপীলে ডিগিরি করাইতে পাচ সও চাহে কীন্ত বেসক হাসিল করিতে পারে জেমত মর্জ্জি হয় লিখিতে আজ্ঞা হইবেক আর ২ সমাচার জখন জাহা উপ[স্থিত] ··· লিখিব নিবেদনমিতি— সন ১২৪০ সাল তাং ৬ মাঘ—

॥ ৯০২ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা—

সরনং—

পষ্যা শ্রীপরেসনাথ সম্মনঃ পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো মহাসএর রাজনতি নিরর্ত শ্রীশ্রী৺স্বারায় প্রার্থনা করিতেছী তাহাতে অত্রানন্দ পরং আপনকার ১৬ রোজের পত্র আর ১৮ রোজের পত্র ডাকজোগে পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম লিখিয়াছেন জে রাইপুর নিবাসিরা ডিগিরি জারি করিতে উদ্বত হইয়াছে সে কেবল কথার কথা কারন সদর আপীল হইয়াছে জাহা জজসাহেব জানেন এবং আপনকাকে সদর দেয়ানিতে হাজীর হয়নের জন্ন্য এত্তলানামা দেন ইহাতে কখন জারি করিবেন্না এবং দস্তর নাই বরং দস্তর এই জে জদি কেহ জারির নিমিত্র দরখাস্ত করে তবে সাহেবান জজ আপীল হয়া আর না হয়া খপর না জানিয়া জারি কখন করে না জদি এই সকল না মানিয়া জারির দরখাস্ত দন তবে ঐ জারির দরখাস্ত মোহর দস্তখতে লইয়া আমার নিকট পাঠাইবেন আমি দরখাস্ত সনমিলিত এখানে দরখাস্ত করিয়া এজরায় ডিগিরি মৌখুব রাখাইব আর ডিগিরি জারি করিবেক বলিয়া উমেদের দরখাস্ত এখানে হয় না বরং কীছু খরচ করিয়া পুনুরায় এত্তলানামা পাঠাইতেছি কারন জজসাহেব ভাল করিয়া জানুন আপনি জারির জন্ন্য কোন ভার্ব্ব করিবে না আর শ্রীযুৎ দিননাথ সরকার আজ নাগাদ এ মোকাম পোহছেন নাই জানিবেন আর শ্রীযুৎ দেয়ান কাসিনাথ বসুকে জে পত্র লিখিয়াছিলেন তাহা আমি নিজে জাইয়া দেয়াতে আমার নিকট ওআকিপ হইয়া কহিলেন জে রসিদের চিটী আনায় দেখিয়া জাহা উচিৎ হইবেক তাহা কহিব আর সরকার মযুকুর বুঝি আপন বাটীতে বসিয়া আছেন সাধ্য কী আপনি এখানকার জন্ন্য ভিলাধ্য চিন্তা করিবেন্না আর রাইপুর নিবাসি শ্রীনিলকন্ট সিংহ এ মোং পোহছিয়া শ্রীযুৎ বিপ্রপ্রসাদ বাবুর মকদ্দমা হারিয়াছেন আমাদের মকদ্দমার তদবিরে আছেন জানিবেন ইহা জ্ঞাতো কারন নিবেদন করিলাম ইতি তা— ২১ মাঘ—

[খ· পুনুচ নিবেদন আমার নিজ বিষয় একটুকু মনোজোগ করিবেন অনেক মেহনত করিতে হইয়াছে করিব তিন ক্রোষ রাস্তা রোজ ২ গমনাগমন করিআ তদবির করিতেছি নিবেদন মিতি— গাড়ি ভাড়া দিতে হইলে ২০ | ২৫ টাকা দিতে হইত ইহা জানিয়া জাহা উচিৎ করিবেন ইতি—

॥ ৯০৩ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সরন ।—

পরম শ্রীপরেষনাথ সরমণঃ পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজ[নী]তি নিরন্ত শ্রীশ্রী৺বাবার প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং মহাসএর ২২ রোজের ডাকজোগের পত্র ২৪ রোজ পাইয়া সর্ব্ব সমাচার জ্ঞাতো হইলাম আর ২১ রোজ ডাকজোগে সরেওয়ার লিখিয়া পাঠাইয়াছি তাহা আজ তক নিকট পোহছিয়া থাকীবেক আপনি লিখিয়াছেন জে সন ১৮৩১ সালের ১২ বার আইনের হুকুম মতে মোক্তারের দ্বারায় তাবৎ কম্মের আঞ্জাম হইবেক আর উকীলের মেহনত ... উঠিয়াছে এ কেবল কথার কথা কারন এই জে সন ১৮৩৫ সালের ১২ আইনের ৪ ধারার ২ প্রকরণের হুকুম এই জে জদি ওকালতনামা না দিতে পারেন তবে খোদ হাজীর হইয়া এক ... দরখাস্ত করিবেক জে আমার মোক্তার হাজী[র] হইয়া রযুহত জবাব ইত্তাদি জাহা করিবেন তাহা আমার কবুল এমত দরখাস্ত করিলে সাহেবান লোকের এক্তার চাহি মঞ্জুর করেন চাহি নামঞ্জুর করেন জদি নামঞ্জুর করেন তবে এজলাষ কামেনে দরখাস্ত করিলে সকল সাহেবান সেই দরখাস্ত মুনিবেন তাহাতে জদি মঞ্জুর করেন তবে মোক্তারের দ্বারায় হইতে পারে আর উকীলের মেহনত অনেক পুরা আমানত করিতে হইবেক ঠিকার হুকুম ঐ আইনে হয় নাই এখানে ইস্তাহার দিয়াছেন মযুৎ আছে বরং ইস্তাহারের নকল পহাত পাঠাইব আর ডিগিরিজারি মোথুবের দরখাস্ত এখানে এক্কেন খামখা হইবেক না কারন আপীল মঞ্জুর হয় নাই এ[জন্ন] উমেদ দরখাস্ত হয় না আপনি সেখানে একেতা বরং দরখাস্ত করাইবেন জে সন ১৮৩৪ সালের ৫ নম্বরে সদর আপীল করিয়াছি তাহাতে জদি না মানেন তবে ঐ দরখাস্তর নকল মোহর দস্তখতে পাঠাইবেন তবে য়ামি এখানে দরখাস্ত করিতে পারি কীন্তু তাহাড়া তকরির দরখাস্ত না করিলে আপনি দরখাস্ত করিবেন না এখানে ওকালতনামা আর অযুহত দাখিল করা অতি জরুরি হইয়াছে আর সাত রোজ মেয়াদ আছে এই মেয়াদ মর্দ্ধে দাখিল করিতে হইবেক তাহার খরচপত্রের তত্ত্ববির করিয়া পত্রপাঠ পাঠাইবেন সকল খরচপত্রের সরেওয়ার শ্রীযুৎ দিননাথ সরকারের পত্রে লেখা গেল সেই মাফিক তাকীত পাঠাইবেন না পাঠান ভাল হইবেক না খরচপত্র পাঠাইলে এক প্রকর মু[বিস্তা] করিব এখানকার জন্ন আপনি উদ্বিগ্ন থাকীবে না ইহা জ্ঞাতো কারন নিবেদন ইতি সন ১২৫০ সাল— তা— ২৫ মাঘ

খিতিরত এখানে অযুহত্তের মুখ্যাবিদা তয়ারি করান জাইতেছে দুই একের মধ্যে তয়ারি হইতে পারে জানিবেন ইতি—
পুনশ্চ লিখি অদ্য পাচ রোজ হইল এখান হইতে এতলানামা জারি হইয়া জে লকে গিয়াছে কীন্তু জায়া মাত্র তাহার আর মেয়াদ নাই কেবল জজসাহেবের [সর]নার্থে পাঠান জানিবেন—

॥ ৯০৪ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা—

সরন ।—

পত্র্য শ্রীপরেষনাথ সম্মণঃ—

পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চদো মহাসএর রাজনতি নিরত শ্রীশ্রী৺ধারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ডাকজোগের রোজের পত্র শ্রীযুৎ দিননাথ সরকারের নামত্ত পাইয়া সকল সমাচার জাতো হইলাম এখানকার সমাচার অযুহত্তের মুসাবিদা তয়ারি হইয়াছে আপনকার নিকট পাঠাইতাম কীন্তু মেয়াদের করিব হইয়াছে নাগাদ ৪ ফাল্গুন ৺কালতনামা দাখিল করিব জদি সেই রোজ মযুহত দাখিল না করা হয় তবে আপনকার নিকট পাঠাইব আপনকার অনুমতি লইয়া দাখিল করিব আর জদি ঐ রোজ দাখিল হয় তবে দাখিলী মুখ্যাবিদা পাঠাইব আর মোক্তারের পীতি জেমত এখানে ইস্তাহার দিয়াছে তাহার খোলাসা কথ ২ নকল পাঠাই দিষ্ট করিবেন জে খরচ বরাতি করিয়া পাঠাইয়াছেন তাহাতে উকিলের বিসয় ব্যাম্বক হইবেক না অতি তরায় খরচ পাঠাইবেন তদবিরের সময় হইয়াছে ইহার পর তদবিরের গাফেলি হইলে সুবিস্তা করা ভার জে প্রকার তদবির করা জাইতেছে প্রতুল হইলে লইবেক একেন কেবল আনামত রাখিতে হইবেক তবে বায়না সরুপ দষ বিষ টাকা খরচ জাহা হইবেক সেইমাত্র আপনকার সময় ভাল নয় তাহা জানিতেছি সাধ্য কী কেবল পরের হস্তে কর্ম্ম লইতে হইয়াছে কীঞ্চীৎ কেলেষ পাইয়া খরচপত্রের জোট করিয়া দিবেন পশ্চাত ভাল জে প্রকারে হয় তাহা সচেষ্টিত মতে করিব এখানকার নিমিত্ত আপনি উদবিগ্ন থাকীবেন্না শ্রীশ্রী৺ ভাল করিবেন তাহার কোন চিন্তা নাই আর জেলার মোক্তারকে কহিবেন জে সকল বিষয় বিবেচনা করিয়া কর্ম্ম করেন এবং আপন হোসিয়ারি করিয়া দরখাস্ত ডিগিরি মৌযুব

লিখিত্র করেন কারন তাহার তত্ববির এই মিছিলের বনিয়াদ অবধি দেখা জাইতেছে জাহাহুক শ্রীশ্রী৺ করেন তবে এ কথা আপনকার মোকাবিলায় করা আর ২ সকল সমাচার শ্রীযুৎ দিননাথ সরকার মহাসএর পত্রে জাতো হইবেন আমি আপনকাকে ত্রিসন্ধ্যা আসির্ব্বাদ করিতেছি এবং কাইক জে পজ্যন্ত আপনকার ক্ষেমতা তাহা করিব ইহা জাতো কারন নিবেদনমিতি সন ১২৪০ সাল তাং ২ ফালগুন—

পরম কল্যানিয়া শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

॥ ৯০৫ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

৭শ্রীশ্রীদুর্গা—

সরন।—

সেবা শ্রীপরেসনাথ সম্মণং।—

পরম মুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রী৺ দ্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ডাকজোগের পত্র পাইয়া তাবং সমাচার জাতো হইলাম এখানে জে সকল লোকের সহিৎ তত্ববিরাত করা গিয়াছে সে কেবল কথার দ্বারায় কীন্তু তাহাদের নিকট জে সকল কথা ধ্যাজ্য করা গিয়াছিল তাহার একবন্ন্ হয় নাই কারন জে বন্দবস্তা হইল তাহা আমানত করিব আর এক্ষেন কীছু ২ বায়না দিব এই প্রকার কথা স্থির হইয়াছে কথার অন্নথা হয়াতে ভাল হইতেছে না এখানে হাওলাত পায়া ভার কারন জে প্রকার তহবিল পাইয়া ১৬ টাকা হাওলাত করিয়া ওকালৎনামা ও মুচুহত ও মোক্তনামা ৭ রোজ সেরেস্তায় দাখিল করিয়াছি এক্ষেন তত্ববির না হয়াতে ভাল হইতেছে না হাওলাত কাহাক নিকট পাইলা পাইলে আপনকার অনুমতি ভিন্ন্ তত্ববির করিতাম আর দুই জনা সরেষ উকীল দেয়নের জন্ন্ আপনি লিখিয়াছেন দুই জনা সরেষ উকীল দিতে হইলে চারি মোহর বায়নার কম কোনমতে কবুল করে না আর আপনকার সময় ভাল নহে এ কারন এক জনা উকীল শ্রীযুৎ মুনসি গোলাম রসুলের নাম দেয়া গিয়াছে দোষরা উকীলকে দেয়া হইল না কারন গোলাম রসুলের সদির্স লেখনয়ওলা কেহ নাই আর ঐ ব্যক্তিকে লেখাইয়া দোষরা লোককে দেয়া উচিৎ হয় না এবং উহার পীতি সাহেবলোকের অনুগ্রহ আছে এবং সাহেবলোকে সত্তবাদি জান করে এই সকল জানিয়া উহার নামে ওকালতনামা

দিয়াছি সে জন্ন' আপনি উদবিগ্ন হইবে না বরং মধুহতে মুখ্যাবিদার নকল করাইয়া দুই চার রোজ মধ্যে পাঠাইতেছি আপনি ··· পাচ একের দুই সও টাকা পাঠাইবেন সেওয়ায় পরে দিলে হইবেক কোনমতে সাওেনি থাকীবে না টাকা না য়াইলে আমাদের সাধ্যকী আমি আন্দাজ করি টাকা সিঘ্র আইলে মঞ্জুর হইতে পারে নতুবা কঠিন জানিবেন কারন রাইপুর নিবাসিরা অধিক টাকা খরচ করিতে উদ্দত আছে জনরব খুদা জাইতেছে. ইহার বিবচনা করিয়া খাতা ২ [টাকা] পাঠাইবেন ইহা জাতো কারন নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল ৭ ফালগুন—"

পুনুহ নিবেদন— চারি জনা উকীল সবেব প্রস্ত একত্তর তাহার মধ্যে গোলাম রহুম একজোন বটে প্রনপনে কসুর করিবে না এবং অমুহত খন্দর রুপ লিখিয়াছে শ্রীশ্রী৺ প্রতুল করিবেন কোন বিষয় কম হিম্মত করিবে না ইতি—

পরম কল্যানিয় শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

পত্র দেনা— মোং— খুকুল

॥ ৯০৬ ॥

পত্র (সন ১২৪০ সাল) প. ১

শ্রীশ্রীদুর্গা—

সরন ।—

পত্রা শ্রীপরেসনাথ সম্মণং ।—

পরম শুভাসির্ব্বাদ বিজ্ঞাপনজোদো আপনকার রাজলক্ষি ত্বিরত নিয়ত শ্রীশ্রী৺ দ্বারায় প্রাথনা করিতেছী তাহাতে অত্রানন্দ পরং আপনকার ৭ রোজের ডাকজোগের পত্র ১ রোজ পাইয়া সকল সমাচার জাতো হইলাম ১৮৬৩৬ নং বাজাল বেঙ্কনোট ১৬ সোল টাকার পাঠাইয়াছেন তাহা আমাদের নিকট পৌহছিয়াছে আর মকদ্দমার তদবিরের নিমিত্ত মহাসয় লিখিআছেন জে প্রকার তদবির করিতেছি তাহা শ্রীশ্রী৺ সফল করিলে মাক্যাতে সাক্ষেওয়ার নিবেদন করিব দিবারাত্র আমাদের জ্ঞান নাই আমরা সাধ্য অনুসারে কোন বিসএর কোন দফার তদবিরের কসুর করি না এবং করিব না আপনি এখানকার নিমিত্ত কোন ভাবনা করিবে না আর গতকল্যে এক পত্র ফরসলার সদরই প্রস্তুত লেখা গিয়াছে অদ্য এখানে সেরেস্তা তদারক করিয়া দেখা গেল ফরসলা দাখিল আছে জানিবেন আর আমি আপনকাকে ভীসন্ধা আসির্ব্বাদ করিতেছি শ্রীশ্রী৺ প্রতুল করিবেন তাহার কোন সন্দেহ করিবে না ইতি সন ১২৪০ সাল তা— ১০ ফালগুন—

॥ ৯০৭ ॥

পুত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

স্মরন ।—

পর্য্য শ্রীপরেসনাথ সম্মনঃ পরমসুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রীপ্স্বারায় প্রাথনা করিতেছে তাহাতে অত্রানন্দ পরং এখানকার সমাচার রাইপুর নিবাসিদের সমিতার আপীলের মকর্দ্দমা সদর দেয়ানি আদালতে জে ৫ নম্বরে রুযু ছিল সে মকর্দ্দমা ১৪ ফাল্গুন সোমবার দিবসে রুবকার হইয়া রিসপাটন্টদের মোকাবিলায় অনেক সয়াল জবাব হইয়া আপীল মঞ্জুর হইয়াছে জানিবেন আপনকাকে দুই তিন দফা পত্র লিখিয়াছী তাহার জবাব আসা দেরি প্রযুগু এবং মকর্দ্দমা তরতিপ নম্বরে নিকট হয়াতে প্রনের বৌকুল্লতায় আপনকার পুর্ব্ব পত্র অনুজাই জে সকল লোকের সহিৎ দরকার করিয়াছিলাম তাহাদের সহিৎ আমানত ভিন্ন কম্মের যুসাইট হয় না এ কারন অনেক কেলেসে আমার আলাপীলোক শ্রীযুৎ বাবু ব্রজমোহন রায়কে দষ টাকা কবুল করিয়া দুই জায়গায় তিন সও টাকার মালজামিন দেয়া গিয়াছে জে আপীল মঞ্জুর হইলেই দিব কল্ল টাকা চাহিবেক নিরুউপায় কারণ নগদ টাকা কোথাও পাইতে পারি না জে তাহাকে টাকা দিই অতএব নিবেদন পত্রপাঠ মাত্র ঐ তিন সও টাকা আর খরাচী দষ টাকা ডাকজোগে অবিলম্বে পাঠাইবেন কোনমতে দেরী করিবে না দেরি করিলে সভ্রম থাকীবেক না আপনকার অনেক সভ্রম আছে আপনকার নাম প্রযুগু জাবিন হইয়াছে আর রুবকারি সিত্র দুরস্ত করাতে হইবেক রুবকারি দুরস্ত সিত্র না করাইলে ভাল হইবেক না কাংণ টাকা তাহাদিগে না দিলে তাহাদের নিকট জায়া দুস্কট ইহার বিবচনা করিবেন এবং জামিন অতি ত্তরায় দিতে হইবেক ঐ এজরায় ডিগিরি মোখুবের দরখাস্ত দিতে হইবেক এবং হুযুরি হরকরারা সকলেই ধরিয়াছে এই সকল খরচ কারণ বিষ পচিষ টাকা ঐ সঙ্গে অতি সিত্র পাঠাংবেন আপনকার পক্ষে বড়ই ভাল হইয়াছে এবং আপীল ডিগিরি করাইব খুব খাটি জানিবেন মহাসয় কোন বিসয় উদবিগ্ন হইবে না ত্তরায় ডিগিরিজারির মোখুবি পরআনা পাঠাইব জখন শ্রীজুৎ রেটরি সাহেবের এজলাসে মঞ্জুর করাইআছি তখন এ বিসয় আখেরেও ডিগিরি করাইব জানিবেন এক্ষেন রুবকারি দুরস্ত করাইতে পারিলে অর্দ্দেক ডিগিরি ইহার বিবচনা করিয়া ত্তরায় টাকা পাঠাইবেন এবং মাতব্বরলোকে জামিন দিয়াছি তাহার নিকট বেহুত্তর হইয়া টাকা দিতে জেন না হয় আর তরফহানির ভ্যাতব

[illegible]

রায়পুরের ভুবনমোহন সিংহের সঙ্গে আশানন্দ সরকারের মোকদ্দমা সংক্রান্ত পত্র। সন ১২৪০ বঙ্গাব্দ। পত্রে ভুবনমোহন সিংহের ভ্রাতুষ্পুত্র শ্রীকণ্ঠ সিংহের প্রসঙ্গ লক্ষণীয়।

সু. স. স.—পৃ ৫৭৪

পুত্র শ্রীকণ্ঠ সিংহ ও ঘোষাল ও রাধামোহন মিস্ত্রির লোক সমিভার পাচ সাত জনা যোগালা পাএে উড়াইয়া মিছিলের ওক্তে হুযুরে হাজীর হইয়াছিলেন কীন্ত বাক্য প্রওপ করিতে দিই নাই বরং মুখের মত হইয়া আসিআছে ইহা জাত্তো কারণ নিবেদন মিতি সন ১২৪০ সাল তাং ১৪ ফাল্গুন—

পূনুছ নিবেদন কল্য তারিখে পাচ টাকা হাওলাত করিয়া শ্রীশ্রী৺কালিঘাটে পুজা দিতে জাইব আপনি কোনমতে......করিয়া থাকিবে ইতি—

॥ ৯০৮ ॥*

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সহায়

পত্র্য শ্রীপরেসনাথ দেবসম্মনঃ—

পরম স্বুভাশির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাদো মহাসএর রাজলক্ষি স্থিরত নিরত শ্রীশ্রী৺স্বারায় প্রাথনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আমি মোং কলিকাতা ১২ রোজ পোহছিয়া আপনকার এক পত্র শ্রীযুৎ রামকানাই চট্টোপাধ্যায়এর হস্তে পাইয়া সকল সমাচার জাত্তো হইলাম আপনি লিখিয়াছেন জে কয়হলার নকল আর খরচ ৫ পাচ টাকা পাঠাই লইবে এই দুই দফার মর্দ্ধে কীছুই পাই নাই ইহাতে তাজব হইলাম কেবল ছয় খানি পত্র পাইয়াছি সে জাহাহক একেন আমার আসার পুর্ব্বে আমার্দ্দের জে রেটারন আসিয়াছিল তাহা রেজস্টরসাহেব আপন হস্তে বাটয়ারা করাতে শ্রীযুৎ রেটারি সাহেবের এজলাসে পড়িয়াছে জানিবেন অতএব লিখি ওকালতনামা অতি তরায় দাখিল করিতে হইবেক কোনমতে গাফেলি করিবেনা পাচ সাত রোজ মর্দ্দে যায় উযুহত উকালতনামা দাখিল করিতে হইবেক জদ্যপী শ্রীযুৎ দিননাথ সরকার তরায় আইসেন তবে তাহাকে পত্রপাঠ রওনা করিবেন নতুবা ডাকজোগে উকীলের মেহনতআনা ও বায়না ও কয়হলার নকল ইত্তাদি খাতা ২ পাঠাইবেন আর শ্রীযুৎ রেটারি সাহেবের পেষকার শ্রীযুৎ রাধাকান্ত রায় তাহার সহিৎ কীছু স্বুলুপ করিতে হইবেক জেমত আজ্ঞা করেন আর উকীল শ্রীযুৎ গোলাম রসুম মুনিসিকে দিবার কারন লিখিয়াছেন সে জনা লেখাপড়ায় ভাল কীন্ত সয়াল জবাব করে না জদ্যপী দুই জন উকীল দেখা জায় তবে অধিক বায়না লাগে এই ... স্থির করিতে পারি নাই জেমত অনুমতি করিবেন সেইমত করিব জামিনির বিসয় জদি সে মোকামে স্থির করিতে পারেন তবে অধিক টাকা [কম] হয় না করিব দষ হাজার টাকার ছাহেবের জায়জাদওআলাকে দিতে হইবেক

এই সকল বিবচনা করিয়া পত্রপাঠ সারেওআর লিখিবেন আর জে সকল পত্র পাঠাইয়াছিলেন তাহা ২ পত্র ... দিআছি ইহা জাতো কারন নিবেদন করিলাম ইতি সন ১২৪০ সাল তা—১[৬] ...
পরং মিছিল বাটআরার এক্তারে কাহারু নাই কেবল রেজষ্টরসাহেব বেতিত আমলার সাধ্য নাই মঞ্জুরির পর নম্বর পরিলে মিছি[ল] তজবিজের সময়ে বিবচনা করিয়া তাহার নিকট সোপরদ করাইতে হয় কারন জাইবেন—
পুনুছ লিখি—
পত্র পাঠাইবার গল হয়নের কারন সদর দেওআনি আদালত ১২।১৪ এই দুই রোজ বড়দিনের ওজেতে বন্দ ছিল এ কারন তদারক করিতে পারি নাই তাহাতেই গল হইয়াছে জানিবেন ইতি—

॥ ৯০৯ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সরন।—

পত্র শ্রীপরসনাথ সন্মাণঃ—
পরম যত্নভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদে। আপনকার রাজনতি নিয়ত শ্রীশ্রী৺ষায়ার প্রাথনা করিতেছী তাহাতে অত্রানন্দ পরং মহাসয়কে পূর্ব্বে দফা ২ পত্র ডাকজোগে প্ররন করিয়াছি তাহার পীতি উত্তর পাই নাই আপীল মঞ্জুরির পর ১৫ রোজ ডাকসহরতে বিস্তারিত করিয়া লিখিয়াছী তাহা নিকট পোহছিয়া থাকীবেক আপনকার আজ্ঞা প্রমান জে সকল লোকের সহিৎ বরবার করিয়া বন্দবস্তার মাল জামিন এক মাতব্বরলোককে দিয়াছি সে বাক্তি দফা ২ লোক পাঠাইতেছে অতএব আপনাদের মান থাকা ভার হইয়াছে কারন এখানকার এ মত দস্তর নয় কস্ব হাসিল হয়া মাত্র দিতে হয় তাহাতে আজ নাগাদ ৫।৬ রোজ গতিক করিতেছী ইহাতে কেবল মানের খর্ব্বতা বো নহে ইহার পর কথার আর বিশ্বাষ করিবেক না এবং আমাকে আকছর মকদ্দমার রুবকারি দুরস্ত না করাইলে ভাল হইবেক না এবং ডিগ্রিজারি মৌখুরের দরখাস্ত সিদ্ধ করিতে হইবেক তাহাও হইতেছে না কীত্ত টাকা দিতে হইবেক অসম্ভম হইয়া রেয়া ভাল নহে একেনে আপনাদের মান থাকীয়া দিতে পারিলে ইহার পর আপনাদের কথার বারায় তদবির হইতে পারিবেক এই সকল বিবচনা করিয়া পত্রপাঠ তিন সও দষ টাকা বন্দবস্তার দরুন পাঠাইবেন কোনমতে আর গল করিবে না ইহা জাতো কারন নিবেদন ইতি সন ১২৪০ সাল তাং—১৯ ফাল্গুন—

পুনশ্চ নিবেদন—

শ্রীশ্রীকণ্ঠ সিংহ কল্য তারিখে বাটি গিয়াছেন এখানে যোবাজ মধুকুরকে রাখিয়াছেন যে মুহুএর সাবিখ্যার তদবির করিয়া হাসিল করিয়াছি তাহা ব্যাক্ত হইলে বিস্তারিত নিবেদন করিব এবং এ মকর্দ্দমা আখেরেও হাসিল করাইব তাহার কোন সন্দেহ করিবে না খুব খাতি জমায় থাকীবেন নিবেদনমিতি—

॥ ৯১০ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

সহায়—

পত্য শ্রীপরসনাথ সম্মনঃ—

পরম শুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো মহাসএর রাজলক্ষি সিরত নিরত শ্রীশ্রীপ্তারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার তিন দফা ডাকজোগের পত্রের সনমিলিত বরাতি বেঙ্কনোটদিগরে ২০০ দুই সও টাকা আমরা পাইয়াছি জানিবেন ঐ দুই সও টাকা লইয়া মালজামিনদারের নিকট জায়াছে তিহ কোন মতে টাকা লন না কহেন যে আমি তোমাদের উপগার করিয়াছি সেই তাল কারন কালের ধন্ম তোমাদের সাধ্য কী আমাকে জদি টাকা দেয়া কর্ত্তব্য হয় তবে ৩১০ তিন সও দষ টাকা দায় নতুবা লইব না আমি জাহার ২ নিকট তোমাদের মালজামিন হইয়াছি ....তাহাদির্গে আমি আপন তহবিল হইতে টাকা দিয়াছি তবে.........দেয় দিএ পীত.........এই সকল কহিবাতে আমি অনেক [কা]কুতী মিনতি করিয়া কহিলাম যে এই দুই সও টাকা লন বাকী ১১০ এক সও দষ টাকা দষ রোজ মর্দ্ধে দিতেছি এবং অনেক কাতর উক্তী করাতে আমি যে নোট তাহার নিকট লিখিয়া দিয়াছি সেই নোটের পীষ্ঠে দুই সও টাকা উসুল দিয়া বাকী এক সও দষ টাকার দষ রোজ মেয়া[দে] লেখাইয়া লইয়াছে এই দষ রোজ মর্দ্ধে টাকা জদি না দিতে পারি তবে ছোট আদালতে আমার নামে [নালিষ] করিয়া আমাকে কএদ করাইবেক পুর্ব্বে জদি এমত জানিতাম তবে কখন এমত......উপস্তিৎ হইতাম না কেবল আপনকার ৭ ফাল্গুনের পত্রের দ্বারায় এই কর্ম্ম করিয়াছি মহাসয় জদি পূর্ব্বে আমাদির্গে কোন লেখেন করিতেন যে ২০০ দুই সও টাকার অধিক তদবির খরচ দিব না এবং দিতে পারিব না তবে ঐ দুই সও টাকার অনুজাই তদবির করিতাম তাহাতে শ্রীশ্রী

জাহা করিতেন সেই মাফিক পূর্ব্বে তদবির করিয়া আমলার নিকট না জাইয়া দুই সও টাকা স্থির করিয়াছিলাম কীন্ত শ্রীকণ্ঠ সিংহ জাসিয়া আমলার সহিৎ তদবির করাতে আমি সেই খপর বুনিয়া আমলার নিকট এক সও টাকা খাজ্য করিয়া একুনে তিন সও টাকার মালজামিন দিয়া আমি জামিনদারের নিকট তিন সও দষ টাকার নোট লিখিয়া দিয়াছি ইহাতে টাকা ছাড়িয়া দিবার বিসয় কী বরং জামিনদার মযুকুর ঐ টাকার যুদ না লইলে হয় কলিকাতার বেবহার মহাসয় বিসিষ্টরূপে জাতো নাই কারণ এক বেক্তির সন্তান পাচ সও টাকা লইয়া পাচ হাজার টাকার কাপ্তানি কামায় ইহাতে তাহার পীতার মাল আমাল বিক্রী করিয়া টাকা লয় ইহাতে আমার স্তানে নোট লেখাইয়া লইয়াছে অতএব টাকা কোনমতে ছাড়িবেক না আমি এক রুটী আপনকার নিকট পাবার আসা করিয়া এই কর্ম্মে প্রবত্ত হইয়াছিলাম সে জাহুক আমার সাধিক জে রুটী ছিল তাহাও জাইতে উপস্থিৎ হইয়াছে কারণ ঐ দষ রোজ মেয়াদ মর্দ্দে টাকা না দিতে পারিলে কএদ করিবেন যুতরাঙ্গ রুটি ত্যাগ করিয়া পলাইতে হইল ইহাতে আপনকার উচিৎ জাহা হয় করিবেন আমি আপনকার সময় জানিতেছি সাধ্য কী পরের হস্তে কর্ম্ম লইতে হইয়াছে এবং এখানে টাকা ভিন্ন কর্ম্ম হাসিল করা ভার আমাব নিকট জদি টাকা থাকীত তবে এ সময় কখন মহাসয়কে টাকার জর্ন্ন লিখিতাম না পরে জাহা হইত তাহাই করিতেন এ কারণ আপনকাকে দফা ২ লিখিতেছি ইহার পর মহাশয়কে আর পত্র লিখিব না আমার অদেষ্টা জাহা থাকে তাহাই হইবেক আর আপনি ডিগিরিজারি ও ... মোখুবির নিমিত্র তাকীদ লিখিয়াছেন মহানয় জেমন আপীল মঞ্জরি ... ডিগিরি[জারি] মোখুবি করণ দুই কেত্তা জামিনি দষ হাজার টাকার তাইনে এবং ঐ জমা নিজে নাজিরের মজুরি লেখাইতে হইবেক ঐ সামিলে ডিগিরিজারি মোখুবি ... এককেতা দরখাস্ত সনমিলিত সেরেস্তায় দাখিল করিলের পর যুনানি হইবেক তাহাতে জদি মুদ্দইরা জেলায় জারি হইয়াছে এমত কথা দাদবেদাদ করে তবে জারি মোখুব করা ভার এ করণ ইহাতেও আন্দাজ করি ৫০।৬০ পঞ্চাষ সাট টাকা খরচ হইবেক আমাকে লেখা ভার হইয়াছে আর আপনি এক কালে টাকার কথায় জবাব দিয়াছেন ইহাতে আমরা কী প্রকার কর্ম্মের আঞ্জাম দিতে পারি এ বিসয় কঙ্গার এবং মুদ্দইলোক লাগাও আছে তাহারা কেবল ছয় হপ্তা মেয়াদ গত কবে হইবেক এই গননা করিতেছে কারণ ঐ মেয়াদ মদ্দে জামিন দাখিল করিতে না পারিলে মাকর্দ্দমা নম্বর খারিজ করাইবেক এই চেষ্টায় আছে জানিবেন আর পূর্ব্বের পরাগ্রামের এক ভটাচার্য্য জামিন হইবার কথা কহিয়া ... সেই

বেজী জদি জামিন হন তবে ২৫০ আড়াই সও টাকায় হইতে পারিবেক এবং তাহাকে এ মোকাম আসিবার কারণ ২৪ ফাল্গুন তারিখে ডাকজোগে পত্র পাঠাইয়াছি আজ নাগাদ কোন খপরাখপর পাই নাই ইহাতেই ভাবিত আছি জদি এখানকার লোক [জামিন] দিতে হয় তবে আন্দাজ করি পাচ সও টাকার কম কোনমতে হইবেক না এবং ঐ টাকা বেবাক আনামত ভিন্ন জামিনিতে দস্তখত করিবেক না আর ঐ জামিনি মঞ্জুর হইলে আনামতের টাকা লইবেক এ কারণ লিখিতেছি জে তাবৎ বস্তু জে কেলেম করাইবেন এবং আপনকার ৺পীতা ঠাকুর মহাসয় জে সকল বিত্তাদি মহাসয়েএর মা[তা] ঠাকুরানি ... দিয়াছেন আর ঠাকুরানির সোপার্জীত জে য়াছে ঐ সকল বস্তু সাবুদ করি[তে] পারিবেন সেই সকল জায়দাদে আপনকার মাতাঠাকুরানির কেলেম করাইবেন ... মঞ্জুর থাকীবেক এবং ঐ সকল জায়দাদকে স্ত্রীধন বলে জানিবেন জদি সকল জায়দাদে কেলেম করাইতে পারেন তবে কোনমতে জায়দাদ বিক্রী হইবেক না এবং কেলেমের মকর্দ্দমা সদর দেয়ানি তক হইতে পারিবেক তাহার ভার্ব্ব নাই আর তাবৎ দাবির জামিনির খরচপত্রের আঞ্জাম দিতে পারেন তবে ত্বরায় ডিগিরিজারি ও হাল ... ক্রোক মোখুবির পরয়ানা জেলায় পাঠাইতে পারি জদ্দপী তাবৎ জামিনির ... পত্রের আঞ্জাম সংগীতিক করিতে না পারেন তবে রিষপাটেন্টের সদর দেয়[ানি] আপীলের খরচা উকীল মেহনতআনা ২৮৪ টাকার আর জাবদা মত্ত বেসি ৫০ টাকা একুনে ৩৩৪ তিন সও চৌতিষ টাকায় মেকদারের জায়দাদ ওআলা একজোন জামিন স্থির করিয়া ২ দুই টাকা দামের ইষ্টম্বকাগজ লেখাইয়া তাহার দস্তখত করাইয়া এখানে পাঠাইলে আপীল পাকাইয়া নথি তলব করান জায় পছাত পুরা দাবির জামিন দেয়া জায় তবু বেহেতরি আর না দেয়া জায় তবু বেহেতরি মুখ্য ঐ তিন সও চৌতিষ টাকার জামিন দিতে হইবেক তাহার মেয়াদ মঞ্জুরের তারিখ হইতে ছয় হপ্তা ইতিমধ্যে দাখিল করিতে হইবেক নচেৎ নম্বর খারিজ হইবেক ইহার বিবেচনা করিয়া জাহা কর্ত্তব্য হয় ত্বরায় সমাচার লিখিবেন আর আমি আপনকাকে সদত শ্রীশ্রী৺দ্বারায় জানাইতেছি অবস্থাই প্রতুল করিবেন আর আমি পূর্ব্বে আপনকাকে নিবেদন করিয়াছি জে টাকা খরচ করিতে পারিলে এখানে হক নাহক হয় আর নাহক হক হয় ইহা পূর্ব্বে জানাইয়াছি নিবেদন মিতি সন ১২৪০ সাল তাং ২১ ফাল্গুন—

পুনশ্চ—১১০ এক সও দষ টাকা ছাড়াইবার বিসয় মহাসয় লিখিয়াছেন ইহাতে অমত করিআছে কীন্তু জদি আপনারা জামিন না লইত এবং আমাদের কথার দ্বারায় থাকীত তবে অবস্থই বিষ পঞ্চাষ ছাড়াইতে পারিতাম একেন তাহারা

জামিনদারের নিকট টাকা লইয়াছে কী প্রকার ছাড়াইতে পারি জামিনদারকে দিবার কথা কহা সে কেবল আপনাদের পরিচয় দেয়া...নিবেদনমিতি—
মহামহীম শ্রীযুত বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

॥ ৯১১ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গা

স্বরন।—

পত্যা শ্রীপরেসনাথ সম্মুখঃ—
পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চোদো মহাসএর রাজনতি নিরন্ত শ্রীশ্রী৺বাবার প্রাথনা করিতেছী তাহাতে অত্রানন্দ পরং আপনকার ২ রোজের ডাকজোগের পত্র ৪ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম ইতি—
১ দফা ৩০ ফাগুন তারিখে ডাকজোগে বেঙ্কনোট ও বরাতিদিগরে দুই সও টাকা প্রাপ্ত আর এখানকার সারেওয়ার বিস্তারিত লিখিয়াছি তাহা পোহছিয়া থাকীবেক ইতি—
২ দফা ডিগিজারি মৌখুব করার বিসয় সমুদায় দাবির জামিন ভিন্ন হইতে পারে না আপীলের মকর্দ্দমার তজবিজ হয়নের মিমিত্র রিসপাটন্টের সদর দেয়ানির আপিলের খরচা ৩৩৪ তিন সও চৌতিষ টাকার জামিন দিলে জেলাকে নতি তলব ও এতলানামার পরআনা জাইতে পারে এবং তজবিজ আমলে আইসে জামিন বেতিরেক মঞ্জুরি হয়া মির্থা জানিবেন এক্ষেনকার তজবির কেবল জামিন ইতি—
৩ দফা ক্রোরকী ও ডিগিরিজারি মৌখুব করিতে মহাসয় পারিবেন্না কারন পুরা দাবির জামিন দিতে করিব চার পাচ সও টাকা খরচ হইবেক এ কারণ লিখিতে খরচার জামিন অতি কম আপনকার জদি কেহ আত্তিয়লোক থাকে তাহার নামে জামিনি পাঠাইবেন তবে জেলাকে রুবকারি সিত্র পাঠাইব ইতি—
৪ দফা জদি আপনকার কোন আত্তিয়লোকের তালুক পত্তনি কীম্বা দরপত্তনি অওলা কেহো থাকে এবং সেই তালুক দষ হাজার টাকার বিক্রী হয় এ মত লোকের নামে জদি জামিনি সিত্র পাঠাইতে পারে তবু ঐ জামিনি মঞ্জুর করাইতে পঞ্চাষ সাট টাকা খরচ হইবেক নিবেদন মিতি—
৫ দফা শ্রীযুৎ দিননাথ সরকার মহাসয়কে বাটী বিদায় করিতে লিখিয়াছেন জত্তার্থ কীন্তু ঐ জামিনদারের বাকী ১১০ এক সও দষ টাকা জে রাহে তাহাকে আমি

প্রথম দিতেছি জে মুনিবের তরফ সাএব এখানে আছেন টাকার তার্দ্দ কী এবং সরকার ... নিকট লইয়া আটিতেছি এই খাতি জমায় জামিনদার তুক্তি আছেন সরকারের বাটী জায়া মুনিবামাত্র আমার নামে সমন করিবেক এবং এ সহরে তিলাদ্দ থাকিতে পারিব না সরকার মহাসয়কে মকর্দ্দমার তদবির কারন বাকি নাই সে নিমিত্র উকীল এবং আমি আছি ঐ টাকার এবং টাকাকড়ি জেখানে জে তদবির করিতেছি তাহার .. মতে করিতেছি তিহ এ সময় না থাকীলে আপনকার নিকট সলা আনিয়া কর্ম্ম করিতে হইলে কর্ম্ম হাসিল করা তার আদালতের কর্ম্ম কখন কী উপস্থিত হয় তাহার অন্ত নাই এ কারন দষ পাচ রোজ থাকীয়া এই সকল কর্ম্মের বন্দোবস্ত হইলে জায়ন হইলে ভাল হয় এই সকল বিবচনা করিবেন নিবেদনমিতি তাং ৫ চৈত্র—

পুনুস্চ নিবেদন এখানে দুই তিন জনা জামিনের স্থির করিয়াছি কীন্তু তাহাদের অধিক টাকার আকাঙ্খা একেন পারিবে না নিবেদনমিতি—

পরম ক[ল]আনির শ্রীযুৎ বাবু আসানন্দ সরকার মহাসয় প্রবল প্রতাপেষু—

॥ ৯১২ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

শ্রীশ্রীদুর্গাঃ

স্মরণ

পথ্য শ্রীপরেসনাথ সম্পৎং—

পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনাঞ্চোদো মহাসএর রাজলক্ষি স্থিরত নিয়ত শ্রীশ্রীস্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পরং আপনকার ১৯ রোজের পত্র ২২ রোজ শ্রীযুৎ রামকীসোর রায় মারফত পাইয়া আর ২১ রোজের ডাকজোগের পত্র ২৩ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাত্তো হইলাম ইতি—

১ দফা আপনি লিখিয়াছেন জে জেলা বিরভোম হইতে এতলানামা আসিয়াছিল কীন্তু সে এতলানামা সদর দেওয়ানি আদালতের নহে কারন আপনকার আপীলের জে সার্টিপীকীট জেলা হইতে আসিয়াছিল সে সর্টিপীকীট ২৪ পোষ তারিখে রেজিষ্ট্রি সাহেবের নি[ক]ট দরপেষ হইয়া ছয় হপ্তার মেয়াদে এতলানামার হুকুম দিয়াছেন ইতি—

২ দফা খালি মখুহত ও সয়াল ও জবাব কারন উকীল দিবার বিসয় জে লিখিয়াছেন তাহা হইবেক না কারন এ নথি মকর্দ্দমা লাবি ভিন্ন হইতে পারে না অতএব দাখিল আপনকার ওকালতনামা দাখিল করিয়া উকীল দিতে হইবেক ইতি—

৩ দফা আমার নামে জে মোক্তারনামা পাঠাইয়াছেন তাহা দাখিল করিতে পারি নাই কারন জদি ওকালতনামা তছদি করাইতে হয় সেকানে মোক্তারনামা ভিন্ন রেজষ্টর সাহেব তছদি করে না একারণ দাখিল করি নাই জানিবেন ইতি—
৪ দফা শ্রীযুৎ রেটরি সাহেবের পেষকার ঔমির মনিসি এই দুই জনার সহিত বন্দবস্তা করিবার কারন জে লিখিয়াছেন তাহাদের সহিৎ বন্দবস্তা করিয়া আটা তার কিছু ২ নগদ টাকা হস্তে লইয়া খাজিজি মিনতি করিয়া তাহাদ্দের সহিৎ সলা রাখিতে হইবেক আন্দাজ এক সও টাকার উপর ইহাতেও জদি সলা করিতে পারি তবু ...... তৎ সেওআর আর এক তত্ববির করিতেছি ঐ সাহেবের ......কোন লোক আছে তাহার কথায় অন্নথা করে না তাহার......সলা করিতে পারি তবে কোন তার্ক্ক নাই তাহার স্থির করিয়া পছাত সারেওআর লিখিব ইতি—
৫ দফা আমাদ্দের এই সার্টিপিকীট আসার পর রিষপাটণ্টেরা এক চিটী রামনগর নিবাসি শ্রীযুৎ রাধামোহন মিত্রকে লিখিয়াছিলাম ঐ মিত্র মযুকুর ঐ চিটী পাইয়া ......করিয়া ঐ সাহেবের নিকট লইয়াছে......মঞ্জুর করে না ···· ঐ সাহেবের... তত্ববির বেত্তিত.........

১১ দফা রাইপুর নিবাসীদের মোক্তার শ্রীযুৎ পবনচন্দ্র ঘোষাল আসিয়া শ্রীযুৎ রাধামোহন মিত্রর বাসায় বাসা করিয়াছেন এবং ঐ মিত্রর সহিৎ সলা পরামর্শ করিতেছেন এক্ষেন তত্ববির করিবেন একারন আমাদ্দের তত্বিরের আগে করিতে... জেমত মজ্জি হয় ইতি—

১২ দফা শ্রীযুৎ রামপ্রসাদ সিহর সারিরিক ব্যারাম কীছু বোধ হয়াতে এ মোকামে থাকীতে পারিলেন না এবং রাখিলাম না বড় মাড়ি ভয় হইয়াছে কল্লতক বাটী রওনা করিব ইহ ২ টাকা আপনকার নিকট হইতে আনিয়াছিলেন তাহার মদ্দে রাহা খরচ দব আনা করিয়া এ মোকাম আনিয়াছিলেন এ মোকামের বাসা খরচ মুদির হিসাব রোই ১। পাচ সিকা দেনা সোধ দিয়া আমার স্তানে রাহা খরচ কারন ।। আনা লইলেন জানিবেন আর সিংহ মজকুরের বাচনিক এখানকার সারেওয়ার জাতো হইআ জাহাতে সকল কম্মের সুবিতা হয় তাহা করিবেন ইতি—

... ...

... ...

১৩ দফা এত্তাপুরের বিসয় জে লিখিয়াছিলেন তদনুজায় এখানকর অনেক আমলাও ওকলায় ও মোক্তারলোক সেখানকার হকীকত অনুজাই সকলকে জিজ্ঞাসা করাতে তাহারা কহিলেন জে সদর কমিসেনর উপর গবনর সাহেব বেত্তিত আর কেহ নাই কীত দুএর কানুনের মনস মতাবক চুরত কানুনে জাহির হইতে পরে

আর আমিনের রোবদানের পর ঐ মহল বন্দবস্তা করিবার কালে এক ইস্তাহার তোমাদের নামে হইবেক জদি তোমরা বন্দবস্তা করিয়া লয় তবে অন্ন লোকে পাইবে না...কি সত্ত দষ টাকা কমি পাইবে ইহার বন্দবস্তা ......করিতে হইবেক... কোন ২ আমলায় কহে জে ওয়াসিলাতের নালিষ করিবেক তোমরা পোল বাহার টাকা ফিরিয়া পাইবার কারন শ্রীযুৎ গবনর জানরেল বাহাদুরের নিকট একেকেতা দরখাস্ত করগ্যা আন্দাজ করি পোলবাহার টাকা পাই...তাহাতেই ওআসিলাতের......সাহেব......নিকট দর... ... ...

॥ ৯১৩ ॥

পত্র (সন ১২৪০ সাল) প ১

৭শ্রীশ্রীদুর্গা

পষ্য শ্রীপরসনাথ সম্বণঃ—

পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনকোদো মহাসএর স্বাজলিক স্থিরত শ্রীশ্রী৺দ্বারায় প্রার্থনা করিতেছি তাহাতে স্বত্রানন্দ পরং আপনকার ১৮ রোজ ও ১৯ রোজ দুই রোজের ডাকজোগের পত্র ২১ রোজ পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ দিননাথ সরকারের নামস্ত ১৯ রোজের পত্রের সামিল জে ৫০ পঞ্চাষ টাকার হাপ নোট পাঠাইয়াছেন তাহা আমরা পাইয়াছি জানিবেন আপনি লিখিয়াছেন জে পুর্ব্বে আমি মহাশয়কে তদবির কারন ২০০ দুই সও টাকার কথা লিখিয়াছিলাম একেণ ৩০০ তিন সও টাকা পাঠাইতে লিখিয়াছী মহাসয় পুবরু' পত্র রিসি[ষ্ট]রুপে দরিয়াপ্ত করিলেন কী লিখিয়াছি জে সকল তদবির করিয়াছি তাহা শ্রীশ্রী৺ জানেন কারন শ্রীযুৎ রেটরি সাহেবের জমাদারের দ্বারায় ২০০ দুই সও টাকা দাজ্য করিয়া মালজামিন শ্রীযুৎ রায় মহাসয়কে দিয়াছি আর ঐ সাহেবের সেরেস্তাদার ও পেষকার এই দুই জনার সহিত দাজ্য করিয়া ১০০ এক সও টাকার মাল জামিন ঐ রায়কে দিয়াছি একেণ আমি আন্দাজ করি আপনকার সন্দেহ হইয়াছে কীন্ত আমি ঐ সকল তদবিরাত শ্রীযুৎ দিননাথ সরকার ভিন্ন হয় নাই আমি একক তদবির করি নাই আর আপনকার অজতার্থ এক পয়সা খরচ করি নাই করিব না তাহা আপনি খুব খাটী জানিবেন তবে আমলার সহিত তদবির করা তাহার কারনে জে সাহেব কীছু বিবচনায় কম আর তরফহানির আমলাদের সহিত লাগাও হইয়াছিল আর ঘরভেদি জে রাবন নষ্ট হইয়াছে এ কারণ তাহাদের সহিৎ বন্দবস্তা করিয়া জামিন দিয়াছি ঐ সকল বন্দবস্তার টাকা না দেওয়াতে অসভ্রম হইতেছী টাকা কোনমতে ছারিবেক না এবং তাবৎ কর্ম্মের খলল হইতেছে

মহাশয় ডিগিরিজারির জর্ন্ন আজ উত্তবিষ্ণ কেন হইতে হইবেক ঐ সকল টাকা পাঠাইলে এত দিবস তদবির করিয়া ডিগিজারি মৌখুবের পরআনা পাঠাইতাম তাহাদের বন্দবস্তার বেবাক টাকা না দিলে কোন কন্ম হইবেক না প্রথমত বন্দবস্তার টাকা দিতে গেলে ভেতো হয়া ভাল নহে কারন আর আমাদের কথায় কেহ বিশ্যাষ করিবেক না এবং জে জামিন........ সে এমত গোলজোগ শুনিলে কথার দারায় কোন ....মানিবেক না ইহার বিবচনা করিবেন জামিনের বিষয় ....এখানে নাই তাহাকে আসিবার কারন ডাকযোগে.........পাঠাইব কীন্ত তিহ আপন জায়দাদের ফর্দ্দ.........নম্বর আমাকে দিয়া গিয়াছেন জামিনের... ....করিবে না জামিন একপ্রকার স্থির করিয়া........ টাকা সিঘ্র পাঠাইবেন কোনমতে গল[জোগ].........দির্গে কম্ম ত্যাগ করিয়া কলিকাতা.........কারন জামিন্দার মযুকুর আমা[দের]........... হইবেক.........ফালগুন

॥ ৯১৪ ॥

একরারনামা (সন ১২৪০ সাল) প ১

৫৯ নং—[পার্সীতে লিখিত]

... ...

... ...

একরারনামা বনাম আশানন্দ সরকার আপীলন্ট সাকীম বক্লল সামিল থানা কশবা মতালক জেলা বিরভোম ... ... জে সন ১৮৩৩ সালের ৪৮৪ নম্বরের ফয়শলায় নারাজ হইয়া এই আদালতে এককিত্তা সদর পাঠাইবার কারন সদর মজকুরের আফিলের দরখাস্ত এই আদালতে উকীল ত্রৈলক্যনাথ মখুপাধ্যায় আপন উকালতিতে দাখিল করে তাহার পর সদর দেওানীর রেজেষ্টর সাহেবের চিটীর হুকুম মতাবক জে তোমার দরখাস্ত মাত্র ফয়শালা সন ১৮৩৩ সালের ২৮ নম্বরে সদর দেওানী সাহেবানের নিকট পাঠাইয়া জে তোমাদীর্গে এত্তলা দেওা জাইতেছে জে এই এত্তলা পাইবার তারিখ হইতে ছয় হপ্তার মদ্ধে কলীকাতার সদর দেওানীতে হাজীর হইয়া আপন মকর্দ্দমার তদবির করহ জদী ঐ মেআদ মদ্ধে তদাবির না করহ তবে তোমার উপর অগ্যাহ্য হইয়া মকর্দ্দমা ডিসমিষ হইবে ইহাতে তাগীদ জানিবা ইতি সন ১৮৩৩ সাল তা—২৮ নম্বর—
[ব—লিখিতং শ্রীআশানন্দ সরকার কস্য একরারপত্র মিদং কার্য্যাঞ্চাগে এই এত্তালানামা নাজীরের তরফ ২৭ নং হরপর ... পেয়াদা মারফত পাইয়া একরার লিখিয়া দিলেম]

শ্রীআশানন্দ সরকার
সাং বক্লী
তৌ— ২৮ দিজম্বর
হা— ২৭ নং হরপব
বে— ৮ রোজ

মেআদ মৰ্দ্দে সদর দেওানী কাছারিতে হাজীর হইয়া আপন মকর্দ্দমা তদবিরাত করিব এতদাথে একরারপত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৪০ সাল—১৭ পোষ—

ইসাদী—

শ্রীরামমোহন চাটুর্য্যা শ্রীহরিপ্রসাদ সীং

সাং মরুলী সাং নওাদা

॥ ৯১৫ ॥

হুকুমনামা (সন ১২৪০ সাল) প. ১

৺শ্রীশ্রীদুর্গা—

সহায়—

... ...
মহর মনশফি
থানা কসবা
জেলা বিরভূম
১৮৩২

হরিনারায়ন মিত্র
মুনসেফ থানা কসবা
মোং সিআন

২৭১ নং সন ১৮৩৩।—

খোলাসা ডিকরি আদালত দেওানী কাছারি মোনছবি এলাকা থানা কসবা মোকাম সীআন মতালক জেলা বিরভূম তজবিজ শ্রীহরিনারায়ন মিত্র মোনমুফ মোকাম মজকুর সন ১৮৩৩ তারিখ— ১৬ যুলাই মং সন ১২৪০ সাল তারিখ— ২ শ্রাবন—

ফরিয়াদী—
৺রূচরন সরকার
ও রামচন্দ্র সরকার
ও রামকুমার সরকার
ও রামতনু সরকার
ও নবকীসোর সরকার
ও মিরসীংহ রায়
তালুকদার মৌজে সনসত
পরগনে বারবক সীংহ।—

আসামি—
মির ডিকু—
সাং সনসত
পং বারবক সীংহ—

দাবি ৩৩৮/১০ টাকার
খাজানা বাকী বাবত—

অদ্য মিছীল রোবকার ওক্তে ফরিয়াদীয়ানের উকীল মুনশী মজহরুদ্দীন ও আসামির উকীল রাম্চন্দ্র মুখোপাধ্যায় ও গোপীনাথ মিত্র হাজীর আরজী ১ নং ফৈরাদীআনের ওকালতনামা ২ নং ইয়ানামনামা মায় পরহাজারিপত্র ২ কেতা ৩ নং ইস্তাহার মায় রসীদ ২ কেতা ৪ নং আসামির ওকালতনামা ২ কিত্তা ৫ নং জওাব ৬ নং জওাবল জওাব ৭ নং সন হাল ২৫ আপরেল তারিখের রোবকারি ১ বন্দ ৮ নং ও ৭ মাই তারিখের রোবকারি ১ কেতা ৯ নং আসামির সাইদানের ইসমনবিসী ১০ নং আসামির দাখিলী রশীদ মায় ফিরিস্তী ৫ কেতা ১১ নং সন মজকুর ১৩ মাই তারিখের রোবকারি ১ কেতা ১২ নং ফৈরাদীর সাইদানের ইসমনবিসী ১৩ নং ফৈরাদীর দাখিলী হিসাব ১৪ নং ফৈরাদীর সাইদান তলবি সাকিনা ১৫ নং ফৈরাদীআনের নং ১ সাইদের জোবানবন্দী ২ বন্দ ১৬ নং ও নং ২ সাইদের জোবানবন্দী ২ বন্দ ১৭ নং ও নং ৩ সাইদের জোবানবন্দী ১ বন্দ ১৮ নং আসামির সাইদান তলবি সালীনা ২ কেতা ১৯ নং সন মজকুর ১৩ যুলাই তারিখের রোবকারি ১ কেতা ২০ নং ও ১৫ যুলাই তারিখের রোবকারি ১ কেতা ২১ নং ইমফয়সালী রোবকারি ২ বন্দ ২২ নং মিছীলের এই সকল কাগজাত দীষ্টে বোধ হইল জে এই মোকদ্দমায় ফরিয়াদীয়ান সন ১৮৩২ সালের ১২ দীজম্বর তারিখ নালীষ করিবাতে মোকদ্দমা মজকুর তোরফেয়ানের উকীলের মোকাবেলায় সন হাল ২৫ আপরেল তারিখ রোবকারে তোরফেয়ানের উকীলের স্থানে সাবুত ইসবাত তলব হওায় ৭ মাই তারিখ আসামির উকীলান সন ১২৩৬ সালের মোতে সনসত্তের ধনকৃষ্ণ কোঙর বকলম হাসামদ্দীন চৌধুরি. গোমস্তার দস্তখতি ইজাহারে ৬৪।।৵১৮ টাকা মালগুজারি আদাএর রশীদ এককেত্তা ও সন ১২৩৭ সালের ধনকৃষ্ণ কোঙর গোমস্তার দস্তখতি ২৩৶৬ টাকার রশীদ এককেত্তা ও ঐ সনের ১৫।।৵১৬ টাকার রসীদ এককেত্তা ও সন ১২৩৮ সালের হরেকৃষ্ণ চৌধরি গোমস্তার দস্তখতি ইজাহার ১৯৵।। টাকার রসীদ একাকেত্তা বিমজীম ফিরিস্তী চারিকেত্তা রশীদ ও ৬ জন সাক্ষির ইসমনবিসী ও ফরিয়াদীয়ানের উকীল ১৩ মাই তারিখ সন ১২৩৯ সালের ৫ বৈসাখের লিখিত আসামির দস্তখতি ইজাহার হিসাব এক ফর্দ্দ ও ১১ জন সাক্ষির ইসমনবিসী দাখিল করায়. মতাবক জাবতা তোরফেয়ানের তরফ সকীনাজারি হওায় ফরিয়াদীর তরফ নং ১।২।৩ সাইদের জোবানবন্দী তহ্‌কীক হয় . পরে আসামি পেয়াদার রোজ দাখিল করিয়া সকীনাজারি না করাইবাতে সকীলা জরজারিতে নথী সামীল থাকে মাত্র—

ফরিয়াদীআনের আরজী খোলাসা এই যে ফরিয়াদীআনের তালুক মৌজে সনসতের আসামি মজকুরের দখলী জমিন ৪৫৸৫৭১১ বিঘার কাত জমা ৫৫ টাকা ও পুষ্করী টাকা ॥ আনা একুন ৫৫॥ টাকার আসামির কনেষ্ট ভ্রাতা মির নইমের হিষ্যার জমি ১৫/১৭১২ বিঘার কাত জমা ২১৸/ টাকা ও মির মেহবের হিষ্যার জমা ২১৸/ টাকা সেওায় আসামির জমা ২১৸৶ টাকার সন ১২৩৮ সালের বাকী ২৬৸৵৫ টাকা একুন ৪৮৸৫ টাকা ও সুদ ২/ টাকা হায় ৫০৸/৫ টাকা ও ওজন কমি।১৫ আনা একুন ৫১৶ টাকার উসুলই তক মুন্সল নাগাদী সন ১২৩৯ সালের ৫ বৈসাখ তক ১১।/০১৭॥ টাকা বাদে বাকী ৩১৸২॥ টাকার হিসাবে দস্তখত করিয়া দীয়া টাকা আদায় না করায় ঐ টাকার সুদ ইস্তক হিসাবের তারিখ নাগাদী সন ১২৩৯ সাল কাত্তিক মাহা তক ২৭৭॥ টাকা একুন ৩৩৸/১০ টাকা পাওনা আদায় না … আদাএর তারিখ তক সুদ সমেত পাইবার প্রার্থনায় সালীষ করে মাত্র।—

আসামী মজকুর আপন জবাবে ফরিয়াদীর লিখিত হিসাবে দস্তখত করিয়া দেওা মোনকীর হইয়া আপন দখলী জমিনের জমা ২১৸/ টাকা মান্দবজে সন ২ বেবাক টাকা ও সন ১২৩৮ সালের ঐ জমা ২১৸/ টাকা আদায় করা ও তাহার ১১৸/১৭॥ টাকার রসীদ পাওা সেওায় ২৷৶২॥ টাকার রসীদ না পাওা লেখে মাত্র—

জওাবল জওাবের খোলাসা এইজে আসামির দখলী জমিন ১৫/১৭১২ বিঘার কাত জমা ২১৸৶ টাকা আর মোট জমি ৪৮/৪৭১৬ বিঘা কীত্ত দস্তখতি হিসাবের টীকা.হী থাকায় ৪৬৸৩৭১৬ বিঘা আরজীতে লেখা জায় আর আসামি মজকুর বাদ নালীষ ঐ বাকার কীস্তীবন্দী লিখিয়া দীতে চাহিয়াছীল মাত্র—

রদ্দ'জওাব দাখিল করে না মাত্র—

ফরিয়াদীর তরফ নং ১ সাদে সেখ নকরদ্দীন বাহনক জাহেরকার আসামি মজকুর সন, ১২৩৯ সালের বৈসাখ মাহায় মৌজে সনসন্তের আপন জমার খাজনার বাকী ৩১ টাকা কএক আনার হিসাবে দস্তখত করিয়াছিল তাহাতে আমি সাক্ষি হইয়াছিলাম আর হিসাব দীষ্ট করিয়া কহে এই হিসাব আসামি লিখিয়া দেওা বটে ইতি—

নং ২ সাইদ রাজকীসোর সৌ নং ১ সাইদের ইজাহার মতাবক বাইনক জোবানবন্দী দেয় কেবল হিসাব তহকীক করে না—

নং ৩ সাইদ লক্ষন গোপ নং ২ সাইদের ইজাহার মতাবক বাইনক ইজাহার দেয় মাত্র—

ইজ্লাস তজবিজ মিছীলের কাগজাত ও ফরিয়াদীর দরপেশী হিসাব ও মোওাহালের জোবানবন্দী মোনাহেজায় জানা গেল যে আসামির জমার খাজানার উয়ূল বাদে বাকী ৩১৮২৷৷ টাকা হিসাবে আসামি মঞ্জুরের দস্তখত করিয়া দেওা সাফ প্রমান ইহায় আসামি মঞ্জুর যে ৪ চারি কেত্তা রসীদ দরপেষ করে তাহা দস্তখতি হিসাবের পুর্ব্বকার অতএব ঐ রসীদায় তজা দস্তখতি হিসাবের পর উয়ূল মিলাহ পাইতে পারে না অতএব আসামির ওজরাত অগ্রাহ্য হইয়া ফরিদীয়ানের দাবি আসামির দেনওয়ালায় একারন হুকুম হইল—

যে মোকর্দ্দমা ডিকরি ফরিয়াদীয়ান দাবি যায় আদালতের খরচা নিচের তপসীল মত ও আদাএর তারিখ তক য়ূদ আসামি মঞ্জুরের স্থানে পাইবেক ইতি—

দাবি— ৩৩৮/১০

তরফ ফৈরাদী— তপসীল খরচা— তজা আসামি—

আয়মা কাগজের দাম— ৪৲

উকীল খরচ— ১৷৷৵৮

সফীনা পেয়াদার

মেয়াদা— ৷৷/ উকীল খরচ— ১৷৷৵৮

সাক্ষির খোরাকী— ৶০ মং এক টাকা দষ আনা আট গণ্ডা মাত্র—

৬৷৵৮

৪০৶১৮

মং চল্লীষ টাকা তিন আনা আটস গণ্ডা মাত্র—

॥ নির্ঘণ্ট ॥

(শব্দকোষ)

॥ অ ॥

অওদা/ওআদা—(আ) প্রতিশ্রুতি, অঙ্গীকার।

অকর্ত্তব্ব - অকর্তব্য।

অজহত/অজুহাত—(আ) কারণ, অছিলা।

অজবর—(আ ইজবার) বলপূর্বক, জোর করে।

অজির—(আ) মজুর, অর্থের বিনিময়ে নিযুক্ত মজুর।

অপাকের ব্যামহ—বদহজম, অজীর্ণজনিত রোগ।

অমৃতি—অমিত্তি (অমত্র) গলা সরু জলাধার তৈজস পাত্র বিঃ।

অষল সনন্দ—আসল সনন্দ।

অষ্য পোনবাহা বাবুদী—(অসা) এই পণ বাবদে।

॥ আ ॥

আইন মোতাবেক—(আ) আইন অনুযায়ী।

আএমা—(আ) মুসলমান নবাবদের প্রদত্ত পুরস্কার বা বৃত্তি স্বরূপ নিষ্কর ভূমি।

আকছর/আকছার - (আ) হামেশা, প্রায়ই।

আকীঞ্চনা—অকিঞ্চন, দীনতা।

আখেজ—(আ) বিরোধিতা; বিদ্বেষ; বিবাদ। চলতি 'আড়ি আকজ'।

আখেরি—(আ) শেষ।

আজীমামত—(আ) নথিভুক্ত নয় এমন কাগজ; আইনের দৃষ্টিতে বাজে কাগজ।

আজেহার—এজাহার (Statement)।

আঞ্জাম—(ফা) নির্বাহ, সরবরাহ।

আটপ্রহরী—অষ্টপ্রহর ধরে, দিবারাত্র।

আটবাঁকু—আট প্যাঁচের গহনা বিঃ।

আণ্ডাআণ্ডলা—ডিম সরবরাহকারী।

আত্তহলোক—আত্মীয় ব্যক্তি।

আদত—(আ) মূল।

আন—(ফা) সে।

আনামত/আলামত—(আ) চিহ্ন।

আপথরা—(আবখরা) পাত্র বিঃ।

আপরিল—এপ্রিল (ইং মাস) April।

আপ্রনি—আপনি।

আপেস তবদুদ—পরস্পর পরিশ্রম, চেষ্টা।

আপ্ত—আত্ম, আপনার, আত্মীয়।

আপ্ত/ইয়াপ্ত—(ফা) পাওয়া।

আবকাই—(ইবকা আ) স্থায়ী।

আমলনামা—(আ) অধিকারপত্র।

আমলালোক—(ফা) কর্মচারী।

আমীন—(আ) রাজস্ব বিভাগের কর্মচারী; জরিপকারী।

আম নাযিবেক—আম পাকবে।

আয়হাল—(আ) অবস্থা।

আরজি—(আ) নিবেদন, অনুরোধ।

আরাজিয়াত—(আ) আরজি মতে।

আলতমগা—রাজকীয় মোহর।

আলত মগাকি জায়গীর—রাজকীয় আদেশনামায় দেওয়া ভূমি।

আমাল—(হি) ধনী।

আশনাই—(ফা) ভালোবাসা; অবৈধ প্রণয়।

আশীডেন্ট -রেসিডেন্ট।

আশী হাতের রশী—৮০ হাত পরিমিত মাপের চেন, শিকল বা দড়ি।

আসলি—(আ) আসল, খাঁটি।

আসার—(আ) সহি, স্বাক্ষর।

আসামীহায়/আন— (আ) আসামীর নাম বা বিষয় সমূহ।

॥ ই ॥

ইজ্জত আসার—(আ) মর্যাদা চিহ্নাঙ্কিত, সম্মানীয়।

ইজ্জল মিছিল রুবকার ভুক্ত— আদালতে পেশ করা কাগজ।

ইজারা—(আ, ফা) ঠিকা : নির্দিষ্ট খাজানার জমি বা অন্য কোন অধিকার পত্তন।

ইজাদার—(আ, ফা) ঠিকাদার।

ইটা—ইঁট।

ইনটর মেডিয়ট মটেসন—(মেয়াদী পঞ্চশালা) Inter Mediate / Mutation।

ইনফয়শলি—(আ) মীমাংসা।

ইনাম—(আ) পুরস্কার।

ইবনে (আ) পুত্র।

ইয়াদীকীর্দ—(ফা) স্মারকপত্র।

ইয়ামে—(আ) দীর্ঘকাল।

ইরসাল—(আ) প্রেরিত খাজানা, সরবরাহ।

ইষ্টাম্প/ইষ্টাম্বর কাগজ—টিকিট মূল্যের কাগজ।

ইসমনবিশী—(ফা) নামের তালিকা।

ইসাদ/ইসাদী- (আ) সাক্ষী।

ইস্তক—(হি) এই পর্যন্ত।

ইস্তফা- (আ) পদত্যাগ।

ইস্তাইন দস্তখত—স্থায়ী স্বাক্ষর।

ইস্তাহারনামা—(আ) লিখিত ঘোষণা; বিজ্ঞাপন।

॥ উ ॥

উচ্চ মূলের—উচ্চ মূল্যের।

উজন—ওজন।

উজারি জমী—ভাড়া করা জমি।

উকস্থিত—উপস্থিত।

উম্মেদওয়ার—(ফা) আশান্বিত, প্রার্থী (Candidate)

উরফে/ওরফে—(আ) ডাকনাম, নামান্তরে।

উলদে—(আ) পুত্র।

উলিজমা—(আ) সংগ্রহ প্রাপ্ত জমা।

উস্মাকেমে—ক্রুদ্ধ হয়ে, কুপিত হয়ে।

॥ এ ॥

এওজ (আ) পরিবর্ত।

এওয়াজা—ঐ অংশ।

এরাসীল—(আ) জামিন।

একটীং—কর্মরত (acting)।
একজাই (ফা) একত্র, মোট হিসাব।
একযানে—একবারে।
একমেড়া—প্রথমবারের মাড়াই করা
ধান্য ইঃ।
একরারনামা -(আ) স্বীকার ; কবুলতিপত্র
একামতনামা—অবস্থানের অনুমোদন।
একুন—[একু-মিলিত ; (মারাঠি) একুন,-ন]
সমষ্টি ; যোগ ; একীকরণ।
একোয়ালজমি--মোট জমি বা একত্র
করা জমি।
একসফিলা—একজিমা জাতীয় ছোঁয়াচে
রোগ বিঃ।
এজমালি—(আ) সমান অধিকারযুক্ত।
এজলাস—(আ) আদালত।
এতমামদার—(আ) বন্দবস্তকারী।
এত্তালা—(আ) বিজ্ঞাপন ; খবর।
এবাদার/এরাদার—(আ) মতলব।
এলাকা—(আ) সীমানা, পরিধি।

॥ ঐ ॥

ঐওজ—দ্র এওজ।

॥ ও ॥

ওক্ত—(আ) সময় ; নির্দিষ্ট কাল।
ওগয়রহ—(আ) ইত্যাদি ; প্রভৃতি।
ওপরোধে/উপরোধে—সনির্বন্ধ
অনুরোধে, সুপারিশ
ওয়াকিপ—(আ) অবগত, অভিজ্ঞ, দক্ষ
ওয়াজিবি—(আ) ন্যায়সঙ্গত ; ঠিক।
ওয়াদা—(আ) অঙ্গীকার; প্রতিশ্রুতি।
ওয়ারিশান—(আ) উত্তরাধিকার।
ওয়াশীল—(আ) ভূসম্পত্তির আয় অথবা
লভ্যাংশ, মুনফা।
ওলদে—(আ) পুত্র।
ওমুল—(আ) উসুল, গ্রহণ, আদায়।
ওসআস—(আ) ভয়, সন্দেহ।

॥ ক ॥

কওালা—(ফা) অঙ্গীকারপত্র, চুক্তিপত্র
কটকিনা—কঠিন নিয়ম, বাঁধাবাঁধি
কটকীনাদার—স্বল্প মেয়াদী পাট্টাদার
কণ্টকিপথ—(রাজপথ ; যে পথে নিরাপত্তা থাকে ; রাজপথ কান্টার দ্রঃ চ. প. মতান্তরে কাণ্ডারীপথ অর্থাৎ জলপথ (?)
কবুল—(আ) অঙ্গীকার, স্বীকার।
কবিলা—(আ) স্ত্রী।
কবুলতি—দ্র কওালা।
কমিসনারি—আদালতের জজ (Commissioner)।
কমী—অপ্রচুর, বাদ,
কয়েদ—(আ) জেল, কারা, ফটক,
কর্ণভূষণ—অলংকার বিঃ
কষম—(আ) শপথ
কসুর—(আ) ত্রুটি, খুঁত, ভুল
কাএম—(আ) দৃঢ়
কাগজাত—(আ) কাগজ
কাঞ্চনথাল—ঢালু ঢেউ খেলানো ও চওড়া কানাযুক্ত কাঁসার থাল বিঃ।
কাত—পরিমাণ, দফা।
কানুমত—(আ) আইন অনুসারে।
কাবেজ—(আ) আয়ত্ত, করতলগত; দখল
কামিতাঁতি—কর্মে নিযুক্ত তাঁতি।
কারকুন—(ফা) জমিদারী দপ্তরের নথিরক্ষক।
কালক্কালাও—কালেকালে অর্থাৎ কোনও সময়ে।
কিফাইত—(আ) সস্তা; লাভ; দরকার মতো পাওয়া।
কিসমত- (আ) খণ্ড। দুই জমিদারের উভয় তালুকের অধীন জমি।
কিতা/কীতা—(আ) ভূমিখণ্ড।
কীম্মত (ফা) দাম; মূল্য
কুত—(আকুত-অভিপ্রায়, হি কুত) আনুমানিক সংখ্যা, মূল্য, পরিমাণ
কুম্পানী দস্তুর—গভর্ণমেন্ট দস্তুর—(ফা) প্রথা, নিয়ম (ইস্ট ইণ্ডিয়া কোম্পানির আইন অনুযায়ী)
কুশাৱী/কুশারী—রাঢ়ীয় শাণ্ডিল্যগোত্রের ব্রাহ্মণের উপাধি বিঃ
কোটাল/(কোষ্ঠপাল,ফা কোটবাল) নগররক্ষক।
কোনকার/খোনকার—কৃষক ; মুসলমান উপাধি।
কোরাগড়া—আধোয়া মাড়যুক্ত গড়াকাপড়।
কোরক—(তু, কুর্ক্) ক্রোক, আটক সম্পত্তি

॥ খ ॥

খতরা—(আ) বিপদ, ভয়।
খপর—(আ) খবর।
খয়রাত—(আ)সুখ স্বাচ্ছন্দ, দান, বিতরণ।
খরিদাবল—(ফা) ক্রেতা
খলিফা—(আ) খলিফা, উত্তরাধিকারী।
খসারা/খসারা—(আ) ক্ষতি।
খাড়াখাড়া—শীঘ্র।
খাড়ু—করভূষণ, কঙ্কণ বিঃ

খানসামা—(ফা) রন্ধন ব্যবস্থাপক ।

খারিজ—(আ) বাতিল, বাহির ।

খালাসী—(আ) দায়মুক্ত, রেহাই

খিরকীচ—গোলমাল

খুটের কাগজ—ভূমিসংক্রান্ত কাগজ (?) ।

খেজমতে/খেদমতে—(আ) সেবা ।

খেরাজি—(আ) খাজানা যুক্ত ।

খেসারত—(আ) ক্ষতিপূরণ

খোসবাস—(ফা) খুশি ।

॥ গ ॥

গং—গয়রহ এর সংক্ষেপ

গড়াকাপড়—মোটা থান, বস্ত্র বা
বুনানি বিঃ লেপ তোষকের
খোলের কাপড় ।

গছান—অনিচ্ছা সত্ত্বেও গ্রহণ করানো

গয়রহ—(আ) ইত্যাদি, প্রভৃতি

গরদীহ—(আ) পরিবর্তন, প্রতিকূলভাগ্য—

গরিব পরবর সেলামত—(আ, ফা)
দরিদ্রপালকের প্রতি সবিনয়
সালাম নিবেদন ।

গলন—গলে নষ্ট হওয়া, দ্রব হওয়া

গাঞ্জ—(ফা) ধনাধ্যক্ষ । গাজ্জ—গ্রাহ্য-
বোধগম্য

গট্যা—.গাট্টু, বোমরের । গহনা বিঃ

গাফেলি—(আ) অবহেলা ।

গিরদী—(ফা) ফসলের হিসাব ।

গিরিন্দী—(ফা) সংগ্রহ ।

গুজরান—(ফা) পেশা, জীবিকা ।

গুজরা—দৈনিক জীবিকা নির্বাহের বা
গুজরানের জন্য প্রদত্ত ভূমি । দ্র
দেবত্র

গুঃ/গুজস্তা—(ফা) অতীত, ভূত ।

গ্রাত—জ্ঞাত

॥ ঘ ॥

ঘরজালানি—গৃহে অগ্নি সংযোগ করণ ।

ঘুটিজ—পাথর বিঃ যা থেকে চুন তৈরি হয়

॥ চ ॥

চক—চতুষ্কোনক্ষেত্র ; জমিদারির অধীনে
গ্রাম বা গ্রাম সমষ্টি

চক—(ফা) বিচারকের লিখিত ভাষণ,
দলিল

চকনামা—(চক+নামহ্) গ্রামের চকের
জমি সমূহের ফর্দ ।

চর্ত্তাগর্ত্ত—চওড়া গর্ত

চতুর্ব্বেদোক্ত—চারি বেদে কথিত

চাকরানজমি—(ফা) বেতনের পরিবর্তে
প্রদত্ত ভূমি ।

চাকলে—(ফা) পরগণা সমষ্টি ।

চারিমূরে—চারিদিকে ।

চালু—চাউল, চাল । (হি) প্রচলিত

চাষ বিত্রী—চাষ বা কৃষিকাজই জীবিকা ।

চিটা—ফর্দ, চিরকুট

চোওাড়—প্রাচীন কালের জাতি বিঃ
(অশ্লীল গালি 'গালচোওারি' দ্র
যা পূর্বে এদের মধ্যে হতে
বারমেসে অর্থাৎ বাঁধা 'কুবার'
নিযুক্ত করা হত ।

চৌধুরি—চতুর্ধুরীন—প্রধান, মোড়ল
উপাধি বিঃ ।

।। ছ ।।

ছর্প—ছাউনি

ছাওাল—শিশু সন্তান, ছেলে

ছিটায় করে—চিত্রময় করে, বাঁশের বা কাঠের কাঠামো, চাল বেতের বুনানি দ্বারা নানা আকৃতিতে চিত্রিত করে (ছিটে যাওয়া —কার্যক্ষম হওয়া)—দ রা

ছানি—(আ) মোকদ্দমার পুনর্বিচারের জন্য আবেদন।

।। জ ।।

জওাব—(আ) উত্তর

জড়খরিদগি—(কা) ক্রীত সম্পত্তি

জত্রটং—যে টাকা

জব্দজমী—(আ)বাজেয়াপ্তী জমী

জমুলা—(আ) মোট

জয়ত্তী/জয়ত্রী—জাতিপত্র; জায়ফলের ছাল বি, mace (মসলা)

জরিপ—(আ) জমির আয়তন ; মাপ

জরুর—(আ) দরকার আবশ্যক

জলহরি—জলাশয় নদী ইঃ র খাজানা

জলহরি—(জলভরিক) সংসারে প্রতিদিনের ব্যবহারের যোগ্য গৃহ পার্শ্বস্থ জলাশয় খিড়কী পুকুর।

জলহাপা—ছোট কূপ বা কুণ্ড বিঃ (?)

জযুরে—যশোরের উৎপন্ন

জহত—(কা) জন্য, নিমিত্ত

জাবেতা/জাবেদা--(আ) দৈনিক হিসাবের খাতা

জামিন—(আ) একের পক্ষে দায় স্বীকার

জালকর—জেলেদের নিকট প্রাপ্ত রাজস্ব।

জাহির—(আ) সুস্পষ্ট; খ্যাত; প্রকাশিত

জিবন্তমান--জীবদ্দশায়

জিজির (জিঞ্জির)--ঘুঙুর বাঁধা কোমর বন্ধ বা কটিভূষণ।

জিলা—(আ) জেলা

জিলান—জিবন্ত অবস্থায় অন্য জলাশয়ে স্থানান্তরিত।

জুনাবে--(আ) মান্য ব্যক্তির সম্বোধন, মহাশয়।

জেয়াদা--(আ) অধিক, বেশী।

জেম্বা—(আ) তত্ত্বাবধান, দায়িত্ব, হেপাজৎ

জোলজমি--বৃহৎ জলোজমি, রসাল উর্ব্বর জমি।

॥ ঝ ॥

ঝুট/ঝুটা--(হি) মিথ্যা

ঝারি—জলপাত্র বিঃ ভৃঙ্গার, গাড়ু

ঝিল—(হি) বড় জলাশয় বিল।

ঝোক—(হি) প্রবণতা

॥ ট ॥

টাড়--তাড়বালা

টুকুনা--কাসীর নির্মিত ঘটি বিঃ

॥ ঠ ॥

ঠক—প্রতারক

ঠাহর—দৃষ্টি, উপলব্ধি

ঠাহরিতে—জানতে বা উপলব্ধি করতে জাছে।

॥ ড ॥

ডহর—দহ, গর্ত। রাঢ়দেশে গোচরভূমি, অনাবাদী স্থান

ডাবর—বড় বাটি, গামলা

ডুরিয়া/ডুলিয়া—ডুলিবাহক, কাহার (?)

ডৌল—(আ) দৌল-সম্পত্তি, হি ডৌল-আকার, প্রকার, ব্যবস্থা ইং dole -আশ্রিত বা আর্তে সাময়িক দান)

॥ ত ॥

তকরার—(ফা) বিবাদ, ঝগড়া,বচসা

তকসিম—(আ) বিভাগ, ভাগ বাঁটোয়ারা

তকশীর—(আ) অপরাধ, দোষ

তঙ্কা—টাকা

তছরূপ—(আ) অধিকার, আত্মসাৎ

তজবিজ—(আ) তদন্ত, অনুসন্ধান

তপশীল—(আ) বিস্তারিত বিবরণ, বিভাগ, বণ্টন

তফাওত—(আ) ব্যবধান, পার্থক্য

তবদুদ/তরদুদ—(আ) চেষ্টা, পরিশ্রম

তবিয়ত—(আ) স্বাস্থ্য, মেজাজ

তমযুক—(আ) ঋণপত্র

তম্বু/তম্বি—(আ) তর্জন, ভৎসনা, জুলুম

তলব—(আ) উপস্থিত হবার নির্দেশ, বেতন

তহকিক—(আ) সত্য নির্ধারণ, মিলিয়ে দেখা।

তহবিল—(আ) ভাণ্ডার

তহশীল—(আ) রাজস্ব আদায়

তাইন—(আ) নিয়োগ

তাকিদ—(আ) জোর দিয়ে বলা।

তাগদগিরি—(আ) বার বার চাওয়া বা মনে করিয়ে দেওয়ার কর্ম

তাতমরা—রৌদ্রতাপে নষ্ট হওয়া

তাবৎ—সমুদায়, সেই সমস্ত

তামাম—(আ) সমস্ত, সম্পূর্ণ।

তালাব—(হি) পুকুর

তালুক—(আ) বন্দবস্ত দেওয়া জমি

তাহত/তাহুত—(আ) অঙ্গীকার, রাজস্ব সম্বন্ধীয় স্বীকৃতি।

তেজারতি—(ফা) ঋণ দেওয়ার ব্যাবসা, কুসীদ ব্যবহার

তেরিজ—[গণিত] অঙ্ক-যোগ, সংকলন

তেলানি—(তেলাধনী) মাটির ছোট হাড়ি বিঃ

তোলানি—(আ) দীর্ঘাভাস

॥ থ ॥

থান্দার—থানদার, দারোগা

॥ দ ॥

দং—দরুন

দএম—(আ) স্থায়ী

দখল—(আ) হস্তক্ষেপ, অধিকার

দফা/দফাওরি—(আ+ফা) দফায় দফায়

দফাদার—(আ+ফা) নিম্নশ্রেণী ভুক্ত পাহারাদার

দর—(ফা) অধীন

দরজবাব—(ফা) উত্তর

দরপত্তনি—(ফা) পত্তনির অধীন পত্তনি

দরপেশ—(ফা) সম্মুখে

দরবস্ত—(ফা) সমগ্র. সম্পূর্ণ
দরমাহা—(ফা) মাসিক বৃত্তি বা বেতন
দরি—(ফা) অধীন
দরিআপ্ত—(ফা) অনুসন্ধান, বিবেচনা তদন্ত
দস্ত—(ফা) হাত
দস্তখত (ফা) হস্তাক্ষর
দস্তবদস্ত (ফা) হাতেহাতে
দস্তবিজ/বেজ (ফা) দলিল. লিখিত অঙ্গীকৃতি
দাএগেস্ত—দায়গ্রস্ত
দাওা—(আ) দাবী
দাখিলা—(আ) হিসাবপত্রের মধ্যে উল্লেখ
দাদন (ফা) ঋণ হিসাব অগ্রিম দেওয়া
দাদে (ফা) দেওয়া
দালাল—(আ) ক্রয় বিক্রয়ের যোগাযোগকারী
দাস্ত (ফা) মলত্যাগ, ভেদ। দুরস্ত (?)
দিগর—প্রভৃতি, ইত্যাদি।
দিজম্বর—ডিসেম্বর (December)
দিনেমার—ডেনমার্ক
দিনার/দিলার জদজমি—বান্ধেআপ্ত জমীর বিলি ব্যবস্থা
দুআক্রোশ—দুই ক্রোশ
দুনাপণ—দ্বিগুন মূল্য
দোরা—ভ্রমণ, ছোটাছুটি
দো— (দ্বি) দুই ফসলের জমি

॥ ধ ॥

ধনুআন/আল—পেয়াদা (?)
ধেম্বু পরমান—ধেনু প্রমাণ

॥ ন ॥

নও—(নব) নতুন : চতুর্থ বা সেজর পরবর্তী ব্যক্তি।
নওাজিমা—(আ) প্রয়োজনীয় জিনিসপত্র
নজর—(আ)সম্মানিত ব্যক্তিকে উপহার
নদীসিকস্ত—(ফা) নদীর ভাঙন।
নবাব গবনর জানরেল—Governor General
নমূদার—(ফা) প্রকাশ্য
নহা জরিপ—নতুন জরিপ।
নাএব—(আ) জমিদারী সেরেস্তার কর্মী।
নাচার—(ফা) অসহায়
নাজাই—অনাদায়ী, বে কৈফিয়ৎ
নাজীর—(আ) আদালতের কর্মচারী
নালায়েক—(আ) অপদার্থ ; অনুপযুক্ত (ফা) অযোগ্য ; নাবালক
নালিষ—(ফা) অভিযোগ
নাহক—(ফা) অকারণ, অসত্য
নিদর্শন—দৃষ্টান্ত, প্রমাণ, চিহ্নলিখন
নিমরাজী—(ফা) আধারাজী
নিমিত্তে ঠাহরিয়ে—প্রয়োজন উপলব্ধি করে
নিরীখ—(ফা) দর, হার
নিরীখনামা—(ফা) মূল্যতালিকা
নিল বিহন—নীলের বীজ
নিলের হাওজ—নিলের [হাওজ (আ)] নীলের কুঠী
নিসা—(আ) তামিল, পালন
নিস্পী (আ) অর্ধেক
নিসনিলিখন—পতাকা, চিহ্ন লিখন
নিসানা—(ফা) নীশানা দেখানো
নিসনি—(ফা) চিহ্ন স্বাক্ষর, পতাকা চিহ্ন
নিস্তারতি—পার, ত্রাণ, নিষ্কৃতি

নেক – (ফা) অনুগ্রহ
নেকবদ/নেকবদি – (ফা) ভালো মন্দ [?]
নেজার – ঝামেলা, আনুষঙ্গিক উপসর্গ।

। প ।

পউত্রাদী—পৌত্রাদি
পণবাহা – মূল্য সমূহ।
পএণ—(ফা)পণ, মূল্য
পতিত—(ফা) অকর্ষিত, অব্যবহৃত
পর্ত্তন—প্রতিষ্ঠা স্থাপন,
পত্রাঙ্ক—পত্র সংখ্যা
পরখ সহী—(হি)সাক্ষর পরীক্ষা বা যাচাই করে
পরগণা—(ফা) গ্রাম সমষ্টি
অথবা (স. প্রগন) জেলার অংশ
পরিপক হুকুম—পরিষ্কার ভাবে বা
পূর্ণমাত্রার নির্দেশ
পরিপোসানার্থে—পরিপোষণ নিমিত্ত
পরিমিট—পারমীট Permit
পরোয়ানা—[আ]আজ্ঞাপত্র
পলীন্দা – (ই) একত্রবদ্ধ দ্রব্য
পরমাইষ – ফরমাইষ (ফা) পরিমাপ
আজ্ঞা, হুকুম
পশিন্দা/পুশিদা— (ফা) গোপন
পাইকস্তা—(ফা) এক জমিদারের অধীনে
বাস করে যে রায়ত অন্য জমিদারের
অধীনে জমি চাষ করে
পাকী – (ফা) সঠিক
পাট্টা—(হি)জমি ভোগকরার দলিল।
পাটোয়ারীলাল—(হি)জমির হিসাব রক্ষক
পাহাড়—(হি) পার, পর্ব্বত, তীর hill
পিরোত্তর—(ফ) পীরের সেবার্থে প্রদত্ত
নিষ্করভূমি
পেসিগি—(ফা) অগ্রিম, Advance
পোষ্টাবর—প্রতিপালক
পোতদার/পোদ্দার – (আ ফা)যে নোট
টাকা ইঃ ভাঙিয়ে বা সোনা রূপা যাচাই
করে কর্জ দেয়
প্রআশে—প্রয়াসে পরিশ্রমে
প্রকত—প্রকৃত
প্রশ্চাদে – পশ্চাতে
প্রিতিবর্ষ – প্রতিবর্ষ

॥ ফ ॥

ফজুদার—(আ, ফা) ফৌজদার, সৈন্য
দলের দলপতি (Superint endent
of military force)
ফরমাইষ—(ফা) আজ্ঞা, হুকুম
ফরাশীষ—ফ্রান্স দেশীয়, ফরাসী
ফরিয়াদ—(ফা) অভিযোগ, দোহাই
ফসলি সন—(আ) আকবর প্রবর্ত্তিত অব্দ
বিঃ
ফাজিল—(আ) অধিক, অতিরিক্ত।
ফারখতি—(আ) সম্বন্ধ ত্যাগ, ছাড়পত্র
ফিদরি/ফিদাব—(ফা) ভৃত্য।
ফিবরেন/ল—February ইংমাস বিঃ
ফিরিস্তীকাগজ—(অ) তালিকা ফর্দ,
নির্ঘণ্ট
ফিরিঙ্গি—ইউরোপীয় জাতি বিঃ
ফৌজ—(আ) Military সৈন্যসামন্ত
ফৌত/ফং—(আ) মৃত ;কপর্দকহীন

॥ ব ॥

বকরা/বখরা—(ফা) অংশ

বজ্জাত—(ফা) অসৎ প্রকৃতির লোক, বদমাশ

বদমাইশ—(ফা) ঐ

বদিউজ্জমা বন্দেয়দরগা—(আ) বিশিষ্ট ব্যক্তি ; দুয়ারে অপেক্ষমান দাস

বদ্রিষ্টলোক—বর্দ্ধিষ্ণুলোক

বন্দওয়ার (ফা) দাস সদৃশ

বন্দবস্ত—(আ) ব্যবস্থা, অঙ্গীকার

বয়নামা—(আ) বিক্রয়পত্র

বরকন্দাজ—(আ,ফা) বন্দুকধারী সিপাহী বা প্রহরী

বরক্ত—(ফা.আ) প্রতিদিন, সময়মত, নিয়মিত

বরখেলাপ—(ফা,আ) বিরোধিতা, অন্যথা

বরতরফ—(ফা.আ) পদচ্যুত

বসত—(ফা) মাধ্যম, বাসস্থান

বহাল—(ফা) নিযুক্তি, প্রতিষ্ঠিত

বাউটী—(বাহু পট্টক) বাহুর অলংকার বিঃ

বাওস্তবাটী—বাস্তবাড়ি

বাঁকু—বাকমল

বাকানাম—(আ) অন্যের নামে

বাগাত—(ফা) বাগান

বাগদী/বাগিদি—হিন্দু 'লাঠি'য়াল জাতি বিঃ

বাঙ্গালী কাগজ—বাঙ্গালার অর্থাৎ পূর্ববঙ্গের কাগজ বা কাগজ প্রস্তুতকারীদের তৈরী দলিলের কাগজ

বাটা—প্রাপ্য মূল্য হতে অংশ বাদ যায় (discount, brokerage)

বান্দুজ্যা—বন্দঘটি, বাড়ুজ্যা

বান্দপাঞ—ঐ

বাবুত—(ফা) জন্য

বারজনওক্ত—(ফা) পুরা ওজন

বায়স্ত—বাস্ত

বারকষ/শি—(ফা) ভারবাহী/কাষ্ঠ নির্মিত পাত্র বিঃ।

বাহসে বাহাল তবিয়তে—(আ,ফা) সন্তুষ্ট চিত্তে

বিং গুজস্তা—(ফা) বকেয়া বাবদ

বিতং—বিবরণ

বিত্তিত—ব্যতীত

বিত্তি—মাস, বৎসর ইঃ অন্তর প্রদেয় অর্থ মাসোহারা

বিত্তিস্যামী—বৃত্তিপ্রাপক

বিনমোক্তা/বেলমোক্তা—(আ) সর্বসমেত, মোট

বিমজিব—(ফা) অনুযায়ী

বিল—বৃহৎ জলাশয় বিঃ

বিলাত—(আ) এলাকা, গভর্ণমেন্ট। (ফা) অনাদায়, বাকী

বিলাবন্দী—(ফা) বে বন্দবস্তী, বে হিসাবী

বিষ্টপ্রীত—বিষ্ণুপ্রীতি

বিষ্টারিত—বিস্তারিত, প্রসারিত

বুনেদীকর্ম—(ফা) বনেদীকাজ, পুরুষানুক্রমিক জাতব্যবসা।

বে আন্দাজ—(ফা) অপরিমিত, সমাজ বিরোধী, গর্হিত

বেওা/বেওয়া—(ফা) বিধবা

বেওয়া—(হি) ঘটনা, বৃত্তান্ত

বেগর/বেগার—(আ) বিহীন, ব্যতীত, অভাব।

বেঙ্করনোট—ব্যাঙ্কনোট

বেজার—(ফা) বিরক্ত, দুঃখিত

বেয়ারিংপোষ্ট—বিয়ারিং পোষ্ট বিনা মাসুলে প্রেরিত Bearing Post ;

বেলকিস্তি—(আ) মোট কিস্তী

বেসনাদ—(আ, ফা) প্রমাণ ছাড়া

বেহতারি—(ফা) মঙ্গল, উন্নতি

বৈরাগ্য—বৈষ্ণব (এখানে স্বামী অর্থে প্রযুক্ত)।

ব্যামহ—অসুখ্যা, দুঃখ বিমূঢ়তা

ব্রস্তক্রেমে—ব্যস্তক্রমে

ব্রহ্মত্তর—ব্রাহ্মণের ভোগার্থ প্রদত্ত নিষ্কর ভূমি।

॥ ভ ॥

ভর্ত্তা—স্বামী

ভাও—(হি) চলতি হার

ভুক্তন—পূরণ

ভূম্যাধিকারী—জমির মালিক, জমিদার

ভোমি—ভূমি

ভ্যাতা—ভ্রাতা

॥ ম ॥

মং 'মতাবেক' 'মবলগ'—এর সংক্ষেপ

মওজী—(আ) সর্বযুক্ত, একুন

মওাকেক/মতাকেক—(আ) বিষয়, মোকদ্দমা, অনুসার

মজকুর—(আ) উক্ত ; পূর্ব কথিত

মজরা/মুজরা—(আ) বিয়োগ, রেহাই

মজমুন—(আ) পত্রের বিষয়

মজলিষ—(আ) সকলের উপস্থিতি

মঞ্জুরিতে—(আ) অনুমোদনে

মড়াই—ধান্যাধার বিঃ

মতাবক—(আ) অনুসারে

মতালক—(আ) অধীন, সংযুক্ত

মনকাজি—শেষ হওয়া, চুক্তি ভঙ্গ হলে

মনস্য- মানুষ

মপস্বলি—(আ) বিস্তৃত, বিভক্ত গৌনার্থে, গোপন, একান্ত

মবলগ—(আ) নগদ টাকা, পরিমাণ

মরজি—(আ) সম্মতি, সন্তোষ

মর্দ্দম—মধ্যম

মরসুম -(আ) চিহ্নিত, নির্দিষ্ট

মরহম/মরহুম—(আ) মৃত

মসহাত—(ফা) মাপা জমি

মহকুপ—(আ) পরিত্যক্ত, বন্ধ, স্থগিত

মহর -(ফা) মুদ্রা

মহল—(আ) প্রাসাদ, তালুক, জমিদারী

মহলদার—(আ) প্রাসাদরক্ষী

মহশীল—(আ) পেয়াদা, আদায়কারী

মহাত্রান/মহোত্রান—শূদ্র বা দাসকে ভোগার্থ প্রদত্ত নিষ্কর ভূমি

মহাফেজ—(আ) পুস্তপাল, Record-Keeper

মহামহীম--সম্মানসূচক বিশেষণ
মহাম্মদ জমাখাঁ বাহাদুর--অষ্টাদশ ও উনিশ শতকের বীরভূমের রাজনগরের শাসনকর্তা
[illegible]--(আ) বিশ্বাসযোগ্য, সম্মানিত
মানিত সালিস/সান--(আ) বিশ্বাস, কর্তৃত্ব মানে এমন
মান্দবাজি/মামদবাজি--ভূতযোনি প্রাপ্ত মুসলমানের আত্মা, গালি বিশেষ
মাফিক--(আ) অনুযায়ী, অনুসারে
মামুল মত--(আ) প্রচলিত নিয়ম বা পদ্ধতি মত
মারফত--(আ) দ্বারায়
মার্দ--(ফা) পুরুষ
মাল--(আ) অর্থ, খাজনা ; জমির মাপ বিঃ
মালগুজারি--(আ) রাজস্ব প্রদান
মালজামিন--(আ) কারো নিকট হতে কিছু আদায় করে প্রতিশ্রুত স্থানে জমা দেওয়া বা দেবার জন্য ঠিকা নেওয়া
মালুম--(আ) জ্ঞাত
মাহ- (ফা) মাস
মাহারা--বাউরী জাতির পদবী বিঃ
মিআদ/মেয়াদ--(আ) নির্দিষ্ট সময়
মিছিল--(আ) মোকদ্দমার কাগজপত্র, নথি (file)
মিহনত/মেহনত--(আ) পরিশ্রম
মুদ্দই--(আ) ফরিয়াদী
মুকেদ/মোকেদ--(আ) প্রধান প্রহরী
মোড়ল, গ্রামনায়ক, বক্সী, মিরিক্ষি
মুখ্য প্রজা--মূখ্য প্রজা
মুৎসুদ্দীলোক--(আ) অফিসের চারপ্রান্ত কর্মচারী, এজেন্ট, দালাল, জিম্মাদার
মুশাবিদা--(আ) খসড়া (draft) দলিল-পত্রাদিতে
মেজেষ্টসাহেব--মেজিস্ট্রেট সাহেব
মেহতর--ধোবা জাতির পদবী বিঃ
মোকরর--(আ) নিযুক্ত, স্থাপিত
মোকবিলা--(আ) বোঝাপড়া
মোকাম--(আ) জায়গা, আশ্রয়, আড্ডা
মোক্তার--(আ) ছোট উকীল বিঃ attorney
মোজাহেম--(আ) বাধা, আপত্তি
মোনাজাত--(আ) প্রার্থনা
মোস্তাজের--(আ) চুক্তিবদ্ধ
মোঃ--মোক্তার সংক্ষেপ
মৌরুষ--পুরুষানুক্রমে ভোগ্য

॥ য ॥

যদা--অওদা দ্র
য়াওহাল--আওহাল দ্র
য়াজ্ঞা- আদেশ
যুলাই--জুলাই (July) ইঃ মাস বিঃ
যমুলা--(আ) মোট, সমষ্টি, একুন

॥ র ॥

রওনা--(ফা) প্রস্থান, অনুমতিপত্র শুল্ক হতে অব্যাহতিপত্র
রকম ছিস্যা--সম্পদের, অর্থের অংশ
রজাইব--(আ) নতুক পিতামাতা সম্পর্কিত
রদ্দ জবাব--(আ) পাল্টা জবাব Counter reply
রাগাত--ক্রুদ্ধ, কুপিত

রাগাসক্ত--ঐ

রাজীনামা-(আ, ফা) স্বীকৃতিপত্র

রামজাত্রা--রামযাত্রা

রামসাল--সুগন্ধি সরু ধান্য বিঃ

রায়তি--(আ) জমিদারের প্রজা

রাহা--(ফা) পথ

রাহাজানি--(ফা) রাজ পথে ছিনতাই

রাহী--(ফা) প্রেরণ, যাত্রী মুসাফির

রুজু--(আ) আরম্ভ, সূত্রপাত

রুবকারি/রোবকার--(ফা) আদালতে পেশ হওয়া

রেস্পাটেন্ট--প্রতিবাদী (Respondent)

রোক--(হি) নগদ (টাকা)

রোজনামচা--(ফা) দৈনিক কাজের বিবরণ, দৈনিক হিসাব

রোবদাদ/বোবদাদ--(ফা) আদালতের কার্য্য বিবরণী, বিবৃতি

রোষম--(আ) শুল্ক, কর

॥ ল ॥

লওাজিমা--নওাজিমা দ্রঃ

লটকান--ঝোলান

লাখেরাজ--(আ) নিষ্কর

লাট--জমিদারী অংশ (Lot)

লাটবন্দী--(ইং Lot এবং ফা বন্দী) ভিন্ন ভিন্ন লাটে বা অংশে বিভাগ করা

॥ শ ॥

শরহ--(আ) হার, Rate

শিকদার--(ফা) কর সংগ্রাহক

শীক্কা--(ফা) মুদ্রা (আ) বাদশাহী বা কোম্পানী আমলের মুদ্রা

শেয়ায়--(ফা) ব্যতীত

শুমার--(ফা) গণনা

শেঠায়--মোহরাঙ্কিত কাগজ (Stamp)

শোর--(ফা) গোলমাল

শোপর্দ্দ--(ফা) জিম্মা

শরেষ--ভালো, উত্তম

শ্রীল--(অভ্যর্থনা) শ্রীযুক্ত

শ্রীপাট--বৈষ্ণব পীঠস্থান, ধাম, গৌণার্থে গুরুবাড়ী

শ্রীশ্রী৺স্থানে--ঈশ্বরের নিকট

শ্রীশ্রী৺তীরে--গঙ্গাতীরে

শ্রীশ্রী৺স্মরনপূর্ব্বক--ঈশ্বর স্মরণ করে

॥ ষ ॥

ষুদ মোক্তা--(ফা, আ) পাকাষুদ

ষুনা--(শুকনা) ডাঙ্গাজমি

ষুন্দররূপ--ভালোরূপ, নির্বিঘ্নে

ষুপরমক্রোট--সুপ্রীমকোর্ট (Supreme Court)

ষুভিতা--(ফা) সুবিধা

ষুরত--(আ) রকম, রূপ, নিয়ম

॥ স ॥

সইচ্ছা--নিজ ইচ্ছা

সও--শত, একশত

সওদা--(ফা) ক্রয়, ব্যবসা বাণিজ্য

সওাল--(আ) প্রশ্ন, জেরা

সংশ্রব--সম্পর্ক

সচ্চরিতেষু--সুচরিতেষু

সদর--(আ) প্রধান জেলা সম্বন্ধীয় আদালত

সন্নিধানে--সহৃদয়ে

সন--(আ)বর্ষ সন্-১৫৭৫-৫৬ খৃষ্টাব্দে এপ্রিল মাসে আকবর বাদশাহ কর্তৃক প্রচলিত। দ্র. চিঠিপত্রে সমাজচিত্র (১ম) পৃ. (৫৫৪-৫৫)

সনন্দ--(আ) হুকুমনামা, দলিল, diploma

সন বসন -(আ) বৎসর বৎসর

সনোয়াতি/ সলোয়াতি--(আ) সেলামী, ভেট, উপহার

সবব--(আ) কারণ

সবিকতে--(আ) পূর্ব

সমটক--সাময়িক

সরকার--(ফা) প্রভূ. মালিক, গর্ভনমেণ্ট কর্মকারী. রাজস্ব আদায়ের বিভাগ পদবী বিঃ

সরজমিন--(ফা) জমির উপর (বাং অকুস্থল). ঘটনার জায়গা

সরবরাহ -(ফা) যোগান, আয়োজন

সরহদ্দ--(ফা) সীমানা. সীমান্ত

সরখেল--(ফা) মোড়ল প্রধান, সামরিক বিভাগের উপাধি বিঃ

সরাতি--(আ) দুষ্কর্ম. অনিষ্ট

সরাকাত/কতি--ব্যবসায়ের অংশীদার

সলা--(আ) পরামর্শ

সরেওার--(ফা) সবিস্তার

সলি--২০ সের মাপ বিঃ বাঁকুড়ায় একমন পরিমান।

সহিসীকা--(আ) বাক্যযুক্ত অর্থাৎ বাদশাহী বা চলতি মুদ্রা।

সহীষ--(আ) অশ্বচালক

সংপ্রতিক--সম্প্রতি

সাইত--সঙ্গে

সাকীনাম--(আ) নিবাসী

সাকীম--(আ) বাসস্থল

সাচা- (হি) ঠিক, সত্য।

সাজার পোহাছিব- (ফা) শাস্তিপায।

সাজোয়াল--(তুর্কী, ফা ?) খাজানা আদায়কারী তহশীলদার।

সাবুদ--(আ) প্রমাণ. সাক্ষ্য

সামীল--(আ) অন্তর্গত

সালি--(ফা) বর্ষ

সালিজমি--সালে অর্থাৎ বৎসরে এক ফসলের জমি

সালিসান--(আ) বিচারের মধ্যস্থ ব্যক্তি

সিকদার --(ফা) কর সংগ্রহকারী (পরবর্তীকালে ফাঁড়িদার, চৌকীদার ও শিকদার উভয়ের কাজই করতেন।-দ-রা)

সিকস্ত--(ফা) ভগ্ন. ভাঙা

সিতবস্ত--শীতবস্ত্র

সিরিস্তা/সিরিস্তা--(ফা) অফিস

সিসনজজ--সেসনজজ

সুরাত/সুরত--(আ) রকম, রূপ, নিয়ম।

সুমার--শুমার দ্রঃ

সেওাই--(আ) ব্যতীত

স্টেম--স্ট্যাম্প Stamp

সেপ্তম্বর--সেপ্টেম্বর (September)

সেরেস্তা--(ফা) অফিস

সেলামত—(আ) রক্ষা
সেলামী—(আ) উপঢৌকন
সোপর্দ্দ—দ্র শোপর্দ
সোরত—(আ) জনরব, প্রচার

। হ ।

হইমন্ত--হেমন্ত
হওাব-- (আ) বিবেচনা
হক-- (আ) অধিকার,ন্যায্য.সত্য
হকিকত-- (আ) অবস্থা ; বিবরণ
হকুক হক-- (আ) ন্যায্য অধিকার বা স্বত্ব
হকুমমুদ/হকুমমুদ-- (ফা) আদিষ্ট
হজুর -- (আ) প্রভু
হর-- (ফা) প্রত্যেক
হর কত/কতি--(আ) বাধা,ক্ষতি
হর তারিখ-- (ফা) প্রতি তারিখ
হর দো/হর্দ্দ-- (ফা) উভয়ে
হর বার--(ফা) প্রতি অধ্যায়
হর বাবুত—(ফা) প্রত্যেক দফায়
হর যুরত—(ফা,আ) সর্বপ্রকার
হস্তবুদ—(ফা) যা ছিল ও আছে ভূত ও বর্তমান। যে হিসাবে রাজস্বের ভূত ও বর্তমান অবস্থা দেখানো হয়।
হাএর—(ফা) সমূহের
হাওলাত—(আ) কর্জ
হাবিলি/হাবেলি—(ফা) বাড়ী, উচ্চপদস্থ মুসলমান কর্মচারীর আবাস।
হামরাএ/হামরাওএ— (ফা) সহ, সঙ্গে
হামেশা— (ফা) সর্বদা
হাএর/হায়ের—(ফা) প্রভৃতি ইত্যাদি
হার—ভাগ ,দর
হাল—(ফা) অবস্থা, বর্তমানকাল
হাসিল – (আ) খাজানা, শুল্ক, সম্পদ আদায়
হিজরী সন—(আ) ৬২২ খৃষ্টাব্দে মহম্মদের মদিনায় যাত্রার দিন হতে গণিত চান্দ্র বৎসর
হিল্লা--(আ) আশ্রয়, উপায়
হিস্যা—(আ) অংশ
হুকুমনামা – (আ) আদেশপত্র. নির্দেশপত্র
হুণ্ডী—(হি) অর্থদানের বরাতপত্র
হদ্দা – (আ)পরিমিত ; এলাকাস্থিত
হেফাজৎ--(আ) রক্ষণ

৮কষম করিয়া – ঈশ্বরের নামে শপথ করে

৮কারণ – গৃহ দেবতার নিমিত্ত

৮গঙ্গাজলি করহ – গঙ্গাজল স্পর্শ করে বলা।

৮গৃহ – মন্দির

৮ইচ্ছার – ভগবদিচ্ছার

৮স্থানে – দেবতার 'থানে' অর্থাৎ নিকটে

৮৭ /৭ = মঙ্গলসূচক চিহ্ন বিঃ ৮৭ – আঞ্জী বা আঁজী। '৮' – মহেশ্বরী বা কুলকুণ্ডলিনী শক্তির স্মারক। চিহ্ন '৭' – সিদ্ধিদাতা গণেশের শুণ্ডাকৃতি চিহ্ন বা আঁকড়ি ; কার্য্যসিদ্ধি সূচক। পত্রের আরম্ভে দুর্গা, কালী, হরি, হবিব প্রভৃতি শক্তির নাম লেখার যে মঙ্গল সূচক পদ্ধতি আছে '৭' তারই প্রতীক। (২) /৭ দক্ষিণরাঢ়ে এটি ১০৮ অর্থাৎ অষ্টোত্তর শত শ্রী লেখার সংকেত। '/' (এক পণ) কুড়ি গণ্ডা অর্থাৎ আশী (৮০) '৭' (সাত গণ্ডা)র অঙ্ক 'আটাশ' (২৮), সর্বমুদ্ধ (৮০+২৮) =১০৮ বার শ্রী লেখার সংকেত। (জীবিত ব্যক্তির নামের আগে সাধারণতঃ একটি 'শ্রী' লেখা হয়। দেবতাদের বা সাধু সন্তদের নামের আগে একাধিক অর্থাৎ ভক্তির আধিক্য হেতু দুই হতে এক শত আটবার এমন কি ততোধিক বারও 'শ্রী' লেখার রীতি আছে।

৭৪৷৷০ খামে আঁটা পত্রের উপর লিখিত অংক। প্রসিদ্ধি রাজপুতনার আকবরের সঙ্গে ক্ষত্রিয়গণের যে ভীষণ যুদ্ধ হয় তাতে মৃত ক্ষত্রিয়গণের উপবীতের পরিমাণ সাড়ে চুয়াত্তর মন হয়েছিল। এখানে উদ্দেশ্য খামে উদ্দিষ্ট ব্যক্তি ভিন্ন অন্য যে এই পত্র খুলবে তার ঐ সমস্ত ক্ষত্রিয়গণের বধ জন্য পাপ হবে।

।। মৌজা ।।

আদিত্যপুর
আমনাবাজার
আমধারা
আরজ
আলারবান্দী
ইন্দাশ
ইলামবাজার
ইসবপুর
উসাবটী
এন্তাপুর
কমলাকান্তপুর
কলিকাতা
কাটাডিহী
কামারডাঙ্গা
কামারডাঙ্গাল
কাশীপুর
কাসিমনগর
কুড়ুমসাহা
কুলষ্টী
কুমুমজাত্রা
কৃষ্ণনগর
কেতুগ্রাম
কেন্দুলী
কেষবপুর
কোপা
খালা
খিরান্দী
গউরপুর
গউরবাজার
গড়গড্যা
গাজ-দ
গাঙ্গপুর
গুড়পাড়া
গোপালপুর
গোবিন্দপুর
গোমড়া
গোয়ালপাড়া
ঘজাপুর
ঘোড়ানাষ
চীনিসপুর/শ্রীনিষপুর
জগন্নাথপুর
জামালপুর
জলুন্দী
ডোমনপুর
তালতড্যা
দাত্তিনা
দানবারিপুর
দিগবুই
দির্ঘনগর
দেরিআরপুর
ধনকুড়া
নওনগর
নওাদা
নবগেছু
নানুবাজার
নান্দড়া
নিলাম্বরপুর
নোহনা
পয়রাকান্দী
পলষা
পাএর
পালিতপুর
পীরাশালা
পুতণ্ডা
পোষলা/পৌষুলা
ফরিদপুর
বজচত্র/চাতরা
বড়কুটী
বড়জোড়া
বড়ারি
বদ্দীপুর
বরাড়ি
বদ্দ'মান
বলুপুর/বোলপুর
বল্লবপুর
বসন্তপুর
বাত্তিকার
বালির খাল
বাহাদুরপুর
বাহরি
বিপ্রটীকুরি
বিল্লখণ্ডা
বেজরা
বেতুগ্রাম
বেদড়াবাদ
বেল্লাচাতুরী
বেলাসোনা
বেহুলা
বৈদ্যনাথপুর
বোনগাঁ

।। মৌজা ।।

মোনমালতী
বেজরা
ভবানিপুর
ভেদে
মদনপুর
মধুকুণ্ডা
মনোহরপুর
মরুশীদাবাদ
মস্তলী
মাতরুন
মাধাইপুর
মান্দারবুনি
মিজ্জাপুর
মেলানপুর
মোরগ্রাম
মোলান্দ
মীরগো
রতিরামপুর
রসুলপুর
রাজাগাঞী
রামকান্তপুর
রামচন্দ্রপুর
রামনগর
রামহাট
লোহাগড়ি/লোহাগড়্যা
শুন্দরবাটী
শুরুলী/কৃষ্ণনগর
শেড়ান্দী
শোনসত
শ্রীনিবপুর
শ্রীপুর
শ্রীরামপুর
সুপুর
সনসত
সাদীপুর
সাহাপুর
সিজান/সিয়ান
সিবরামবাটী
সিহাওশোল
সিহালাই
সীহড়ি
সেড়ান্দী
সোমসা
হজরতপুর
হুগলী
হরিদাষপুর
হুষেনপুর
হেয়াতপুর

॥ তালুক ॥

কৃষ্ণনগর
কোপা
নোহনা
পুরন্দরপুর
পুরুষোত্তমপুর
সুপুর

॥ লাট ॥

ইন্দাশ
কাশীনাথপুর
কোপা
গোমড়া
চন্দ্রহাটী
বুদবুদ
মিজ্জাপুর/মিরপুর
মোরগা
রামনগর

॥ পরগনা ॥

আজমতসাহী
আলিনগর
খটঙ্গা
গোপডোম
চম্পানগরি
জাহানাবাদ
যেঞা
পুরন্দরপুর
ফতেপুর
বর্দ্ধমান
বারবক সীংহ
বিরভোম
মনোহরসাহী
মুজকরসাহী
মৌড়েশ্বর
রূকুণ্ডা
সেনভোম
সেরগড়

॥ থানা ॥

কসবা
কেতুগ্রাম

মূল্য পঁয়ষট্টি টাকা